বোর্ড প্রশ্ন ও উত্তরমালা ২০২৪ ও ২০২৩

# ফিন্যান্স ও ব্যাংকিং

## ঢাকা বোর্ড–২০২৪

**ফিন্যান্স ও ব্যাংকিং** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড : 1 5 2

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

*[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান– ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. বাণিজ্যিক ব্যাংক কোনটি ইস্যু করে কমিশন আদায় করে?**
ⓚ ডেবিট কার্ড ⓚ ক্রেডিট কার্ড ⓖ প্রত্যয়পত্র ⓖ চেক

**২. চেকের প্রস্তুতকারককে কী বলে?**
ⓚ গ্রাহক ⓚ প্রাপক ⓖ আদিষ্ট ⓖ আদেষ্টা

**৩. কোন ইলেকট্রনিক ব্যাংকিং সেবার মাধ্যমে ব্যাংকের স্থিতি জানা যায়?**
ⓚ এটিএম ⓚ এসএমএস ব্যাংকিং
ⓖ এনি ব্রাঞ্চ ব্যাংকিং ⓖ ইন্টারনেট ব্যাংকিং

**৪. রানু বেগম আশা প্রকল্পের হিসাবরক্ষক। তাঁর জন্য উপর্যুক্ত ব্যাংক হিসাব কোনটি?**
ⓚ সঞ্চয়ী হিসাব ⓚ বিমা সঞ্চয়ী
ⓖ পেনশন স্কীম হিসাব ⓖ চলতি হিসাব

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
শিল্প ব্যবসায়ী জনাব রজত তার প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য একটি বিশেষ ব্যাংকের মাধ্যমে লেনদেন করেন। তিনি কারখানা সম্প্রসারণের জন্য উক্ত ব্যাংক থেকে ঋণ গ্রহণ করেন।

**৫. রজত কোন ব্যাংকের মাধ্যমে লেনদেন করেন?**
ⓚ কেন্দ্রীয় ব্যাংক ⓚ কৃষি ব্যাংক ⓖ পরিবহন ব্যাংক ⓖ শিল্প ব্যাংক

**৬. জনাব রজতের ব্যাংকটি ভূমিকা রাখে–**
ⓚ শিল্পের উন্নয়নে ⓚ কৃষির উন্নয়নে
ⓖ পরিবহণ উন্নয়নে ⓖ আমদানি-রপ্তানি উন্নয়নে

**৭. চেকের নিরাপত্তার জন্য কোথায় সমান্তরাল দুটি রেখা টানা হয়?**
ⓚ নিচে বাম কোণায় ⓚ নিচে ডান কোণায়
ⓖ উপরে বাম কোণায় ⓖ উপরে ডান কোণায়

**৮. অর্থায়ন কী নিয়ে কাজ করে?**
ⓚ মূলধন ব্যবস্থাপনা ⓚ বিনিয়োগ ব্যবস্থাপনা
ⓖ তহবিল ব্যবস্থাপনা ⓖ উৎপাদন ব্যবস্থাপনা

**৯. রাসায়নিক শিল্প প্রতিষ্ঠানগুলো কার অধীনে?**
ⓚ BSTI ⓚ BCIC ⓖ WASA ⓖ UNDP

**১০. কারবারের অর্থায়নের নীতি হলো–**
i. বিনিয়োগ নীতি ii. উপর্যুক্ততায় নীতি iii. তারল্য বনাম মুনাফা নীতি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১১. মাজিদ ৫০ হাজার টাকা ৩ বছরের জন্য বার্ষিক ১১% চক্রবৃদ্ধি সুদে বিনিয়োগ করলে সময় শেষে কত টাকা পাবেন?**
ⓚ ৬৮,৩৮১.৫৫ টাকা ⓚ ৬৮,৫৮১.৫৫ টাকা
ⓖ ৬৮,৭৮১.৫৫ টাকা ⓖ ৬৮,৯৮১.৫৫ টাকা

**১২. কোনটি অর্থায়নের দীর্ঘমেয়াদি উৎস?**
ⓚ বাণিজ্যিক ব্যাংক প্রদত্ত ঋণ ⓚ ক্ষুদ্র ঋণ
ⓖ লিজিং ⓖ প্রদেয় বিল

**১৩. বিনিয়োগকারীর দৃষ্টিকোণ থেকে ঝুঁকি হলো–**
i. তারল্য ঝুঁকি ii. সুদের হারের ঝুঁকি iii. আর্থিক ঝুঁকি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
শফিক সাহেব ৫০ হাজার টাকা দিয়ে একটি মেশিন কিনতে চান যার আয়ুষ্কাল ৪ বছর। তিনি ৪ বছরে যথাক্রমে ৮ হাজার, ৭ হাজার, ৯ হাজার ও ১২ হাজার টাকা নিট মুনাফা প্রত্যাশা করেন।

**১৪. মেশিনের বার্ষিক অবচয় কত?**
ⓚ ১২,০০০ টাকা ⓚ ১২,৫০০ টাকা ⓖ ১৩,০০০ টাকা ⓖ ১৩,৫০০ টাকা

**১৫. শফিকের গড় মুনাফার হার কত হবে?**
ⓚ ২৬% ⓚ ৩০% ⓖ ৩৬% ⓖ ৩৮%

**১৬. নিচের পরিচালন ব্যয় কোনটি?**
ⓚ কাঁচামাল ক্রয় ⓚ অবচয় ⓖ আয়কর ⓖ মেশিন মেরামত

**১৭. কৌশল প্রয়োগ করে কোনটি এড়ানো যায় না?**
ⓚ লোকসান ⓚ বিচ্যুতি ⓖ অনিশ্চয়তা ⓖ ঝুঁকি

**১৮. মূলধন বাজেটিং পদ্ধতিগুলোর কাজ কী?**
ⓚ লাভজনক সময় নির্বাচন ⓚ লাভজনক প্রকল্প নির্বাচন
ⓖ প্রকল্প গ্রহণ ⓖ বাট্টার হার নির্ণয়

**১৯. অবণ্টিত মুনাফা শেয়ারে রূপান্তর করে আনুপাতিক হারে বণ্টন করা হয়–**
ⓚ রাইট শেয়ার মালিকদের মধ্যে ⓚ বিলম্বিত শেয়ার মালিকদের মধ্যে
ⓖ অগ্রাধিকার শেয়ার মালিকদের মধ্যে ⓖ বোনাস শেয়ার মালিকদের মধ্যে

**২০. কখন বাট্টার হার নির্ধারণের প্রয়োজন হয়?**
ⓚ কর প্রদানের সময় ⓚ আয়-ব্যয় প্রাক্কলের পর
ⓖ আর্থিক বছর শেষে ⓖ আয়-ব্যয় প্রাক্কলের পূর্বে

**২১. কারা নির্দিষ্ট হারে অনির্দিষ্ট সময়ের জন্য লভ্যাংশ পায়?**
ⓚ অগ্রাধিকার শেয়ার মালিক ⓚ ঋণ গ্রহীতা
ⓖ ঋণদাতা ⓖ বোনাস শেয়ার মালিক

**২২. কোনটিকে রাইট শেয়ার বলা হয়?**
ⓚ পরিচালকগণের শেয়ারকে ⓚ প্রবর্তকগণের শেয়ারকে
ⓖ সর্বসাধারণের শেয়ারকে ⓖ পুরাতন শেয়ার মালিকের শেয়ারকে

**২৩. রাজিব ১ লক্ষ টাকা বিনিয়োগ করে ৫ বছরে ২৫ হাজার টাকা, ৪৫ হাজার টাকা, ৫০ হাজার টাকা, ৪০ হাজার টাকা ও ৩৫ হাজার টাকা পাওয়ার আশা করেন। রাজিবের পে-ব্যাক সময় কত?**
ⓚ ২-৬ বছর ⓚ ২-৭ বছর ⓖ ২-৮ বছর ⓖ ২-৯ বছর

**২৪. দ্রব্য বিনিময় প্রথার অসুবিধা দূর করে কোনটি?**
ⓚ ব্যাংক ⓚ পণ্য ⓖ চেক ⓖ মুদ্রা

**২৫. নিচের কোন ব্যাংকটি মালিকানাভিত্তিক শ্রেণিকরণ?**
ⓚ মহিলা ব্যাংক ⓚ ভোক্তা ব্যাংক ⓖ শাখা ব্যাংক ⓖ সমবায় ব্যাংক

☐ **উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
মি: জাকির জননী ব্যাংকে প্রতি মাসে টাকা জমা দেন এবং প্রয়োজনে টাকা উত্তোলন করেন। ব্যাংকে চাহিবামাত্র টাকা প্রদান করে।

**২৬. হিসাব খোলার পর মি: জাকির ও জননী ব্যাংকের মধ্যে কোন সম্পর্ক সৃষ্টি হয়েছে?**
ⓚ মক্কেল ব্যাংক ⓚ উপদেষ্টা ও পরামর্শদাতা
ⓖ প্রতিনিধি, সেবা গ্রহণকারী ⓖ ডেটর-ক্রেডিটর

**২৭. ব্যাংক মি: জাকিরকে চাহিবামাত্র অর্থ উত্তোলনে সহায়তা করে কেন?**
ⓚ দাতা-গ্রহীতা সম্পর্কের কারণে ⓚ চুক্তিবদ্ধ সম্পর্কের কারণে
ⓖ গ্রাহকের অস্থির কারণে ⓖ ডেটর-ক্রেডিটর সম্পর্কের কারণে

**২৮. বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদে ডেপুটি গভর্নর কত জন?**
ⓚ ২ জন ⓚ ৪ জন ⓖ ১২ জন ⓖ ১৬ জন

**২৯. ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতি হলো–**
i. নিরাপত্তার নীতি ii. মুনাফার নীতি iii. ঋণনীতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩০. বাণিজ্যিক ব্যাংকের তহবিলের প্রাথমিক উৎস কী?**
ⓚ সংরক্ষিত তহবিল ⓚ পরিশোধিত মূলধন
ⓖ আমানত ⓖ ধার গ্রহণ

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ঢাকা বোর্ড–২০২৪

## ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান– ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ : ফিন্যান্স অংশ

১. মি. রোহান তাঁর ব্যবসায়ে জমি ক্রয়ের জন্য ব্যাংক হতে দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ করেন এবং পণ্য বিক্রয় বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা কর্মচারীদের বেতন, দোকান ভাড়াসহ ইত্যাদি নৈমিত্তিক খরচ পরিশোধ করেন। তিনি ক্রেতাদের রুচি ও পছন্দ অনুযায়ী দোকানে নানা রকম পণ্যের সমাবেশ ঘটান।

ক. অষ্টাদশ শতাব্দীতে ফিন্যান্স মূলত কোন ধরনের কাজে নিয়োজিত ছিল? ১
খ. সরকারি অর্থায়ন সাধারণত অলাভজনক হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. মি. রোহান জমি ক্রয় ও নৈমিত্তিক খরচ পরিশোধের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. রোহান তাঁর দোকানে নানারকম পণ্যের সমাবেশ ঘটান কেন? মতামত দাও। ৪

২. মি. গালিব দীর্ঘদিন কাপড় ব্যবসায়ের সাথে জড়িত। তিনি মাঝে মাঝে বিভিন্ন উৎস হতে স্বল্প সময়ের জন্য তহবিল সংগ্রহ করতেন। কিন্তু তিনি বর্তমানে তার ব্যবসায় সম্প্রসারণ করে গার্মেন্টস ব্যবসায় শুরু করার চিন্তা-ভাবনা করছেন এবং এজন্য তিনি একটি আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ঢাকা হতে গার্মেন্টস ফ্যাক্টরির পুরাতন ৫০টি সেলাই মেশিন ১৫ বছরের জন্য নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

ক. তহবিল বিনিয়োগের মূল উদ্দেশ্য কী? ১
খ. কোম্পানির তহবিল সংগ্রহের গুরুত্বপূর্ণ উৎসটি ব্যাখ্যা করো। ২
গ. বর্তমানে মি. গালিব ব্যবসায়ের ক্ষেত্রে কোন ধরনের তহবিলের সহায়তায় আর্থিক সমস্যা সমাধানের চেষ্টা করছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যবসায় সম্প্রসারণ করার জন্য মি. গালিবের অন্যান্য উৎসেরও শরণাপন্ন হওয়া প্রয়োজন– উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩. সুবর্ণের বাবা চাকরি হতে অবসর গ্রহণ করেছেন। তিনি ইকো ব্যাংক হতে এক বছর পর ১০ লক্ষ টাকা পেতে চান। ব্যাংকের বার্ষিক সুদের হার ১২%। সুবর্ণ ১০ বছরের জন্য ১০ লক্ষ টাকা ব্যাংকে জমা রাখতে চায়। 'সাম্য' ব্যাংক বার্ষিক ১৫% হারে ৪০,৪৫,০০০ টাকা দিবে। অপরদিকে, 'শান্ত' ব্যাংক ১৪% হারে অর্ধ-বার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে।

ক. কোন ধরনের পদ্ধতিতে প্রতিবছর সুদ-আসলের ওপর সুদ ধার্য করে ভবিষ্যৎ মূল্য নির্ণয় করা হয়? ১
খ. বাট্টাকরণ প্রক্রিয়াটি ব্যাখ্যা করো। ২
গ. সুবর্ণের বাবাকে 'ইকো' ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় করো। ৩
ঘ. কোন ব্যাংকের প্রস্তাব গ্রহণ করা সুবর্ণের জন্য লাভজনক হবে– তা গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

৪. তিলোত্তমা বিবিএ পড়ালেখার পাশাপাশি বিভিন্ন বিনিয়োগ করেছেন। তিনি নিচের দু'টি প্রকল্পের কোনটিতে বিনিয়োগ করবেন তা নিয়ে ভাবছেন। প্রকল্প দু'টি আয়ের হার ছিল নিম্নরূপ:

| বছর | আয়ের হার (%) | |
|---|---|---|
| | প্রকল্প-১ | প্রকল্প-২ |
| ২০১৯ | ২০ | ১৯ |
| ২০২০ | – ৪ | ১২ |
| ২০২১ | ১৭ | ১৩ |
| ২০২২ | ১৫ | – ৪ |

ক. ঝুঁকি কী? ১
খ. আর্থিক ঝুঁকি কীভাবে পরিহার করা যায়? ব্যাখ্যা করো। ২
গ. আদর্শ বিচ্যুতি ব্যবহার করে প্রকল্প-১ এর ঝুঁকি পরিমাপ করো। ৩
ঘ. তিলোত্তমা কোন প্রকল্পটিতে বিনিয়োগ করলে মুনাফা বেশি করতে পারবেন? আদর্শ বিচ্যুতির মাধ্যমে সিদ্ধান্ত দাও। ৪

৫. জনাব ওয়াসিফ 'রংপুর হাউজিং লিমিটেড' এর একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি একটি নতুন প্রকল্পে বিনিয়োগের চিন্তাভাবনা করছেন। উক্ত প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ২৫,০০,০০০ টাকা পাওয়া যাবে। উক্ত প্রকল্প হতে প্রথম থেকে পঞ্চম বছর পর্যন্ত অবচয় ও করপূর্ব মুনাফা যথাক্রমে ৫,০০,০০০ টাকা, ৭,০০,০০০ টাকা, ৮,০০,০০০ টাকা, ৯,০০,০০০ টাকা ও ১২,০০,০০০ টাকা পাওয়া যাবে। করহার ২০%।

ক. মূলধন বাজেটিং প্রক্রিয়ায় মূলধন খরচ কী হিসাবে ব্যবহার করা হয়? ১
খ. মূলধন বাজেটিং অনুমান নির্ভর কেন? ব্যাখ্যা করো। ২
গ. রংপুর হাউজিং লিমিটেড এর গড় মুনাফার হার নির্ণয় করো। ৩
ঘ. কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক পে-ব্যাক সময় কত বছর হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

৬. 'মালিহা এ্যান্ড আনিশা' কোম্পানি লিমিটেড এর সাধারণ শেয়ার মূলধন ১৫০ কোটি টাকা, ঋণ মূলধন ১৫০ কোটি টাকা ও অগ্রাধিকার শেয়ার মূলধন ১০০ কোটি টাকা। ঋণকৃত মূলধনের সুদের হার ১২% ও অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশের হার ৯%। সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য যথাক্রমে ২৫০ টাকা ও ১২০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের প্রতি শেয়ার ১২ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং অতীতে কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৫% হারে বৃদ্ধি পেয়েছে। কর হার ৪০%

ক. মূলধন ব্যয় কী? ১
খ. মূলধন মিশ্রণ বলতে কী বোঝায়? ২
গ. 'মালিহা এ্যান্ড আনিশা' কোম্পানি লিমিটেড-এর সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩
ঘ. গড় মূলধন ব্যয় নির্ণয় করে প্রতিষ্ঠানটির মূলধন খরচ বিশ্লেষণ করো। ৪

### খ বিভাগ : ব্যাংকিং অংশ

৭. রিচিতা একজন চাকরিজীবী। তিনি প্রতি মাসে ৭ তারিখের মধ্যে ৫,০০০ টাকা করে ১০ বছরের জন্য ব্যাংকে জমা রাখেন। তিনি ভেবেছেন ১০ বছর পর প্রাপ্ত টাকা একটি ব্যাংকে এককালীন ৫ বছরের জন্য জমা রাখবেন এবং নির্দিষ্ট সময় শেষে বেশ কিছু মুনাফা পাবেন।

ক. ব্যাংক হিসাবের অন্যতম উদ্দেশ্য কী? ১
খ. ব্যাংকে বিভিন্ন প্রকার হিসাব খোলার ব্যবস্থা রাখা হয় কেন? ব্যাখ্য করো। ২
গ. রিচিতার প্রথম ব্যাংক হিসাবটি কোন ধরনের? ব্যাখ্য করো। ৩
ঘ. ১০ বছর পরে রিচিতা কোন ধরনের ব্যাংক হিসাবে টাকা জমা রাখলে অধিক লাভবান হবেন বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

৮. মি. সিয়ামের 'A' ব্যাংকে একটি হিসাব আছে। তিনি তার পাওনাদার মুহতাসিনকে ১ লক্ষ টাকার একটি চেক দিয়েছেন। মুহতাসিন 'A' ব্যাংকে চেকের অর্থ উত্তোলন করতে আসলে ব্যাংক কর্মকর্তা চেকের অর্থ নগদে পরিশোধ না করে ব্যাংক হিসাবের মাধ্যমে উপস্থাপন করতে বলেন।

ক. চেক কী? ১
খ. ব্যাংক তার আমানতকারীর জমাকৃত টাকা চাহিবামাত্র ফেরত দিতে বাধ্য থাকে কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে প্রদত্ত চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা করো। ৩
ঘ. নিরাপত্তার ক্ষেত্রে উদ্দীপকের চেকটি অন্যান্য চেকের তুলনায় বেশি গুরুত্বপূর্ণ কেন? মতামত দাও। ৪

৯. বিশিষ্ট চামড়াজাত পণ্য ব্যবসায়ী জেসান একটি নতুন কারখানা স্থাপন করেন। কারখানাটির জন্য জাপান থেকে বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়ের ক্ষেত্রে 'ক' ব্যাংক জনাব জেসানের পক্ষ থেকে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে। ব্যাংকটির শাখা প্রত্যেক জেলায় রয়েছে এবং প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত।

ক. অক্সফোর্ড ডিকশনারির মতে ব্যাংক কী? ১
খ. মুদ্রাকে ব্যাংক ব্যবস্থার জননী বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী 'ক' ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব জেসানের যন্ত্রাংশ ক্রয়ে 'ক' ব্যাংকের গৃহীত পদক্ষেপের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

১০. নিম্নে দু'টি ব্যাংকের কার্যক্রম দেওয়া হলো:

| ব্যাংক 'স্বপ্ন' | ব্যাংক 'সমৃদ্ধি' |
|---|---|
| (১) আমানত সংগ্রহ | (১) মুদ্রাবাজারের অভিভাবক |
| (২) ঋণদান | (২) ঋণের সর্বশেষ আশ্রয়স্থল |

ক. জাপানের কেন্দ্রীয় ব্যাংক কী নামে পরিচিত? ১
খ. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের ব্যাংক দু'টির মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান– তা ব্যাখ্যা করো। ৩
ঘ. মুদ্রাবাজার ও দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে উদ্দীপকের ব্যাংক দুইটির গুরুত্ব তুলনামূলক আলোচনা করো। ৪

১১. উদয় ব্যাংক জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে এবং আমানতকৃত অর্থ ঋণ হিসেবে প্রদান করে। ব্যাংকটি জমাকৃত অর্থের একটি অংশ সবসময় সংরক্ষণ করে যেন গ্রাহকদের প্রয়োজনে সঠিক সময়ে প্রদান করতে পারে। অপরদিকে ব্যাংকটি ঋণ গ্রহীতাদের আর্থিক সচ্ছলতা ও সততা যাচাই করে পর্যাপ্ত জামানত গ্রহণ করে ঋণ প্রদান করে।

ক. LC-এর পূর্ণরূপ কী? ১
খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে ঋণ আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২
গ. 'উদয়' ব্যাংকের গ্রাহকদের জমাকৃত অর্থ প্রদান দ্বারা ব্যাংকের কোন নীতির প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংকটির গৃহীত পদক্ষেপ ব্যাংকিং ব্যসায়ের মূলনীতির আলোকে মূল্যায়ন করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ক | ৭ | গ | ৮ | গ | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | খ |

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** মি. রোহান তাঁর ব্যবসায়ে জমি ক্রয়ের জন্য ব্যাংক হতে দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ করেন এবং পণ্য বিক্রয় বাবদ প্রাপ্ত অর্থ দ্বারা কর্মচারীদের বেতন, দোকান ভাড়াসহ ইত্যাদি নৈমিত্তিক খরচ পরিশোধ করেন। তিনি ক্রেতাদের রুচি ও পছন্দ অনুযায়ী দোকানে নানা রকম পণ্যের সমাবেশ ঘটান।

ক. অষ্টাদশ শতাব্দীতে ফিন্যান্স মূলত কোন ধরনের কাজে নিয়োজিত ছিল? ১

খ. সরকারি অর্থায়ন সাধারণত অলাভজনক হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. মি. রোহান জমি ক্রয় ও নৈমিত্তিক খরচ পরিশোধের ক্ষেত্রে অর্থায়নের কোন নীতি অনুসরণ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. রোহান তাঁর দোকানে নানারকম পণ্যের সমাবেশ ঘটান কেন? মতামত দাও। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** অষ্টাদশ শতাব্দীতে ফিন্যান্স মূলত আর্থিক বিবরণীর বিচার-বিশ্লেষণের কাজে নিয়োজিত ছিল।

**খ** দেশের আর্থ-সামাজিক উন্নয়ন তথা সমাজকল্যাণই সরকারি অর্থায়নের মূল লক্ষ্য হওয়ায় সরকারি অর্থায়ন অলাভজনক।

সরকারের বার্ষিক ব্যয় কোন কোন খাতে কী পরিমাণ হবে এবং সেই অর্থ কোন কোন উৎস থেকে সংগ্রহ করা যাবে তা নির্ধারণকে সরকারি অর্থায়ন বলা হয়। সরকারকে দেশের অর্থনৈতিক উন্নয়নে অনেক খাতে অর্থ ব্যয় করতে হয়। যেমন– সেতু, রাস্তাঘাট, সরকারি প্রতিষ্ঠান ইত্যাদি। জনকল্যাণের উদ্দেশ্যে সরকারি অর্থায়ন ব্যয় করা হয় বলে এটি অলাভজনক হয়।

**গ** মি. রোহান জমি ক্রয় ও নৈমিত্তিক খরচ পরিশোধের ক্ষেত্রে অর্থায়নের উপযুক্ততার নীতির অনুসরণ করেছে।

উপযুক্ততার নীতি অনুযায়ী চলতি মূলধন স্বল্পমেয়াদি তহবিলের উৎস থেকে সংগৃহীত এবং দীর্ঘমেয়াদি উৎস থেকে স্থায়ী মূলধন সংগৃহীত। কাঁচামাল ক্রয়, বেতন প্রদান ইত্যাদি চলতি মূলধনের উদাহরণ।

উদ্দীপকে মি. রোহান একজন ব্যবসায়ী। জমি ক্রয়ের জন্য ব্যাংক থেকে দীর্ঘ মেয়াদী ঋণ নেন। এছাড়া তা বিক্রয় লব্ধ অর্থ থেকে কর্মচারীদের বেতন, দোকান ভাড়া ও দৈনন্দিন খরচ পরিশোধ করেন। মি. রোহান স্থায়ী সম্পদে দীর্ঘমেয়াদি ও চলতি মূলধন হিসাবে স্বল্পমেয়াদি তহবিল ব্যবহার করেন। এক্ষেত্রে তিনি স্বল্পমেয়াদি উৎস থেকে চলতি মূলধনের প্রয়োজন মেটান। অতএব বলা যায় যে, মি. রোহান জমি ক্রয় ও নৈমিত্তিক খরচ পরিশোধের ক্ষেত্রে অর্থায়নের উপযুক্ততার নীতি অনুসরণ করেছেন।

**ঘ** উদ্দীপকে বৈচিত্র্যায়ণের নীতি অনুযায়ী মি. রোহান ক্রেতাদের পছন্দ অনুযায়ী বিভিন্ন রকম পণ্যের সমাবেশ ঘটান।

বৈচিত্র্যায়ণের নীতি অনুযায়ী ব্যবসায়ে পণ্যের বৈচিত্র্য আনা হয়। একটি পণ্য নিয়ে ব্যবসায় করলে মুনাফা না হওয়ার আশঙ্কা থাকে। তবে ব্যবসায়িক পণ্য বৈচিত্র্যপূর্ণ হলে একটির মুনাফা দিয়ে অন্যটির ক্ষতি পুষিয়ে নেওয়া যায়।

উদ্দীপকে মি. রোহান একজন ব্যবসায়ী। তিনি ক্রেতাদের পছন্দ বিক্রি করেন। পাশাপাশি তিনি বিভিন্ন কোম্পানির বিভিন্ন পণ্য সেবাও দেন। এজন্য তার দোকানে সবসময় ক্রেতাদের ভিড় থাকে।

মি. রোহান সাহেবের ব্যবসায়িক পণ্যে বৈচিত্র্য রয়েছে। এক্ষেত্রে তিনি অর্থায়নের বৈচিত্র্যায়ণের নীতি অনুসরণ করেছেন। দেশে অর্থনৈতিক অবস্থা সবসময় এরকম থাকে না। তাই বিভিন্ন পণ্য বিক্রি সারা বছর সমান থাকে না এবং মুনাফা কম-বেশি হওয়ার আশঙ্কা রয়েছে। তবে ক্রেতাদের পছন্দ অনুযায়ী দোকানে বিভিন্ন রকম পণ্য সাজালে চাহিদা বছর জুড়েই থাকে। তাই এ সেবা দিয়ে কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করা যায়। ফলে ব্যবসায়ের ঝুঁকিও কমে। তাই বলা যায় যে, মি. রোহানের বিভিন্ন রকম পণ্যর সমহার সঠিক সিদ্ধান্ত।

**প্রশ্ন ▸ ০২** মি. গালিব দীর্ঘদিন কাপড় ব্যবসায়ের সাথে জড়িত। তিনি মাঝে মাঝে বিভিন্ন উৎস হতে স্বল্প সময়ের জন্য তহবিল সংগ্রহ করতেন। কিন্তু তিনি বর্তমানে তার ব্যবসায় সম্প্রসারণ করে গার্মেন্টস ব্যবসায় শুরু করার চিন্তা-ভাবনা করছেন এবং এজন্য তিনি একটি আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ঢাকা হতে গার্মেন্টস ফ্যাক্টরির পুরাতন ৫০টি সেলাই মেশিন ১৫ বছরের জন্য নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

ক. তহবিল বিনিয়োগের মূল উদ্দেশ্য কী? ১

খ. কোম্পানির তহবিল সংগ্রহের গুরুত্বপূর্ণ উৎসটি ব্যাখ্যা করো। ২

গ. বর্তমানে মি. গালিব ব্যবসায়ের ক্ষেত্রে কোন ধরনের তহবিলের সহায়তায় আর্থিক সমস্যা সমাধানের চেষ্টা করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যবসায় সম্প্রসারণ করার জন্য মি. গালিবের অন্যান্য উৎসেরও শরণাপন্ন হওয়া প্রয়োজন– উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক** তহবিল বিনিয়োগের মূল উদ্দেশ্য হলো মুনাফা অর্জন।

**খ** কোম্পানির তহবিল সংগ্রহের গুরুত্বপূর্ণ উৎসটি হলো শেয়ার বিক্রয়। শেয়ার হচ্ছে বড় অংশের মূলধনের ক্ষুদ্র ক্ষুদ্র একক অংশ। শেয়ার ক্রয়ের মাধ্যমে ক্ষুদ্র বিনিয়োগকারীরা বিনিয়োগে আগ্রহী হয়। শেয়ার হলো অর্থায়নের মালিকানাভিত্তিক অভ্যন্তরীণ উৎস। পাবলিক লিমিটেড কোম্পানি বিভিন্ন রকম শেয়ার বিক্রি করে প্রতিষ্ঠানের অর্থায়ন করে।

**গ** উদ্দীপকের মি. গালিব ব্যবসায়ের ক্ষেত্রে লিজিং-এর সহায়তায় আর্থিক সমস্যা সমাধানের চেষ্টা করেন।

প্রতিষ্ঠানে স্থায়ী বিনিয়োগের জন্য দীর্ঘমেয়াদি ঋণ নেওয়া হয়। বাণিজ্যিক ব্যাংক সাধারণত স্বল্প ও মধ্যমেয়াদে ঋণ দেয়। তবে প্রতিষ্ঠানের সম্প্রসারণে দীর্ঘমেয়াদেও ঋণ দিয়ে থাকে।

উদ্দীপকের মি. গালিব একজন কাপড় ব্যবসায়ী। প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন উৎস হতে স্বল্প সময়ের জন্য তহবিল সংগ্রহ করতেন। তিনি বর্তমানে তার ব্যবসায় সম্প্রসারণ করে গার্মেন্টস ব্যবসায় করতে চান। ঋণ নিয়ে তিনি ৫০টি সেলাই মেশিন কিনেন। উক্ত ঋণের অর্থ দিয়ে প্রতিষ্ঠানটি স্থায়ী সম্পত্তি তথা সেলাই মেশিন কিনেছেন এবং উক্ত ঋণের মেয়াদ ১৫ বছর। তার এ কার্যক্রম অর্থায়নে লিজিং হিসেবে পরিচিত। অর্থাৎ এ পর্যায়ে বাণিজ্যিক ব্যাংক প্রতিষ্ঠানটির সম্প্রসারণের জন্য দীর্ঘমেয়াদে তহবিল সরবরাহ করেছে। তাই বলা যায়, সেলাই মেশিন কেনার ক্ষেত্রে লিজিং-এর মাধ্যমে দীর্ঘমেয়াদী অর্থসংস্থান থেকে তহবিল সংগ্রহ করেছেন।

**ঘ** উদ্দীপকের গার্মেন্টসের মালিক মি. গালিব ব্যবসায় সম্প্রসারণ করার ক্ষেত্রে বেসরকারি প্রতিষ্ঠানগুলো মধ্যমেয়াদি অর্থায়নে সহায়তা প্রদান করে।

বেসরকারি প্রতিষ্ঠানগুলো ব্যবসায় প্রতিষ্ঠানকে মধ্যমেয়াদি ঋণ প্রদান করে থাকে। এসব প্রতিষ্ঠান তহবিল প্রদান ছাড়াও পরামর্শ দান, প্রশিক্ষণ দান, দক্ষতা বৃদ্ধিকরণ প্রভৃতি ব্যাপারেও ব্যবসায় প্রতিষ্ঠানকে সহায়তা করে থাকে।

উদ্দীপকের গার্মেন্টসের মালিক মি. গালিব ব্যবসায় সম্প্রসারণ করার সিদ্ধান্ত নেওয়ায় বেশি মূলধনের প্রয়োজন হয়। কিন্তু তার নিজস্ব মূলধন না থাকায় ব্যবসায় সম্প্রসারণে বেসরকারি প্রতিষ্ঠানের দ্বারস্থ হয়। এক্ষেত্রে বেসরকারি প্রতিষ্ঠানগুলো ঋণদানের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানে মধ্যমেয়াদি অর্থসংস্থান করবে।

মি. গালিব বেসরকারি প্রতিষ্ঠান যেমন– মাইডাস, ব্র্যাক, গ্রামীণ ব্যাংক প্রভৃতি প্রতিষ্ঠান থেকে ব্যবসায় সম্প্রসারণের জন্য সর্বোচ্চ পাঁচ বছর সময়ের জন্য মধ্যমেয়াদি ঋণ নিতে পারেন। তহবিল সরবরাহ ছাড়াও এসব প্রতিষ্ঠান পরামর্শ দান, প্রশিক্ষণ দান, দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রেও তার ব্যবসায় প্রতিষ্ঠানকে সাহায্য করতে পারে। সুতরাং বলা যায়, ব্যবসায় সম্প্রসারণের ক্ষেত্রে মি. গালিব বেসরকারি প্রতিষ্ঠানগুলো বিভিন্নভাবে সহায়তা প্রদান করে। অর্থাৎ ব্যবসায় সম্প্রসারণের জন্য মি. গালিবের অন্যান্য উৎসের শরণাপন্ন হওয়া অত্যান্ত জরুরি।

**প্রশ্ন ▶ ০৩** সুবর্ণের বাবা চাকরি হতে অবসর গ্রহণ করেছেন। তিনি ইকো ব্যাংক হতে এক বছর পর ১০ লক্ষ টাকা পেতে চান। ব্যাংকের বার্ষিক সুদের হার ১২%। সুবর্ণ ১০ বছরের জন্য ১০ লক্ষ টাকা ব্যাংকে জমা রাখতে চায়। 'সাম্য' ব্যাংক বার্ষিক ১৫% হারে ৪০,৪৫,০০০ টাকা দিবে। অপরদিকে, 'শান্ত' ব্যাংক ১৪% হারে অর্ধ-বার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে।

ক. কোন ধরনের পদ্ধতিতে প্রতিবছর সুদ-আসলের ওপর সুদ ধার্য করে ভবিষ্যৎ মূল্য নির্ণয় করা হয়? ১

খ. বাট্টাকরণ প্রক্রিয়াটি ব্যাখ্যা করো। ২

গ. সুবর্ণের বাবাকে 'ইকো' ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় করো। ৩

ঘ. কোন ব্যাংকের প্রস্তাব গ্রহণ করা সুবর্ণের জন্য লাভজনক হবে– তা গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে প্রতিবছর সুদ-আসলের ওপর সুদ ধার্য করে ভবিষ্যৎ মূল্য নির্ণয় করা হয়।

**খ** অর্থের বর্তমান মূল্য নির্ণয়ের পদ্ধতিকে বাট্টাকরণ প্রক্রিয়া বলে। অর্থের ভবিষ্যৎ মূল্য জানা থাকলে বর্তমান মূল্য নির্ণয় করা যায়। একে বলে বাট্টাকরণ প্রক্রিয়া। একাধিকবার চক্রবৃদ্ধিকরণের ক্ষেত্রেও ভবিষ্যৎ মূল্য থেকে বাট্টাকরণের মাধ্যমে বর্তমান মূল্য নির্ণয় করা যায়। সাধারণত বর্তমান মূল্য নির্ণয়ে নিম্নোক্ত সূত্র ব্যবহার করা হয়–

$$\text{বর্তমান মূল্য (PV)} = \frac{\text{ভবিষ্যৎ মূল্য (FV)}}{(১ + \text{সুদের হার})^{\text{মেয়াদ}}}$$

বাট্টাকরণ প্রক্রিয়ায় ভবিষ্যৎ মূল্য থেকে বর্তমান মূল্য নির্ণয় করা হয়।

**গ** সুবর্ণের বাবার 'ইকো' ব্যাংকের জমাকৃত টাকার পরিমাণ নির্ণয় :

এখানে,

ভবিষ্যৎ মূল্য, FV = ১০,০০,০০০

মেয়াদকাল, n = ১ বছর

সুদের হার, i = ১২% বা ০.১২

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য, PV} = \frac{\text{ভবিষ্যৎ মূল্য, FV}}{(১ + i)^n}$$

$$= \frac{১০,০০,০০০}{(১ + ০.১২)^১}$$

$$= \frac{১০,০০,০০০}{১.১২}$$

$$= ৮,৯২,৮৫৭.১৪ \text{ টাকা}$$

∴ সুবর্ণার বাবা ১ বছর পর ১০,০০,০০০ টাকা পেতে চাইলে ইকো ব্যাংকে বর্তমানে ৮,৯২,৮৫৭.১৪ টাকা জমা রাখতে হবে।

**ঘ** জনাব সুবর্ণের জন্য কোন ব্যাংকে টাকা জমা রাখা সঠিক সিদ্ধান্ত হবে তা জানার জন্য 'শান্ত ব্যাংকে' জমাকৃত টাকা ভবিষ্যৎ মূল্য নির্ণয় করা হলো–

এখানে,

বর্তমান মূল্য PV = ১০,০০,০০০

সুদের হার, i = ১৪% বা ০.১৪

চক্রবৃদ্ধির সংখ্যা, m = ২ বা (অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি)

মেয়াদকাল, n = ১০ বছর

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য, FV} = PV\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$

$$= ১০,০০,০০০\left(১ + \frac{০.১৪}{২}\right)^{১০ \times ২}$$

$$= ১০,০০,০০০ (১ + ০.০৭)^{২০}$$

$$= ১০,০০,০০০ (১.০৭)^{২০}$$

$$= ১০,০০,০০ \times ৩.৮৬৯৬৮৪৪৬২$$

$$= ৩৮,৬৯,৬৮৪.৪৬২ \text{ টাকা}$$

অতএব, সুবর্ণের বাবা ১০ বছর পর 'সাম্য ব্যাংক' থেকে পাবে ৪০,৪৫,০০০ টাকা। অপরদিকে 'শান্ত ব্যাংক' থেকে ১০ বছর পরে পাবে ৩৮,৬৯,৬৮৪ টাকা। অর্থাৎ 'শান্ত ব্যাংক' হতে (৪০,৪৫,০০০ – ৩৮,৬৯,৬৮৪) = ১,৭৫,৩১৬ টাকা বেশি পাবে। তাই সুবর্ণার বাবার জন্য 'সাম্য ব্যাংকে' টাকা রাখা লাভজনক হবে।

**প্রশ্ন ▶ ০৪** তিলোত্তমা বিবিএ পড়ালেখার পাশাপাশি বিভিন্ন বিনিয়োগ করেছেন। তিনি নিচের দু'টি প্রকল্পের কোনটিতে বিনিয়োগ করবেন তা নিয়ে ভাবছেন। প্রকল্প দু'টি আয়ের হার ছিল নিম্নরূপ:

| বছর | আয়ের হার (%) | |
|---|---|---|
| | প্রকল্প-১ | প্রকল্প-২ |
| ২০১৯ | ২০ | ১৯ |
| ২০২০ | − ৪ | ১২ |
| ২০২১ | ১৭ | ১৩ |
| ২০২২ | ১৫ | − ৪ |

ক. ঝুঁকি কী? ১

খ. আর্থিক ঝুঁকি কীভাবে পরিহার করা যায়? ব্যাখ্যা করো। ২

গ. আদর্শ বিচ্যুতি ব্যবহার করে প্রকল্প-১ এর ঝুঁকি পরিমাপ করো। ৩

ঘ. তিলোত্তমা কোন প্রকল্পটিতে বিনিয়োগ করলে মুনাফা বেশি করতে পারবেন? আদর্শ বিচ্যুতির মাধ্যমে সিদ্ধান্ত দাও। ৪

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** প্রত্যাশার বাইরে কোনো কিছু ঘটার সম্ভাবনাকে ঝুঁকি বলে।

**খ** অভ্যন্তরীণ উৎস থেকে তহবিল সংগ্রহের মাধ্যমে আর্থিক ঝুঁকি পরিহার করা যায়।

বহিস্থ উৎস তথা ঋণ মূলধন ব্যবহার করলে সুদ ও উক্ত অর্থ পরিশোধে প্রতিষ্ঠান বাধ্য থাকে। কোনো কারণে প্রতিষ্ঠান এ দায় পরিশোধে ব্যর্থ হলে আর্থিক ঝুঁকির সৃষ্টি হয়। অন্যদিকে, অভ্যন্তরীণ উৎস যেমন: মালিকের মূলধন, শেয়ার, অবণ্টিত মুনাফা ইত্যাদি থেকে অর্থায়ন করা হলে মুনাফা বণ্টন বাধ্যতামূলক নয়। ফলে আর্থিক ঝুঁকির আশঙ্কা থাকে না।

**গ** প্রকল্প-১ এর আদর্শ বিচ্যুতি ব্যবহার করে ঝুঁকির পরিমাপ নির্ণয় :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয়-গড়) | ব্যবধানের বর্গ (আয় − গড়)$^২$ |
|---|---|---|---|
| ২০১৯ | ২০ | (২০ − ১২) = ৮ | ৬৪ |
| ২০২০ | −৪ | (−৪ − ১২) = −১৬ | ২৫৬ |
| ২০২১ | ১৭ | (১৭ − ১২) = ৫ | ২৫ |
| ২০২২ | ১৫ | (১৫ −১২) = ৩ | ৯ |
| যোগফল | ৪৮ | ব্যবধান বর্গের যোগফল= | ৩৫৪ |
| গড় আয় | $\frac{৪৮}{৪} = ১২\%$ | $= \frac{৩৫৪}{n - ১}$ | $\frac{৩৫৪}{৪ - ১} = \frac{৩৫৪}{৩} = ১১৮$ |

আমরা জানি,

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\Sigma(\text{আয়হার} - \text{গড় হার})^২}{n - ১}}$$

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{১১৮}$$
$$= ১০.৮৬\%$$

সুতরাং প্রকল্প ১-এর আদর্শ বিচ্যুতি ১০.৮৬%

উত্তর : আদর্শ বিচ্যুতি ১০.৮৬%

**ঘ** তিলোত্তমা কোন প্রকল্পটিতে বিনিয়োগ করলে মুনাফা বেশি করতে পারবে তা নির্ণয়ের জন্য উভয় প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করতে হবে।

প্রকল্প-২ এর আদর্শ বিচ্যুতি নির্ণয় :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয়-গড়) | ব্যবধানের বর্গ (আয় − গড়)$^২$ |
|---|---|---|---|
| ২০১৯ | ১৯ | (১৯ − ১০) = ৯ | ৮১ |
| ২০২০ | ১২ | (১২ − ১০) = ২ | ৪ |
| ২০২১ | ১৩ | (১৩ − ১০) = ৩ | ৯ |
| ২০২২ | −৪ | (−৪ −১০) = −১৪ | ১৯৬ |
| যোগফল | ৪০ | ব্যবধান বর্গের যোগফল = | ২৯০ |
| গড় আয় | $\frac{৪০}{৪} = ১০$ | ব্যবধান বর্গের গড় $= \frac{২৯০}{n - ১}$ | $\frac{২৯০}{৪ - ১} = \frac{২৯০}{৩} = ৯৬.৬৬৬$ |

আমরা জানি,

$$\therefore \text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\Sigma(\text{আয়হার} - \text{গড় হার})^২}{n - ১}}$$

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{৯৬.৬৬৬}$$
$$= ৯.৮৩\% \text{ (প্রায়)}$$

∴ প্রকল্প ২ এর আদর্শ বিচ্যুতি ৯.৮৩% (প্রায়)

গণনা শেষে দেখা যায় যে, প্রকল্প-১ এর আদর্শ বিচ্যুতি ১০.৮৬% [গ নং হতে প্রাপ্ত]। অন্যদিকে প্রকল্প-২ এর আদর্শ বিচ্যুতি ৯.৮৩%। এখানে প্রকল্প-২ এর আদর্শ বিচ্যুতি কম। আমরা জানি, আদর্শ বিচ্যুতি প্রকল্পের ঝুঁকি বহন করে। ঝুঁকি ও মুনাফার মধ্যে ধনাত্মক সম্পর্ক বিদ্যমান। ঝুঁকিপূর্ণ প্রকল্পে মুনাফা বেশি হয়। কেননা অধিক ঝুঁকিতে অধিক মুনাফা বিদ্যমান। তাই বলা যায়, তিলোত্তমা প্রকল্প-১ বিনিয়োগ করলে মুনাফা বেশি পাবেন।

**প্রশ্ন ▶ ০৫** জনাব ওয়াসিফ 'রংপুর হাউজিং লিমিটেড' এর একজন আর্থিক ব্যবস্থাপক। তিনি একটি নতুন প্রকল্পে বিনিয়োগের চিন্তাভাবনা করছেন। উক্ত প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ২৫,০০,০০০ টাকা পাওয়া যাবে। উক্ত প্রকল্প হতে প্রথম থেকে পঞ্চম বছর পর্যন্ত অবচয় ও করপূর্ব মুনাফা যথাক্রমে ৫,০০,০০০ টাকা, ৭,০০,০০০ টাকা, ৮,০০,০০০ টাকা, ৯,০০,০০০ টাকা ও ১২,০০,০০০ টাকা পাওয়া যাবে। করহার ২০%।

ক. মূলধন বাজেটিং প্রক্রিয়ায় মূলধন খরচ কী হিসাবে ব্যবহার করা হয়? ১

খ. মূলধন বাজেটিং অনুমান নির্ভর কেন? ব্যাখ্যা করো। ২

গ. রংপুর হাউজিং লিমিটেড এর গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক পে-ব্যাক সময় কত বছর হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** মূলধন বাজেটিং প্রক্রিয়ায় মূলধন খরচকে বাট্টার হার হিসাবে ব্যবহার করা হয়।

**খ** ভবিষ্যতের তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে মূলধন বাজেটিং করা হয় বলে এটি অনুমাননির্ভর।

মূলধন বাজেটিং-এ অধিকাংশ অনুমানই ভবিষ্যতের ওপর নির্ভরশীল। একটি স্থায়ী সম্পত্তি যেমন− মেশিনটিতে বিনিয়োগ করা উচিত কি না এই সিদ্ধান্তটি ঐ মেশিনটিতে উৎপাদিত পণ্যটির ভবিষ্যতে বিক্রয় বাবদ ও উৎপাদিত খরচের ওপর নির্ভর করে। ভবিষ্যতের এই তথ্য-উপাত্ত একটি অনুমাননির্ভর যা বাস্তবসম্মত নাও হতে পারে। তাই মূলধন বাজেটিং সবসময় অনুমাননির্ভর হয়।

**গ** রংপুর হাউজিং লিমিটেড এর গড় মুনাফার হার নির্ণয় করা হলো–

নোট-১

$$\text{অবচয়} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ} - \text{ভগ্নাবশেষ মূল্য}}{\text{আয়ুষ্কাল}}$$

$$= \frac{২৫,০০,০০০ - ০}{৫}$$

$$= ৫,০০,০০০$$

| বিবরণ | পরিমাণ (টাকা) | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ম বছর | ২য় বছর | ৩য় বছর | ৪র্থ বছর | ৫ম বছর |
| অবচয় ও করপূর্ব মুনাফা | ৫,০০,০০০ | ৭,০০,০০০ | ৮,০০,০০০ | ৯,০০,০০০ | ১২,০০,০০০ |
| অবচয় | (৫,০০,০০০) | (৫,০০,০০০) | (৫,০০,০০০) | (৫,০০,০০০) | (৫,০০,০০০) |
| করযোগ্য মুনাফা | ০ | ২,০০,০০০ | ৩,০০,০০০ | ৪,০০,০০০ | ৭,০০,০০০ |
| কর (২০%) | ০ | (৪০,০০০) | (৬০,০০০) | (৮০,০০০) | (১,৪০,০০০) |
| নিট মুনাফা | ০ | ১,৬০,০০০ | ২,৪০,০০০ | ৩,২০,০০০ | ৫,৬০,০০০ |

$$\text{এখানে, গড় নিট মুনাফা} = \frac{০ + ১,৬০,০০০ + ২,৪০,০০০ + ৩,২০,০০০ + ৫,৬০,০০০}{৫}$$

$$= \frac{১২,৮০,০০০}{৫} = ২,৫৬,০০০ \text{ টাকা}$$

$$\text{গড় বিনিয়োগ} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ}}{২} = \frac{২৫,০০,০০০}{২} = ১২,৫০,০০০ \text{ টাকা}$$

আমরা জানি,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$= \frac{২,৫৬,০০০}{১২,৫০,০০০} \times ১০০$$

$$= ০.২০৪৮ \times ১০০$$

$$= ২০.৪৮\%$$

রংপুর হাউজিং লিমিটেড এর গড় মুনাফার হার ২০.৪৮%

উত্তর : গড় মুনাফার হার ২০.৪৮%

**ঘ** কোম্পানি ব্যবস্থাপনা কতৃক পে-ব্যাক সময় কত বছর হবে তা নির্ণয় করা হলো–

| বিবরণ | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
|---|---|---|---|---|---|
| নিট মুনাফা | ০০০ | ১,৬০,০০০ | ২,৪০,০০০ | ৩,২০,০০০ | ৫,৬০,০০০ |
| যোগ : অবচয় | ৫,০০,০০০ | ৫,০০,০০০ | ৫,০০,০০০ | ৫,০০,০০০ | ৫,০০,০০০ |
| নগদ আন্তপ্রবাহ | ৫,০০,০০০ | ৬,৬০,০০০ | ৭,৪০,০০০ | ৮,২০,০০০ | ১০,৬০,০০০ |

পে-ব্যাক নির্ণয় সারণী

| বছর | বার্ষিক নগদ প্রবাহ (টাকা) | ক্রমযোজিত নগদ প্রবাহ (টাকা) |
|---|---|---|
| ০ | −২৫,০০,০০০ | − ২৫,০০,০০০ |
| ১ | ৫,০০,০০০ | − ২০,০০,০০০ |
| ২ | ৬,৬০,০০০ | − ১৩,৪০,০০০ |
| ৩ | ৭,৪০,০০০ | − ৬,০০,০০০ |
| ৪ | ৮,২০,০০০ | ২,২০,০০০ |
| ৫ | ১০,৬০,০০০ | ১২,৮০,০০০ |

$$\therefore \text{পে-ব্যাক সময়} = \left(৩ + \frac{৬,০০,০০০}{৮,২০,০০০}\right) \text{ বছর}$$

$$= (৩ + ০.৭৩১) \text{ বছর}$$

$$= ৩.৭৩ \text{ বছর}$$

উঃ কোম্পানি ব্যবস্থাপনা কর্তৃক ৩.৭৩ বছর পে-ব্যাক সময় হবে।

**প্রশ্ন ▸ ০৬** 'মালিহা এ্যান্ড আনিশা' কোম্পানি লিমিটেড এর সাধারণ শেয়ার মূলধন ১৫০ কোটি টাকা, ঋণ মূলধন ১৫০ কোটি টাকা ও অগ্রাধিকার শেয়ার মূলধন ১০০ কোটি টাকা। ঋণকৃত মূলধনের সুদের হার ১২% ও অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশের হার ৯%। সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজারমূল্য যথাক্রমে ২৫০ টাকা ও ১২০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের প্রতি শেয়ার ১২ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং অতীতে কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৫% হারে বৃদ্ধি পেয়েছে। কর হার ৪০%।

ক. মূলধন ব্যয় কী? ১

খ. মূলধন মিশ্রণ বলতে কী বোঝায়? ২

গ. 'মালিহা এ্যান্ড আনিশা' কোম্পানি লিমিটেড-এর সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. গড় মূলধন ব্যয় নির্ণয় করে প্রতিষ্ঠানটির মূলধন খরচ বিশ্লেষণ করো। ৪

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** বিভিন্ন উৎস হতে সংগৃহীত তহবিলের খরচকে মূলধন ব্যয় বলে।

**খ** ব্যবসায় প্রতিষ্ঠান দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ সাধারণত দীর্ঘমেয়াদি তহবিলের উৎস থেকে সংগ্রহ করে। এসব দীর্ঘমেয়াদি তহবিলের মধ্যে ঋণ মূলধন, অগ্রাধিকার শেয়ার মূলধন, সাধারণ শেয়ার মূলধন এবং সংরক্ষিত আয় অন্যতম। প্রতিষ্ঠানের মোট মূলধনে এ উৎসগুলোর সংমিশ্রণকেই মূলধন মিশ্রণ বলা হয়।

**গ** 'মালিহা এ্যান্ড আনিশা' কোম্পানি লিমিটেড-এর সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় :

এখানে,

শেয়ার মূল্য, $P_o$ = ২৫০ টাকা

লভ্যাংশ, $D_o$ = ১২ টাকা

লভ্যাংশ বৃদ্ধির হার, g = ৫% বা ০.০৫

$$\text{লভ্যাংশ}_১, D_১ = \text{লভ্যাংশ}, D_o (১ + \text{বৃদ্ধির হার}, g)$$

$$= ১২ (১ + ০.০৫) = ১২.৬০ \text{ টাকা}$$

আমরা জানি,

$$\text{সাধারণ শেয়ার মূলধন ব্যয়}, K_e = \left(\frac{\text{লভ্যাংশ}_১, D_১}{\text{শেয়ার মূল্য}, P_o} + \text{বৃদ্ধির হার}, g\right) \times ১০০$$

$$= \left(\frac{১২.৬০}{২৫০} + ০.০৫\right) \times ১০০$$

$$= ০.১০০৪ \times ১০০$$

$$= ১০.০৪\%$$

∴ অতএব 'মালিহা এ্যান্ড আনিশা' কোম্পানি লিমিটেড এর সাধারণ শেয়ার মূলধন ব্যয় ১০.০৪%।

**ঘ** 'মালিহা এ্যান্ড আনিশা' কোম্পানি লিমিটেড-এর গড়া মূলধন ব্যয় নির্ণয় :

এখানে,

ঋণ মূলধনের সুদের হার = ১২% বা .১২

করের হার = ৪০% বা, ০.৪০

আমরা জানি,

কর (−) পরবর্তী ঋণ মূলধন ব্যয় = কর পূর্ববর্তী ঋণ মূলধন ব্যয় × (১ − করহার) × ১০০

= ০.১২% × (১ − ০.৪০) × ১০০

= ০.১২ × ০.৬০ × ১০০

= ৭.২০%

সাধারণ শেয়ার মূলধন ব্যয়, $K_e$ = ১০.০৪% [গ থেকে পাওয়া]

অগ্রাধিকার শেয়ার মূলধন ব্যয়, $K_p = \frac{\text{লভ্যাংশ}}{\text{বাজার মূল্য}} \times ১০০$

$= \frac{১০০ \times ৯\%}{১২০} \times ১০০$

$= \frac{৯}{১২০} \times ১০০ = ৭.৫০\%$

[নোট: উদ্দীপকে অগ্রাধিকার শেয়ারের অভিহিত মূল্য দেওয়া না থাকায় ১০০ টাকা ধরে নেওয়া হলো।]

মোট মূলধন = (১৫০ + ১৫০ + ১০০) = ৪০০ কোটি টাকা

সাধারণ শেয়ার মূলধনের ভার, $W_e = \frac{১৫০}{৪০০} = ০.৩৭৫$

ঋণ মূলধনের ভার, $W_d = \frac{১৫০}{৪০০} = ০.৩৭৫$

অগ্রাধিকার শেয়ার মূলধনের ভার, $W_p = \frac{১০০}{৪০০} = ০.২৫$

আমরা জানি,

গড় মূলধন ব্যয়, WACC = $(W_eK_e + W_dK_d + W_pK_p)$

= {(০.৩৭৫ × ১০.০৪) + (০.৩৭৫ × ৭.২০) + (০.২৫ × ৭.৫০)}

= (৩.৭৬৫ + ২.৭০ + ১.৮৭৫) = ৮.৩৪%

'মালিহা এ্যান্ড আনিশা' কোম্পানির গড় মূলধন ব্যয় ৮.৩৪% পাওয়া গেছে। এখানে সাধারণ শেয়ার অগ্রধিকার শেয়ার ও ঋণ মূলধন ব্যয় যথাক্রমে ১০.০৪%, ৭.৫০%, ৭.২০%। মূলধনের সংগ্রহের তিনটি উৎসের মধ্যে সবচেয়ে কম মূলধন ব্যয় দেখা যাচ্ছে ঋণ মূলধনের। তাই এই উৎস থেকে মূলধন বাড়ানো প্রতিষ্ঠানের জন্য লাভজনক হবে।

**প্রশ্ন ▶ ০৭** রিচিতা একজন চাকরিজীবী। তিনি প্রতি মাসে ৭ তারিখের মধ্যে ৫,০০০ টাকা করে ১০ বছরের জন্য ব্যাংকে জমা রাখেন। তিনি ভেবেছেন ১০ বছর পর প্রাপ্ত টাকা একটি ব্যাংকে এককালীন ৫ বছরের জন্য জমা রাখবেন এবং নির্দিষ্ট সময় শেষে বেশ কিছু মুনাফা পাবেন।

ক. ব্যাংক হিসাবের অন্যতম উদ্দেশ্য কী? ১

খ. ব্যাংকে বিভিন্ন প্রকার হিসাব খোলার ব্যবস্থা রাখা হয় কেন? ব্যাখ্য করো। ২

গ. রিচিতার প্রথম ব্যাংক হিসাবটি কোন ধরনের? ব্যাখ্য করো। ৩

ঘ. ১০ বছর পরে রিচিতা কোন ধরনের ব্যাংক হিসাবে টাকা জমা রাখলে অধিক লাভবান হবেন বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

**ক** ব্যাংক হিসাবের অন্যতম উদ্দেশ্য হলো আমানতকারীদের উদ্বৃত্ত অর্থ ব্যাংকে নিরাপদে সংরক্ষণ করা।

**খ** যে হিসাব খুলে গ্রাহক ব্যাংকের নানাবিধ সেবা সুবিধাদি ভোগ করতে পারে তাকে ব্যাংক হিসাব বলে।

গ্রাহকের চাহিদা অনুযায়ী ব্যাংক বিভিন্ন ধরনের হিসাব খোলার ব্যবস্থা রাখে। কারণ মানুষের জীবিকা, প্রয়োজন, সময়, অবস্থান ইত্যাদি ক্ষেত্রে ভিন্নতা থাকে। এক্ষেত্রে ব্যাংক সাধারণত গ্রাহকদের চলতি, সঞ্চয়ী ও স্থায়ী হিসাব খোলার সুবিধা দিয়ে থাকে। ব্যাংক বিভিন্ন প্রকার হিসাবের মাধ্যমে বিভিন্ন সুযোগ প্রদান করে গ্রাহকদের আকৃষ্ট করে থাকেন।

**গ** উদ্দীপকে উল্লিখিত রিচিতা ডিপোজিট পেনশন স্কিম হিসাব খুলেছেন।

যে হিসাবের মাধ্যমে প্রতি মাসে নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা রাখে বা নির্দিষ্ট তারিখে যে নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা দিতে হয় তাকে ডিপোজিট স্কিম বলে। এটি একটি দীর্ঘমেয়াদী হিসাব। নির্দিষ্ট মেয়াদ শেষ হবার পর সুদ আসল সহ এই টাকা ফেরত দেওয়া হয়। ব্যাংক এ হিসাবে স্বল্পহারে সুদ প্রদান করে থাকে।

রিচিতা একজন চাকরিজীবী। ভবিষ্যতের কথা চিন্তা করে তিনি কিছু টাকা ব্যাংকে জমা রাখেন। তিনি ব্যাংকে প্রতি মাসের ৭ তারিখের মধ্যে ৫০০০ টাকা জামা রাখেন। তিনি ১০ বছরের জন্য অর্থ জমা রাখেন। এ হিসাবের জমার বিপরীতে তিনি কিছু টাকা মুনাফাও পেয়ে থাকেন। তার হিসাবের বৈশিষ্ট্যের সাথে ডিপোজিট পেনশন স্কিম হিসাবের বৈশিষ্ট্য সাদৃশ্যপূর্ণ। অতএব নিঃসন্দেহে বলা যায়, প্রথম ব্যাংকে রিচিতা ডিপোজিট পেনশন স্কিম হিসাব খুলেছেন।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত রিচিতা ১০ বছর পর স্থায়ী হিসাবে টাকা জমা রাখলে বেশি লাভবান হবে বলে আমি মনে করি।

এ হিসাবে প্রতিমাসে নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দিতে হয়। এভাবে দীর্ঘমেয়াদে টাকা জমা করে এবং মেয়াদ শেষে এককালীন ভিত্তিতে সুদসহ সকল টাকা গ্রাহককে ফেরত দেওয়া হয়।

রিচিতা ছেলেমেয়ের ভবিষ্যতের কথা চিন্তা করে একটি ব্যাংকে হিসাব খুলতে চাচ্ছেন যেখানে নির্দিষ্ট সময়ের জন্য নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দিবেন এবং এককালীন বড় অঙ্কের অর্থ ফেরত পাবেন। অর্থাৎ তার জন্য ব্যাংকে স্থায়ী হিসাব খোলা সুবিধাজনক।

রিচিতা স্থায়ী হিসাব খুললে তার আয়ের একটি অংশ নির্দিষ্ট মেয়াদের জন্য প্রতিমাসে সঞ্চয়ের সুযোগ পাবেন। যার ওপর তিনি সঞ্চয় হিসাব অপেক্ষা বেশী হারে সুদ বা মুনাফা পাবেন। মেয়াদান্তে সুদসহ আসল অর্থ ফেরত পাবেন বিধায় তিনি একসাথে মোটা অঙ্কের অর্থপ্রাপ্ত হবেন। এ ধরনের অর্থ ভবিষ্যতে তাকে বিনিয়োগের ক্ষেত্রেও সহযোগিতা করবে অথবা ছেলেমেয়ের উচ্চ শিক্ষার ব্যয় নির্বাহে তিনি উক্ত অর্থ খরচ করতে পারবেন। অতএব পরিশেষে বলা যায়, ১০ বছর পর স্থায়ী হিসাবে টাকা জমা রাখলে বেশি লাভবান হবে।

**প্রশ্ন ▶ ০৮** মি. সিয়ামের 'A' ব্যাংকে একটি হিসাব আছে। তিনি তার পাওনাদার মুহতাসিনকে ১ লক্ষ টাকার একটি চেক দিয়েছেন। মুহতাসিন 'A' ব্যাংকে চেকের অর্থ উত্তোলন করতে আসলে ব্যাংক কর্মকর্তা চেকের অর্থ নগদে পরিশোধ না করে ব্যাংক হিসাবের মাধ্যমে উপস্থাপন করতে বলেন।

ক. চেক কী? ১

খ. ব্যাংক তার আমানতকারীর জমাকৃত টাকা চাহিবামাত্র ফেরত দিতে বাধ্য থাকে কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে প্রদত্ত চেকটি কোন ধরনের চেক? ব্যাখ্যা করো। ৩

ঘ. নিরাপত্তার ক্ষেত্রে উদ্দীপকের চেকটি অন্যান্য চেকের তুলনায় বেশি গুরুত্বপূর্ণ কেন? মতামত দাও। ৪

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** গ্রাহক বা আমানতকারী কর্তৃক ব্যাংকের ওপর লিখিত আদেশকে চেক বলে।

**খ** ব্যাংকটি চেকের অর্থ পরিশোধের মাধ্যমে আমানতকারী চাহিবামাত্র অর্থ ফেরত দিতে বাধ্য থাকবে। ব্যাংক ও গ্রাহকের মধ্যকার চুক্তিবন্ধ সম্পর্কের কারণে ব্যাংক গ্রাহকের অর্থ চাহিবামাত্র ফেরত দিতে বাধ্য থাকে। যেমন : চলতি ও সঞ্চয়ী হিসাবে যদি টাকা জমা থাকে তবে গ্রাহক চেক লিখে উক্ত অর্থ উত্তোলন করতে পারবেন।

ব্যাংকে হিসাব খোলার মধ্যদিয়ে ব্যাংক ও গ্রাহকের মধ্যে আইনগতভাবে একটি চুক্তিবন্ধ সম্পর্কের সৃষ্টি হয়। এতে দুই পক্ষেরই কিছু অধিকার ও দায়িত্বের সৃষ্টি হয়। চুক্তির কারণে ব্যাংক তার আমানতকারীর জমাকৃত অর্থ চাহিবামাত্র ফেরত দিতে বাধ্য থাকে।

**গ** মি. সিয়ামের প্রদত্ত চেকটি একটি দাগকাটা চেক।

বাহক বা হুকুম চেকের উপরিভাগে কোণায় আড়াআড়িভাবে দুটি দাগ কেটে দাগকাটা চেক প্রস্তুত করা হয়। দাগকাটা চেকের অর্থ ব্যাংক নগদে পরিশোধ করে না। নির্দিষ্ট ব্যাংক হিসাবে জমা দেওয়ার মাধ্যমে এই চেকের অর্থ উত্তোলন করতে হয়।

উদ্দীপকে মি. সিয়াম 'A ব্যাংক'-এ একটি হিসাব আছে। তিনি সম্প্রতি তার পাওনাদার মুহতাসিনকে এক লক্ষ টাকার একটি চেক দেন। চেকটি ব্যাংক উপস্থাপন করা হলে ব্যাংক চেকের অর্থ নগদে পরিশোধ করতে অসম্মতি জানায়। ব্যাংক চেকটি গ্রাহকের ব্যাংক হিসাবের মাধ্যমে উপস্থাপন করতে বলে। এর ফলে চেকের অর্থ সঠিক পাওনাদারের কাছে পৌঁছানো নিশ্চিত হয়। চেকটির এসব বৈশিষ্ট্যের কারণে বলা যায়, চেকটি একটি দাগকাটা চেক।

**ঘ** দাগকাটা চেক বেশি নিরাপদ হওয়ায় উদ্দীপকের উল্লিখিত পরিস্থিতিতে মি. সিয়ামের দাগকাটা চেক অন্যান্য চেকের চেয়ে গুরুত্বপূর্ণ।

দাগকাটা চেকের অর্থ নির্দিষ্ট ব্যাংক হিসাবে মাধ্যমে উঠাতে হয়। বাহক চেককে দাগকাটা চেকে রূপান্তর করা যায়। এজন্য বাহক চেকের ওপর বামপাশে কোণোয় দুটি আড়াআড়ি সমান্তরাল দাগ টানা হয়। দাগকাটা চেক বেশি নিরাপদ।

উদ্দীপকের মি. সিয়াম একজন ব্যবসায়ী। তিনি তার পাওনাদারের জন্য বাহক চেক ব্যবহার করেন। কিন্তু তিনি ১ লক্ষ টাকা দেওয়ার ক্ষেত্রে দাগকাটা চেক ব্যবহার করার সিদ্ধান্ত নিয়েছেন।

দাগকাটা চেক ব্যবহার করার মাধ্যমে মি. সিয়াম তার অর্থের নিরাপত্তা বিধান করতে পারবেন। টাকা উত্তেলন করা একটু সময়সাধ্য ব্যাপার হবে। তবে চুরি, হারিয়ে যাওয়ার ঘটনা ঘটার কোনো আশঙ্কা থাকবে না। দাগকাটা চেক প্রাপকের হিসাবে জমা দিয়ে অর্থ সংগ্রহ করতে হয়। ফলে যে কেউ চাইলেই অর্থ উত্তোলন করতে পারবে না। উদ্দীপকের মি. সিয়াম দাগকাটা চেক ব্যবহার করে ভবিষ্যতে অনাকাঙ্ক্ষিত ঘটনা ঠেকাতে পারবেন। সুতরাং মি. সিয়ামের সিদ্ধান্তটি যৌক্তিক হয়েছে।

**প্রশ্ন ▶ ০৯** বিশিষ্ট চামড়াজাত পণ্য ব্যবসায়ী জেসান একটি নতুন কারখানা স্থাপন করেন। কারখানাটির জন্য জাপান থেকে বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়ের ক্ষেত্রে 'ক' ব্যাংক জনাব জেসানের পক্ষ থেকে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে। ব্যাংকটির শাখা প্রত্যেক জেলায় রয়েছে এবং প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত।

ক. অক্সফোর্ড ডিকশনারির মতে ব্যাংক কী? ১

খ. মুদ্রাকে ব্যাংক ব্যবস্থার জননী বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী 'ক' ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব জেসানের যন্ত্রাংশ ক্রয়ে 'ক' ব্যাংকের গৃহীত পদক্ষেপের গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** অক্সফোর্ড ডিকশনারির মতে, ব্যাংক হচ্ছে অর্থ জমা , তোলা এবং ঋণ দেওয়ার নিরাপদ প্রতিষ্ঠান।

**খ** মুদ্রা আবির্ভাবের পরপরই ব্যাংক ব্যবস্থার প্রয়োজনীয়তা দেখা দেয়। যার জন্য মুদ্রাকে ব্যাংক ব্যবসায়ের জননী বলা হয়।

মুদ্রা ছাড়া ব্যাংক ব্যবসায় অচল। কারণ ব্যাংক ব্যবসায়ের প্রধান উপাদান হলো মুদ্রা। মানুষের কাছে থাকা প্রয়োজনীয় অর্থ বা মুদ্রা ব্যাংক আমানত হিসেবে গ্রহণ করে। আবার বিভিন্ন খাতে ঋণদানের মাধ্যমে মুনাফা অর্জন করে। মূলত মুদ্রা সৃষ্টির কারণেই মুদ্রার নিরাপত্তার প্রয়োজন দেখা দেয় এবং ব্যাংক ব্যবস্থার প্রচলন ঘটে। আর এসব কারণেই মুদ্রাকে ব্যাংক ব্যবসায়ের জননী বলা হয়।

**গ** কার্যভিত্তিক শ্রেণীকরণ অনুযায়ী 'ক' ব্যাংক একটি বাণিজ্যিক ব্যাংক।

বাণিজ্যিক ব্যাংকের প্রধান উদ্দেশ্য মুনাফা অর্জন। এ ব্যাংক জনগণের জমাকৃত অর্থ আমানত হিসেবে নেয় আবার উক্ত অর্থ থেকে ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ দেয়। এছাড়া আন্তর্জাতিক বাণিজ্যে সাহায্য করা বাণিজ্যিক ব্যাংকের একটি কাজ।

উদ্দীপকে বিশিষ্ট চামড়াজাত পণ্য ব্যবসায়ী জনাব জেসান মূলত বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে লেনদেন করেছেন। কারণ, জেসান একটি নতুন কারখানা স্থাপন করেন। কারখানাটির জন্য জাপান থেকে বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়ের প্রয়োজন হয়। এক্ষেত্রে 'ক' ব্যাংক জনাব জেসানের পক্ষ থেকে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে। ব্যাংকটির শাখা প্রত্যেক জেলায় রয়েছে এবং প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত। বর্তমানে বাংলাদেশে অবস্থিত প্রতিটি বাণিজ্যিক ব্যাংকের শাখা প্রায় প্রতিটি জেলায় রয়েছে। এসব ব্যাংকসমূহ গ্রাহকদের বিভিন্ন প্রকার সেবা দিয়ে যাচ্ছে। অতএব বলা যায় যে, জনাব জেসানের ব্যাংকটি বাণিজ্যিক ব্যাংক।

**ঘ** জনাব জেসানের যন্ত্রাংশ ক্রয়ে আমদানি রপ্তানিতে 'ক' ব্যাংকের গৃহীত পদক্ষেপ অধিক গুরুত্বপূর্ণ।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে বাণিজ্যিক ব্যাংক আমানত গ্রহণ করে এবং সেই অর্থ হতে ঋণ দেয়। মুনাফা অর্জন মুখ্য উদ্দেশ্য হলেও বৈদেশিক বাণিজ্যে সহায়তা করা বাণিজ্যিক ব্যাংকের একটি অন্যতম কাজ। গ্রাহককে নিত্য নতুন পণ্য বা সেবা দেওয়ার পাশাপাশি ব্যাংক বৈদেশিক বাণিজ্য ও প্রতিনিধিত্বমূলক কার্যাবলির মাধ্যমে ব্যবসায়ের উন্নয়নে অবদান রাখে। আধুনিক উন্নত ব্যাংকিং ব্যবস্থা যেমন : ইন্টারনেট ব্যাংকিং এ ব্যাংকিং কার্যক্রমকে আরো সহজ ও গতিশীল করেছে।

উদ্দীপকে মি. জেসান একজন চামড়াজাত ব্যবসায়ী। ব্যবসায়ের প্রয়োজনে তিনি ব্যাংকের শরণাপন্ন হন। জনাব জেসান তার ব্যবসায় দেশের সীমানা ছাড়িয়ে বিদেশেও সম্প্রসারিত করেছেন। তাই তাকে

দেশ-বিদেশে বিভিন্ন সময়ে ব্যাংকের মাধ্যমে লেনদেন করতে হয়। দেশে উন্নত ব্যাংকিং ব্যবস্থা থাকায় তার আর্থিক লেনদেন সম্পাদন অনেক সহজ হয়ে উঠেছে।

যন্ত্রাংশ ক্রয়ে 'ক' ব্যাংক জনাব জেসানের পক্ষ থেকে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা নেয়। মূলত 'ক' ব্যাংকটি জনাব জেসানের পক্ষ থেকে রপ্তানিকারককে নিশ্চয়তা প্রদান করে। বৈদেশিক বাণিজ্যে আমদানিকারক ও রপ্তানিকারকের মধ্যে দূরত্ব, মুদ্রার ভিন্নতাসহ বিভিন্ন বাধার সৃষ্টি হয়। এছাড়া আমদানিকারক ও রপ্তানিকারক একে অপরের পরিচিত না হওয়ায় তারা অর্থ ও পণ্য প্রাপ্তির অনিশ্চয়তায় ভোগে। এক্ষেত্রে ব্যাংক আমদানিকারকের প্রতিনিধি হিসেবে কাজ করে বৈদেশিক বাণিজ্যকে সহজতর করে।

পরিশেষে বলা যায় যে, জনাব জেসানের যন্ত্রাংশ ক্রয়ে 'ক' ব্যাংকের গৃহীত পদক্ষেপ যুক্তিযুক্ত।

**প্রশ্ন ▶ ১০** নিম্নে দু'টি ব্যাংকের কার্যক্রম দেওয়া হলো:

| ব্যাংক 'স্বপ্ন' | ব্যাংক 'সমৃদ্ধি' |
|---|---|
| (১) আমানত সংগ্রহ | (১) মুদ্রাবাজারের অভিভাবক |
| (২) ঋণদান | (২) ঋণের সর্বশেষ আশ্রয়স্থল |

ক. জাপানের কেন্দ্রীয় ব্যাংক কী নামে পরিচিত? ১

খ. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ব্যাংক দু'টির মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যমান– তা ব্যাখ্যা করো। ৩

ঘ. মুদ্রাবাজার ও দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে উদ্দীপকের ব্যাংক দুইটির গুরুত্ব তুলনামূলক আলোচনা করো। ৪

## ১০নং প্রশ্নের উত্তর

**ক** জাপানের কেন্দ্রীয় ব্যাংকের নাম ব্যাংক অব জাপান (Bank of Japan)।

**খ** ঋণ নিয়ন্ত্রণ কেন্দ্রীয় ব্যাংকের একটি অন্যতম কাজ। এক্ষেত্রে ব্যাংকটি কতগুলো পদ্ধতি অনুসরণ করে থাকে। কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণ পদ্ধতিগুলো হলো– ব্যাংক হার নীতি, খোলাবাজার নীতি, জমার হার পরিবর্তন নীতি, নৈতিক প্ররোচনা ইত্যাদি। বাণিজ্যিক ব্যাংকের সুদের হার বাড়ানো-কমানোর মাধ্যমে কেন্দ্রীয় ব্যাংক বাজারের ঋণ নিয়ন্ত্রণ করে। একে ব্যাংক হার নীতি বলে। খোলাবাজার নীতিতে কেন্দ্রীয় ব্যাংক বাজারে সরাসরি বন্ড, ডিবেঞ্চার ইত্যাদি বিক্রি করে। এছাড়াও বাণিজ্যিক ব্যাংকের জমার হার পরিবর্তন করেও এ ব্যাংক ঋণ নিয়ন্ত্রণ করে। তাছাড়া নৈতিক প্ররোচনা, বরাদ্দকরণ নীতি, প্রচারণা পদ্ধতি ইত্যাদির মাধ্যমেও কেন্দ্রীয় ব্যাংক পরোক্ষভাবে ঋণ নিয়ন্ত্রণ করে থাকে।

**গ** উদ্দীপকে উল্লিখিত 'স্বপ্ন ব্যাংক' ও 'সমৃদ্ধি ব্যাংকের' মধ্যে গঠন, উদ্দেশ্য ও কার্যাবলির দিক থেকে ভিন্নতা রয়েছে। অর্থাৎ উদ্দীপকের 'সমৃদ্ধি ব্যাংক' হলো কেন্দ্রীয় ব্যাংক আর 'স্বপ্ন ব্যাংক' হলো বাণিজ্যিক ব্যাংক।

'স্বপ্ন ব্যাংক' হলো বাণিজ্যিক ব্যাংক যা মুনাফা অর্জনের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ও পরিচালিত একটি ব্যাংক। আর 'সমৃদ্ধি ব্যাংক' হলো কেন্দ্রীয় ব্যাংক যা হলো সরকারি মালিকানায় প্রতিষ্ঠিত ও পরিচালিত ব্যাংক। বাণিজ্যিক ব্যাংক জনগণের কাছ থেকে আমানত সংগ্রহ করে ও ঋণ দেয়। আর কেন্দ্রীয় ব্যাংক সম্পূর্ণ ব্যাংক ব্যবস্থা নিয়ন্ত্রণ করে। উদ্দীপকে উল্লিখিত 'সমৃদ্ধি ব্যাংক' দেশের আর্থসামাজিক উন্নয়ন ও আর্থিক শৃঙ্খলা রক্ষায় কাজ করছে। পাশাপাশি তালিকাভুক্ত ব্যাংকসমূহকে সহযোগিতা, নতুন আর্থিক পণ্য বা সেবা উদ্ভাবন ও জীবনযাত্রার মান উন্নয়নে অবদান রাখছে। অর্থাৎ 'সমৃদ্ধি' ব্যাংকটি একটি কেন্দ্রীয় ব্যাংক। এর প্রধান উদ্দেশ্য জনকল্যাণ। অপরদিকে, 'স্বপ্ন' ব্যাংকের প্রধান উদ্দেশ্য হলো মুনাফা অর্জন। 'সমৃদ্ধি' ব্যাংক দেশের নোট ও মুদ্রা প্রচলনের ক্ষমতাপ্রাপ্ত একমাত্র প্রতিষ্ঠান। 'স্বপ্ন' ব্যাংকের এই ক্ষমতা না থাকলেও বিনিময়ের মাধ্যম (চেক, বিনিময় বিল) ইত্যাদি প্রচলনের ক্ষমতা রয়েছে। 'স্বপ্ন' ব্যাংকের প্রধান গ্রাহক হচ্ছে জনগণ। আর 'সমৃদ্ধি' ব্যাংকের প্রধান গ্রাহক হচ্ছে অন্যান্য ব্যাংক। অতএব বলা যায়, কেন্দ্রীয় ব্যাংক হিসেবে 'সমৃদ্ধি ব্যাংক' বাকি সব ধরনের ব্যাংকের ব্যাংকার হিসেবে কাজ করে।

**ঘ** মুদ্রাবাজার ও দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে উদ্দীপকে ব্যাংক দুইটির গুরুত্ব অপরীসিম।

উদ্দীপকে ব্যাংক দুটি হলে– একটি বাণিজ্যিক ব্যাংক যা 'স্বপ্ন ব্যাংক' নামে রয়েছে। অপরদিকে আরেকটি ব্যাংক হলে কেন্দ্রীয় ব্যাংক যা 'সমৃদ্ধি ব্যাংক' নামে পরিচিত।

কেন্দ্রীয় ব্যাংক দেশের সব ব্যাংকের মুরব্বি, পরিচালক ও নিয়ন্ত্রক। ঋণের শেষ আশ্রয়স্থল হিসেবে এ ব্যাংক বাণিজ্যিক ব্যাংকের কাছে সবচেয়ে আপনজন। ব্যাংকগুলো যখন আর্থিক সংকটে কোনো উৎস থেকে তহবিল সংগ্রহ করতে পারে না, কেন্দ্রীয় ব্যাংক তখন ব্যাংকগুলোকে ঋণ দেয়।

বাণিজ্যিক ব্যাংক একটি দেশের সার্বিক অর্থনীতি তথা শিল্প, বাণিজ্য, পরিবহন, যোগাযোগ, গৃহনির্মাণ, শিক্ষার ব্যাপক অগ্রগতি তথা দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বাণিজ্যিক ব্যাংক ব্যাংক ঋণ প্রদানের পাশাপাশি অন্যান্য শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে মূলধন বিনিয়োগ করে। ফলে উদ্যোক্তা শ্রেণি উৎসাহিত হয় এবং ব্যবসায় উদ্যোগ গ্রহণ করে। আর এটি একটি দেশের মোট উৎপাদন ও মূলধন গতিশীলতা বৃদ্ধিতে সহায়তা করে।

কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকের কাজ নিয়ন্ত্রণ করে। নতুন ব্যাংক ও শাখা খোলার জন্য কেন্দ্রীয় ব্যাংকের অনুমতি নিতে হয়। তালিকাভুক্ত ব্যাংকগুলোকে তাদের সংগৃহীত আমানতের একটি নির্দিষ্ট অংশ বাধ্যতামূলকভাবে কেন্দ্রীয় ব্যাংকে জমা রাখতে হয়। বাণিজ্যিক ব্যাংকগুলোর আর্থিক সংকটে কেন্দ্রীয় ব্যাংক ঋণ ও পরামর্শ দেয়। এভাবে উদ্দীপকের 'সমৃদ্ধি ব্যাংক' (কেন্দ্রীয় ব্যাংক) ও 'স্বপ্ন' ব্যাংকের (তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংক) মধ্যে অভিভাবক, নিয়ন্ত্রক ও ব্যাংকার-গ্রাহক সম্পর্ক তৈরি হয়।

পরিশেষে বলা যায় যে, 'স্বপ্ন' ও 'সমৃদ্ধি' উভয় ব্যাংকই দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

**প্রশ্ন ▶ ১১** উদয় ব্যাংক জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ করে এবং আমানতকৃত অর্থ ঋণ হিসেবে প্রদান করে। ব্যাংকটি জমাকৃত অর্থের একটি অংশ সবসময় সংরক্ষণ করে যেন গ্রাহকদের প্রয়োজনে সঠিক সময়ে প্রদান করতে পারে। অপরদিকে ব্যাংকটি ঋণ গ্রহীতাদের আর্থিক সচ্ছলতা ও সততা যাচাই করে পর্যাপ্ত জামানত গ্রহণ করে ঋণ প্রদান করে।

ক. LC-এর পূর্ণরূপ কী? ১

খ. বাণিজ্যিক ব্যাংক কীভাবে ঋণ আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২

গ. 'উদয়' ব্যাংকের গ্রাহকদের জমাকৃত অর্থ প্রদান দ্বারা ব্যাংকের কোন নীতির প্রকাশ ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংকটির গৃহীত পদক্ষেপ ব্যাংকিং ব্যসায়ের মূলনীতির আলোকে মূল্যায়ন করো। ৪

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** LC-এর পূর্ণরূপ হলো Letter of Credit.

**খ** ব্যাংক মঞ্জুরিকৃত ঋণের অর্থ নগদে ঋণ গ্রহীতাকে প্রদান না করে ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করে ঋণ আমানত সৃষ্টি করে।

ঋণ গ্রহণের সময় ঋণগ্রহীতাকে সংশ্লিষ্ট ব্যাংকের সাথে একটি হিসাব খুলতে হয়। ঋণের সম্পূর্ণ অর্থ সেই হিসাবে জমা বা ক্রেডিট করা হয়। এরপর ঋণগ্রহীতা যে পরিমাণ টাকা সেই হিসাব থেকে উত্তোলন করে, তা ঐ হিসাবে ডেবিট করা হয়। এ প্রক্রিয়ায় ব্যাংক ঋণের মাধ্যমে ঋণ আমানত সৃষ্টি করে।

**গ** 'উদয়' ব্যাংক গ্রাহকদের জমাকৃত অর্থ প্রদান দ্বারা ব্যাংকের তারল্য নীতিটি প্রকাশ পেয়েছে।

তারল্য নীতি ব্যাংকিং ব্যবসায়ের অন্যতম একটি মূলনীতি। এ নীতি অনুযায়ী বাণিজ্যিক ব্যাংককে সবসময় নির্দিষ্ট পরিমাণ তারল্য বা নগদ অর্থ সংরক্ষণ করতে হয়। কেননা বাণিজ্যিক ব্যাংক গ্রাহকের অর্থ চাওয়ামাত্র ফেরত দানে বাধ্য থাকে।

'উদয়' ব্যাংক ব্যবসায় মানে হলো সঠিক তারল্যনীতি যেখানে অতিরিক্ত তারল্যও থাকবে না আবার তারল্য সংকটও হবে না। ব্যাংক যদি আমানতের সব অর্থ তরল অবস্থায় রেখে দেয়, বিনিয়োগ না করে তবে ব্যাংকের কোনো মুনাফা হবে না। আবার বিনিয়োগের পরিমাণ বেশি হলে ব্যাংক গ্রাহকদের দাবিকৃত অর্থ ফেরত দিতে পারবে না। তাই তারল্য নীতি অনুযায়ী ব্যাংককে নির্দিষ্ট পরিমাণ অর্থ তরল অবস্থায় সংরক্ষণ করতে হয় যাতে গ্রাহক চাওয়ামাত্র ব্যাংক আমানতকৃত অর্থ ফেরত দিতে পারে। এটিই ব্যাংকের তারল্যনীতি।

তাই বলা যায়, 'উদয়' ব্যাংকটি গ্রাহক সন্তুষ্টি বজায় রাখার জন্য তারল্যনীতি অনুসরণ করে।

**ঘ** ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংকটির গৃহীত পদক্ষেপ ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতির নিরপত্তার নীতিটি অনুসরণ করেছে।

বাণিজ্যিক ব্যাংক তাদের জমাকৃত আমানত থেকে বিভিন্ন খাতে ঋণ দেয় ও বিভিন্ন লাভজনক খাতে বিনিয়োগ করে। এতে মূলধনের গতিশীলতা বেড়ে যায়। এছাড়া ব্যাংক অভ্যন্তরীণ বাণিজ্যের উন্নয়নে মূলধন সরবরাহ, অর্থের নিরাপদ সংরক্ষণ, অর্থ স্থানান্তর ও দেনা-পাওনা নিষ্পত্তিতে সহায়তা করে।

উদ্দীপকের 'উদয় ব্যাংকটি' আমানত সংগ্রহ ও ঋণদানের মাধ্যমে মূলধন গঠনে সাহায্য করছে। বিভিন্ন সেবা প্রদানের বিশেষায়নের মাধ্যমে এ ব্যাংক মানুষের জীবনযাত্রার মান উন্নত করছে। ব্যাংক আমানতকারীর জমাকৃত অর্থের নিরাপত্তার জন্য ঋণ প্রদানে সতর্ক থাকে। 'উদয় ব্যাংক' ঋণ প্রদানে গ্রাহকের আর্থিক সচ্ছলতা যাচাই করে। কারণ গ্রাহক আর্থিকভাবে সচ্ছল হলে ঋণ আদায় সহজ হয়। আবার, ব্যাংকটি গ্রাহকের সততাও যাচাই করে। কারণ গ্রাহক সৎ না হলে ঋণখেলাপির ঝুঁকি বাড়ে। ব্যাংকটি পর্যাপ্ত জামানতও গ্রহণ করে। ফলে ঋণগ্রহীতা ঋণ প্রদানে ব্যর্থ হলে ব্যাংক উক্ত জামানত বিক্রি করে অর্থ সংগ্রহ করতে পারবে। দেশীয় ও বৈদেশিক বাণিজ্যে এ ব্যাংকের অবদান রয়েছে। দেশে নতুন নতুন শাখা স্থাপনের মাধ্যমে এ ব্যাংক বেকারদের জন্য কর্মসংস্থান সৃষ্টি করছে এবং দেশের যেকোনো প্রান্ত থেকে গ্রাহকদের ব্যাংকিং সুবিধা গ্রহণের অবিরত সুযোগ দিচ্ছে। সুদের হার নিয়ন্ত্রণ করে ঋণ নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংককে এ ব্যাংক সহায়তা করে। ফলে দেশের অর্থনৈতিক উন্নয়নের ধারা অক্ষুণ্ন থাকে।

# রাজশাহী বোর্ড–২০২৪

**ফিন্যান্স ও ব্যাংকিং** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড : 1 5 2

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

*[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান– ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. কোন ধরনের অর্থায়নের মূল লক্ষ্য সমাজকল্যাণ?**

ক) সরকারি অর্থায়ন খ) ব্যবসায় অর্থায়ন

গ) অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন ঘ) আন্তর্জাতিক অর্থায়ন

**২. মুনাফা অর্জনের লক্ষ্যে পরিচালিত হয়না–**

ক) মানসম্মত খাবারের দোকান খ) প্রাইভেট হাসপাতাল

গ) সরকারি হাসপাতাল ঘ) বেসরকারি প্রতিষ্ঠান

**৩. অর্থায়নের দীর্ঘমেয়াদি উৎস কোনটি?**

ক) মজুদ মাল বন্ধকীকরণ খ) লিজিং

গ) বাণিজ্যিক পত্র ঘ) প্রদেয় বিল

**□ উদ্দীপকটি পড়ে ৪ নং প্রশ্নের উত্তর দাও :**

জনাব রিহাদ একজন চাকরিজীবী। তিনি মাসের শুরুতে বাসায় বসে তাঁর বেতন ব্যাংক হিসাবে জমা হয়েছে কি না নিশ্চিত হতে পারেন।

**৪. জনাব রিহাদের জন্য প্রযোজ্য ব্যাংকিং সেবা হলো–**

i. এসএমএস ব্যাংকিং ii. ইন্টারনেট ব্যাংকিং iii. ক্রেডিট কার্ড

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**□ নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**

মি. জুয়েল এর 'X' ও 'Y' নামে দুটি প্রকল্প রয়েছে। 'X' প্রকল্প থেকে বিগত ৩ বছরের আয়ের হার হলো যথাক্রমে ১৭%, ১৮% ও ২৫%। 'Y' প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৮%।

**৫. 'X' প্রকল্পের গড় আয় কত?**

ক) ১৫% খ) ১৮% গ) ২০% ঘ) ২২%

**৬. উদ্দীপক অনুযায়ী–**

i. 'X' প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৪.৩৬% ii. 'Y' প্রকল্পটি অধিক ঝুঁকিপূর্ণ

iii. 'X' প্রকল্পটি চলমান রাখা উচিত

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭. কোনটি অধিক ঝুঁকিপূর্ণ বিনিয়োগ?**

ক) ঋণপত্র ক্রয় খ) সাধারণ শেয়ার ক্রয়

গ) বন্ড ক্রয় ঘ) অগ্রাধিকার শেয়ার ক্রয়

**৮. প্রকৃত সুদের হার নির্ণয়ের সূত্র কোনটি?**

ক) $\left\{\left(১+\frac{i}{m}\right)^m + ১\right\} \times ১০০$ খ) $\left\{\left(১+\frac{i}{m}\right)^n + ১\right\} \times ১০০$

গ) $\left\{\left(১+\frac{i}{m}\right)^n - ১\right\} \times ১০০$ ঘ) $\left\{\left(১+\frac{i}{m}\right)^m - ১\right\} \times ১০০$

**৯. লভ্যাংশ সমতাকরণ তহবিল রাখার উদ্দেশ্য–**

i. প্রতিষ্ঠানের সুনাম অক্ষুন্ন রাখা

ii. লভ্যাংশ প্রদানে ধরাবাহিকতা রক্ষা করা

iii. দায় পরিশোধ ক্ষমতা বৃদ্ধি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১০. জনাব নাফিজ ১০% হার মুনাফার ২০,০০০ টাকা ব্যাংকে জমা রাখতে চান। ৩ বছর পর তিনি কত টাকা পাবেন?**

ক) ২৬,৬১৫ টাকা খ) ২৬,৬২০ টাকা

গ) ২৬,৬৩০ টাকা ঘ) ২৬,৬৩৫ টাকা

**১১. অর্থের মান নির্ধারণে ভূমিকা পালন করে–**

ক) শিল্প ব্যাংক খ) জনতা ব্যাংক লিমিটেড

গ) ঢাকা ব্যাংক লিমিটেড ঘ) বাংলাদেশ ব্যাংক

**১২. ব্যাংকের কোন সেবার মাধ্যমে বিদেশে তহবিল স্থানান্তর করা যায়?**

ক) ইন্টারনেট ব্যাংকিং খ) মোবাইল ব্যাংকিং

গ) এসএমএস ব্যাংকিং ঘ) স্কুল ব্যাংকিং

**১৩. জনাব তারিক প্রতিবেশি দেশ থেকে চাল আমাদানি করেন। তার এ কার্যক্রমের জন্য কোন হিসাব উপযুক্ত?**

ক) চলতি খ) সঞ্চয়ী গ) স্থায়ী ঘ) বিমা সঞ্চয়ী

**□ নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**

জনাব সিহাম সৃজনী লিমিটেড কোম্পানির প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০০টি শেয়ার ক্রয় করেন। কোম্পানি প্রত্যেক বছর ১৫% হারে লভ্যাংশ দিয়ে থাকে। এ বছর উক্ত কোম্পানি ৫% নগদ ও ১০ স্টক লভ্যাংশ ঘোষণা করছে।

**১৪. জনাব সিহামের বর্তমান শেয়ারের সংখ্যা হবে–**

ক) ৫৩০টি খ) ৫৪০টি গ) ৫৫০টি ঘ) ৫৫৫টি

**১৫. উদ্দীপক অনুযায়ী**

i. জনাব সিহামের শেয়ারের সংখ্যা বৃদ্ধি পেয়েছে

ii. কোম্পানি স্থিতিশীল লভ্যাংশ নীতি অনুসরণ করে

iii. জনাব সিহামের নগদ লভ্যাংশের পরিমাণ ২৫০ টাকা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৬. বিনিয়োগের মূল্য ওঠা-নামার কারণে সৃষ্টি হয়–**
ⓚ তারল্য ঝুঁকি ⓚ সুদ হারের ঝুঁকি
ⓖ আর্থিক ঝুঁকি ⓖ ব্যবসায়িক ঝুঁকি

**১৭. কোনটি চলতি খরচ?**
ক কাঁচামাল ক্রয় খ সম্পদের অবচয়
গ কারখানা ভাড়া ঘ বিমা খরচ

**১৮. বিনিয়োগকারী ভবিষ্যতে অধিক লাভবান হবেন যদি তিনি একই হারে–**
ক সরল সুদে অর্থ জমা রাখেন
খ অর্ধবার্ষিক চক্রবৃদ্ধিতে অর্থ জমা রাখেন
গ মাসিক চক্রবৃদ্ধিতে অর্থ জমা রাখেন
ঘ ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে অর্থ জমা রাখেন

**১৯. মূলধন হার নির্ণয়ে কর সমন্বয়ের প্রয়োজন হয়–**
ক সাধারণ শেয়ারে খ ঋণের ক্ষেত্রে
গ অগ্রাধিকার শেয়ারে ঘ সংরক্ষিত

**২০. 'P' ব্যাংক ব্যবসায়ী সজিবকে ১০ লক্ষ টাকা ঋণ মঞ্জুর করে। উক্ত কার্যক্রমের ফলে ব্যাংকের–**
ক আমানত বৃদ্ধি পাবে খ সুদের হারের তারতম্য হবে
গ মুনাফা হ্রাস পাবে ঘ বিনিময়ের মাধ্যম সৃষ্টি হবে

**২১. মুদ্রা প্রচলনের পর কোনটির প্রয়োজনীয়তা দেখা দেয়?**
ক বিমা খ ব্যাংক
গ অভ্যন্তরীণ বাণিজ্য ঘ আন্তর্জাতিক বাণিজ্য

□ **উদ্দীপকটি পড় এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
ঢাকার মতিঝিলে অবস্থিত 'M' ব্যাংকটি সরকারের পক্ষ হয়ে দেশের সকল অর্থনৈতিক কর্মকাণ্ড সম্পাদন করে। তাছাড়া, এটি ব্যাংক, বিমার যত আর্থিক প্রতিষ্ঠানের কার্যক্রমে প্রভাব বিস্তার করে।

**২২. উদ্দীপকের 'M' ব্যাংকটি হলো–**
ক এনজিও ব্যাংক খ বাণিজ্যিক ব্যাংক
গ কেন্দ্রীয় ব্যাংক ঘ আন্তর্জাতিক ব্যাংক

**২৩. উদ্দীপকের ব্যাংকটি–**
i. দেশের বেকারত্ব হ্রাসকরণে ভূমিকা পালন করে
ii. আন্ত ব্যাংকিং লেনদেন নিষ্পত্তি করে
iii. সরকারের উপদেষ্টা হিসেবে কাজ করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৪. বাণিজ্যিক ব্যাংকের মৌলিক উদ্দেশ্য কোনটি?**
ক মুনাফা অর্জন খ বেকারত্ব হ্রাস
গ জীবনযাত্রার মান উন্নয়ন ঘ দেশের অর্থনৈতিক উন্নয়ন

**২৫. সঞ্চয়পত্র থেকে প্রাপ্ত সুদ ঝুঁকিমুক্ত আয়, এর প্রধান কারণ**
ক অধিক নিরাপদ খ বিনিয়োগ ঝামেলামুক্ত
গ নগদায়ন সহজ ঘ সুদের হার নির্দিষ্ট

□ **উদ্দীপকটি পড়ে ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ফুয়াদ একজন গার্মেন্টস ব্যবসায়ী। তিনি বিদেশ থেকে কাপড় আমদানি করে আলোকিত ব্যাংকের মাধ্যমে অর্থ পরিশোধের নিশ্চয়তা প্রদান করেন।

**২৬. আলোকিত ব্যাংক জনাব ফুয়াদকে সহায়তা করার মাধ্যম হলো–**
ক বাণিজ্যিক পত্র খ প্রত্যয় পত্র
গ প্রদেয় বিল ঘ প্রাপ্য বিল

**২৭. কার্যভিত্তিক শ্রেনিকরণের অন্তর্ভুক্ত ব্যাংক কোনটি?**
ক এনজিও ব্যাংক খ স্কুল ব্যাংক
গ বিনিময় ব্যাংক ঘ জাতীয় ব্যাংক

**২৮. দাগকাটা চেকের ক্ষেত্রে কোন বাক্যটি সঠিক?**
ক চেকটি হারিয়ে গেলে ব্যবসায়ের ক্ষতি হয়
খ ব্যবসায়িক লেনদেন নিষ্পত্তিতে এটি অনিরাপদ
গ ব্যাংক হিসাবের মাধ্যমে চেকের অর্থ সংগ্রহ করতে হয়
ঘ চেকটি ব্যাংকে উপস্থাপন করলেই নগদ টাকা পাওয়া যায়

**২৯. সমাজের নির্দিষ্ট আয়ের জনগণের জন্য উপযোগী হিসাব কোনটি?**
ক স্থায়ী হিসাব খ সঞ্চয়ী হিসাব
গ ঋণ আমানত হিসাব ঘ চলতি হিসাব

**৩০. কোন ক্ষেত্রে বন্ড ও ডিবেঞ্চারের মিল রয়েছে?**
ক জামানতবিহীন বিনিয়োগের ক্ষেত্রে
খ কোম্পানির মালিকানা পাওয়ার সুযোগ থাকে
গ মুনাফার হার উল্লেখ থাকে
ঘ অগ্রাধিকার শেয়ারের রূপান্তরের সুযোগ থাকে

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজশাহী বোর্ড–২০২৪

## ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : | 1 | 5 | 2 |

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ফিন্যান্স অংশ

১। স্বপ্ন কোং লি. একটি ঢেউটিন প্রস্তুতকারী প্রতিষ্ঠান। জনগণের নিকট শেয়ার বিক্রি করে ২২,০০,০০০ টাকা মূলধন নিয়ে প্রতিষ্ঠানটি তার কার্যক্রম শুরু করে। ভবিষ্যতে ঢেউটিনের বিক্রয় হ্রাস পাওয়ার আশঙ্কা আছে বিধায় প্রতিষ্ঠানটি ঢেউটিনের পাশাপাশি রড, সিমেন্ট ও হার্ডওয়ার সামগ্রী তৈরিতে বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. অর্থায়ন কী নিয়ে কাজ করে? ১
খ. ব্যয় সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ২
গ. স্বপ্ন কোং লি. এর অর্থায়ন কোন শ্রেণির? ব্যাখ্যা করো। ৩
ঘ. স্বপ্ন কোং লি. এর গৃহীত সিদ্ধান্তটির যৌক্তিকতা অর্থায়নের নীতির আলোকে বিশ্লেষণ করো। ৪

২। জনাব আমিন একজন ঔষধ ব্যবসায়ী। নিজ জেলা শহরে তার আরও কিছু দোকান আছে। তিনি অধিকাংশ সময় কোনো অর্থের প্রয়োজন হলে ব্যবসায়ের লাভ থেকে অর্থায়ন করেন। কিন্তু অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে ব্যাংক ঋণ নেন।

ক. বাণিজ্যিকপত্র বিক্রয়ে জামানত হিসেবে কাজ করে কোনটি? ১
খ. প্রাপ্য বিল বাট্টাকরণ বলতে কী বোঝায়? ২
গ. জনাব আমিন এর অধিকাংশ সময়ের অর্থায়নের উৎস কোন তহবিল নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব আমিন এর অর্থায়নের দ্বিতীয় উৎসটি অর্থায়নের উৎস হিসেবে কেন জনপ্রিয়? তোমার মতামত দাও। ৪

৩। আরেফিন সাহেব একটি ব্যাংক হতে ষান্মাসিক ৫% হার সুদে ৮ বছরের জন্য ৫,০০,০০০ টাকা সংগ্রহ করেন। অপর দিকে তার বন্ধু মামুন "দোয়েল ব্যাংক" এ ৪,০০,০০০ টাকা ৮ বছরের জন্য ৯.৫% মাসিক চক্রবৃদ্ধিতে রাখতে চান। এমতাবস্থায় তার বাবা পরামর্শ দিলেন যে, উক্ত টাকায় পুকুর কিনলে একই সময়ে তার মূল্য দ্বিগুণ হবে। এছাড়া পুকুর থেকে মাছ চাষ করে উক্ত সময়ে তার আরও ১ লক্ষ টাকা আয় হবে।

ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. দীর্ঘমেয়াদি বিনিয়োগের আধুনিক পদ্ধতি কোনটি? ব্যাখ্যা করো। ২
গ. আরেফিন সাহেবের গৃহীত ঋণের প্রকৃত সুদের হার নির্ণয় করো। ৩
ঘ. "দোয়েল ব্যাংক" হতে মামুন কত টাকা পাবে তা নির্ণয়পূর্বক বাবার পরামর্শ গ্রহণ সঠিক হবে কিনা তা মূল্যায়ন করো। ৪

৪। জনাব অঞ্জন "শিখা লিমিটেড" এবং "রূপকথা লিমিটেড" নামক দুটি প্রতিষ্ঠানের প্রত্যেকটিতে ১০ লক্ষ টাকা করে বিনিয়োগ করেন। নগদ অর্থের প্রয়োজন ঝুঁকি বিবেচনা করে তিনি একটি প্রতিষ্ঠানের শেয়ার বিক্রয় করতে ইচ্ছুক। কিন্তু যুক্তিগত মূল্যে তা বিক্রয় করতে পারছেন না। "রূপকথা লিমিটেড" এর শেয়ারের গড় আয় ১০% এবং আদর্শ বিচ্যুতি ৩.৭৮%। অপরপক্ষে "শিখা লিমিটেড" এর বিগত ৫ বছরের আয় হার নিম্নরূপ :

| নাম | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
|---|---|---|---|---|---|
| শিখা লিমিটেড | ১২% | ১৫% | ১০% | ৭% | ৬% |

ক. আদর্শ বিচ্যুতি কোন ধরনের পদ্ধতি? ১
খ. ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব অঞ্জন কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন? বর্ণনা করো। ৩
ঘ. জনাব অঞ্জন কোন কোম্পানির শেয়ার বিক্রয় করতে চাচ্ছেন? যুক্তি দাও। ৪

৫। জনাব বিপুলের 'চাঁদ' ও 'তারা' নামের দুটি প্রকল্পে বিনিয়োগের সুযোগ আছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক ব্যয় ১,০০,০০ টাকা। 'চাঁদ' প্রকল্প হতে ৪ বছরে বিক্রয়ের পরিমাণ যথাক্রমে ৪০,০০০ টাকা, ৫০,০০০ টাকা, ৮০,০০০ টাকা ও ৫৫,০০০ টাকা এবং চলতি খরচ বিক্রয়ের ২০%। প্রতি বছর স্থায়ী খরচ ১০,০০০ টাকা অবচয় ৫,০০০ টাকা এবং করো হার ১০%। তারা প্রকল্প থেকে বিনিয়োগকৃত অর্থ তিনি ৩ বছরে ফেরত পাবেন।

ক. মূলধন বাজেটিং প্রক্রিয়ায় বাট্টাহার হিসেবে কী ব্যবহার করা হয়? ১
খ. রাইট শেয়ার কী? ব্যাখ্যা করো। ২
গ. চাঁদ প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩
ঘ. জনাব বিপুলের জন্য কোন প্রকল্পটি অধিক গ্রহণযোগ্য? পে-ব্যাক সময়ের ভিত্তিতে মতামত দাও। ৪

৬। জনাব আদনান ৫ বছর পর ১২,০০,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। 'সপ্তর্ষী ব্যাংক' তাকে বার্ষিক ১০% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে। অপরদিকে 'ধরণী ব্যাংক ৯.৫% হারে মাসিক চক্রবৃদ্ধির প্রস্তাব দিয়েছে।

ক. কর সমন্বয়কৃত ঋণ মূলধনের সূত্রটি বোঝায়? ১
খ. বিলম্বিত শেয়ার বলতে কী বোঝায়? ২
গ. ৫ বছর পর ১২,০০,০০০ টাকা পেতে হলে জনাব আদনানকে ধরণী ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় করো। ৩
ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখা জনাব আদনানের জন্য অধিক লাভজনক হবে বলে তুমি মনে কর? গাণিতিকভাবে মতামত দাও। ৪

### ব্যাংকিং অংশ

৭। 'পদ্ম ব্যাংক' এর অনুমতি নিয়ে 'গোলাপ ব্যাংক' সুনামের সাথে গ্রাহক সেবা দিয়ে আসছিল। সম্প্রতি উক্ত ব্যাংকের কয়েকজন গ্রাহক চেক উপস্থাপন করে নির্দিষ্ট সময়ে অর্থ উত্তোলন করতে পারেনি। ফলে গ্রাহক অসন্তুষ্টি দেখা দেয়। এমতাবস্থায় 'পদ্ম ব্যাংক' উক্ত ব্যাংককে ব্যাংকিং ব্যবসায়ের একটি নীতি মেনে চলার পরামর্শ দেয়।

ক. ব্যাংকের সকল আইন-সঙ্গত কার্যাবলি কী হিসেবে পরিচিত? ১
খ. মুদ্রার ইতিহাস বিচিত্র কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'পদ্ম' কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩
ঘ. 'পদ্ম ব্যাংক' কর্তৃক প্রদানকৃত নীতিটি 'গোলাপ ব্যাংক' সুনাম বৃদ্ধিতে সহায়ক উদ্দীপকের আলোকে উক্তিটির সত্যতা যাচাই করো। ৪

৮। ঢাকায় বসবাসকরী মিসেস কানিজ ফাতেমার 'মানহা ব্যাংকে' একটি হিসাব রয়েছে যা থেকে তিনি সপ্তাহে দুইবারের বেশি টাকা তুলতে পারেন না। বাংলাদেশের সকল জেলায় উক্ত ব্যাংকের শাখা রয়েছে তবে কোনো কার্ডের ব্যবস্থা নেই। সম্প্রতি তিনি রাজশাহীতে বেড়াতে যান। সেখানে বেশ সস্তায় কিছু সিল্ক শাড়ি তার পছন্দ হয়। তার কাছে নগদ টাকা না থাকলেও ব্যাংকের একটি সেবার মাধ্যমে তিনি শাড়িগুলি কিনতে সমর্থ হন।

ক. আর্থিক স্বচ্ছলতার অভাবে ব্যাংক কী হতে পারে? ১
খ. বর্তমানে কাগজী মুদ্রার ব্যাপক প্রচলনের কারণ ব্যাখ্যা করো। ২
গ. 'মানহা ব্যাংক' এ মিসেস কানিজ ফাতেমার কোন ধরনের হিসাব রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে ব্যাংকের প্রদত্ত সেবাটি দৈনন্দিন জীবনের কাজকে সহজ করে দিয়েছে– তুমি কি উক্তিটির সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯। জনাব অভির "শোভন ব্যাংক" এ একটি হিসাব আছে। সার্বক্ষণিক সেবা প্রাপ্তির জন্য ব্যাংক তাকে একটি ইলেকট্রনিক কার্ড সরবরাহ করেন। ছেলের বিশ্ববিদ্যালয়ে সেশন চার্জ বাবদ ৫,০০০ টাকার প্রয়োজন হলে তিনি ইলেকট্রনিক যন্ত্র হতে উক্ত টাকা উত্তোলন করে দেন। অপর দিকে তার স্ত্রী তমার উক্ত ব্যাংক হিসাব না থাকলেও ব্যাংক তাকেও ইলেকট্রনিক কার্ড ইস্যু করে। পরবতীতে পারিবারিক অনুষ্ঠানের কেনাকাটার বিল দু'জনই নগদ টাকা ছাড়া পরিশোধ করেন।

ক. অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে কিসের সুযোগ হয়? ১
খ. কোন ধরনের হিসাব খুলে বিমার সুবিধা পাওয়া যাবে? ব্যাখ্যা করো। ২
গ. জনাব অভি কোথা হতে অর্থ উত্তোলন করেন? বর্ণনা করো। ৩
ঘ. জনাব অভি ও স্ত্রী তমার "শোভন ব্যাংক" কর্তৃক প্রদত্ত কার্ড দুইটির তুলনামূলক আলোচনা করো। ৪

১০। জনাব ওয়াহিদ একজন পাইকারী কাপড় বিক্রেতা। তিনি কুমারখালীর পরমা বস্ত্রালয়ের নিকট থেকে বেডশিটের মূল্য বাবদ ১ লক্ষ ও ৩ লক্ষ টাকার দুইটি চেক পান। চেক দুইটির টাকা উত্তোলন করতে ব্যাংকে গেলে ১ম চেকটির টাকা ব্যাংক নগদে প্রদান করে কিন্তু ২য় চেকটির টাকা নগদে প্রদান না করে তার ব্যাংক হিসেবে জমা দিতে বলে।

ক. ব্যাংক কীভাবে মক্কেলের প্রাপ্য সুদ তার হিসেবে জমা করে? ১
খ. তালিকাভুক্ত ব্যাংক অধিক নিরাপদ কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব ওয়াহিদের প্রাপ্ত ১ম চেকটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যবসায়িক লেনদেনে ১ম চেকটির তুলনায় ২য় চেকটি অধিক নিরাপদ– উক্তিটির সত্যতা বিশ্লেষণ করো। ৪

১১। জনাব ফয়সাল একজন আমদানিকারক। তিনি তার এলাকার "মহানন্দা ব্যাংক" এর সহায়তায় সহজেই ব্যবসায়িক কার্য পরিচালনা করেন। দেশের বিভিন্ন অঞ্চলে এ ব্যাংকের শাখা রয়েছে যেখানে প্রচুর লোক কর্মরত। ব্যাংকটি জনাব ফয়সালের মতো ব্যবসায়ীদের প্রতিনিধি হিসেবে বিভিন্ন সহায়তা প্রদান করে।

ক. কোন ব্যাংক আন্তর্জাতিক পর্যায়ে সরকারের প্রতিনিধি হিসেবে কাজ করে? ১
খ. কেন্দ্রীয় ব্যাংক কিসের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকগুলোর লেনদেন নিষ্পত্তি করে? ব্যাখ্যা করো। ২
গ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী মহানন্দা ব্যাংক কোন ধরনের ব্যাখ্যা করো। ৩
ঘ. আমদানিকারক হিসাবে জনাব ফয়সালকে মহানন্দা ব্যাংকের প্রদত্ত সহায়তাটি মুল্যায়ন করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | খ | ১১ | ক | ১২ | গ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ঘ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** স্বপ্ন কোং লি. একটি ঢেউটিন প্রস্তুতকারী প্রতিষ্ঠান। জনগণের নিকট শেয়ার বিক্রি করে ২২,০০,০০০ টাকা মূলধন নিয়ে প্রতিষ্ঠানটি তার কার্যক্রম শুরু করে। ভবিষ্যতে ঢেউটিনের বিক্রয় হ্রাস পাওয়ার আশঙ্কা আছে বিধায় প্রতিষ্ঠানটি ঢেউটিনের পাশাপাশি রড, সিমেন্ট ও হার্ডওয়্যার সামগ্রী তৈরিতে বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. অর্থায়ন কী নিয়ে কাজ করে? ১

খ. ব্যয় সিদ্ধান্ত বলতে কী বোঝায়? ২

গ. স্বপ্ন কোং লি. এর অর্থায়ন কোন শ্রেণির? ব্যাখ্যা করো। ৩

ঘ. স্বপ্ন কোং লি. এর গৃহীত সিদ্ধান্তটির যৌক্তিকতা অর্থায়নের নীতির আলোকে বিশ্লেষণ করো। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** অর্থায়ন তহবিল ব্যবস্থাপনা নিয়ে কাজ করে।

**খ** সরকারি অর্থায়ন বলতে সরকারের বাৎসরিক ব্যয় কোন কোন খাতে কী পরিমাণে হবে এবং সেই অর্থ কোন কোন উৎস হতে সংগৃহীত হবে তাকে বোঝায়। সরকারি অর্থায়নে প্রথমে ব্যয়ের পরিমাণ নির্ধারণ করে সে অনুযায়ী তহবিল সংগ্রহ করা হয়। সামাজিক কল্যাণ তথা জনসেবা সরকারি অর্থায়নের মূল লক্ষ্য। দেশের রাস্তাঘাট, সেতু, সরকারি শিক্ষাপ্রতিষ্ঠান, আইনশৃঙ্খলা ও প্রতিরক্ষা, সামাজিক অবকাঠামো ইত্যাদি খাতে সরকারকে ব্যয় করতে হয়। এ ব্যয় নির্বাহের জন্য সরকার আয়কর, মূল্য সংযোজন কর, আমদানি শুল্ক ও রপ্তানি শুল্ক ইত্যাদির মাধ্যমে তহবিল সংগ্রহ করে থাকে।

**গ** উদ্দীপকের স্বপ্ন কোং লি. প্রয়োজনীয় অর্থ অর্থায়নের মালিকানাভিত্তিক অভ্যন্তরীণ উৎস হতে সংগ্রহ করা হয়েছে যা ব্যবসায় অর্থায়ন হিসেবে পরিচিত।

মালিকানাভিত্তিক অভ্যন্তরীণ উৎস মালিকপক্ষ বা উদ্যোক্তা কর্তৃক ব্যবসায়ে বিনিয়োগকৃত তহবিল। মালিক কর্তৃক প্রদত্ত মূলধন ও শেয়ার মূলধন মালিকানাভিত্তিক অভ্যন্তরীণ উৎসের অন্তর্ভুক্ত।

ব্যবসায় প্রতিষ্ঠান তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য এ ধরনের অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে। ব্যবসায় অর্থায়নের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন। ব্যবসায় প্রতিষ্ঠাকালে ও ব্যবসায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার উদ্দেশ্যে এ অর্থায়ন করা হয়।

স্বপ্ন কোং লি. একটি ঢেউটিন প্রস্তুতকারী প্রতিষ্ঠান। জনগণের নিকট শেয়ার বিক্রি করে ২২,০০,০০০ টাকা মূলধন নিয়ে প্রতিষ্ঠানটি তার কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠানটি ঢেউটিনের পাশাপাশি রড, সিমেন্ট ও হার্ডওয়্যার সামগ্রীতেও বিনিয়োগ করে। এখানে প্রতিষ্ঠানটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে তহবিল সংগ্রহ করে। সংগৃহীত তহবিল ঢেউটিন ও অন্যান্য পণ্য উৎপাদনে ব্যয় করে। আর ব্যবসায় অর্থায়ন মুনাফা অর্জনের উদ্দেশ্যে তহবিল সংগ্রহ ও বিনিয়োগ করে।

**ঘ** উদ্দীপকে বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টন নীতি অনুযায়ী যৌক্তিক।

বৈচিত্র্যায়ণের নীতি অনুযায়ী ব্যবসায়ে পণ্যের বৈচিত্র্য আনা হয়। একটি পণ্য নিয়ে ব্যবসায় করলে মুনাফা না হওয়ার আশঙ্কা থাকে। তবে ব্যবসায়িক পণ্য বৈচিত্র্যপূর্ণ হলে একটির মুনাফা দিয়ে অন্যটির ক্ষতি পুষিয়ে নেওয়া যায়। এ নীতির মূল উদ্দেশ্য ঝুঁকি বণ্টন করা।

ব্যবসায় প্রতিষ্ঠান তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য এ ধরনের অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে। ব্যবসায় অর্থায়নের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন। ব্যবসায় প্রতিষ্ঠাকালে ও ব্যবসায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার উদ্দেশ্যে এ অর্থায়ন করা হয়।

স্বপ্ন কোং লি. একটি ঢেউটিন প্রস্তুতকারী প্রতিষ্ঠান। জনগণের নিকট শেয়ার বিক্রি করে ২২,০০,০০০ টাকা মূলধন নিয়ে প্রতিষ্ঠানটি তার কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠানটি ঢেউটিনের পাশাপাশি রড, সিমেন্ট ও হার্ডওয়্যার সামগ্রীতেও বিনিয়োগ করে। এখানে প্রতিষ্ঠানটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে তহবিল সংগ্রহ করে। সংগৃহীত তহবিল ঢেউটিন ও অন্যান্য পণ্য উৎপাদনে ব্যয় করে। আর ব্যবসায় অর্থায়ন মুনাফা অর্জনের উদ্দেশ্যে তহবিল সংগ্রহ ও বিনিয়োগ করে।

**প্রশ্ন ▶ ০২** জনাব আমিন একজন ঔষধ ব্যবসায়ী। নিজ জেলা শহরে তার আরও কিছু দোকান আছে। তিনি অধিকাংশ সময় কোনো অর্থের প্রয়োজন হলে ব্যবসায়ের লাভ থেকে অর্থায়ন করেন। কিন্তু অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে ব্যাংক ঋণ নেন।

ক. বাণিজ্যিকপত্র বিক্রয়ে জামানত হিসেবে কাজ করে কোনটি? ১

খ. প্রাপ্য বিল বাট্টাকরণ বলতে কী বোঝায়? ২

গ. জনাব আমিন এর অধিকাংশ সময়ের অর্থায়নের উৎস কোন তহবিল নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আমিন এর অর্থায়নের দ্বিতীয় উৎসটি অর্থায়নের উৎস হিসেবে কেন জনপ্রিয়? তোমার মতামত দাও। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক** প্রতিষ্ঠানের সুনাম বাণিজ্যিক পত্র বিক্রয়ে জামানত হিসেবে কাজ করে।

**খ** নির্দিষ্ট পরিমাণ বাট্টা দিয়ে বিল ভাঙানোকে প্রাপ্য বিল বাট্টাকরণ বলে। অর্থ কম নিয়ে বাণিজ্যিক ব্যাংকে বাকিতে ক্রয়কারী প্রতিষ্ঠান অর্থ পরিশোধের অঙ্গীকার হিসেবে বিক্রেতাকে যে বিনিময় বিল প্রদান করে তা বিক্রেতার নিকট প্রাপ্য বিল হিসেবে গণ্য হয়। যা একটি নির্দিষ্ট মেয়াদের জন্য তৈরি করা হয়। নির্দিষ্ট মেয়াদের পূর্বে বিলের প্রাপকের টাকা প্রয়োজন হলে তিনি কিছু বাট্টা দিয়ে এটি ভাঙাতে পারেন। এভাবে বাট্টা দিয়ে বিল ভাঙানোকে প্রাপ্য বিল বাট্টাকরণ বলে।

**গ** উদ্দীপকে মি. আমিন এর অধিকাংশ সময়ের অর্থায়নের উৎস মুনাফাভিত্তিক অভ্যন্তরীণ তহবিল নির্দেশ করে।

ব্যবসায়ে অর্জিত মুনাফা থেকে ঋণের সুদ ও সরকারকে প্রদেয় ট্যাক্স বাদ দেয়ার পর যা অবশিষ্ট থাকে তা মালিক পুনরায় ব্যবসায়ে

বিনিয়োগ করতে পারে। এরূপ মুনাফাভিত্তিক অভ্যন্তরীণ উৎসের অন্তর্ভুক্ত হলো অবণ্টিত মুনাফা ও সঞ্চিতি তহবিল এবং লভ্যাংশ সমতাকরণ তহবিল।

উদ্দীপকের ওষুধ ব্যবসায়ী মি. আমিন ব্যবসায়ের মুনাফার অংশ থেকে তার নিজের প্রতিষ্ঠানে বিনিয়োগ করেন। এ ধরনের তহবিল মুনাফাভিত্তিক অভ্যন্তরীণ তহবিল হিসেবে বিবেচিত হয়। এ তহবিল ব্যবসায়ের নিট মুনাফার একটি অংশ ভবিষ্যতে তার ব্যবসায় সম্প্রসারণের কাজে ব্যবহার করতে পারে। আবার পূর্বের বছরের সৃষ্ট মুনাফার অংশ থেকে পরবর্তীতে মুনাফার অপ্রতুল সময়ে ব্যবহার করা হয়। অতএব আমানের অধিকাংশ সময়ের অর্থায়নের উৎস মুনাফাভিত্তিক অভ্যন্তরীণ তহবিল নির্দেশ করে।

**ঘ** ঋণের মাধ্যমে তহবিল সংগ্রহ করা তহবিল সংগ্রহের বহিস্থ উৎস হিসেবে গণ্য হয়। এ ধরনের তহবিল সংগ্রহে কর সুবিধাসহ অন্যান্য সুবিধা পাওয়া যায়। একারণেই তহবিল সংগ্রহে বহিস্থ উৎস অধিক জনপ্রিয়। উদ্দীপকে জনাব আমিনের নিজ জেলা শহরে আরও কিছু দোকান আছে। অধিকাংশ সময় তিনি ব্যবসায়ের লাভ থেকেই অর্থায়ন করে থাকেন। তবে বড় অঙ্কের অর্থের প্রয়োজন হলে তিনি ব্যাংক থেকে ঋণ নেন। অর্থাৎ, তিনি চলতি মূলধন অভ্যন্তরীণ উৎস থেকে এবং স্থায়ী মূলধন বাহ্যিক উৎস থেকে সংগ্রহ করেন।

ব্যবসায়ে অনেক সময় বড় বিনিয়োগের প্রয়োজন দেখা দেয়। ছোট প্রতিষ্ঠানগুলোর পক্ষে অভ্যন্তরীণ উৎস থেকে এ অর্থের যোগান দেওয়া সম্ভব হয় না। ফলে বহিস্থ অর্থসংস্থানই প্রধান উৎস হিসেবে কাজ করে। ব্যাংক ও বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান নির্দিষ্ট সুদ, নির্দিষ্ট মেয়াদে এই তহবিল সরবরাহ করে থাকে। বাহ্যিক উৎসের আরেকটি বৈশিষ্ট্য হলো কর সুবিধা। ঋণের বিপরীতে দেওয়া সুদ কর বাদযোগ্য খরচ হিসেবে বিবেচিত হয়। জনাব আমিনের একমালিকানা ব্যবসায় হওয়ায় তিনি এই সুবিধাটি পাবেন না। তবে ব্যাংক ঋণের মাধ্যমে বেশি অর্থের প্রয়োজন পূরণ করতে পারবেন।

**প্রশ্ন ▶ ০৩** আরেফিন সাহেব একটি ব্যাংক হতে ষান্মাসিক ৫% হার সুদে ৮ বছরের জন্য ৫,০০,০০০ টাকা সংগ্রহ করেন। অপর দিকে তার বন্ধু মামুন "দোয়েল ব্যাংক" এ ৪,০০,০০০ টাকা ৮ বছরের জন্য ৯.৫% মাসিক চক্রবৃদ্ধিতে রাখতে চান। এমতাবস্থায় তার বাবা পরামর্শ দিলেন যে, উক্ত টাকায় পুকুর কিনলে একই সময়ে তার মূল্য দ্বিগুণ হবে। এছাড়া পুকুর থেকে মাছ চাষ করে উক্ত সময়ে তার আরও ১ লক্ষ টাকা আয় হবে।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. দীর্ঘমেয়াদি বিনিয়োগের আধুনিক পদ্ধতি কোনটি? ব্যাখ্যা করো। ২

গ. আরেফিন সাহেবের গৃহীত ঋণের প্রকৃত সুদের হার নির্ণয় করো। ৩

ঘ. "দোয়েল ব্যাংক" হতে মামুন কত টাকা পাবে তা নির্ণয়পূর্বক বাবার পরামর্শ গ্রহণ সঠিক হবে কিনা তা মূল্যায়ন করো। ৪

## ৩নং প্রশ্নের উত্তর

**ক** সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থের মূল্যের পরিবর্তন হওয়াকে অর্থের সময়মূল্য বলে।

**খ** দীর্ঘমেয়াদি বিনিয়োগের আধুনিক পদ্ধতি হলো লিজিং।

লিজিং দীর্ঘমেয়াদি অর্থায়নের একটি আধুনিক পদ্ধতি। একটি প্রতিষ্ঠানের যদি ব্যয়বহুল সম্পত্তি যেমন : মেশিন, সরঞ্জাম, যানবাহন ইত্যাদির প্রয়োজন হয়, তখন সেগুলো সরাসরি ক্রয় করতে হয় অথবা সরাসরি ক্রয় না করে লিজের মাধ্যমে লিজিং কোম্পানি থেকে ভাড়া নিয়েও ব্যবহার করা যায়। সেক্ষেত্রে কোম্পানি সম্পত্তিটির মালিকানা পায় না। সম্পত্তিটির মালিক লিজিং কোম্পানি। লিজ নেয়ার জন্য লিজিং কোম্পানিকে নির্দিষ্ট হারে ভাড়া (সুদের মতো) প্রদানের বিনিময়ে লিজকৃত সম্পত্তি ব্যবহার করার অধিকার অর্জিত হয়। লিজিংয়ের ফলে প্রতিষ্ঠানটিকে দীর্ঘমেয়াদি ঋণ নেবার প্রয়োজন হয় না অথবা সঞ্চিতি তহবিলও ব্যবহারের প্রয়োজন হয় না। এই কারণে লিজিং একটি দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস।

**গ** আরেফিন সাহেবের গৃহীত ঋণের প্রকৃত সুদের হার নির্ণয় :

এখানে,

বার্ষিক সুদের হার $i = ৫\% $ বা ০.০৫

চক্রবৃদ্ধির সংখ্যা, $m = ২$ বার ($\because$ ষান্মাসিক চক্রবৃদ্ধি)

প্রকৃত সুদের হার EAR =?

আমরা জানি,

$$\text{প্রকৃত সুদের হার, EAR} = \left\{\left(১ + \frac{i}{m}\right)^m - ১\right\} \times ১০০$$

$$= \left\{\left(১ + \frac{০.০৫}{২}\right)^২ - ১\right\} \times ১০০$$

$$= \{(১ + ০.০২৫)^২ - ১\} \times ১০০$$

$$= (১.০৫০৬২৫ - ১) \times ১০০$$

$$= (০.০৫০৬২৫ \times ১০০)$$

$$= ৫.০৬\%$$

$\therefore$ জনাব আরেফিন সাহেবের ষান্মাসিক হারে গৃহীত ঋণের প্রকৃত সুদের হার ৫.০৬% (প্রায়)

**ঘ** 'দোয়েল ব্যাংক' হতে মামুন কত টাকা পাবে তা নির্ণয় করা হলো–

এখানে,

বর্তমান মূল্য, PV = ৪,০০,০০০ টাকা

সুদের হার, $i = ৯.৫\% = ০.০৯৫$

মেয়াদকাল, $n = ৮$ বছর

চক্রবৃদ্ধির সংখ্যা, $m = ১২$ বার ($\because$ মাসিক চক্রবৃদ্ধি)

ভবিষ্যৎ মূল্য, FV = কত?

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য, FV} = PV\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$

$$= ৪,০০,০০০\left(১ + \frac{০.০৯৫}{১২}\right)^{৮ \times ১২}$$

$$= ৪,০০,০০০\ (১.০০৭৯১)^{৯৬}$$

$$= ৪,০০,০০০ \times ২.১৩০৫৩৩$$

$$= ৮,৫২,২১৩.২০ \text{ টাকা}$$

সুতরাং 'দোয়েল ব্যাংক' ৪,০০,০০০ টাকা জমা রাখলে মামুন সাহেব ৮ বছর পর ৮,৫২,২১৩.২০ টাকা ফেরত পাবেন। আপরদিকে তার বাবার পরামর্শে মাছ চাষ করলে একই সময়য়ে মূল্য পাবে দ্বিগুন অথাৎ (৪,০০,০০০ × ২) = ৮,০০,০০০ টাকা। তাহলে মামুন সাহেব দোয়েল ব্যাংক থেকে (৮,৫২,২১৩.২০ − ৮,০০,০০০) = ৫২,২১৩.২০ টাকা বেশি পাবেন। তাই জনাব মামুন সাহেবের বাবার পরামর্শ গ্রহণ থেকে 'দোয়েল ব্যাংকে' টাকা রাখা লাভজনক হবে।

**প্রশ্ন ▶ ০৪** জনাব অঞ্জন 'শিখা লিমিটেড' এবং 'রূপকথা লিমিটেড' নামক দুটি প্রতিষ্ঠানের প্রত্যেকটিতে ১০ লক্ষ টাকা করে বিনিয়োগ করেন। নগদ অর্থের প্রয়োজন ঝুঁকি বিবেচনা করে তিনি একটি প্রতিষ্ঠানের শেয়ার বিক্রয় করতে ইচ্ছুক। কিন্তু যুক্তিগত মূল্যে তা বিক্রয় করতে পারছেন না। 'রূপকথা লিমিটেড' এর শেয়ারের গড় আয় ১০% এবং আদর্শ বিচ্যুতি ৩.৭৮%। অপরপক্ষে 'শিখা লিমিটেড' এর বিগত ৫ বছরের আয় হার নিম্নরূপ :

| নাম | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
|---|---|---|---|---|---|
| শিখা লিমিটেড | ১২% | ১৫% | ১০% | ৭% | ৬% |

ক. আদর্শ বিচ্যুতি কোন ধরনের পদ্ধতি? ১
খ. ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব অঞ্জন কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন? বর্ণনা করো। ৩
ঘ. জনাব অঞ্জন কোন কোম্পানির শেয়ার বিক্রয় করতে চাচ্ছেন? যুক্তি দাও। ৪

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** আদর্শ বিচ্যুতি একটি পরিসংখ্যানিক পদ্ধতি।

**খ** সরকার কর্তৃক ইস্যু হয় বলে ট্রেজারি বিল থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত আয় হিসেবে গণ্য হয়।

সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ড ঝুঁকিমুক্ত বিনিয়োগের ক্ষেত্র হিসেবে পরিচিত। সরকার কর্তৃক ইস্যুকৃত হয় বলে এসব বিনিয়োগের ক্ষেত্রে দেউলিয়াত্ব ঝুঁকি নেই। কারণ সরকার কখনও দেউলিয়া হতে পারে না। এসব বিনিয়োগ থেকে প্রাপ্ত আয় নির্দিষ্ট থাকে অর্থাৎ নির্দিষ্ট হারে আয় পাওয়া যায়। তাই, ট্রেজারি বিল থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত।

**গ** জনাব অঞ্জন বিনিয়োগের ক্ষেত্রে তারল্য ঝুঁকির সম্মুখীন হয়েছেন।

তারল্য ঝুঁকি বলতে বিনিয়োগকৃত শেয়ার। বন্ড ও ডিবেঞ্চার দ্রুত নগদ অর্থে রূপান্তির করতে না পারাকে বোঝায়। বিনিয়োগকারী সহজে ও যুক্তিসংগত মূল্যে শেয়ার বন্ড বা ডিবেঞ্চার বিক্রি করতে না পারলে তারল্য ঝুঁকির সৃষ্টি হয়।

উদ্দীপকে জনাব অঞ্জন শিখা লিমিটেড ও রূপকথা লিমিটেড নামক দুইটি প্রতিষ্ঠানের শেয়ারে ১০ লক্ষ টাকা বিনিয়োগ করেন। বর্তমানে তার নগদ অর্থের প্রয়োজন। কিন্তু তিনি বিনিয়োগকৃত টাকা যুক্তিসজ্ঞাত মূল্যে নগদে রূপান্তর করতে পারছেন না। অর্থাৎ, তিনি মূলধন বাজারের শেয়ারকে যুক্তিসজ্ঞাত মূল্যে নগদ অর্থে বা তারল্যে রূপান্তর করতে পারছেন না। অতএব, ঝুঁকির উৎস বিবেচনায় জনাব অঞ্জন বিনিয়োগের ক্ষেত্রে তারল্য ঝুঁকির সম্মুখীন হয়েছে।

**ঘ** জনাব অঞ্জনের শিখা লিমিটেড প্রকল্পের আর্দশ বিচ্যুতি নির্ণয় :–

| বছর | আয় (%) | গড় থেকে আয়ের ব্যবধান (গড় – আয়) | ব্যবধানের বর্গ (আয় – গড়)$^2$ |
|---|---|---|---|
| ১ | ১২% | (১২ – ১০) = ২ | ৪ |
| ২ | ১৫% | (১৫ – ১০) = ৫ | ২৫ |
| ৩ | ১০% | (১০ – ১০) = ০ | ০ |
| ৪ | ৭% | (৭ – ১০) = – ৩ | ৯ |
| ৫ | ৬% | (৬ – ১০) = – ৪ | ১৬ |
| যোগফল | ৫০ | ব্যবধান বর্গের যোগফল | ৫৪ |
| গড় আয় | $\frac{৫০}{৫} = ১০\%$ | ব্যবধান বর্গের গড় $= \frac{৫৪}{n - ১}$ | $\frac{৫৪}{৫ - ১} = \frac{৫৪}{৪}$ $= ১৩.৫০$ |

$\therefore$ আদর্শে বিচ্যুতি $= \sqrt{১৩.৫০} = ৩.৬৭\%$

$\therefore$ লক্ষণীয় যে শিখা প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৩.৬৭% অন্যদিকে রূপকথা লিমিটেড প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৩.৭৮% (প্রশ্নে প্রদত্ত)। আদর্শ বিচ্যুতির ছোট মান কম ঝুঁকি নির্দেশ করে। তাই জনাব অঞ্জনের ঝুঁকি বিবেচনায় রূপকথা লিমিটেড প্রকল্পের ঝুকি তুলনামূলক বেশি বলে এই প্রকল্পের শেয়ার বিক্রয় করতে চাচ্ছেন।

**প্রশ্ন ▶ ০৫** জনাব বিপুলের 'চাঁদ' ও 'তারা' নামের দুটি প্রকল্পে বিনিয়োগের সুযোগ আছে। প্রতিটি প্রকল্পের প্রাথমিক ব্যয় ১,০০,০০ টাকা। 'চাঁদ' প্রকল্প হতে ৪ বছরে বিক্রয়ের পরিমাণ যথাক্রমে ৪০,০০০ টাকা, ৫০,০০০ টাকা, ৮০,০০০ টাকা ও ৫৫,০০০ টাকা এবং চলতি খরচ বিক্রয়ের ২০%। প্রতি বছর স্থয়ী খরচ ১০,০০০ টাকা অবচয় ৫,০০০ টাকা এবং করো হার ১০%। তারা প্রকল্প থেকে বিনিয়োগকৃত অর্থ তিনি ৩ বছরে ফেরত পাবেন।

ক. মূলধন বাজেটিং প্রক্রিয়ায় বাট্টাহার হিসেবে কী ব্যবহার করা হয়? ১
খ. রাইট শেয়ার কী? ব্যাখ্যা করো। ২
গ. চাঁদ প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩
ঘ. জনাব বিপুলের জন্য কোন প্রকল্পটি অধিক গ্রহণযোগ্য? পে-ব্যাক সময়ের ভিত্তিতে মতামত দাও। ৪

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** মূলধন খরচকে মূলধন বাজেটিং প্রক্রিয়ায় বাট্টার হার হিসেবে ব্যবহার করা হয়।

**খ** কোম্পানি গঠনের পরবর্তী সময়ে শেয়ার বিক্রয় করার ক্ষেত্রে যখন পুরাতন শেয়ারমালিকগণ ঐ শেয়ার ক্রয়ে অগ্রাধিকার পেয়ে থাকে, তাকে রাইট শেয়ার বলে। অর্থাৎ পরবর্তী সময়ে কোম্পানির মূলধন সংগ্রহের প্রয়োজনে শেয়ার বিক্রি করা হলে পুরাতন শেয়ারমালিকগণ যখন ঐ শেয়ার ক্রয়ের অধিকার সংরক্ষণ করে তখন ঐ বিক্রয়যোগ্য শেয়ারকে রাইট শেয়ার বলা হয়।

**গ** চাঁদ প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় :

| বিবরণ | পরিমাণ (টাকা) | | | |
|---|---|---|---|---|
| | **বছর ১** | **বছর ২** | **বছর ৩** | **বছর ৪** |
| বিক্রয় | ৪০,০০০ | ৫০,০০০ | ৮০,০০০ | ৫৫,০০০ |
| চলতি খরচ (বিক্রয়ের ২০%) | (৮,০০০) | (১০,০০০) | (১৬,০০০) | (১১,০০০) |
| স্থায়ী খরচ | (১০,০০০) | (১০,০০০) | (১০,০০০) | (১০,০০০) |
| অবচয় | (৫,০০০) | (৫,০০০) | (৫,০০০) | (৫,০০০) |
| করযোগ্য মুনাফা | ১৭,০০০ | ২৫,০০০ | ৪৯,০০০ | ২৯,০০০ |
| কর (৩০%) | (৫,১০০) | (৭,৫০০) | (১৪,৭০০) | (৮,৭০০) |
| নিট মুনাফা | ১১,৯০০ | ১৭,৫০০ | ৩৪,৩০০ | ২০,৩০০ |

$$\text{গড় নিট মুনাফা} = \frac{১১,৯০০ + ১৭,৫০০ + ৩৪,৩০০ + ২০,৩০০}{৪}$$
$$= ২১,০০০ \text{ টাকা।}$$

$$\text{গড় বিনিয়োগ} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ}}{২} = \frac{১,০০,০০০}{২} = ৫০,০০০ \text{ টাকা}$$

$$\text{আমরা জানি, গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$
$$= \frac{২১,০০০}{৫০,০০০} \times ১০০ = ৪২\% \text{।}$$

$\therefore$ চাঁদ প্রকল্পের গড় মুনাফার হার ৪২%।

**উত্তর :** ৪২%।

**ঘ** জনাব বিপুলের জন্য গ্রহণযোগ্য প্রকল্প নির্বাচন করতে হলে উভয় প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করতে হবে।

| বিবরণ | পরিমাণ (টাকা) | | | |
|---|---|---|---|---|
| | বছর ১ | বছর ২ | বছর ৩ | বছর ৪ |
| নিট মুনাফা ['গ' থেকে] | ১১,৯০০ | ১৭,৫০০ | ৩৪,৩০০ | ২০,৩০০ |
| অবচয় | ৫,০০০ | ৫,০০০ | ৫,০০০ | ৫,০০০ |
| নগদ প্রবাহ | ১৬,৯০০ | ২২,৫০০ | ৩৯,৩০০ | ২৫,৩০০ |

পে-ব্যাপ সময় নির্ণয় সারণি:

| বছর | বার্ষিক নগদ প্রবাহ | ক্রমযোজিত নগদ প্রবাহ |
|---|---|---|
| ০ | − ১,০০, ০০০ | − ১,০০,০০০ |
| ১ | ১৬,৯০০ | − ৮৩,১০০ |
| ২ | ২২,৫০০ | − ৬০,৬০০ |
| ৩ | ৩৯,৩০০ | − ২১,৩০০ |
| ৪ | ২৫,৩০০ | ৪,০০০ |

পে-ব্যাক সময় $= \left(\frac{২১,৩০০}{২৫,৩০০}\right)$ বছর = ৩.৮৪ বছর

জানা আছে, যে প্রকল্পের পে-ব্যাক সময় যত কম, ঐ প্রকল্প তত বেশি গ্রহণযোগ্য। এখানে চাঁদ প্রকল্পের পে-ব্যাক সময় ৩.৮৪ বছর। অন্যদিকে, 'তারা' প্রকল্পের পে-ব্যাক সময় ৩ বছর [উদ্দীপকে দেওয়া আছে]। অর্থাৎ, 'তারা' প্রকল্পের পে-ব্যাক সময় 'চাঁদ' প্রকল্প অপেক্ষা কম। তাই জনাব বিপুলের জন্য 'তারা' প্রকল্প অধিক গ্রহণযোগ্য।

**প্রশ্ন ▶ ০৬** জনাব আদনান ৫ বছর পর ১২,০০,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। 'সপ্তর্ষী ব্যাংক' তাকে বার্ষিক ১০% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে। অপরদিকে 'ধরণী ব্যাংক ৯.৫% হারে মাসিক চক্রবৃদ্ধির প্রস্তাব দিয়েছে।

ক. কর সমন্বয়কৃত ঋণ মূলধনের সূত্রটি কী? ১

খ. বিলম্বিত শেয়ার বলতে কী বোঝায়? ২

গ. ৫ বছর পর ১২,০০,০০০ টাকা পেতে হলে জনাব আদনানকে ধরণী ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় করো। ৩

ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখা জনাব আদনানের জন্য অধিক লাভজনক হবে বলে তুমি মনে কর? গাণিতিকভাবে মতামত দাও। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

**ক** কর সমন্বয়কৃত ঋণ মূলধন খরচ = ঋণের সুদের হার (১-কর হার) × ১০০ বা $kd = I(1 - T) \times 100$

**খ** যে শেয়ার ক্রয় করলে শেয়ার মালিকগণ অন্যান্য সকল প্রকার শেয়ার মালিকদের লভ্যাংশ প্রদানের পর আনুপাতিক হারে লভ্যাংশ পায় অর্থাৎ বিলম্বে লভ্যাংশ পেয়ে থাকে তাকে বিলম্বিত শেয়ার বলে। কোম্পানি অবসায়নের ক্ষেত্রে এ শেয়ার হোল্ডারদের দাবি সকলের পরে মিটানো হয়। সাধারণত কোম্পানির প্রবর্তকগণ এ ধরনের শেয়ার ক্রয় করে থাকে। তাই এ ধরনের শেয়ারকে প্রবর্তকের শেয়ার বলেও অভিহিত করা হয়।

**গ** ধরণী ব্যাংকে জনাব আদনানের জমাকৃত টাকার পরিমাণ নির্ণয় :

এখানে,

ভবিষ্যৎ মূল্য, FV = ১২,০০,০০০ টাকা

সুদরে হার, i = ৯.৫% বা, ০.০৯৫

মেয়াদকাল, n = ৫ বছর

চক্রবৃদ্ধি সংখ্যা m = ১২ বার [∵ মাসিক চক্রবৃদ্ধি]

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য, PV} = \frac{\text{ভবিষ্যৎ মূল্য, FV}}{\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}}$$

$$= \frac{১২,০০,০০০}{\left(১ + \frac{০.০৯৫}{১২}\right)^{৫ \times ১২}}$$

$$= \frac{১২০০০০০}{(১.০০৭৯১)^{৬০}}$$

$$= \frac{১২০০০০০}{১.৬০৪৩৭}$$

= ৭,৪৭,৯৫৭.১৪ টাকা (প্রায়)

∴ ধরণী ব্যাংকে ৭,৪৭,৯৫৭.১৪ টাকা প্রায় জমা রাখতে হবে।

**ঘ** জনাব আদনানের জন্য কোন ব্যাংকে টাকা জমা-রাখা লাভজনক হবে তা নির্ধারনের জন্য উভয় ব্যাংকের বর্তমানের জমা টাকার পরিমাণ নির্ণয়–

সপ্তষী ব্যাংকে জমাকৃত টাকার পরিমাণ :

এখানে,

ভবিষ্যৎ মূল্য, FV = ১২,০০,০০০

সুদের হার, i = ১০% বা, ০.১০

মেয়াদকাল, n = ৫ বছর

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য, PV} = \frac{\text{ভবিষ্যৎ মূল্য, FV}}{(১ + i)^n}$$

$$= \frac{১২,০০,০০০}{(১ + ০.১০)^৫}$$

$$= \frac{১২,০০,০০০}{১.৬১০৫১}$$

= ৭,৪৫,১০৫.৫৮৭৭ টাকা (প্রায়)

∴ মি. আদনান যদি 'ধরনী ব্যাংকে' টাকা জমা রাখেন তবে বর্তমানে তাকে ৭,৪৭,৯৫৭.১৪ (গ নং হতে প্রাপ্ত) টাকা জমা রাখতে হবে। অন্যদিকে 'সপ্তষী ব্যাংকে' যদি জমা রাখেন তবে বর্তমানে ৭,৪৫,১০৫.৫৮ টাকা (প্রায়) জমা রাখতে হবে। অর্থাৎ সপ্তর্ষী ব্যাংকে (৭৪৭৯৫৭.১৪ − ৭৪৫১০৫০.৫৮) = ২৮৫২.৫৬ টাকা কম জমা রেখে ও ধরণী ব্যাংকের ন্যায় সমান টাকা পাওয়া যাবে। তাই বলা যায়, মি. আনদানের 'সপ্তর্ষী ব্যাংকে' টাকা জমা রাখা লাভজনক হবে।

**প্রশ্ন ▶ ০৭** 'পদ্মা ব্যাংক' এর অনুমতি নিয়ে 'গোলাপ ব্যাংক' সুনামের সাথে গ্রাহক সেবা দিয়ে আসছিল। সম্প্রতি উক্ত ব্যাংকের কয়েকজন গ্রাহক চেক উপস্থাপন করে নির্দিষ্ট সময়ে অর্থ উত্তোলন করতে পারেনি। ফলে গ্রাহক অসন্তুষ্টি দেখা দেয়। এমতাবস্তায় 'পদ্মা ব্যাংক' উক্ত ব্যাংককে ব্যাংকিং ব্যবসায়ের একটি নীতি মেনে চলার পরামর্শ দেয়।

ক. ব্যাংকের সকল আইন-সঙ্গত কার্যাবলি কী হিসেবে পরিচিত? ১
খ. মুদ্রার ইতিহাস বিচিত্র কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'পদ্মা' কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩
ঘ. 'পদ্মা ব্যাংক' কর্তৃক প্রদানকৃত নীতিটি 'গোলাপ ব্যাংক' সুনাম বৃদ্ধিতে সহায়ক উদ্দীপকের আলোকে উক্তিটির সত্যতা যাচাই করো। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

**ক** ব্যাংকের সকল আইনসঙ্গাত কার্যাবলি ব্যাংকিং হিসেবে পরিচিত।

**খ** বিনিময়ের মাধ্যম হিসেবে বিভিন্ন সময় বিভিন্ন ধরনের মুদ্রার প্রচলনের কারণে মুদ্রার ইতিহাস বিচিত্র।

মুদ্রা হিসেবে বিভিন্ন সময় কড়ি, হাতির দাঁত, হাঙরের দাঁত, নুড়ি পাথর, ঝিনুক, পোড়ামাটি, তামা, রুপা ও সোনার ব্যবহার লক্ষ করা যায়। জনসংখ্যা বৃদ্ধি ও ধাতব মুদ্রার ব্যবহার বৃদ্ধির সাথে সাথে ধাতব পদার্থের সরবরাহে ঘাটতি দেখা দিলে ঊনবিংশ শতাব্দীতে কাগজি মুদ্রার প্রচলন শুরু হয়। এজন্যই মুদ্রার ইতিহাস বিচিত্র।

**গ** কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী পদ্মা ব্যাংকটি দেশের কেন্দ্রীয় ব্যাংক।

এ ব্যাংক দেশের সব ব্যাংকের মুরব্বি, পরিচালক ও নিয়ন্ত্রক। গোটা ব্যাংকিং ব্যবস্থার প্রাণকেন্দ্র। দেশের বাণিজ্যিক ব্যাংকগুলো কেন্দ্রীয় ব্যাংকের অনুমোদন নিয়ে গড়ে ওঠে। মুদ্রাবাজারকে সুসংগঠিত আকারে পরিচালিত করার উদ্দেশ্যেই কেন্দ্রীয় ব্যাংক কাজ করে।

উদ্দীপকে পদ্মা ব্যাংকের সম্মতিতে গোলাপ ব্যাংক তাদের ব্যাংকিং কার্যক্রম শুরু করে। এক্ষেত্রে গোলাপ ব্যাংক প্রতিষ্ঠার অনুমোদনকারী হলো পদ্মা ব্যাংক। অর্থাৎ পদ্মা ব্যাংক দেশের কেন্দ্রীয় ব্যাংক। অন্যদিকে, গোলাপ ব্যাংক পদ্মা ব্যাংকের তালিকাভুক্ত একটি বাণিজ্যিক ব্যাংক। প্রতিটি দেশেই একটি কেন্দ্রীয় ব্যাংক থাকে। এ ব্যাংক মুদ্রাবাজারের অভিভাবক ও মুদ্রার পূর্ণ নিয়ন্ত্রক হিসেবে কাজ করে থাকে। দেশের বাণিজ্যিক ব্যাংকগুলোকে অনুমতি দান ও তালিকাভুক্তকরণের মাধ্যমে এ ব্যাংক মুদ্রাবাজার নিয়ন্ত্রণের চেষ্টা চালায়। উদ্দীপকে পদ্মা ব্যাংকটিও গোলাপ ব্যাংককে অনুমতিদানের মাধ্যমে কেন্দ্রীয় ব্যাংকের কাজ সম্পাদন করেছে। তাই বলা যায়, কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী পদ্মা ব্যাংকটি দেশের কেন্দ্রীয় ব্যাংক।

**ঘ** উদ্দীপকে পদ্মা ব্যাংক কতৃক প্রদানকৃত নীতিটি হলো 'তারল্য নীতি' যা 'গোলাপ' ব্যাংকের সুনাম বৃদ্ধিতে সহায়ক হিসেবে কাজ করে।

তারল্য নীতি হলো ব্যাংকিং ব্যবসায়ের অন্যতম একটি মূলনীতি। এ নীতি অনুযায়ী বাণিজ্যিক ব্যাংককে সব সময় নির্দিস্ট পরিমাণ তারল্য বা নগদ অর্থ সংরক্ষণ করতে হয়। এতে আমানতকারীদের চেকের অর্থ চাহিবামাত্র পরিশোধ করা সম্ভব হয়।

উদ্দীপকে পদ্মা ব্যাংকের সম্মতিতে গোলাপ ব্যাংক তাদের ব্যাংকিং কার্যক্রম শুরু করে। এক্ষেত্রে পদ্মা ব্যাংক দেশের কেন্দ্রীয় ব্যাংক এবং গোলাপ ব্যাংক বাণিজ্যিক ব্যাংক। সম্প্রতি গোলাপ ব্যাংক গ্রাহকদের আমানতের প্রায় ৮০% অন্যত্র বিনিয়োগ করে। এতে ব্যাংকটি প্রচুর মুনাফা অর্জন করতে পেরেছে। তবে আমানতকারীদের দাবিকৃত টাকা ফেরত দিতে বেশ সমস্যায় পড়তে হচ্ছে। এ অবস্থায় কেন্দ্রীয় ব্যাংক হিসেবে পদ্মা ব্যাংক একটি নীতি মেনে চলার পরামর্শ দিয়েছে।

পদ্মা ব্যাংক কেন্দ্রীয় ব্যাংক হিসেবে তারল্য নীতি মেনে চলার নির্দেশনা দিয়েছে। গোলাপ ব্যাংক মূলত আমানতকারীদের চেকের অর্থ পরিশোধে ব্যর্থ হচ্ছে। কারণ ব্যাংকটি পর্যাপ্ত তারল্য সংরক্ষণ না তকরে অধিক হারে বিনিয়োগ করেছে। ফলে চেকের অর্থ পরিশোধ করার মতো পর্যাপ্ত নগদ অর্থ ব্যাংকটির কাছে নেই। তবে গোলাপ ব্যাংকটি পদ্মা ব্যাংকের পরামর্শ অনুযায়ী তারল্য নীতি অনুসরণ করলে ভবিষ্যতে এ ধরনের পরিস্থিতির সম্মুখীন হবে না। তাই বলা যায়, পদ্মা ব্যাংকের পরামর্শকৃত নীতিটি মেনে চলা গোলাপ ব্যাংকের জন্য যৌক্তিক।

**প্রশ্ন ▶ ০৮** ঢাকায় বসবাসকরী মিসেস কানিজ ফাতেমার 'মানহা ব্যাংকে' একটি হিসাব রয়েছে যা থেকে তিনি সপ্তাহে দুইবারের বেশি টাকা তুলতে পারেন না। বাংলাদেশের সকল জেলায় উক্ত ব্যাংকের শাখা রয়েছে তবে কোনো কার্ডের ব্যবস্থা নেই। সম্প্রতি তিনি রাজশাহীতে বেড়াতে যান। সেখানে বেশ সস্তায় কিছু সিল্ক শাড়ি তার পছন্দ হয়। তার কাছে নগদ টাকা না থাকলেও ব্যাংকের একটি সেবার মাধ্যমে তিনি শাড়িগুলি কিনতে সমর্থ হন।

ক. আর্থিক স্বচ্ছলতার অভাবে ব্যাংক কী হতে পারে? ১
খ. বর্তমানে কাগজী মুদ্রার ব্যাপক প্রচলনের কারণ ব্যাখ্যা করো। ২
গ. 'মানহা ব্যাংক' এ মিসেস কানিজ ফাতেমার কোন ধরনের হিসাব রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে ব্যাংকের প্রদত্ত সেবাটি দৈনন্দিন জীবনের কাজকে সহজ করে দিয়েছে– তুমি কি উক্তিটির সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

### ৮নং প্রশ্নের উত্তর

**ক** আর্থিক সচ্ছলতার অভাবে ব্যাংক দেউলিয়া হতে পারে।

**খ** কাগজের সহজলভ্যতা, সহজে বহনযোগ্য হওয়ার এবং নিরাপত্তার কারণে কাগজি মুদ্রা ব্যাপক প্রসার লাভ করে।

মূলত ধাতব মুদ্রার সরবরাহ ঘাটতির প্রেক্ষিতে ঊনবিংশ শতাব্দীতে কাগজি মুদ্রার প্রচলন শুরু হয়। বর্তমানে কাগজি মুদ্রার সাথে সাথে ধাতব মুদ্রার প্রচলন থাকলেও ধাতব মুদ্রার ব্যবহার এখন ক্রমশ সীমিত হয়ে আসছে। কাগজের সহজলভ্যতা, সহজে বহনযোগ্য হওয়া এবং বর্তমানে বিভিন্ন রকমের নিরাপত্তা নিশ্চিত হওয়ায় কাগজি মুদ্রা ব্যাপক প্রসার লাভ করেছে।

**গ** মানহা ব্যাংকে মিসেস কানিজ ফাতেমার একটি সঞ্চয়ী হিসাব রয়েছে।

যে ব্যাংক হিসাবের মাধ্যমে প্রতিদিন বা সপ্তাহে যতবার খুশি টাকা জমা রাখা যায়, কিন্তু সপ্তাহে দুইবার বা নিয়ম অনুযায়ী টাকা উত্তোলন করা যায়, তাকে সঞ্চয়ী হিসাব বলে। সাধারণত সমাজের নির্দিষ্ট আয়ের জনগণ সঞ্চয়ের উদ্দেশ্যে এই ধরনের হিসাব খুলে থাকেন। এ হিসাবে ব্যাংক স্বল্পহারে সুদ প্রদান করে থাকে।

গ্রাহকের চাহিদা অনুযায়ী ব্যাংকে সঞ্চয়ী, চলতি এবং স্থায়ী হিসাব খোলা যায়। তন্মধ্যে যারা চাকরিজীবী বা নির্দিষ্ট আয়ের লোক তাদের জন্য ব্যাংকের একটি উপযোগী হিসাব হলো সঞ্চয়ী হিসাব। কেননা অব্যবসায়ী বা নির্দিষ্ট আয়ের লোকদের সবসময় টাকা উত্তোলনের প্রয়োজন হয় না কিন্তু জমাদানের প্রয়োজন হতে পারে। এক্ষেত্রে সঞ্চয়ী হিসাব খুলে একজন গ্রাহক তার অর্জিত আয় থেকে সঞ্চিত অর্থ যখন খুশি তখনই ব্যাংকে জমা দিতে পারেন।

উদ্দীপকে মিসেস কানিজ ফাতেমা ঢাকায় থাকেন। মানহা ব্যাংকে তার একটি হিসাব রয়েছে। তবে তিনি উক্ত হিসাব থেকে সপ্তাহে দুইবারের বেশি টাকা তুলতে পারেন না। এক্ষেত্রে, তার ব্যাংক হিসাবের সাথে সঞ্চয়ী হিসাবের বৈশিষ্ট্য মিলে যায়। তাই বলা যায়, উদ্দীপকে মিসেস কানিজ ফাতেমা সঞ্চয়ী হিসাবের একজন গ্রাহক।

**ঘ** উদ্দীপকে ব্যাংকের প্রদত্ত সেবাটি দৈনন্দিন জীবনের কাজকে সহজ করে দিয়েছে– উক্তিটি যথার্থ।

এনি ব্রাঞ্চ ব্যাংকিং সেবা একটি ইলেকট্রনিক ব্যাংকিং সেবা। এর মাধ্যমে ব্যাংকের একটি শাখায় হিসাব খুলে দেশের যেকোনো শাখায় লেনদেন করা যায়। বর্তমানে এ সেবার কল্যাণে ব্যবসায়ীসহ সকল শ্রেণীর মানুষ উপকৃত হচ্ছে।

উদ্দীপকে মিসেস কানিজ ফাতেমা ঢাকার বাসিন্দা। মানহা ব্যাংকের ঢাকা শাখায় তার একটি হিসাব আছে। সম্প্রতি তিনি রাজশাহী বেড়াতে যান। সেখানে বেশ সস্তায় তার পছন্দের কিছু শাড়ী পান। তার কাছে নগদ টাকা ছিল না। উক্ত ব্যাংকের একটি সেবার মাধ্যমে তিনি শাড়িগুলো কিনতে সমর্থ হন।

বাংলাদেশের সকল জেলায় মানহা ব্যাংকের শাখা রয়েছে। প্রতিষ্ঠানটির সকল শাখা ইন্টারনেটের মাধ্যমে একটি অন্যটির সাথে সংযুক্ত। ফলে মিসেস কানিজ ফাতেমার ব্যাংকটির ঢাকা শাখায় হিসাব থাকলেও তিনি এর রাজশাহী শাখা থেকে চেকের মাধমে অর্থ উত্তোলন করতে পারেন। এ ধরনের ব্যাংকিং সেবার কারণে গ্রাহকের নগদ টাকা বহন করতে হয় না। দেশের যেকোনো শাখা থেকে চেকের মাধ্যমে অর্থ উত্তোলন করা যায়।

এ ব্যাংকিংয়ের সেবাসমূহ হলো অনলাইন ব্যাংকিং, ডেবিট ও ক্রেডিট কার্ড, এটিএম, মোবাইল ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং ইত্যাদি। এসব সেবার কারণে গ্রাহকরা অতি দ্রুত লেনদেন সম্পাদনে সক্ষম হচ্ছে গ্রাহকরা যেকোনো স্থান থেকে ইলেকট্রনিক ব্যাংকিং সেবা ব্যবহার করে ব্যাংকিং লেনদেন করতে পারছে। ২৪ ঘণ্টা ধরেই একজন গ্রাহক প্রায় সব ধরনের ব্যাংকিং সেবা পেতে পারে বিধায় কর্মব্যস্ত গ্রাহকদের কাছে এই সেবা দিনে দিনে জনপ্রিয় হয়ে উঠেছে।

**প্রশ্ন ▶ ০৯** জনাব অভির "শোভন ব্যাংক" এ একটি হিসাব আছে। সার্বক্ষণিক সেবা প্রাপ্তির জন্য ব্যাংক তাকে একটি ইলেকট্রনিক কার্ড সরবরাহ করেন। ছেলের বিশ্ববিদ্যালয়ে সেশন চার্জ বাবদ ৫,০০০ টাকার প্রয়োজন হলে তিনি ইলেকট্রনিক যন্ত্র হতে উক্ত টাকা উত্তোলন করে দেন। অপর দিকে তার স্ত্রী তমার উক্ত ব্যাংক হিসাব না থাকলেও ব্যাংক তাকেও ইলেকট্রনিক কার্ড ইস্যু করে। পরবর্তীতে পারিবারিক অনুষ্ঠানের কেনাকাটার বিল দু'জনই নগদ টাকা ছাড়া পরিশোধ করেন।

ক. অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে কিসের সুযোগ হয়? ১
খ. কোন ধরনের হিসাব খুলে বিমার সুবিধা পাওয়া যাবে? ব্যাখ্যা করো। ২
গ. জনাব অভি কোথা হতে অর্থ উত্তোলন করেন? বর্ণনা করো। ৩
ঘ. জনাব অভি ও স্ত্রী তমার "শোভন ব্যাংক" কর্তৃক প্রদত্ত কার্ড দুইটির তুলনামূলক আলোচনা করো। ৪

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে জীবনযাত্রার মানোন্নয়ন ও উপযুক্ত কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়।

**খ** ব্যাংকের সঞ্চয়ী হিসাব থেকে বিমার সুবিধা পাওয়া যায়। এ হিসাবের মাধ্যমে সঞ্চয়ী হিসাব এবং জীবন বিমার সুবিধা পাওয়া যায়। এক্ষেত্রে আমানতকারীদের একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ উক্ত হিসাবে জমা রাখতে হয়। উক্ত জমা টাকার ওপর প্রাপ্ত সুদের কিছু অংশ হতে প্রিমিয়াম বাদ দেওয়ার পর আমানতকারীর নামে মোটা অঙ্কের বিমা করে থাকে এবং গ্রাহক উক্ত বিমার সুবিধা ভোগ করতে পারে।

**গ** জনাব অভি ATM (Automated Teller Machine) হতে অর্থ উত্তোলন করেন।

উদ্দীপকের জনাব অভি শোভন ব্যাংকের একজন গ্রাহক। সার্বক্ষণিক সেবা পাওয়ার জন্য ব্যাংক তাকে একটি ইলেকট্রনিক কার্ড দেয়। তার ছেলের বিশ্ববিদ্যালয়ে সেশন চার্জ বাবদ ৫,০০০ টাকা দরকার হয়। তিনি একটি ইলেকট্রনিক যন্ত্র থেকে উক্ত টাকা উত্তোলন করেন। এক্ষেত্রে, জনাব অভি উক্ত যন্ত্র থেকে টাকা তুলতে ইলেকট্রনিক কার্ডটি ব্যবহার করেন। সাধারণত ইলেকট্রনিক কার্ড যেমন: ডেবিট বা ক্রেডিট কার্ড দিয়ে এটিএম থেকে টাকা উত্তোলন করা যায়। তাই বলা যায়, জনাব অভি অর্থ উত্তোলনের জন্য এটিএম ব্যবহার করেন।

**ঘ** জনাব অভি ও স্ত্রী তমার 'শোভন ব্যাংক' কর্তৃক প্রদত্ত কার্ড দুটি হলো ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড।

ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড উভয়ই হচ্ছে এক ধরনের ইলেকট্রনিক প্লাস্টিক কার্ড।

ব্যাংক হিসাবে টাকা থাকা সাপেক্ষে যে কার্ডের মাধ্যমে গ্রাহক কেনাকাটা করতে পারে এবং এটিএম মেশিন থেকে নগদ টাকা উত্তোলন করতে পারে সে কার্ডই হলো ডেবিট কার্ড। অপরদিকে ব্যাংক হিসাবে টাকা না থাকলেও যে কার্ডের মাধ্যমে গ্রাহক কেনাকাটা করতে পারে সে কার্ডই হলো ক্রেডিট কার্ড। এটি এক ধরনের ব্যক্তিগত ঋণ তবে ডেবিট কার্ড কোনো ব্যক্তিগত ঋণ নয়। ক্রেডিট কার্ডের মাধ্যমে বাকিতে মালামাল ক্রয় করার সুযোগ থাকে। ডেবিট কার্ডে বাকিতে লেনদেনের সুযোগ থাকে না।

স্ত্রী তমার ব্যবহৃত কার্ডটি ডেবিট কার্ড হওয়ায় উক্ত কার্ড দ্বারা বাকীতে কেনাকাটার মূল্য পরিশোধে ব্যার্থ হয়।

**প্রশ্ন ▶ ১০** জনাব ওয়াহিদ একজন পাইকারী কাপড় বিক্রেতা। তিনি কুমারখালীর পরমা বস্ত্রালয়ের নিকট থেকে বেডশিটের মূল্য বাবদ ১ লক্ষ ও ৩ লক্ষ টাকার দুইটি চেক পান। চেক দুইটির টাকা উত্তোলন করতে ব্যাংকে গেলে ১ম চেকটির টাকা ব্যাংক নগদে প্রদান করে কিন্তু ২য় চেকটির টাকা নগদে প্রদান না করে তার ব্যাংক হিসেবে জমা দিতে বলে।

ক. ব্যাংক কীভাবে মক্কেলের প্রাপ্য সুদ তার হিসেবে জমা করে? ১
খ. তালিকাভুক্ত ব্যাংক অধিক নিরাপদ কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব ওয়াহিদের প্রাপ্ত ১ম চেকটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যবসায়িক লেনদেনে ১ম চেকটির তুলনায় ২য় চেকটি অধিক নিরাপদ– উক্তিটির সত্যতা বিশ্লেষণ করো। ৪

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যাংক মক্কেলের প্রাপ্য সুদ স্বয়ংক্রিয়ভাবে মক্কেলের হিসাবে প্রদান করে।

**খ** তালিকাভুক্ত ব্যাংকগুলো কেন্দ্রিয় ব্যাংকের আওতাভুক্ত থাকে বলে সবার নিকট অধিক নিরাপদ হিসেবে বিবেচিত হয়।

যে বাণিজ্যিক ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নিয়মনীতি পালনের শর্তে এর তালিকায় অন্তর্ভুক্ত হয়, তাকে তালিকাভুক্ত ব্যাংক বলে। তালিকাভুক্ত হতে হলে কোনো ব্যাংকের নির্দিষ্ট পরিমাণ পরিশোধিত মূলধন থাকতে হবে। বিধিবদ্ধ সঞ্চিতি হিসেবে নির্দিষ্ট হারে তারল্য সংরক্ষণ করতে হয়। তালিকাভুক্ত ব্যাংকগুলো কেন্দ্রীয় ব্যাংকের অধীনে পরিচালিত ও নিয়ন্ত্রিত হয় বিধায় এ ব্যাংক সবার নিকট অধিক নিরাপদ হিসেবে বিবেচিত হয়।

**গ** উদ্দীপক উল্লিখিত জনাব ওয়াহিদের প্রাপ্ত চেকটি হলো একটি বাহক চেক।

যে চেকের টাকা যেকোনো ব্যক্তি ব্যাংকে উপস্থাপন করে সংগ্রহ করতে পারে তাকে বাহক চেক বলে। এ ধরনের চেকের অন্যতম প্রধান বৈশিষ্ট্য হলো- যার কাছে চেকটি থাকবে সে-ই চেকের মালিক বা অধিকারী হবে। চেকটি ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক বাহককে টাকা দিতে বাধ্য থাকে।

মি. ওয়াহিদ একজন কাপড় ব্যবসায়ী। তিনি তার কুমারখালী পরমা বস্ত্রালয়ের কাছ থেকে যথাক্রমে ১ লক্ষ ও ৩ লক্ষ টাকার দুটি চেক পেয়েছেন। প্রথম চেকটি নগদে ব্যাংক থেকে উত্তোলন করেন। বাহক চেকের ক্ষেত্রেই ব্যাংক চেকের বাহককে চেক উপস্থাপনের সাথে সাথে গ্রাহকের হিসাবে টাকা থাকা সাপেক্ষে তাৎক্ষণিক চেকের অর্থ নগদে পরিশোধে বাধ্য থাকে। অতএব এটি নিশ্চিত যে, উদ্দীপকের জনাব ওয়াহিদ যে চেকটি পেয়েছেন তা ছিল একটি বাহক চেক।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত **১ম** চেকটির তুলনায় ২য় চেকটি অধিক নিরাপদ।

বাহক চেক বা হুকুম চেকের বাম কোণের উপরিভাগে আড়াআড়ি দুটি সমান্তরাল রেখা টানা হলে তাকে দাগকাটা চেক বলে। সাধারণত চেকের দাগকাটা সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যে A/C Payee, অথবা 'এন্ড কোং' এসব শব্দ লিখা থাকে।

জনাব ওয়াহিদ একজন পাইকারি কাপড় বিক্রেতা। তিনি পরমা বস্ত্রালয়ের নিকট থেকে ১ লক্ষ ও ৩ লক্ষ টাকার দুটি চেক পেয়েছেন। তিনি প্রথম চেকের অর্থ নগদে উত্তোলন করেন আর দ্বিতীয় চেকে অর্থ হিসাবে জমা হয় অর্থাৎ ২য় চেকটি দাগকাটা চেক।

দাগ কাটা চেকের অর্থ কেবল প্রাপকের হিসাবে জমা হয়। ব্যাংক হিসাব ছাড়া এসব অর্থ উত্তোলন করা যায় না। অথচ **১ম** চেকটি যে কেউ জমা দিয়ে টাকা উত্তোলন করতে পারবে। কিন্তু ২য় চেকটি জমা দিলে প্রাপকের হিসাবে টাকা জমা হবে। তাই বলা যায়, ব্যাবসায়িক লেনদেনে **১ম** চেকটির তুলনায় ২য় চেকটি অধিক নিরাপদ।

**প্রশ্ন ▸ ১১** জনাব ফয়সাল একজন আমদানিকারক। তিনি তার এলাকার "মহানন্দা ব্যাংক" এর সহায়তায় সহজেই ব্যবসায়িক কার্য পরিচালনা করেন। দেশের বিভিন্ন অঞ্চলে এ ব্যাংকের শাখা রয়েছে যেখানে প্রচুর লোক কর্মরত। ব্যাংকটি জনাব ফয়সালের মতো ব্যবসায়ীদের প্রতিনিধি হিসেবে বিভিন্ন সহায়তা প্রদান করে।

ক. কোন ব্যাংক আন্তর্জাতিক পর্যায়ে সরকারের প্রতিনিধি হিসেবে কাজ করে? ১

খ. কেন্দ্রীয় ব্যাংক কিসের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকগুলোর লেনদেন নিষ্পত্তি করে? ব্যাখ্যা করো। ২

গ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী মহানন্দা ব্যাংক কোন ধরনের ব্যাখ্যা করো। ৩

ঘ. আমদানিকারক হিসাবে জনাব ফয়সালকে মহানন্দা ব্যাংকের প্রদত্ত সহায়তাটি মূল্যায়ন করো। ৪

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** 'কেন্দ্রীয় ব্যাংক' আন্তজাতিক পর্যায়ে সরকারের প্রতিনিধি হিসাবে কাজ করে।

**খ** নিকাশঘর হলো এমন একটি ঘর বা স্থান যেখানে তালিকাভুক্ত ব্যাংকসমূহের প্রতিনিধিগণ একত্রিত হয়ে তাদের আন্তঃব্যাংকিং দেনা-পাওনা নিষ্পত্তি করে।

কেন্দ্রীয় ব্যাংক নিকাশঘরের দায়িত্ব পালন করে। এর মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে যে লেনদেন সংঘটিত হয় সেগুলোর নিষ্পত্তি করা হয়। ধরা যাক, 'X' এবং 'Y' বাণিজ্যিক ব্যাংকের মধ্যে একটি লেনদেন সংঘটিত হয়। কেন্দ্রীয় ব্যাংকের নিকাশঘরের মাধ্যমে এই লেনদেনটির নিষ্পত্তি করা হয়।

**গ** উদ্দীপকে উল্লিখিত 'মহানন্দ' ব্যাংক হলো একটি বাণিজ্যিক ব্যাংক।

যে ব্যাংক স্বল্প সুদে জনগণের কাছ থেকে আমানত গ্রহণ করে এবং অধিক সুদে ঋণদানের মাধ্যমে মুনাফা অর্জন করে তাকে বাণিজ্যিক ব্যাংক বলে। এ ব্যাংক বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে এবং শাখা ব্যাংকিং ব্যবস্থা পরিচালনা করে থাকে।

উদ্দীপকের জনাব ফয়সাল একজন আমদানিকারক। তিনি তার এলাকার 'মহানন্দা' ব্যাংকের সহায়তায় সহজেই ব্যবসায়িক কার্য পরিচালনা করেন। এখানে 'মহানন্দা' ব্যাংক জনাব ফয়সালকে পণ্য আমদানিসহ অন্যান্য ব্যবসায়িক কার্য পরিচালনা করতে সহায়তা করছে। এছাড়া দেশের বিভিন্ন অঞ্চলে এ ব্যাংকের শাখা রয়েছে। যেখানে দেশের বিভিন্ন ব্যবসায়ীরা সুবিধা নিতে পারে। অতএব বলা যায়, মহানন্দা ব্যাংক লি. একটি বাণিজ্যিক ব্যাংক।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত ফসয়ালের 'মহানন্দা' ব্যাংকটি প্রতিনিধিত্বমূলক কাজের মাধ্যমে সহায়তা করে।

বাণিজ্যিক ব্যাংক আমদানি-রপ্তানিকার্য সম্পাদনে প্রত্যয়পত্র প্রদানের মাধ্যমে ব্যবসায়ীদের সহায়তা করে থাকে। আমদানি-রপ্তানিসংক্রান্ত কার্যাদি সম্পাদন ও উপদেশ প্রদান করা বাণিজ্যিক ব্যাংকের একটি প্রতিনিধিত্বমূলক কাজ।

উদ্দীপকে জনাব ফয়সাল একজন আমদানিকারক। তিনি তার এলাকার 'মহানন্দা' ব্যাংকের সহায়তায় সহজেই ব্যবসায়িক কার্য পরিচালনা করেন।

মূলত 'মহানন্দা' ব্যাংক জনাব ফয়সালকে প্রত্যয়পত্র ইস্যুর মাধ্যমে পণ্য আমদানিতে সহায়তা করে। প্রত্যয়পত্র ইস্যুর মাধ্যমে 'মহানন্দা' ব্যাংক রপ্তানিকারক জনাব ফয়সাল অর্থ প্রাপ্তির নিশ্চয়তা দেয়। আন্তর্জাতিক বাণিজ্যে আমদানিকারক ও রপ্তানিকারকের মধ্যে দূরত্ব, মুদ্রার ভিন্নতাসহ বিভিন্ন বাধার সৃষ্টি হয়। এক্ষেত্রে বৈদেশিক বাণিজ্যে জটিলতা তৈরি হয়। এই জটিলতা নিরসনে প্রত্যয়পত্র গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অতএব, 'মহানন্দা' ব্যাংক প্রত্যয়পত্র ইস্যু করে জনাব ফয়সালকে সহায়তা করে।

# কুমিল্লা বোর্ড–২০২৪

**ফিন্যান্স ও ব্যাংকিং** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড : 1 5 2

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

*[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান– ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন কোনটি?**
ক) ব্যবসায় অর্থায়ন খ) পারিবারিক অর্থায়ন
গ) আন্তর্জাতিক অর্থায়ন ঘ) সরকারি অর্থায়ন

**২. অর্থের সময়মূল্যের কারণ কোনটি?**
ক) সুদের হার খ) দ্রব্যমূল্য বৃদ্ধি গ) দ্রব্যমূল্য হ্রাস ঘ) মানুষের দৃষ্টিভঙ্গি

**৩. মুদ্রার কাজ হলো–**
i. পণ্যের মূল্য নির্ধারণ ii. সেবার মূল্য নির্ধারণ iii. সামাজিক স্থিতিশীলতা আনয়ন
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) i ও ii ঘ) i ও iii

□ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব শাহিন তার ব্যাংক হিসাবে যতবার ইচ্ছা লেনদেন করতে পারেন, কিন্তু তিনি এমন একটি ইলেকট্রনিক ব্যাংকিং সুবিধা পেতে চান যেন তার ব্যাংক হিসাবে টাকা থেকে কেনাকাটা করে মূল্য পরিশোধ করতে পারেন।

**৪. জনাব শাহীনের হিসাবটি কোন ধরনের?**
ক) স্থায়ী হিসাব খ) সঞ্চয়ী হিসাব গ) চলতি হিসাব ঘ) বিমা সঞ্চয়ী হিসাব

**৫. জনাব শাহিনের ইলেকট্রনিক্স ব্যাংকিং এর সেবাটির ক্ষেত্রে প্রয়োজন–**
i. একটি ইলেকট্রনিক মেশিন ii. নিজ ব্যাংক হিসাবে অর্থ জমা রাখা
iii. এটি এক ধরনের ব্যক্তিগত ঋণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৬. দীর্ঘমেয়াদী প্রকল্প মূল্যায়নে ভবিষ্যত আয়ের সাথে কোনটির তুলনা করতে হয়?**
ক) ভবিষ্যত আয় খ) বর্তমান আয় গ) বর্তমান ব্যয় ঘ) শ্রমিকদের মজুরি

**৭. অর্থায়নের সাফল্যের চাবিকাঠি কোনটি?**
ক) ব্যবসার স্থান নির্বাচন খ) বিজ্ঞাপন গ) মূলধন বাজেটিং ঘ) প্রচার

**৮. একজন দর্জির দোকানি ব্যবসায়ের শুরুতেই মেশিন ক্রয়ের অর্থ সংগ্রহ করতে পারেন–**
i. নিজের জামকৃত অর্থ দিয়ে ii. জমি বন্ধক রেখে ঋণ দিয়ে
iii. ব্যবসায়ের জমাকৃত মুনাফা থেকে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৯. সমাগ্রিক অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে ব্যাংক আমানতের উদ্দেশ্য কোনটি?**
ক) আমদানি-রপ্তানি বাণিজ্য খ) বৈদেশিক মুদ্রার ব্যবসায়
গ) ঋণের সুবিধা ঘ) গ্রাহককে সেবা প্রদান

□ **নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সোহানের 'P' ব্যাংকের সঞ্চয়ী হিসাবে তিন লক্ষ টাকা জমা আছে। তিনি ৭০ হাজার টাকায় একটি ল্যাপটপ ক্রয় করার জন্য 'P' ব্যাংকের একটি চেক বিক্রেতাকে দিলেন। সম্প্রতি 'P' ব্যাংকে জনতা ট্রেডিংকে মাহান নির্মাণ শিল্পের যন্ত্রপাতি ক্রয়ের জন্য ঋণ প্রদান করেছে।

**১০. 'P' ব্যাংকের ক্ষেত্রে বাণিজ্যিক ব্যাংকের কোন ধরনের প্রধান কার্যাবলি পরিলক্ষিত হয়?**
ক) ঋণ আমানত সৃষ্টি খ) মুদ্রার বিকল্প হিসেবে কাজ
গ) বিনিময় বিল ভাঙানো ঘ) অছি হিসাবে কাজ

**১১. 'P' ব্যাংকের দ্বিতীয় কাজটি নিচের কোনটির ক্ষেত্রে প্রযোজ্য?**
ক) দেশের উৎপাদন ও মূলধনের গতিশীলতা বৃদ্ধি করা
খ) অর্থনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত করা
গ) জীবনযাত্রার মান উন্নয়ন
ঘ) আঞ্চলিক উন্নয়ন নিশ্চিত করা

**১২. কোন ইলকট্রনিক ব্যাংকিং পণ্যের জন্য ব্যাংকের হিসাবে টাকা জমা থাকার আবশ্যকতা নেই?**
ক) ইন্টারনেট ব্যাংকিং খ) ক্রেডিট কার্ড গ) ডেবিট কার্ড ঘ) মোবাইল ব্যাংকিং

**১৩. "গ্রাহকের প্রয়োজন মিটাতে সর্বদাই নগদ টাকা রাখতে হবে" –এটা ব্যাংকের কোন নীতি?**
ক) নিরাপত্তা নীতি খ) মুনাফা নীতি গ) তারল্য নীতি ঘ) সুনামের নীতি

**১৪. কোম্পানির মালিকানা লাভ করা যায় কোনটির মাধ্যমে?**
ক) ঋণ প্রদানের খ) শেয়ার ক্রয়ের
গ) ঋণপত্র ক্রয়ের ঘ) বাণিজ্যিকপত্র ক্রয়ের

**১৫. মূলধন বাজেটিং কোন ক্ষেত্রে প্রয়োগযোগ্য?**
ক) পণ্য বিক্রয় খ) পণ্য বৈচিত্র্যায়ণ গ) পণ্য ক্রয় ঘ) পণ্য মজুতকরণ

□ **নিচের উদ্দীপকটি পড়ে ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব তালহা একজন ডাক্তার। প্রত্যেক শুক্রবারে তিনি গরিব রোগীদের ফ্রিতে চিকিৎসা সেবা দেন। তার বন্ধুরা 'সেবা' নামে একটি সংগঠনের মাধ্যমে সেই গরিব রোগীদের ঔষধ কিনে দেন।

**১৬. 'সেবা' সংগঠনটিতে কোন ধরনের অর্থায়ন হয়েছে?**
ক) সরকারি খ) পারিবারিক গ) ব্যবসায় ঘ) অব্যবসায়

**১৭. শুধু সুযোগ ব্যয় সম্পৃক্ত কোনটির ক্ষেত্রে?**
ক) ঋণ মূলধন খ) অগ্রাধিকার শেয়ার গ) সাধারণ শেয়ার ঘ) সংরক্ষিত আয়

**১৮. চেকের ক্ষেত্রে কোন মন্তব্যটি সঠিক?**
ক) বাহক চেক অধিক নিরাপদ
খ) দাগকাটা চেক অধিক নিরাপদ
গ) হুকুম চেকের অর্থ যে কেউ উত্তোলন করতে পারে
ঘ) বাহক চেকের অর্থ একটি হিসাবে জমা হয়

□ **উদ্দীপকটি পড়ে ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
মিঃ মঈন 'সুমি ফেব্রিক্স লিঃ' এর ১০০ টাকা মূল্যের ১০০ শেয়ারের মালিক। কোম্পানি প্রতি বৎসর প্রতি শেয়ারে ১০ টাকা লভ্যাংশ প্রদানের সিদ্ধান্ত নিল।

**১৯. মিঃ মঈন কত টাকা লভ্যাংশ পাবেন?**
ক) ১০ টাকা খ) ১০০ টাকা গ) ১,০০০ টাকা ঘ) ১০,০০০ টাকা

**২০. চেকে হিসাবধারী কোথায় স্বাক্ষর করেন?**
ক) নীচে-ডানে খ) নীচে-বামে গ) উপরে-ডানে ঘ) উপরে-বামে

**২১. বাণিজ্যিক ব্যাংক তার ব্যবসা হতে সরাসরি নিচের কোনটির মাধ্যমে আয় করে থাকে?**
ক) শিল্পোন্নয়ন খ) বৈদেশিক বিনিময়
গ) কর্মসংস্থান ঘ) নিরীক্ষকের বিল

**২২. আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণের আগে কোনটি বিবেচনা করতে হয়ে?**
ক) কিস্তি পরিশোধের ক্ষমতা খ) মেয়াদি ঋণের পরিমাণ
গ) প্রকল্পের লাভজনকতা নির্ণয় ঘ) নগদ প্রবাহ পূর্বানুমান

□ **নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
সাধারণত বর্ষাকালে প্রচুর বৃষ্টি হয়। এজন্য জনাব রহিম এ আশায় প্রচুর রেইন কোট উৎপাদন করেন। কিন্তু এ বছর প্রত্যাশিত পরিমাণ বৃষ্টি না হওয়ায় তার রেইন কোটগুলি অবিক্রীত থেকে যায়। ফলে তিনি শ্রমিকের বেতন, দোকান ভাড়া, বিমার কিস্তি পরিশোধে ব্যর্থ হন।

**২৩. জনাব রহিম কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন?**
ক) আর্থিক ঝুঁকি খ) তারল্য ঝুঁকি গ) ব্যবসায়িক ঝুঁকি ঘ) সুদ হারের ঝুঁকি

**২৪. জনাব রহিমের উদ্ভূত পরিস্থিতিতে করণীয় ছিল–**
ক) রেইন কোটের পাশাপাশি কলম, পেন্সিল, ক্যাপ তৈরি করা
খ) উৎপাদনের উপকরণের মূল্য নির্ধারণ পরিবর্তন করা
গ) নগদ আন্তপ্রবাহ পূর্বানুমান করা
ঘ) অতিরিক্ত স্থায়ী খরচের প্রবণতা হ্রাস করা

**২৫. নিচের কোনটি মূলধনি খরচবিহীন অর্থায়নের উৎস?**
ক) লিজিং খ) ঋনপত্র গ) প্রদেয় বিল ঘ) বাণিজ্যিক পত্র

**২৬. সাধারণ শেয়ারের মালিকেরা কোম্পানির ঝুঁকি বহন করে কীভাবে?**
ক) যৌথভাবে খ) এককভাবে গ) অধিক হারে ঘ) গড় হারে

□ **নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব নূর যমুনা কোম্পানির IPO থেকে কিছু শেয়ার ক্রয় করেছেন। আর্থিক সংকটের কারণে তিনি এখন শেয়ারগুলো বিক্রয় করতে চাইছেন।

**২৭. জনাব নূর কোন ধরনের বাজার থেকে শেয়ার ক্রয় করেছেন?**
ক) যমুনা কোম্পানির হেড অফিস থেকে খ) ঢাকা স্টক এক্সচেঞ্জ থেকে
গ) প্রাথমিক বাজার থেকে ঘ) মাধ্যমিক বাজার থেকে

**২৮. জনাব নূরের শেয়ার বিক্রয়ে করণীয়–**
ক) শেয়ার বিক্রির জন্য প্রথম প্রস্তাবকৃত বাজার খোঁজা
খ) বিনিয়োগকারীদের নিজেদের মধ্যে বিক্রয়ের সুযোগ সৃষ্টি
গ) দেশের আর্থিক অবস্থা বিশ্লেষণ করা
ঘ) সুনির্দিষ্ট হারে লভ্যাংশ প্রাপ্তির নিশ্চয়তা

**২৯. সরকারের ব্যাংক হিসাবে কেন্দ্রীয় ব্যাংক নিচের কোন কাজটির সাথে জড়িত নয়?**
ক) তহবিল সংরক্ষণ খ) বৈদেশিক মুদ্রার ক্রয় বিক্রয়
গ) ঋণ নিয়ন্ত্রণ ঘ) আমানত গ্রহণ

**৩০. বাট্টা হার প্রয়োজন হয় কেন?**
ক) নগদ প্রবাহ পূর্বানুমান করার জন্য
খ) নগদ প্রবাহকে বর্তমান মূল্যে রূপান্তর করার জন্য
গ) মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচনের জন্য
ঘ) প্রত্যাশিত নিট মুনাফাকে বিবেচনার জন্য

**■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# কুমিল্লা বোর্ড–২০২৪

## ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ফিন্যান্স অংশ

১. রাজু ও সাজু দুই ভাই। তারা বিভিন্ন কোম্পানির বিভিন্ন বিনিয়োগ খাতে বিনিয়োগ করতে চায়। রাজু ঝুঁকি নিতে রাজি নয়, কিন্তু সাজু ঝুঁকি থাকা সত্ত্বেও অধিক লাভের সম্ভাবনা আছে এমন খাতে বিনিয়োগ করতে আগ্রহী।
ক. কোন অর্থায়নে আগে ব্যয়ের পরিমাণ নির্ণয় করা হয়? ১
খ. পারিবারিক অর্থায়ন বলতে কী বোঝায়? ২
গ. রাজুর জন্য উপযোগী বিনিয়োগ খাত কোনটি? ব্যাখ্যা করো। ৩
ঘ. বিনিয়োগের ক্ষেত্রে সাজুর সিদ্ধান্তটির যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

২. জনাব সাজ্জাত ৮ বছরের জন্য ১০ লক্ষ টাকা ব্যাংকে জমা রাখতে চান। 'সীমান্ত ব্যাংক' তাকে বার্ষিক ৯% হারে সুদ প্রদানের প্রস্তাব দেয়। অপরদিকে, তার এক বন্ধু জনাব রাতুল ময়মনসিংহ নিউ টাউনের পাশে জমি কেনার পরামর্শ দেন। যেখানে জমির মূল্য ৮ বছরে দ্বিগুণ হওয়ার নিশ্চয়তা রয়েছে।
ক. কোন ক্ষেত্রে কেবল আসলের ওপর সুদ গণনা করা হয়? ১
খ. চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়ায় অর্থের কোন মূল্য নির্ণয় করা হয়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব সাজ্জাত সীমান্ত ব্যাংকে টাকা জমা রাখলে ৮ বছর পর কত টাকা পাবেন? ৩
ঘ. বন্ধুর পরামর্শ গ্রহণ করা জনাব সাজ্জাতের জন্য যুক্তিযুক্ত কি? বিশ্লেষণ করো। ৪

৩. মি. অয়ন ৫ বছর পূর্বে 'গোলাপ' ও 'বেলি' নামক দুটি প্রকল্পে অর্থ বিনিয়োগ করেন। প্রকল্প দুটি থেকে ৫ বছরে প্রাপ্ত আয়ের হার নিম্নরূপ :

| প্রকল্প | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
|---|---|---|---|---|---|
| গোলাপ | ১১% | ১৪% | ১৮% | ১২% | ১০% |
| বেলি | ১৩% | ৮% | ২১% | ১৪% | ৯% |

তিনি বর্তমানে আর্থিক সংকটের কারণে একটি প্রকল্প বন্ধ করে দিতে চান।
ক. অনিশ্চয়তার যে অংশটুকু পরিমাপ করা যায় তাকে কী বলে? ১
খ. ঝুঁকিমুক্ত আয় বলতে কী বোঝ? ২
গ. গোলাপ প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩
ঘ. মি. অয়নের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত? বিশ্লেষণ করো। ৪

৪. জনাব তুহিন ৩ বছরের জন্য ৫,০০,০০০ টাকা একটি প্রকল্পে বিনিয়োগ করতে চান। তার হাতে 'হিজল' ও 'তমাল' নামে দুটি প্রকল্প রয়েছে। প্রকল্প দুটির অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

| পূর্বানুমান | প্রকল্প 'হিজল' | প্রকল্প 'তমাল' |
|---|---|---|
| বিক্রয়-১ম বছর | ২,০০,০০০ টাকা | ১,০০,০০০ টাকা |
| বিক্রয়-২য় বছর | ২,৫০,০০০ টাকা | ২,০০,০০০ টাকা |
| বিক্রয়-৩য় বছর | ১,৫০,০০০ টাকা | ৩,০০,০০০ টাকা |
| চলতি খরচ | বিক্রয়ের ৪০% | বিক্রয়ের ৪০% |
| স্থায়ী খরচ | ৫০,০০০ টাকা | ৫০,০০০ টাকা |
| অবচয় | ২০,০০০ টাকা | ৩০% |
| কর হার | ২০,০০০ টাকা | ৩০% |

ক. নিট মুনাফার সাথে অবচয় যোগ করলে কী পাওয়া যায়? ১
খ. অর্থায়নে সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ২
গ. প্রকল্প 'হিজল'-এর গড় মুনাফার হার নির্ণয় করো। ৩
ঘ. জনাব তুহিনের বিনিয়োগের জন্য কোন প্রকল্পটি অধিক গ্রহণযোগ্য বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

৫. রাজ লি. সাধারণ এবং অগ্রাধিকার শেয়ার বিক্রয়ের মাধ্যমে মূলধন সংগ্রহ করে। সাধারণ শেয়ারের বাজার মূল্য ১৫০ টাকা এবং লিখিত মূল্য ১০০ টাকা। কোম্পানিটি সদ্য সমাপ্ত বছরে সাধারণ শেয়ার প্রতি ১০ টাকা করে লভ্যাংশ ঘোষণা করে, যা পূর্বের তুলনায় ৪% বেশি। অপরদিকে, প্রতিষ্ঠানটি ২০০ টাকা লিখিত মূল্যের ১২ শতাংশ অগ্রাধিকার শেয়ার বিক্রয় করে। যার বাজার মূল্য ১৯০ টাকা। ব্যবসায় সম্প্রসারণে অর্থ প্রয়োজন হওয়ায় প্রতিষ্ঠানটি কম ব্যয়সম্পন্ন আরও কিছু শেয়ার বিক্রয়ের চিন্তা করছে।
ক. শেয়ার বাজারের সার্বিক অবস্থা বোঝার জন্য কী ব্যবহার করা হয়? ১
খ. বোনাস শেয়ার বলতে কী বোঝায়? ২
গ. রাজ লি.-এর অগ্রাধিকার শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩
ঘ. রাজ লি.-এর অতিরিক্ত মূলধনের জন্য কোন ধরনের শেয়ার বিক্রয় করা উচিত? যুক্তিসহ উপস্থাপন করো। ৪

৬. জনাব নিবিড় একজন ঢেউটিনের পাইকারী ব্যবসায়ী। তিনি নিজস্ব পুঁজিতে টিন ক্রয় করেন। হঠাৎ নগদ অর্থের ঘাটতি হলে তিনি নিয়মিত ক্রেতা সাদিয়া ট্রেডার্সের নিকট থেকে অগ্রিম গ্রহণ করেন। সম্প্রতি পণ্য ডেলিভারি দেওয়ার জন্য তার একটি ট্রাকের প্রয়োজন হলে তিনি তা ক্রয় না করে ভাড়ার বিনিময়ে পাঁচ বছরের জন্য সংগ্রহ করেন।
ক. তহবিল বিনিয়োগের মূল উদ্দেশ্য কী? ১
খ. বিনিময় বিল বলতে কী বোঝায়? ২
গ. নগদ অর্থের ঘাটতি পূরণে জনাব নিবিড় কোন ধরনের তহবিল ব্যবহার করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. ভাড়ার বিনিময়ে ট্রাক সংগ্রহ করার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

### ব্যাংকিং অংশ

৭. মিসেস সুমি একজন চাকরিজীবী। তিনি অর্জিত আয়ের কিছু অংশ সঞ্চয় করার জন্য ব্যাংকে ৫ বছর মেয়াদি একটি হিসাব খোলেন। উক্ত হিসেবে প্রতিমাসের ৫ তারিখের মধ্যে ৩,০০০ টাকা করে জমা রাখেন। যেখান থেকে মেয়াদ শেষে এককালীন সুদসহ আসল টাকা ফেরত পাবেন। ব্যাংক তাকে একটি কার্ড সরবরাহ করে। ঢাকার একটি আধুনিক শপিং মলে কেনাকাটা করে উক্ত কার্ডের মাধ্যমে বিল পরিশোধ করতে ব্যর্থ হন। এমতাবস্থায় তার স্বামীর কার্ডটি দিয়ে বিল পরিশোধ করেন।
ক. কোনটি থেকে গ্রাহক ব্যাংকের কর্মচারীর উপস্থিতি ছাড়াই টাকা উত্তোলন করতে পারে? ১
খ. স্কুল সঞ্চয়ী হিসাব বলতে কী বোঝায়? ২
গ. মিসেস সুমি ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মিসেস সুমি ও তার স্বামীর কার্ড দুটির তুলনামূলক আলোচনা করো। ৪

৮. 'ঝিনুক ব্যাংক' জনগণের আমানতের একটি বড়ো অংশ অন্যত্র বিনিয়োগ করেন। ফলে ব্যাংকের আয় বৃদ্ধি পেলেও আমানতকারীদের জমাকৃত অর্থ চাহিবামাত্র ফেরত দিতে পারছে না। এমতাবস্থায় ব্যাংকটি তার আর্থিক সংকট নিরসনে 'অগ্রগতি' ব্যাংকের শরণাপন্ন হলে 'অগ্রগতি' ব্যাংক তাকে প্রয়োজনীয় সহায়তা করে থাকে।
ক. কাগজি মুদ্রার প্রচলন শুরু হয় কত শতাব্দীতে? ১
খ. প্রাপ্য বিলের বাট্টাকরণ বলতে কী বোঝায়? ২
গ. 'ঝিনুক ব্যাংক' ব্যাংকিং ব্যবসায়ের কোন নীতি লঙ্ঘন করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ঝিনুক ব্যাংকের আর্থিক সংকটে অগ্রগতি ব্যাংকের সহায়তা করার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৯. কাপড় ব্যবসায়ী জনাব শাকিল তার পাওনাদার জনাব জুবায়েরকে ৫০,০০০ টাকা মূল্যের একটি চেক প্রদান করেন। জনাব জুবায়ের দেখলেন চেকটিতে তার নিজের নাম লেখা রয়েছে। তিনি নিরাপত্তার কথা বিবেচনা করে চেকটির বাম কোণের উপরে আড়াআড়ি সমান্তরাল করে দুটি রেখা টেনে দিলেন।
ক. নিকাশ ঘর কী? ১
খ. এনি ব্রাঞ্চ ব্যাংকিং বলতে কী বোঝায়? ২
গ. জনাব শাকিল কর্তৃক ইস্যুকৃত চেকটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. চেকটির নিরাপত্তা বিধানে জনাব জুবায়েরের গৃহীত পদক্ষেপটি মূল্যায়ন করো। ৪

১০. চাকরিজীবী মি. শ্যামল তার অর্জিত আয়ের সব টাকা খরচ না করে প্রতিমাসে কিছু টাকা সঞ্চয় করেন। তিনি সঞ্চয়কৃত অর্থ নিরাপদে জমা রাখার উদ্দেশ্যে ব্যাংকে একটি হিসাব খোলেন। ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে তিনি তার নিকটস্থ তালিকাভুক্ত বহুশাখা বিশিষ্ট 'পদ্মা ব্যাংক' নির্বাচন করেন।
ক. বিমা সঞ্চয়ী হিসাব থেকে কোন সুবিধা পাওয়া যায়? ১
খ. মুসারাকা কী? ব্যাখ্যা করো। ২
গ. 'পদ্মা ব্যাংকে' মি. শ্যামল কোন ধরনের হিসাব খোলেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে মি. শ্যামলের পদ্মা ব্যাংকে হিসাব খোলার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

১১. জনাব নাঈম একজন আমদানিকারক। তিনি ভারতের রায় ট্রেডার্সকে পেঁয়াজ আমদানির প্রস্তাব দিলে প্রতিষ্ঠানটি অগ্রিম অর্থ প্রাপ্তির নিশ্চয়তা চায়। এ ব্যাপারে তুধান সিঁড়ি ব্যাংক' তার পক্ষে রায় ট্রেডার্সকে অর্থ প্রদানের নিশ্চয়তা দেয়। জনাব নাঈম ভারত যাওয়ার পূর্বে তার মূল্যবান দলিলপত্রাদির নিরাপত্তার জন্য তুধান সিঁড়ি' ব্যাংকে জমা রাখেন।
ক. ব্যাংক কীভাবে মূলধন গঠন করে? ১
খ. সংরক্ষিত তহবিল বলতে কী বোঝায়? ২
গ. 'ধান সিঁড়ি' ব্যাংক জনাব নাঈমকে পণ্য আমদানি করতে কী ধরনের সহায়তা করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত কার্যাবলি তুধান সিঁড়ির ব্যাংকের আয়ের উৎস বিশ্লেষণ করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ক | ৩ | গ | ৪ | গ | ৫ | ক | ৬ | খ | ৭ | গ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | খ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** রাজু ও সাজু দুই ভাই। তারা বিভিন্ন কোম্পানির বিভিন্ন বিনিয়োগ খাতে বিনিয়োগ করতে চায়। রাজু ঝুঁকি নিতে রাজি নয়, কিন্তু সাজু ঝুঁকি থাকা সত্ত্বেও অধিক লাভের সম্ভাবনা আছে এমন খাতে বিনিয়োগ করতে আগ্রহী।

ক. কোন অর্থায়নে আগে ব্যয়ের পরিমাণ নির্ণয় করা হয়? ১
খ. পারিবারিক অর্থায়ন বলতে কী বোঝায়? ২
গ. রাজুর জন্য উপযোগী বিনিয়োগ খাত কোনটি? ব্যাখ্যা করো। ৩
ঘ. বিনিয়োগের ক্ষেত্রে সাজুর সিদ্ধান্তটির যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** সরকারি অর্থায়নে আগে ব্যয়ের পরিমাণ নির্ণয় করা হয়।

**খ** পারিবারিক অর্থায়নের ক্ষেত্রে পরিবারের আয়ের উৎস ও পরিমাণ নির্ধারণ করে, সেই আয় কীভাবে ব্যয় করলে পরিবারের সদস্যদের সর্বাঙ্গীণ মঙ্গল হয়, তা নির্ধারণ করা হয়।

পরিবারের প্রয়োজনীয় অসংখ্য ব্যয়ের মধ্যে অগ্রাধিকারের ভিত্তিতে অধিক গুরুত্বপূর্ণ ব্যয়গুলো পূরণ করা হয়। পরিবারের আয় যদি ব্যয়ের জন্য যথেষ্ট না হয় তবে বিভিন্ন আত্মীয়-স্বজন, পরিচিত ব্যক্তি, বন্ধু-বান্ধব থেকে অর্থ ঋণ হিসাবে নেওয়া যায়। নিয়মিত আয়ের সাথে সংগতি রেখে নিয়মিত ব্যয়সমূহ নির্ধারণ করা হয়। স্থায়ী সম্পদ যেমন: টিভি, ফ্রিজ, গাড়ি, গৃহ নির্মাণের জন্য প্রয়োজনীয় অর্থ ব্যাংক থেকে ঋণ নেওয়া যায়।

**গ** রাজুর উপযুক্ত বিনিয়োগ খাত হলো বন্ড বা ট্রেজারি বিল।

যে দলিল বা চুক্তিপত্রের মাধ্যমে কোম্পানি বিনিয়োগকারীদের থেকে জামানতের বিপরীতে ঋণ মূলধন সংস্থান করে তাকে বন্ড বলে। বন্ডহোল্ডাররা কোম্পানির ঋণদাতা হিসেবে গণ্য হয়। ফলে তাদের কোনো ভোটাধিকার থাকে না। তবে বন্ডমালিকরা নির্দিষ্ট হারে সুদ পায় অর্থাৎ আয় নির্দিষ্ট থাকে। জামানতযুক্ত বিধায় বন্ডের ক্ষেত্রে ঝুঁকিও কম থাকে।

উদ্দীপকে রাজু বিভিন্ন খাতে বিনিয়োগ করতে চায়। সে ঝুঁকি নিতে রাজি নয়। অর্থাৎ, সে বিনিয়োগকৃত অর্থ ফেরত প্রাপ্তির নিশ্চয়তা রয়েছে, এমন খাতে বিনিয়োগ করতে চায়। সরকার কর্তৃক ইস্যুকৃত হওয়ায় ট্রেজারি বিল বা বন্ডের অর্থ প্রাপ্তির নিশ্চয়তা পাওয়া যায়। স্বল্পমেয়াদে অর্থ বিনিয়োগের জন্য এটি একটি ভালো মাধ্যম। তাই বলা যায়, রাজুর জন্য ঝুঁকিমুক্ত বিনিয়োগ ক্ষেত্র হিসেবে ট্রেজারি বিল বা বন্ড উত্তম।

**ঘ** বিনিয়োগের ক্ষেত্রে সাজুর সাধারণ শেয়ারে বিনিয়োগ করা যৌক্তিক।

সাধারণ শেয়ারে বিনিয়োগকারীর আয়ের সম্ভাবনা সর্বাধিক। পর্যাপ্ত বিচার-বিশ্লেষণ করে বিনিয়োগ করতে পারলে সাধারণ শেয়ার একজন বিনিয়োগকারীর জন্য ভালো আয়ের উৎস হতে পারে। সাধারণ শেয়ার থেকে প্রাপ্ত আয় নির্দিষ্ট থাকে না। ফলে কোম্পানি অধিক আয় করলে বিনিয়োগকারীর প্রাপ্ত আয়ও বৃদ্ধি পায় বিধায় এ খাতে বিনিয়োগকারীর আয়ের সম্ভাবনা সর্বাধিক।

উদ্দীপকে রাজু ও সাজু দুই ভাই। তারা বিভিন্ন কোম্পানির বিভিন্ন খাতে বিনিয়োগ করতে চায়। রাজু ঝুঁকি নিতে রাজি নয়। কিন্তু সাজু বিভিন্ন খাতে বিনিয়োগ করতে আগ্রহী। সে অধিক লাভের আশায় ঝুঁকিপূর্ণ খাতে বিনিয়োগ করতে চায়।

ঝুঁকি ও মুনাফার সাথে ধনাত্মক সম্পর্ক বিদ্যমান। যে খাতে ঝুঁকি যত বেশি, মুনাফাও তত বেশি। সাধারণ শেয়ারে বিনিয়োগ সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ। কোম্পানি অধিক আয় করলে বিনিয়োগকারীর আয়ের সম্ভাবনা সর্বাধিক। ফলে সাজুর বিনিয়োগ সিদ্ধান্তটি আমি যৌক্তিক মনে করি।

**প্রশ্ন ▶ ০২** জনাব সাজ্জাত ৮ বছরের জন্য ১০ লক্ষ টাকা ব্যাংকে জমা রাখতে চান। 'সীমান্ত ব্যাংক' তাকে বার্ষিক ৯% হারে সুদ প্রদানের প্রস্তাব দেয়। অপরদিকে, তার এক বন্ধু জনাব রাতুল ময়মনসিংহ নিউ টাউনের পাশে জমি কেনার পরামর্শ দেন। যেখানে জমির মূল্য ৮ বছরে দ্বিগুণ হওয়ার নিশ্চয়তা রয়েছে।

ক. কোন ক্ষেত্রে কেবল আসলের ওপর সুদ গণনা করা হয়? ১
খ. চক্রবৃদ্ধিকরণ প্রক্রিয়ায় অর্থের কোন মূল্য নির্ণয় করা হয়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব সাজ্জাত সীমান্ত ব্যাংকে টাকা জমা রাখলে ৮ বছর পর কত টাকা পাবেন? ৩
ঘ. বন্ধুর পরামর্শ গ্রহণ করা জনাব সাজ্জাতের জন্য যুক্তিযুক্ত কি? বিশেষণ করো। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক** সরল সুদের ক্ষেত্রে কেবল আসলের ওপর সুদ গণনা করা হয়।

**খ** যে পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ ধার্য করে ভবিষ্যৎ মূল্য নির্ধারণ করা হয় তাকে চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি বলে।

সরল সুদের ক্ষেত্রে শুধু আসলের উপর সুদ গণনা করা হয়। কিন্তু চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ গণনা করা হয়। যেমন : আসল ১০০ টাকা ও সুদের হার ১০% ধরলে ১ বছর পর সুদ হবে (১০০ × ১০%) = ১০ টাকা। ভবিষ্যৎ মূল্য দাঁড়াবে {১০০ + (১০০ × ১০%)} = ১১০ টাকা। দ্বিতীয় বছর এই ১১০ টাকাকে আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের ১০% হারে সুদ ধার্য করলে সুদ হবে (১১০ × ১০%) = ১১ টাকা। এভাবে প্রথম বছরের সুদাসলকে দ্বিতীয় বছরের আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের সুদ ধার্য করার প্রক্রিয়াকে বলা হয় চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি।

**গ** সীমান্ত ব্যাংকের ভবিষ্যৎ মূল্য নির্ণয় :
এখানে,
বর্তমান মূল্য, PV = ১০,০০,০০০ টাকা
মেয়াদকাল, n = ৮ বছর
সুদের হার, i = ৯% বা ০.০৯
আমরা জানি,
ভবিষ্যৎ মূল্য, $FV = PV (১ + i)^n$
$= ১০,০০,০০০ (১ + ০.০৯)^৮$
$= ১০,০০,০০০ (১.০৯)^৮$
= ১০,০০,০০০ × ১.৯৯২৫৬২৬৪
= ১৯,৯২,৫৬২.৬৪২
জনাব সাজ্জাত সীমান্ত ব্যাংকে টাকা জমা রাখলে ৮ বছর পর ১৯,৯২,৫৬২.৬৪২ টাকা পাবেন।
∴ ১৯,৯২,৫৬২.৬৪২ টাকা।

**ঘ** বিনিয়োগযোগ্য মূলধন আছে ১০,০০,০০০ টাকা,
বিনিয়োগের প্রত্যাশিত সময় ৮ বছর।
বন্ধুর পরামর্শে বিনিয়োগ করলে ৮ বছর পর বিনিয়োগের ভবিষ্যৎ মূল্য হবে (১০,০০,০০০ × ২) = ২০,০০,০০০ টাকা।
অপরদিকে, সীমান্ত ব্যাংকে জমা রাখলে ভবিষ্যৎ মূল্য হবে ১৯,৯২,৫৬২.৬৪২ টাকা [গ থেকে পাওয়া]।
অর্থাৎ, বন্ধুর পরামর্শে বিনিয়োগ করলে ভবিষ্যৎ মূল্য (২০,০০,০০০ – ১৯,৯২,৫৬২.৬৪২) = ৭,৪৩৭.৩৫৮৩ টাকা বেশি হবে। তাই উদ্দীপকের বন্ধুর পরামর্শ গ্রহণ করা জনাব সাজ্জাতের জন্য যুক্তিযুক্ত হবে।

**প্রশ্ন ▶ ০৩** মি. অয়ন ৫ বছর পূর্বে 'গোলাপ' ও 'বেলি' নামক দু'টি প্রকল্পে অর্থ বিনিয়োগ করেন। প্রকল্প দুটি থেকে ৫ বছরে প্রাপ্ত আয়ের হার নিম্নরূপ :

| প্রকল্প | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
|---|---|---|---|---|---|
| গোলাপ | ১১% | ১৪% | ১৮% | ১২% | ১০% |
| বেলি | ১৩% | ৮% | ২১% | ১৪% | ৯% |

তিনি বর্তমানে আর্থিক সংকটের কারণে একটি প্রকল্প বন্ধ করে দিতে চান।

ক. অনিশ্চয়তার যে অংশটুকু পরিমাপ করা যায় তাকে কী বলে? ১
খ. ঝুঁকিমুক্ত আয় বলতে কী বোঝ? ২
গ. গোলাপ প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩
ঘ. মি. অয়নের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত? বিশেষণ করো। ৪

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** অনিশ্চয়তার যে অংশটুকু পরিমাপ করা যায় তাকে ঝুঁকি বলা হয়।

**খ** প্রকৃত আয় সবসময় প্রত্যাশিত আয়ের সমান হলে তাকে ঝুঁকিমুক্ত আয় বলে।
কোনো দেশের সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত আয় হিসেবে গণ্য হয়। এসব খাতে বিনিয়োগ থেকে প্রাপ্ত আয় নির্দিষ্ট থাকে। অর্থাৎ নির্দিষ্ট হারে আয় দেওয়া হয় বলে প্রাপ্ত আয়কে ঝুঁকিমুক্ত আয় হিসেবে গণ্য করা হয়। ঝুঁকিমুক্ত আয়ে ঝুঁকি প্রিমিয়াম নেওয়ার কোনো সুযোগ থাকে না।

**গ** গোলাপ প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় - গড়) | ব্যবধানের বর্গ $(আয় - গড়)^২$ |
|---|---|---|---|
| ১ | ১১ | (১১ - ১৩) = -২ | ৪ |
| ২ | ১৪ | (১৪ - ১৩) = ১ | ১ |
| ৩ | ১৮ | (১৮ - ১৩) = ৫ | ২৫ |
| ৪ | ১২ | (১২ - ১৩) = -১ | ১ |
| ৫ | ১০ | (১০ - ১৩) = -৩ | ৯ |
| যোগফল | ৬৫ | ব্যবধানের বর্গের যোগফল | ৪০ |
| গড় আয় | $\frac{৬৫}{৫}$ = ১৩ | ব্যবধান বর্গের গড় $= \frac{৪০}{n - ১}$ | $\frac{৪০}{৫ - ১}$ = ১০ |

আমরা জানি,
$$আদর্শ\ বিচ্যুতি = \sqrt{\frac{\Sigma(আয়\ হার - গড়\ হার)^২}{n - ১}}$$
∴ আদর্শ বিচ্যুতি = $\sqrt{১০}$ = ৩.১৬% (প্রায়)।
∴ ৩.১৬%।

**ঘ** মি. অয়নের কোন প্রকল্পটি বন্ধ করা উচিত তা নির্ণয় করা হলো–
**বেলি প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :**

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় - গড়) | ব্যবধানের বর্গ $(আয় - গড়)^২$ |
|---|---|---|---|
| ১ | ১৩ | (১৩ - ১৩) = ০ | ০ |
| ২ | ৮ | (৮ - ১৩) = -৫ | ২৫ |
| ৩ | ২১ | (২১ - ১৩) = ৮ | ৬৪ |
| ৪ | ১৪ | (১৪ - ১৩) = ১ | ১ |
| ৫ | ৯ | (৯ - ১৩) = -৪ | ১৬ |
| যোগফল | ৬৫ | ব্যবধানের বর্গের যোগফল | ১০৬ |
| গড় আয় | $\frac{৬৫}{৫}$ = ১৩ | ব্যবধান বর্গের গড় $= \frac{১০৬}{n - ১}$ | $\frac{১০৬}{৫ - ১}$ = ২৬.৫০ |

আমরা জানি,
$$আদর্শ\ বিচ্যুতি = \sqrt{\frac{\Sigma(আয়\ হার - গড়\ হার)^২}{n - ১}}$$
∴ আদর্শ বিচ্যুতি = $\sqrt{২৬.৫০}$ = ৫.১৫% (প্রায়)।
অতএব উদ্দীপকে মি. অয়নের বিনিয়োগকৃত গোলাপ প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৩.১৬% ('গ' থেকে প্রাপ্ত)। বেলি প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৩.৫%। আদর্শ বিচ্যুতি যত বেশি ঝুঁকিও তত বেশি। দুটি প্রকল্পের মধ্যে বেলি প্রকল্পের আদর্শ বিচ্যুতি বেশি। তাই বলা যায়, মি. অয়নের বেলি প্রকল্প বেশি ঝুঁকিপূর্ণ হওয়ায় তা বন্ধ করে দেওয়া উচিত।

**প্রশ্ন ▶ ০৪** জনাব তুহিন ৩ বছরের জন্য ৫,০০,০০০ টাকা একটি প্রকল্পে বিনিয়োগ করতে চান। তার হাতে 'হিজল' ও 'তমাল' নামে দুটি প্রকল্প রয়েছে। প্রকল্প দুটির অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

| পূর্বানুমান | প্রকল্প 'হিজল' | প্রকল্প 'তমাল' |
|---|---|---|
| বিক্রয়-১ম বছর | ২,০০,০০০ টাকা | ১,০০,০০০ টাকা |
| বিক্রয়-২য় বছর | ২,৫০,০০০ টাকা | ২,০০,০০০ টাকা |
| বিক্রয়-৩য় বছর | ১,৫০,০০০ টাকা | ৩,০০,০০০ টাকা |
| চলতি খরচ | বিক্রয়ের ৪০% | বিক্রয়ের ৪০% |
| স্থায়ী খরচ | ৫০,০০০ টাকা | ৫০,০০০ টাকা |
| অবচয় | ২০,০০০ টাকা | ৩০% |
| কর হার | ২০,০০০ টাকা | ৩০% |

ক. নিট মুনাফার সাথে অবচয় যোগ করলে কী পাওয়া যায়? ১

খ. অর্থায়নে সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. প্রকল্প 'হিজল'-এর গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. জনাব তুহিনের বিনিয়োগের জন্য কোন প্রকল্পটি অধিক গ্রহণযোগ্য বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

### ৪নং প্রশ্নের উত্তর

**ক** নিট মুনাফার সাথে অবচয় যোগ করলে নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যায়।

**খ** কোনো একটি প্রকল্পে অর্থ বিনিয়োগ করার ফলে অন্য কোনো প্রকল্পে অর্থ বিনিয়োগের সুযোগ ত্যাগ করাকেই বিনিয়োগের সুযোগ ব্যয় বলে।

প্রত্যেকটি প্রকল্পেরই সুযোগ ব্যয় থাকে। কেননা, বিনিয়োগকারীকে একটি প্রকল্পে বিনিয়োগ করতে হলে অন্য একটি প্রকল্পের বিনিয়োগ থেকে প্রাপ্ত মুনাফার হারকে ত্যাগ করতে হয়। অর্থের সময়মূল্যের সূত্র ব্যবহার করে সুযোগ ব্যয়ের পরিমাণ নির্ণয় করা যায়।

**গ** উপর্যুক্ত তথ্য হতে 'প্রকল্প হিজল'-এর গড় মুনাফার হার নির্ণয় :

| বিবরণ | টাকার পরিমাণ (লক্ষ টাকা) | | |
|---|---|---|---|
| | **বছর ১** | **বছর ২** | **বছর ৩** |
| বিক্রয় | ২,০০,০০০ | ২,৫০,০০০ | ১,৫০,০০০ |
| চলতি খরচ (বিক্রয়ের ৪০%) | (৮০,০০০) | (১,০০,০০০) | (৬০,০০০) |
| স্থায়ী খরচ | (৫০,০০০) | (৫০,০০০) | (৫০,০০০) |
| অবচয় | (২০,০০০) | (২০,০০০) | (২০,০০০) |
| করযোগ্য মুনাফা | ৫০,০০০ | ৮০,০০০ | ২০,০০০ |
| কর (৩০%) | (১৫,০০০) | (২৪,০০০) | (৬,০০০) |
| **নিট মুনাফা** | ৩৫,০০০ | ৫৬,০০০ | ১৪,০০০ |

$$\therefore \text{ গড় নিট মুনাফা} = \frac{\text{নিট মুনাফা}}{\text{বছর}}$$

$$= \frac{৩৫,০০০ + ৫৬,০০০ + ১৪,০০০}{৩} \text{ টাকা}$$

$$= ৩৫,০০০ \text{ টাকা}$$

$$\text{গড় বিনিয়োগ} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ}}{২}$$

$$= \frac{৫,০০,০০০}{২} \text{ টাকা}$$

$$= ২,৫০,০০০ \text{ টাকা}$$

আমরা জানি,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$= \frac{৩৫,০০০}{২,৫০,০০০} \times ১০০$$

$$= ১৪\%$$

∴ হিজল প্রকল্পের গড় মুনাফার হার ১৪%।

**ঘ** জনাব তুহিনের বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণের জন্য উভয় প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করতে হবে।

তমাল প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় :

| বিবরণ | টাকার পরিমাণ (লক্ষ টাকা) | | |
|---|---|---|---|
| | **বছর ১** | **বছর ২** | **বছর ৩** |
| বিক্রয় | ১,০০,০০০ | ২,০০,০০০ | ৩,০০,০০০ |
| চলতি খরচ (বিক্রয়ের ৪০%) | (৪০,০০০) | (৮০,০০০) | (১,২০,০০০) |
| স্থায়ী খরচ | (৫০,০০০) | (৫০,০০০) | (৫০,০০০) |
| অবচয় | (২০,০০০) | (২০,০০০) | (২০,০০০) |
| করযোগ্য মুনাফা | (১০,০০০) | ৫০,০০০ | ১,১০,০০০ |
| কর (৩০%) | (৩,০০০) | (১৫,০০০) | (৩৩,০০০) |
| **নিট মুনাফা** | (৭,০০০) | ৩৫,০০০ | ৭৭,০০০ |

$$\therefore \text{ গড় নিট মুনাফা} = \frac{\text{নিট মুনাফা}}{\text{বছর}}$$

$$= \frac{-৭,০০০ + ৩৫,০০০ + ৭৭,০০০}{৩} \text{ টাকা}$$

$$= ৩৫,০০০ \text{ টাকা}$$

$$\text{গড় বিনিয়োগ} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ}}{২}$$

$$= \frac{৫,০০,০০০}{২} \text{ টাকা}$$

$$= ২,৫০,০০০ \text{ টাকা}$$

আমরা জানি,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$= \frac{৩৫,০০০}{২,৫০,০০০} \times ১০০$$

$$= ১৪\%$$

এখানে হিজল প্রকল্পের গড় মুনাফার হার ১৪% ['গ' নং থেকে পাওয়া]। তমাল প্রকল্পের গড় মুনাফার হার ১৪%। গড় মুনাফার হার যত বেশি হয়, প্রকল্প তত গ্রহণযোগ্য হয়। সুতরাং উভয় প্রকল্পের গড় মুনাফার হার সমান হওয়ায় জনাব তুহিন যেকোনো প্রকল্প গ্রহণ করতে পারেন।

**প্রশ্ন ▶ ০৫** রাজ লি. সাধারণ এবং অগ্রাধিকার শেয়ার বিক্রয়ের মাধ্যমে মূলধন সংগ্রহ করে। সাধারণ শেয়ারের বাজার মূল্য ১৫০ টাকা এবং লিখিত মূল্য ১০০ টাকা। কোম্পানিটি সদ্য সমাপ্ত বছরে সাধারণ শেয়ার প্রতি ১০ টাকা করে লভ্যাংশ ঘোষণা করে, যা পূর্বের তুলনায় ৪% বেশি। অপরদিকে, প্রতিষ্ঠানটি ২০০ টাকা লিখিত মূল্যের ১২ শতাংশ অগ্রাধিকার শেয়ার বিক্রয় করে। যার বাজার মূল্য ১৯০ টাকা। ব্যবসায় সম্প্রসারণে অর্থ প্রয়োজন হওয়ায় প্রতিষ্ঠানটি কম ব্যয়সম্পন্ন আরও কিছু শেয়ার বিক্রয়ের চিন্তা করছে।

ক. শেয়ার বাজারের সার্বিক অবস্থা বোঝার জন্য কী ব্যবহার করা হয়? ১
খ. বোনাস শেয়ার বলতে কী বোঝায়? ২
গ. রাজ লি.-এর অগ্রাধিকার শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩
ঘ. রাজ লি.-এর অতিরিক্ত মূলধনের জন্য কোন ধরনের শেয়ার বিক্রয় করা উচিত? যুক্তিসহ উপস্থাপন করো। ৪

### ৫নং প্রশ্নের উত্তর

**ক** শেয়ার বাজারের সার্বিক অবস্থা বোঝার জন্য সূচক ব্যবহার করা হয়।

**খ** কোম্পানির অবণ্টিত মুনাফা শেয়ার মালিকদের লভ্যাংশ হিসেবে না দিয়ে তা শেয়ারে রূপান্তর করে পুরোনো শেয়ার মালিকদের মধ্যে আনুপাতিক হারে বণ্টন করা হলে তাকে বোনাস শেয়ার বলা হয়।

সাধারণত কোম্পানিগুরো লভ্যাংশ দেওয়ার বিকল্প হিসেবে বোনাস শেয়ার ইস্যু করে। বোনাস শেয়ারের মাধ্যমে কোম্পানি অবণ্টিত মুনাফাকে সাধারণ শেয়ারে রূপান্তর করে। এর মাধ্যমে কোম্পানি লভ্যাংশকে কাজে লাগিয়ে প্রতিষ্ঠানে শেয়ারের পরিমাণ বাড়ায়।

**গ** রাজ লি.-এর অগ্রাধিকার শেয়ার মূলধন ব্যয় নির্ণয় :

এখানে,
লিখিত মূল্য = ২০০ টাকা
বাজার মূল্য = ১৯০ টাকা
লভ্যাংশের হার = ১২% বা ০.১২
লভ্যাংশের পরিমাণ = ২০০ × ০.১২ = ২৪
আমরা জানি,

$$\text{অগ্রাধিকার শেয়ার মূলধন ব্যয়, } k_p = \frac{\text{লভ্যাংশ}}{\text{বাজার মূল্য}} \times ১০০ = \frac{২৪}{১৯০} \times ১০০ = ১২.৬৩\%$$

∴ রাজ লি.-এর অগ্রাধিকার শেয়ার মূলধন ব্যয় ১২.৬৩%।
**উত্তর : ১২.৬৩%।**

**ঘ** সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় :

এখানে,
বাজার মূল্য, $P_o$ = ১৫০ টাকা
লভ্যাংশ$_o$, $D_o$ = ১০ টাকা
লভ্যাংশ বৃদ্ধির হার, $g$ = ৪% বা ০.০৪
লভ্যাংশ$_১$, $D_১ = D_o(১ + g)$
= ১০(১ + ০.০৪)
= ১০.৪০ টাকা
আমরা জানি,

$$\text{সাধারণ শেয়ার মূলধন ব্যয় } k_e = \left\{\left(\frac{D_১}{P_o} + g\right) \times ১০০\right\} = \left\{\left(\frac{১০.৪০}{১৫০} + ০.০৪\right) \times ১০০\right\} = ০.১০৯৩ \times ১০০ = ১০.৯৩\%$$

সাধারণ শেয়ারের মূলধন ব্যয় ১০.৯৩%। অপরদিকে, অগ্রাধিকার শেয়ারের মূলধন ব্যয় ১২.৬৩% ['গ' নং থেকে পাওয়া]। অর্থাৎ, সাধারণ শেয়ারের মূলধন ব্যয় অগ্রাধিকার শেয়র মূলধন ব্যয়ের থেকে (১২.৬৩১৬ – ১০.৯৩) = ১.৭০% কম। তাই বলা যায় রাজ লি.-এর অতিরিক্ত মূলধন সংগ্রহের জন্য সাধারণ শেয়ার বিক্রয় করা উচিত।

**প্রশ্ন ▶ ০৬** জনাব নিবিড় একজন ঢেউটিনের পাইকারী ব্যবসায়ী। তিনি নিজস্ব পুঁজিতে টিন ক্রয় করেন। হঠাৎ নগদ অর্থের ঘাটতি হলে তিনি নিয়মিত ক্রেতা সাদিয়া ট্রেডার্সের নিকট থেকে অগ্রিম গ্রহণ করেন। সম্প্রতি পণ্য ডেলিভারি দেওয়ার জন্য তার একটি ট্রাকের প্রয়োজন হলে তিনি তা ক্রয় না করে ভাড়ার বিনিময়ে পাঁচ বছরের জন্য সংগ্রহ করেন।

ক. তহবিল বিনিয়োগের মূল উদ্দেশ্য কী? ১
খ. বিনিময় বিল বলতে কী বোঝায়? ২
গ. নগদ অর্থের ঘাটতি পূরণে জনাব নিবিড় কোন ধরনের তহবিল ব্যবহার করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. ভাড়ার বিনিময়ে ট্রাক সংগ্রহ করার যৌক্তিকতা বিশেষণ করো। ৪

### ৬নং প্রশ্নের উত্তর

**ক** তহবিল বিনিয়োগের মূল্য উদ্দেশ্য হলো মুনাফা অর্জন।

**খ** যখন বাকিতে পণ্য ক্রয় করা হয়, তখন ক্রয়কারী প্রতিষ্ঠান বিক্রেতাকে একটি দলিল প্রদান করে যা বিনিময় বিল নামে পরিচিত।

বিনিময় বিলের মাধ্যমে ক্রেতা বিক্রেতাকে নির্দিষ্ট মেয়াদ শেষে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের অঙ্গীকার করে। যে নির্দিষ্ট মেয়াদ শেষে নির্দিষ্ট পরিমান অর্থ পরিশোধ করবে এই বিলের মেয়াদ সাধারনত তিন মাস হয়ে থাকে। বিক্রেতার জন্য এই বিলটি হলো প্রাপ্য বিল বা বিনিময় বিল।

**গ** নগদ অর্থের ঘাটতি পূরণে তিনি স্বল্পমেয়াদি অর্থায়নের অপ্রাতিষ্ঠানিক উৎস ব্যবহার করেন।

১ বছর বা তার কম সময়ের জন্য যে অর্থায়ন করা হয় তা হলো স্বল্পমেয়াদি অর্থায়ন। এ অর্থায়ন প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক উভয় উৎস থেকে সংগ্রহ করা যায়। ব্যবসায়ের চলতি মূলধনের প্রয়োজন মেটানোর জন্য এ অর্থায়ন করা হয়। স্বল্পমেয়াদি উৎস হতে অর্থ সংস্থানের খরচ তুলনামূলক কম। স্বল্পমেয়াদি তহবিলের উৎসগুলো হলো– ক্রেতা হতে অগ্রিম, মজুদ মাল বন্ধকীকরণ, গ্রাম্য মহাজন থেকে সুদের বিনিময়ে ঋণ, স্বল্পমেয়াদি ব্যাংক ঋণ, বাণিজ্যিক পত্র ইত্যাদি।

উদ্দীপকে জনাব নিবিড় একজন ঢেউটিনের পাইকারি ব্যবসায়ী। তিনি নিজস্ব পুঁজিতে টিন ক্রয় করেন। হঠাৎ নগদ অর্থের ঘাটতি হলে তিনি, নিয়মিত ক্রেতা সাদিয়া ট্রেডার্সের নিকট থেকে অগ্রিম অর্থ গ্রহণ করেন। অনেক সময় বিশ্বস্ত ও স্থায়ী ক্রেতারা ভবিষ্যৎ ক্রয়ের মোট মূল্যের সম্পূর্ণ বা কিছু অংশ বিক্রেতাকে অগ্রিম দেয়। এটি বিক্রেতার জন্য স্বল্পমেয়াদি অর্থায়নের অপ্রাতিষ্ঠানিক উৎস হিসেবে কাজ করে। তাই পরিশেষে বলা যায় যে, উদ্দীপকে জনাব নিবিড় ক্রেতা থেকে অগ্রিম গ্রহণ করে স্বল্পমেয়াদি অর্থায়ন করেন।

**ঘ** লিজিং-এর মাধ্যমে ভাড়ার বিনিময়ে ট্রাক সংগ্রহ করা যৌক্তিক বলে আমি মনে করি।

লিজিং হলো দীর্ঘমেয়াদি অর্থায়নের একটি অভিনব পদ্ধতি। এর মাধ্যমে ভাড়ার বিনিময়ে যন্ত্রপাতি, মেশিন, আসবাবপত্র ইত্যাদি ব্যবহারের সুযোগ পাওয়া যায়। তবে এক্ষেত্রে সম্পত্তির মালিকানা লিজিং কোম্পানির কাছে থাকে।

উদ্দীপকে জনাব নিবিড় একজন ঢেউটিনের পাইকারী ব্যবসায়ী। সম্প্রতি পণ্য ডেলিভারি দেওয়ার জন্য তার একটি ট্রাকের প্রয়োজন হয়। তিনি ট্রাকটি ক্রয় না করে ভাড়ার বিনিময়ে পাঁচ বছরের জন্য সংগ্রহ করেন। অর্থাৎ, তিনি লিজিং ব্যবহার করেছেন।

ট্রাক মূলত একটি ব্যয়বহুল যানবাহন। লিজিং-এর মাধ্যমে এই ধরনের ব্যয়বহুল যন্ত্রপাতি, মেশিন, আসবাবপত্র সরাসরি না কিনে ভাড়ার বিনিময়ে ব্যবহার করা যায়। উদ্দীপকে জনাব নিবিড় ট্রাকটি না কিনে ভাড়ার বিনিময়ে ব্যবহার করছে। ফলে প্রতিষ্ঠানটিকে দীর্ঘমেয়াদি ঋণ নিতে হয়নি। বরং তুলনামূলকভাবে কম ভাড়ার বিনিময়ে প্রতিষ্ঠানটি ট্রাক ব্যবহার করতে পারবে। তাই বলা যায়, জনাব নিবিড়ের ট্রাক সংগ্রহের উৎসটি যথার্থ হয়েছে।

**প্রশ্ন ▶ ০৭** মিসেস সুমি একজন চাকরিজীবী। তিনি অর্জিত আয়ের কিছু অংশ সঞ্চয় করার জন্য ব্যাংকে ৫ বছর মেয়াদি একটি হিসাব খোলেন। উক্ত হিসেবে প্রতিমাসের ৫ তারিখের মধ্যে ৩,০০০ টাকা করে জমা রাখেন। যেখান থেকে মেয়াদ শেষে এককালীন সুদসহ আসল টাকা ফেরত পাবেন। ব্যাংক তাকে একটি কার্ড সরবরাহ করে। ঢাকার একটি আধুনিক শপিং মলে কেনাকাটা করে উক্ত কার্ডের মাধ্যমে বিল পরিশোধ করতে ব্যর্থ হন। এমতাবস্থায় তার স্বামীর কার্ডটি দিয়ে বিল পরিশোধ করেন।

ক. কোনটি থেকে গ্রাহক ব্যাংকের কর্মচারীর উপস্থিতি ছাড়াই টাকা উত্তোলন করতে পারে? ১
খ. স্কুল সঞ্চয়ী হিসাব বলতে কী বোঝায়? ২
গ. মিসেস সুমি ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. মিসেস সুমি ও তার স্বামীর কার্ড দুটির তুলনামূলক আলোচনা করো। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

**ক** ATM (Automated Teller Machine) থেকে গ্রাহক ব্যাংকের কর্মচারীর উপস্থিতি ছাড়াই টাকা উত্তলোন করতে পারে।

**খ** স্কুল কলেজের ছাত্র-ছাত্রীদের সঞ্চয়ে উৎসাহ প্রদান করার জন্য ব্যাংকসমূহ যে বিশেষ ধরনের হিসাবের ব্যবস্থা করে তাকে স্কুল সঞ্চয়ী ব্যাংক হিসাব বলে।

স্কুল কলেজের ছাত্র/ছাত্রীদেরকে তাদের পড়ালেখার ব্যয় নির্বাহ করার পর তাদের হাতে অতিরিক্ত যে অর্থ থাকে সেগুলো এ হিসাবের মাধ্যমে সঞ্চয় করা যায়। এক্ষেত্রে স্কুলে ব্যাংকের শাখা খোলা হয়। এ ধরনের আমানতি অর্থের ওপর ব্যাংক আমনতকারীকে সুদ প্রদান করে থাকে।

**গ** মিসেস সুমি ব্যাংকে ডিপোজিট পেনশন স্কিম হিসাব খুলেছেন।

এ হিসাবের মাধ্যমে প্রতি মাসে নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দিতে হয়। এভাবে দীর্ঘমেয়াদে টাকা রাখা হয়। মেয়াদ শেষে সুদসহ আসল টাকা ফেরত দেওয়া হয়। মুদ্রা বিনিয়োগকারীদের জন্য এটি একটি বিশেষ গুরুত্বপূর্ণ হিসাব।

উদ্দীপকের মিসেস সুমি একজন চাকরিজীবী। তিনি অর্জিত আয়ের কিছু অংশ সঞ্চয় করতে ব্যাংকে ৫ বছর মেয়াদি একটি হিসাব খোলেন। উক্ত হিসাবে প্রতি মাসের ৫ তারিখের মদ্যে ৩,০০০ টাকা করে জমা রাখেন। মেয়াদ শেষে সুদসহ এককালীন আসল টাকা ফেরত পাবেন। এখানে মিসেস সুমির হিসাবটির বৈশিষ্ট্য হলো নির্দিষ্ট সময় পর নির্দিষ্ট পরিমাণ অর্থ জমাদান এবং মেয়াদ শেষে সুদসহ আসল প্রাপ্তি। এই বৈশিষ্ট্যটি শুধু ডিপোজিট পেনশন স্কিম হিসাবের সাথে সাদৃশ্যপূর্ণ। তাই বলা যায়, উদ্দীপকে মিসেস সুমি ব্যাংকে ডিপোজিট পেনশন স্কিম হিসাব খুলেছেন।

**ঘ** মিসেস সুমির ব্যবহৃত কার্ড হলো ডেবিট কার্ড এবং তার স্বামীর ব্যবহৃত কার্ড হলো ক্রেডিট কার্ড।

ডেবিট কার্ডের মাধ্যমে গ্রাহক যেকোনো সময় ATM থেকে টাকা উত্তোলন ও জমা করতে পারে। প্রয়োজনে এ কার্ডের মাধ্যমে নগদ টাকা ছাড়াও কেনাকাটা করা যায়। তবে ব্যাংক হিসাবে টাকা থাকা সাপেক্ষে এ কার্ড ব্যবহার করা যায়। অন্যদিকে, ক্রেডিট কার্ডের মাধ্যমে উক্ত সেবাগুলো ব্যাংক হিসাবে টাকা না থাকলেও গ্রহণ করা যায়।

উদ্দীপকে ব্যাংক মিসেস সুমিকে একটি ইলেকট্রনিক কার্ড সরবরাহ করে। তিনি ঢাকার একটি আধুনিক শপিং মলে কেনাকাটা করেন। কেনাকাটার পর তিনি উক্ত কার্ডের মাধ্যমে বিল পরিশোধে ব্যর্থ হন। এমতাবস্থায় তার স্বামীর কার্ডটি দিয়ে বিল পরিশোধ করেন।

মিসেস সুমির স্বামীর ব্যবহৃত কার্ডটি ক্রেডিট কার্ড এবং তার কার্ডটি হলো ডেবিট কার্ড। দুটি কার্ডই ব্যাংক প্রদত্ত ইলেকট্রনিক প্লাস্টিক কার্ড হলেও এদের মধ্যে পার্থক্য রয়েছে। মিসেস সুমি তার স্বামীর কার্ডের মাধ্যমে ব্যাংক হিসাবে অর্থ না থাকলেও কেনাকাটা কিংবা সব ধরনের লেনদেন করতে পারবেন। অন্যদিকে, তার কার্ডটি দ্বারা লেনদেন করতে হলে অবশ্যই ব্যাংক হিসাবে পর্যাপ্ত পরিমাণে অর্থ থাকতে হবে। আবার, তার কার্ড ব্যবহার করার জন্য ব্যাংক হিসাব থাকা বাধ্যতামূলক। অন্যদিকে, তার স্বামীর কার্ড ব্যবহার করার জন্য ব্যাংক হিসাবের বাধ্যবাধকতা নেই। তাই বলা যায়, দুটি কার্ড একই মনে হলেও বৈশিষ্ট্যগত দিক থেকে তুলনামূলক পার্থক্য রয়েছে।

**প্রশ্ন ▶ ০৮** 'ঝিনুক ব্যাংক' জনগণের আমানতের একটি বড়ো অংশ অন্যত্র বিনিয়োগ করেন। ফলে ব্যাংকের আয় বৃদ্ধি পেলেও আমানতকারীদের জমাকৃত অর্থ চাহিবামাত্র ফেরত দিতে পারছে না। এমতাবস্থায় ব্যাংকটি তার আর্থিক সংকট নিরসনে 'অগ্রগতি' ব্যাংকের শরণাপন্ন হলে 'অগ্রগতি' ব্যাংক তাকে প্রয়োজনীয় সহায়তা করে থাকে।

ক. কাগজি মুদ্রার প্রচলন শুরু হয় কত শতাব্দীতে? ১
খ. প্রাপ্য বিলের বাট্টাকরণ বলতে কী বোঝায়? ২
গ. 'ঝিনুক ব্যাংক' ব্যাংকিং ব্যবসায়ের কোন নীতি লঙ্ঘন করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ঝিনুক ব্যাংকের আর্থিক সংকটে অগ্রগতি ব্যাংকের সহায়তা করার যৌক্তিকতা বিশেষণ করো। ৪

### ৮নং প্রশ্নের উত্তর

**ক** কাগজী মুদ্রার প্রচলন শুরু হয় উনবিংশ শতাব্দীতে।

**খ** প্রাপ্য বিলকে উল্লিখিত মূল্যের চেয়ে কম মূল্যে ভাঙিয়ে অর্থ সংগ্রহ করা হয়।

একজন বিক্রেতা ধারে বিক্রি করা পণ্যের অর্থ ফেরত পাওয়ার নিশ্চয়তাস্বরূপ যে দলিল গ্রহণ করে তাকে প্রাপ্য বিল বলা হয়। সাধারণত নির্দিষ্ট মেয়াদের জন্য এসব দলিল তৈরি করা হয়। উক্ত মেয়দের আগে বিলের প্রাপকের টাকার প্রয়োজন হলে তিনি বিলে উল্লিখিত টাকার পরিমাণের চেয়ে কম অর্থ গ্রহণের মাধ্যমে বিলটি ভাঙাতে পারেন। এটি বিলের বাট্টাকরণ নামে পরিচিত।

**গ** উদ্দীপকে 'ঝিনুক ব্যাংক' ব্যাংকিং ব্যবসায়ের তারল্য নীতি লঙ্ঘন করেছে।

গ্রাহকদের অর্থ চাহিবামাত্র পরিশোধের সামর্থ্য ধরে রাখার জন্য কাম্য পরিমাণ তরল সম্পদ সংরক্ষণের কৌশলই হলো বাণিজ্যিক ব্যাংকের তারল্য নীতি। প্রয়োজনের তুলনায় কম অর্থ সংরক্ষণ করলে আমানতকারীর অর্থ চাহিবামাত্র পরিশোধ করা যায় না। আবার, অতিরিক্ত অর্থ সংরক্ষণ করলে বিনিয়োগ থেকে মুনাফার পরিমাণ হ্রাস পায়।

উদ্দীপকের 'ঝিনুক ব্যাংক' জনগণের আমানতের একটি বড় অংশ অন্যত্র বিনিয়োগ করে। ফলে ব্যাংকের আয় বৃদ্ধি পেলেও আমানতকারীর জমাকৃত অর্থ চাহিবামাত্র ফেরত দিতে পারছে না। কারণ বাণিজ্যিক ব্যাংকসমূহ মূলত আমানতকারীদের অর্থই পরবর্তীতে ঋণদান করে। এক্ষেত্রে আমানতকারীদের সব অর্থ যদি ব্যাংকসমূহ ঋণ হিসেবে দিয়ে দেয় তবে আমানতকারীরা যখন তা উত্তোলন করতে চাইবে তখন ব্যাংক তা প্রদান করতে পারবে না। উদ্দীপকে 'ঝিনুক ব্যাংক' তারল্য নীতি অনুযায়ী যথাযথ তারল্য সংরক্ষণ না করায় একই সমস্যায় পড়েছে। তাই বলা যায়, তারল্য নীতি ভঙ্গ করার কারণেই 'ঝিনুক ব্যাংক' গ্রাহকদের জমাকৃত অর্থ পরিশোধ করতে পারছে না।

**ঘ** 'ঝিনুক ব্যাংকের' আর্থিক সংকটে 'অগ্রগতি' ব্যাংকের সহায়তা করা একটি যৌক্তিক সিদ্ধান্ত বলে আমি মনে করি।

বাণিজ্যিক ব্যাংকসমূহের ব্যাংকার হিসেবে কেন্দ্রীয় ব্যাংক দেশের তালিকাভুক্ত ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানকে ঋণ দিয়ে থাকে। ঋণ প্রদানের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকের কার্যক্রমে সহায়তা করে। তাই কেন্দ্রীয় ব্যাংককে ঋণের শেষ আশ্রয়স্থলও বলা হয়।

উদ্দীপকে 'ঝিনুক ব্যাংক' আমানতের বড় অংশ অন্যত্র বিনিয়োগ করে। ফলে ব্যাংক গ্রাহকের জমাকৃত অর্থ চাহিবামাত্র ফেরত দিতে পারছে না। ব্যাংকটি আর্থিক সংকট নিরসনে 'অগ্রগতি' ব্যাংকের শরণাপন্ন হয়। 'অগ্রগতি ব্যাংক' তাকে প্রয়োজনীয় সহায়তা করে।

ঋণের শেষ আশ্রয়স্থল হিসেবে কেন্দ্রীয় ব্যাংকই তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংককে আর্থিক সহায্য করে। একইভাবে উদ্দীপকে 'অগ্রগতি' ব্যাংক ঝিনুক ব্যাংককে সাহায্য করেছে। এক্ষেত্রে 'অগ্রগতি' ব্যাংক কেন্দ্রীয় ব্যাংক হিসেবে তার দায়িত্বপালন করেছে। তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংক হিসেবে 'ঝিনুক' ব্যাংক তার আর্থিক সংকটে 'অগ্রগতি' ব্যাংকের দ্বারস্থ হয়েছে। তাই বলা যায়, 'ঝিনুক' ব্যাংক-এর আর্থিক সংকটে 'অগ্রগতি' ব্যাংক-এর সহায়তা করা যৌক্তিক ছিল।

**প্রশ্ন ▶ ০৯** কাপড় ব্যবসায়ী জনাব শাকিল তার পাওনাদার জনাব জুবায়েরকে ৫০,০০০ টাকা মূল্যের একটি চেক প্রদান করেন। জনাব জুবায়ের দেখলেন চেকটিতে তার নিজের নাম লেখা রয়েছে। তিনি নিরাপত্তার কথা বিবেচনা করে চেকটির বাম কোণের উপরে আড়াআড়ি সমান্তরাল করে দুটি রেখা টেনে দিলেন।

ক. নিকাশ ঘর কী? ১
খ. এনি ব্রাঞ্চ ব্যাংকিং বলতে কী বোঝায়? ২
গ. জনাব শাকিল কর্তৃক ইস্যুকৃত চেকটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. চেকটির নিরাপত্তা বিধানে জনাব জুবায়ের গৃহীত পদক্ষেপটি মূল্যায়ন করো। ৪

### ৯নং প্রশ্নের উত্তর

**ক** যে স্থানে কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকসমূহের আন্তঃলেনদেন নিষ্পত্তি করে তাকে নিকাশঘর বলা হয়।

**খ** এনি ব্রাঞ্চ ব্যাংকিং বলতে ব্যাংকের একটি শাখায় হিসাব খুলে দেশের যেকোনো স্থানে উক্ত ব্যাংকের শাখার মাধ্যমে লেনদেন করাকে বোঝায়।

ব্যাংকের যে শাখায় হিসাব খোলা হয় সেই শাখায় না গিয়েও অন্য শাখায় লেনদেন করা যায়। যেমন– গাজীপুরে একটি শাখায় হিসাব খুলে প্রয়োজনে রংপুরের যেকোনো শাখায় লেনদেন সুবিধা পাওয়া যায় অনেক ব্যাংকের শাখা দেশের বাহিরে সর্বত্র পাওয়া যায়।

**গ** জনাব শাকিল কর্তৃক ইস্যুকৃত চেকটি হলো হুকুম চেক।

হুকুম চেক নির্দিষ্ট কোনো ব্যক্তির নামে ইস্যু করা হয়। এ চেকের টাকা চেকে উল্লিখিত ব্যক্তি ছাড়া ব্যাংক থেকে অন্য কেউ উঠাতে পারে না। এ চেক বাহক চেকের তুলনায় নিরাপদ।

উদ্দীপকে কাপড় ব্যাবসয়ী জনাব শাকিল তার পাওনাদার জনাব জুবায়েরকে ৫০,০০০ টাকা মূল্যের একটি চেক প্রদান করেন। চেকটিতে জনাব জুবায়েরের নাম লেখ হয়েছে। অর্থাৎ, চেকটি জনাব জুবায়েরের নামে ইস্যু করা হয়েছে। এক্ষেত্রে আদেষ্টা (জনাব শাকিল) জনাব জুবায়েরকে টাকা পরিশোধের জন্য ব্যাংককে আদেশ দিয়েছেন। এ চেকের প্রাপক জনাব জুবায়ের। আর ব্যাংক কেবল জনাব জুবায়েরকে উক্ত চেকের অর্থ পরিশোধ করবে। সাধারণত হুকুম চেকে নির্দিষ্ট কোনো ব্যক্তিকে অর্থ পরিশোধের জন্য আদেশ দেওয়া হয়। সুতরাং বৈশিষ্ট্যগত দিক থেকে বলা যায়, উদ্দীপকে জনাব শাকিল কর্তৃক ইস্যুকৃত চেকটি হলো হুকুম চেক।

**ঘ** উদ্দীপকে জনাব জুবায়েরের গৃহীত পদক্ষেপ হুকুম চেককে দাগকাটা চেকে রূপান্তর করেছে, যা চেকটির নিরাপত্তা বাড়িয়েছে।

বাহক চেক বা হুকুম চেকের উপরিভাগের বাম কোণায় আড়াআড়ি দুটি দাগ কেটে দাগকাটা চেকে রূপান্তর করা যায়। ব্যাংক এ চেকের টাকা নগদে পরিশোধ করে না। প্রাপকের ব্যাংক হিসাবে এ চেক জমা দিয়ে টাকা ওঠানো যায়।

উদ্দীপকে জনাব জুবায়ের ৫০,০০০ টাকা একটি চেক পান। তিনি দেখলেন চেকটিতে তার নিজের নাম লেখা রয়েছে। অর্থাৎ, চেকটি একটি হুকুম চেক। পরবর্তীতে তিনি চেকের নিরাপত্তার কথা বিবেচনা করে চেকটির বাম কোণের ওপরে আড়াআড়িভাবে দুটি রেখা টেনে দিলেন।

জনাব জুবায়ের উক্ত কাজের মাধ্যমে চেকটিকে দাগকাটা চেকে পরিণত করেছেন। ফলে কেবল তিনিই তার ব্যাংক হিসাবের মাধ্যমে এ চেকের টাকা তুলতে পারবেন। এক্ষেত্রে চেকটি চুরি হলে বা হারিয়ে গেলেও প্রতারণা বা জালিয়াতির আশঙ্কা নেই। অর্থাৎ, অন্য কেউ চাইলেও এ চেকের টাকা তুলতে পারবে না। সুতরাং বলা যায়, চেকটির নিরাপত্তা বিধানে জনাব জুবায়েরের গৃহীত পদক্ষেপটি অত্যন্ত যৌক্তিক।

**প্রশ্ন ▶ ১০** চাকরিজীবী মি. শ্যামল তার অর্জিত আয়ের সব টাকা খরচ না করে প্রতিমাসে কিছু টাকা সঞ্চয় করেন। তিনি সঞ্চয়কৃত অর্থ নিরাপদে জমা রাখার উদ্দেশ্যে ব্যাংকে একটি হিসাব খোলেন। ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে তিনি তার নিকটস্থ তালিকাভুক্ত বহুশাখা বিশিষ্ট 'পদ্মা ব্যাংক' নির্বাচন করেন।

ক. বিমা সঞ্চয়ী হিসাব থেকে কোন সুবিধা পাওয়া যায়? ১
খ. মুসারাকা কী? ব্যাখ্যা করো। ২
গ. 'পদ্মা ব্যাংকে' মি. শ্যামল কোন ধরনের হিসাব খোলেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে মি. শ্যামলের পদ্মা ব্যাংকে হিসাব খোলার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

### ১০নং প্রশ্নের উত্তর

**ক** বিমা সঞ্চয়ী হিসাব থেকে জীবন বিমার সুবিধা পাওয়া যায়।

**খ** মুসারাকা বলতে ব্যাংক এবং গ্রাহকের যৌথ উদ্যোগে ব্যবসায় পরিচালনার মাধ্যমে লাভ ও লোকসান সমানভাবে ভাগ করাকে বোঝায়। ইসলামি ব্যাংক ইসলামি শরীয়াহ অনুযায়ী পরিচালিত হয়। তাই সুদ থেকে বাঁচার জন্য ইসলামি ব্যাংক এই সেবাগুলো দেয়। এরূপ আরও কিছু ইসলামি ব্যাংকিং সেবা হলো মুদারাবা, মুরাবাহা, ইজারা ইত্যাদি।

**গ** 'পদ্মা ব্যাংকে' মি. শ্যামল সঞ্চয়ী হিসাব খোলেন।

যে হিসাবের মাধ্যমে প্রতিদিন বা সপ্তাহে যতবার খুশি টাকা জমা রাখা যায়। কিন্তু সাপ্তাহে দুইবার বা নির্দিষ্ট নিয়মানুযায়ী টাকা উত্তোলন করতে হয়। সাধারণত অব্যবসায়ী বা নির্দিষ্ট আয়ের জনগণ সঞ্চয়ের উদ্দেশ্যে এ হিসাব খুলে থাকেন। এ হিসাবে বিনিময়ে স্বল্প হারে সুদ দেওয়া হয়।

উদ্দীপকে মি. শ্যামল একজন চাকরিজীবী। তিনি বেতনের সব টাকা খরচ করেন না। প্রত্যেক মাসে কিছু টাকা সঞ্চয় করেন। তিনি উক্ত সঞ্চয়কৃত টাকা নিরাপদে জমা রাখার উদ্দেশ্যে একটি ব্যাংক হিসাব খোলার সিদ্ধান্ত নেন। সাধারণত সঞ্চয়ী হিসাবে নিয়মিত অর্থ জমা দেওয়া যায় এবং প্রয়োজনে অর্থ উত্তোলন করা যায়। এই হিসাবে স্বল্প হারে সুদ পাওয়া যায়। চাকরিজীবীদের জন্য এ হিসাব খুবই উপযোগী। তাই বলা যায়, একজন চাকরিজীবী হিসেবে উদ্দীপকের মি. শ্যামলের ব্যাংক হিসাবটি একটি সঞ্চয়ী হিসাব।

**ঘ** ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে মি. শ্যামল ব্যাংকের অবস্থান, তালিকাভুক্তির ধরন, বহুশাখা ইত্যাদি বিষয়গুলো নিয়ে চিন্তা-ভাবনা করেছেন, যা যৌক্তিক।

ব্যাংকে হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহককে অনেকগুলো বিষয় বিবেচনা করতে হয়। আমানতকারী হিসাব খোলার পূর্বে তার বাসস্থান বা কর্মস্থল থেকে ব্যাংকের অবস্থান বিবেচনা করে। এছাড়াও ব্যাংক তালিকাভুক্ত হলে গ্রাহক লেনদেন অধিক নিরাপদ মনে করে। এর বাইরে উক্ত ব্যাংকের কর্মকর্তাদের দক্ষতা, সুনাম, শাখা, সেবার মান ইত্যাদি বিষয়গুলো পর্যালোচনা করে।

উদ্দীপকে মি. শ্যামল একজন চাকরিজীবী। তিনি বেতন থেকে প্রতি মাসে কিছু টাকা সঞ্চয় করেন। তিনি সঞ্চয়কৃত টাকা নিরাপদে জমা রাখতে চান। তাই তিনি ব্যাংক হিসাব খোলার সিদ্ধান্ত নেন। এক্ষেত্রে তার নিকটস্থ তালিকাভুক্ত বহুশাখা বিশিষ্ট 'পদ্মা ব্যাংক' নির্বাচন করেন।

মি. শ্যামলের মতো চাকরিজীবীরা ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে ব্যাংকের অবস্থান ভালোভাবে বিশ্লেষণ করেন। আবার, অতালিকাভুক্ত ব্যাংক অপেক্ষা তালিকাভুক্ত ব্যাংকে লেনদেন করা উত্তম। তাই তিনি ব্যাংক নির্বাচনে তালিকাভুক্ত ব্যাংক প্রাধান্য দেন। আবার, ব্যাংকের একাধিক শাখা থাকায় লেনদেন করা সহজ হয়। মি. শ্যামলও বহুশাখা সম্পন্ন ব্যাংক প্রাধান্য দেয়। তাই বলা যায়, মি. শ্যামলের ব্যাংকে হিসার খোলার বিবেচ্য বিষয়গুলো নিয়ে চিন্তা-ভাবনা করা যুক্তিযুক্ত।

**প্রশ্ন ▶ ১১** জনাব নাঈম একজন আমদানিকারক। তিনি ভারতের রায় ট্রেডার্সকে পেঁয়াজ আমদানির প্রস্তাব দিলে প্রতিষ্ঠানটি অগ্রিম অর্থ প্রাপ্তির নিশ্চয়তা চায়। এ ব্যাপারে 'ধান সিঁড়ি ব্যাংক' তার পক্ষে রায় ট্রেডার্সকে অর্থ প্রদানের নিশ্চয়তা দেয়। জনাব নাঈম ভারত যাওয়ার পূর্বে তার মূল্যবান দলিলপত্রাদির নিরাপত্তার জন্য 'ধান সিঁড়ি' ব্যাংকে জমা রাখেন।

ক. ব্যাংক কীভাবে মূলধন গঠন করে? ১

খ. সংরক্ষিত তহবিল বলতে কী বোঝায়? ২

গ. 'ধান সিঁড়ি' ব্যাংক জনাব নাঈমকে পণ্য আমদানি করতে কী ধরনের সহায়তা করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উলিখিত কার্যাবলি 'ধান সিঁড়ি' ব্যাংকের আয়ের উৎস বিশেষণ করো। ৪

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** জনগণের বিভিন্ন সঞ্চয় হিসাবের মাধ্যমে ব্যাংক মূলধন গঠন করে।

**খ** বাণিজ্যিক ব্যাংকের তহবিল সংগ্রহের একটি অভ্যন্তরীণ উৎস হলো সংরক্ষিত তহবিল।

বাণিজ্যিক ব্যাংক মূলধনের প্রয়োজন মেটানোর লক্ষ্যে পরিশোধিত মূলধন ছাড়াও অভ্যন্তরীণ উৎস হিসেবে সংরক্ষিত তহবিলের আশ্রয় নিয়ে থাকে। এ লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংক প্রত্যেক বছর মুনাফার একটি অংশ শেয়ারহোল্ডার বা মালিকগণের মধ্যে বণ্টন না করে ভবিষ্যতের জন্য সঞ্চয় করে রাখার যে ব্যবস্থা গ্রহণ করে, তাকেই মূলত সংরক্ষিত তহবিল বা মূলধন বলে। ভবিষ্যতে বাণিজ্যিক ব্যাংক প্রয়োজনে এ সংরক্ষিত তহবিল মূলধন হিসেবে ব্যবহার করে থাকে।

**গ** 'ধান সিঁড়ি' ব্যাংক জনাব নাঈমকে পণ্য আমদানি করতে প্রত্যয়পত্র ইস্যু মাধ্যমে সহায়তা করে।

আমদানি-রপ্তানি বাণিজ্যে ব্যবহৃত একটি গুরুত্বপূর্ণ দলিল হলো Letter of Credit (LC) বা প্রত্যয়পত্র।

প্রত্যয়পত্রের মাধ্যমে ব্যাংক বৈদেশিক বাণিজ্যে রপ্তানিকারককে আমদানিকারকের পক্ষ থেকে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে। প্রত্যয়পত্র এমন একটি ব্যবস্থা, যেখানে আমদানিকারক ও রপ্তানিকারকের মধ্যে আর্থিক এবং ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে তাদের মনোনীত ব্যাংক দুই পক্ষের স্বার্থ সংরক্ষণের মাধ্যমে অভ্যন্তরীণ এবং বৈদেশিক ব্যবসায়-বাণিজ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

উদ্দীপদের জনাব নাঈম একজন আমদানিকারক। তিনি ভারতের রায় ট্রেডার্সকে পেঁয়াজ আমদানির প্রস্তাব দেয়। রায় ট্রেডার্স অগ্রিম অর্থ প্রদানের নিশ্চয়তা চায়। এ ব্যাপারে 'ধান সিঁড়ি' ব্যাংক তার পক্ষে রায় ট্রেডার্সকে অর্থ প্রদানের নিশ্চয়তা দেয়। এক্ষেত্রে 'ধান সিঁড়ি' ব্যাংক কর্তৃক গৃহীত বিশেষ পদক্ষেপটি হলো প্রত্যয়পত্র। কেননা এই দলিলের মাধ্যমে আমদানিকারকের পক্ষে বাণিজ্যিক ব্যাংক রপ্তানিকারককে অর্থ পরিশোধ করে। ফলে রপ্তানিকারক নিশ্চিন্তে পণ্য প্রেরণ করতে পারে। অতএব, উদ্দীপকে 'ধান সিঁড়ি' ব্যাংক প্রত্যয়পত্রের মাধ্যমে জনাব নাঈমকে সহায়তা করে।

**ঘ** 'ধান সিঁড়ি' ব্যাংক প্রত্যয়পত্র ও লকার ভাড়া সেবা প্রদান করে আয় করে।

বাণিজ্যিক ব্যাংক মক্কেলের পক্ষে বিভিন্ন প্রতিনিধিত্বমূলক কাজ বা লেনদেন করে। যেমন: চেক বা বিলের অর্থ আদায়-পরিশোধ, লকার ভাড়া, ব্যাংক ড্রাফট, ট্রাভেলার্স চেক ইস্যু, প্রত্যয়পত্র ইস্যু ইত্যাদি। এসব কাজের বিনিময়ে ব্যাংক নির্দিষ্ট কমিশন বা ভাড়া আদায় করে।

উদ্দীপকে জনাব নাঈম ভারত থেকে পেঁয়াজ আমদানি করতে চায়। রপ্তানিকারক অগ্রিম অর্থ প্রাপ্তির নিশ্চয়তা চায়। এক্ষেত্রে 'ধান সিঁড়ি' ব্যাংক জনাব নাঈমের পক্ষে রপ্তানিকারককে নিশ্চয়তা দেয়। তিনি ভারত যাওয়ার পূর্বে তার মূল্যবান দলিলপত্রাদি নিরাপত্তার জন্য 'ধান সিঁড়ি' ব্যাংকে জমা রাখেন।

বর্তমানে বাণিজ্যিক ব্যাংক বহুমুখী সেবার নীতি বিশেষভাবে অনুসরণ করে। এ নীতি অনুযায়ী একটি ব্যাংক যত বেশি সম্ভব বিশেষ সেবা প্রদানের চেষ্টা করে। উদ্দীপকের 'ধান সিঁড়ি' ব্যাংক আমদানি-রপ্তানি বাণিজ্যে সহায়তা করার জন্য প্রত্যয়পত্র ইস্যু করে। এর বিপরীতে ব্যাংক কমিশন বা সার্ভিস চার্জ আদায় করে। আবার, ব্যাংকটি জনাব নাঈমকে লকার সেবা প্রদান করে। আর লকার সেবার মাধ্যমে বাণিজ্যিক ব্যাংক সার্ভিস চার্জ আদায় করে। তাই বলা যায়, উদ্দীপকে উল্লিখিত কার্যাবলি 'ধান সিঁড়ি' ব্যাংকের আয়ের উৎস।

# যশোর বোর্ড–২০২৪

**ফিন্যান্স ও ব্যাংকিং** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড : 1 5 2

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

*[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান– ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. অর্থায়নে ব্যবসায়ের কী?**
ⓚ ভাষা ⓚ প্রাণ ⓖ মূল চালিকশক্তি ⓖ আয়

**২. বাণিজ্য ঘাটতি পূরণে নিচের কোনটি ভূমিকা রাখে?**
ⓚ রেমিটেন্স ⓚ আমদানি ⓖ রপ্তানি ⓖ বিনিয়োগ

**৩. মূলধনভিত্তিক অভ্যন্তরীণ উৎসমূহ হলো–**
i. অবণ্টিত মুনাফা ii. শেয়ার iii. মালিকের মূলধন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

□ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
মোঃ কাফি ক্ষুদ্র পরিসরে একটি গরুর খামার পরিচালনা করতেন। ৬ মাস পূর্বে স্থানীয় NGO এর কাছ থেকে ক্ষুদ্র ঋণ নিয়ে তিনি একটি মুরগির খামার করেন।

**৪. উদ্দীপকে কোন ধরনের অর্থায়নের কথা বলা হয়েছে?**
ⓚ অভ্যন্তরীণ ⓚ লিজিং ⓖ দীর্ঘমেয়াদি ⓖ স্বল্পমেয়াদি

**৫. মোঃ কাফি-র বিনিয়োগ কোন নীতির পরিপন্থি?**
ⓚ মূলধনের নীতি ⓚ বৈচিত্র্যায়ণের নীতি
ⓖ উপচক্তেতার নীতি ⓖ তারল্যের নীতি

**৬. সবচেয়ে ঝুঁকিপূর্ণ বিনিয়োগের ক্ষেত্র কোনটি?**
ⓚ সাধারণ শেয়ার ⓚ ডিবেঞ্চার
ⓖ অগ্রাধিকার শেয়ার ⓖ বন্ড

**৭. অগ্রাধিকার শেয়ারে আয় কম হবার সম্ভাবনা থাকে–**
i. অধিক ঝুঁকির কারণে ii. নির্দিষ্ট সুদের কারণে iii. কম ঝুঁকির কারণে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৮. রুল '৭২ অনুযায়ী নিচের কোনটিকে সুদের হার দিয়ে ভাগ করলে মেয়াদ পাওয়া যাবে?**
ⓚ সুদাসল ⓚ ৭২ ⓖ আসল ⓖ দ্বিগুণ হার

**৯. কোন ধরনের চক্রবৃদ্ধিতে বিনিয়োগ করলে ভবিষ্যৎ মূল্য সর্বাধিক হবে?**
ⓚ বার্ষিক ⓚ ত্রৈমাসিক ⓖ ষাণ্মাষিক ⓖ মাসিক

**১০. ঋণ গ্রহণের পূর্বে কোনটি বিবেচনা করতে হয়?**
ⓚ কিস্তি পরিশোধের ক্ষমতা ⓚ ঋণের মেয়াদ
ⓖ ঋণের পরিমাণ ⓖ কিস্তির পরিমাণ

**১১. ব্যাংকিং বলতে কী বোঝায়?**
ⓚ ব্যাংকের হিসাব-নিকাশ ⓚ ব্যাংকের নিয়ম-নীতি
ⓖ ব্যাংকের আইনগত কার্যাবলি ⓖ ব্যাংকের শাখা স্থাপন

**১২. ধাবত মুদ্রার ব্যবহার ক্রমশ সীমিত হয়ে আসার ফলে–**
i. ধাতুর বিকল্প ব্যবহার ii. ধাবত পদার্থের দুষ্প্রাপ্যতা iii. ধাবত মুদ্রার দীর্ঘস্থায়িত্ব
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

□ **নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**
বিশিষ্ট ব্যবসায়ী জনাবা জরিনা বেগম কাঁচামাল ক্রয়ের উদ্দেশ্যে All ব্যাংক থেকে ১,৫০,০০০ টাকা ঋণ নিতে চাইলে ব্যাংক কর্মকর্তা তার আর্থিক স্বচ্ছলতা যাচাইপূর্বক জামানত হিসেবে জমির দলিল জমা রাখলেন।

**১৩. ব্যাংক ব্যবসায়ের কোন মূলনীতির প্রতি লক্ষ রেখে All ব্যাংক জমির দলিল জামানত রাখে?**
ⓚ নিরাপত্তার নীতি ⓚ তারল্য নীতি ⓖ দক্ষতার নীতি ⓖ সেবার নীতি

**১৪. AB ব্যাংক জনাবা জরিনা বেগমকে ঋণ প্রদানের মাধ্যমে–**
i. মুনাফা অর্জন করবে ii. মুদ্রাবাজার নিয়ন্ত্রণ করবে
iii. উৎপাদনমুখী করবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৫. বাণিজ্যিক ব্যাংকের তহবিল সংগ্রহের অভ্যন্তরীণ উৎস কোনটি?**
ⓚ ধার গ্রহণ ⓚ বিল বাট্টাকরণ
ⓖ আমানত ⓖ সংরক্ষিত তহবিল

**১৬. ব্যাংক কার পক্ষ থেকে প্রত্যয়পত্র এর মাধ্যমে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে?**
ⓚ ঋন গ্রহীতা ⓚ রপ্তানিকারক ⓖ সরকার ⓖ আদমানিকারক

**১৭. নিচের কোন হিসাবে জমাতিরিক্ত অর্থ উত্তোলনের সুবিধা বিদ্যমান?**
ⓚ সঞ্চয় ⓚ চলতি ⓖ স্থায়ী ⓖ ঋণ আমানতি

**১৮. ব্যাংক হিসাবের অন্যতম উদ্দেশ্য কোনটি?**
ⓚ অর্থের নিরাপত্তা ⓚ সেবা অর্জন
ⓖ ঋণের সুবিধা ⓖ ব্যবসায়িক লেনদেন

**১৯. হস্তানান্তরযোগ্য বিনিময় বিলকে কী বলা হয়?**
ⓚ চুক্তির দলিল ⓚ ড্রাফট ⓖ প্রত্যয়পত্র ⓖ চেক

**২০. গ্রাহকের প্রতি ব্যাংকের দায়িত্ব হলো–**
ⓚ নির্দেশ প্রদান ⓚ সততার পরিচয়
ⓖ গোপনীয়তা রক্ষা করা ⓖ ঋণ পরিশোধ

**২১. কোন ব্যাংক মূল্যস্থরকে স্থিতিশীল রাখে?**
ⓚ একক ব্যাংক ⓚ কর্মসংস্থান ব্যাংক
ⓖ কেন্দ্রীয় ব্যাংক ⓖ বাণিজ্যিক ব্যাংক

**২২. বৈদেশিক মুদ্রার আগমন ও নির্বাচন নির্গমন নিয়ন্ত্রণ করে কোন ব্যাংক?**
ⓚ বাংলাদেশ ব্যাংক ⓚ বাণিজ্যিক ব্যাংক
ⓖ শিল্প ব্যাংক ⓖ ইসলামী ব্যাংক

**২৩. প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনার বিভিন্ন সিদ্ধান্তের কোনটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে?**
ⓚ মুনাফা খরচ ⓚ অবচয় ⓖ মূলধন আয় ⓖ মূলধন খরচ

**২৪. মূলধন কাঠামো পরিবর্তনে বিবেচনা করতে হয়–**
i. গড় মূলধন ব্যয় ii. তহবিলের সুযোগ ব্যয় iii. কর পূর্ব মূলধন ব্যয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৫. সুযোগ ব্যয় সৃষ্টি হয় কোন মূলধন ব্যয় পদ্ধতিতে?**
ⓚ অগ্রাধিকার শেয়ার ব্যয় ⓚ পে মূলধন ব্যয়
ⓖ সাধারণ শেয়ার মূলধন ব্যয় ⓖ সংরক্ষিত আয়ের ব্যয়

**২৬. মূলধন বাজেটিং প্রক্রিয়ার ধাপ কয়টি?**
ⓚ ২টি ⓚ ৩টি ⓖ ৪টি ⓖ ৫টি

□ **নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব নাজমুল হাসান একজন বিনিয়োগকারী। তার বিগত ৩ বছরের মুনাফার পরিমাণ যথাক্রমে ১২,১২,০০০ টাকা, ১৬,৩০,০০০ টাকা, ৯,৮৮,০০০ টাকা এবং প্রাথমিক বিনিয়োগ ১ কোটি টাকা।

**২৭. গড় মুনাফা কত?**
ⓚ ১৩ লক্ষ ⓚ ১৪ লক্ষ ⓖ ১৫ লক্ষ ⓖ ১৬ লক্ষ

**২৮. জনাব নাজমুল হাসানের গড় মুনাফার ব্যয় কত হবে?**
ⓚ ১৫% ⓚ ২০% ⓖ ২৬% ⓖ ৩০%

**২৯. পরিচালনার খচর পরিশেষের অক্ষমতা থেকে কোন ঝুঁকির সৃষ্টি হয়?**
ⓚ আর্থিক ঝুঁকি ⓚ ব্যবসায়িক ঝুঁকি
ⓖ সুদহারের ঝুঁকি ⓖ তারল্য ঝুঁকি

**৩০. কোম্পানির প্রধান কর্মকর্তার হঠাৎ মৃত্যুর ফলে ব্যবসায়িক ক্ষতির আশঙ্কাকে কী বলে?**
ⓚ ঝুঁকি ⓚ বিচ্যুতি ⓖ ক্ষতি ⓖ অনিশ্চয়তা

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# যশোর বোর্ড–২০২৪

## ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

**[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ফিন্যান্স অংশ

১। জনাব আনিস একজন চাকুরিজীবী। তিনি চাকুরির পাশাপাশি কৃষিকাজের মাধ্যমে অর্থ উপার্জন করেন। তার অর্থ স্বল্পতার প্রেক্ষিতে বাসায় রেফ্রিজারেটর ক্রয়ের জন্য ঋণের সংস্থান করেন।

ক. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী? ১

খ. ব্যয় সিদ্ধান্ত বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আনিসের অর্থায়ন কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে আনিসের ঋণের সংস্থান করার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

২। জনাব আবিদ সাহেব ব্যবসায়িক কার্যকলাপ পরিচালনার জন্য ১০ মাসের মধ্যে পরিশোধযোগ্য অর্থ সংস্থান করেন। পরবর্তীতে অর্থের ঘাটতি দেখা দিলে ভবিষ্যতে পণ্য সরবরাহের শর্তে অগ্রিম অর্থ গ্রহণ করেন।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়নের আধুনিক পদ্ধতি কোনটি? ১

খ. পাওনা আদায় ও দেনা পরিশোধ করে কোন হিসাবের মাধ্যমে? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আবিদ সাহেব কোন ধরনের অর্থসংস্থান করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে অর্থের ঘাটতি পূরণে গৃহীত ব্যবস্থাপটির প্রেক্ষিতে তোমার মতামত ব্যাখ্যা করো। ৪

৩। 'বক' কোম্পানির শেয়ার বিক্রির ক্ষেত্রে পুরাতন শেয়ার মালিক জনাব ঝন্টুকে অগ্রাধিকার দিয়ে থাকে। পরবর্তীতে অবণ্টিত মুনাফার ক্ষেত্রেও মুনাফা বণ্টন না করে শেয়ার বণ্টন করেন।

ক. ডিবেঞ্চার কী? ১

খ. সেকেন্ডারি বাজার বলতে কী বুঝ? ব্যাখ্যা করো। ২

গ. জনাব ঝন্টুকে প্রদত্ত 'বক' কোম্পানির শেয়ারের ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে অবণ্টিত মুনাফার জন্য গৃহীত ব্যবস্থাটির যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৪। জনাব সাবিত সাহেব ৬ বছর পর ১,৬০,০০০ টাকা পাওয়ার আশায় কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। D ব্যাংক থেকে ৯% অর্ধ-বার্ষিক চক্রবৃদ্ধি লাভে এবং C ব্যাংক ৮.৫০% মাসিক চক্রবৃদ্ধি লাভের প্রস্তাব দিয়েছে।

ক. EAR-এর পূর্ণরূপ কী? ১

খ. অর্থের সময়মূল্যের মূল কারণ কী? ব্যাখ্যা করো। ২

গ. 'D' ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? ৩

ঘ. 'D' ও 'C' ব্যাংকের মধ্যে কোনটি লাভজনক? যুক্তি দাও। ৪

৫। নিচের ছকে ২০১৮ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত শামুক ও ঝিনুক প্রকল্পের আয় দেওয়া হলো :

| বছর | শামুক | ঝিনুক |
|---|---|---|
| ২০১৮ | ২৫% | ৩০% |
| ২০১৯ | ২০% | ২৫% |
| ২০২০ | ২০% | – ২০% |
| ২০২১ | ১৫% | ২০% |
| ২০২২ | ২৫% | ১৫% |

ক. অনিশ্চয়তা থেকে কীসের সৃষ্টি হয়? ১

খ. "ঝুঁকিবহুল আয়" বলতে কী বুঝ? ২

গ. শামুক প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩

ঘ. শামুক ও ঝিনুক প্রকল্পের মধ্যে কোনটি গ্রহণ করা উচিত? আদর্শ বিচ্যুতির ভিত্তিতে উপস্থাপন করো। ৪

৬। চাঁদ ও তারা প্রকল্পের বিনিয়োগ যথাক্রমে ৮০,০০০ টাকা ১,০০,০০০ টাকা। আগামী ৫ বছরে তাদের সম্ভাব্য আয় নিম্নরূপ :

| বছর | চাঁদ প্রকল্প (আয়) | তারা প্রকল্প (আয়) |
|---|---|---|
| ২০১১ | ৪০,০০০ | ৪০,০০০ |
| ২০১২ | ৩০,০০০ | ৩৫,০০০ |
| ২০১৩ | ২৫,০০০ | ২০,০০০ |
| ২০১৪ | ২০,০০০ | ৩০,০০০ |
| ২০১৫ | ২০,০০০ | ৩৫,০০০ |

ক. ব্যবসায় প্রতিষ্ঠানের সাফল্য কীসের উপর নির্ভর করে? ১

খ. "মূলধন বাজেটিং সর্বদা যুক্তিযুক্ত সিদ্ধান্ত"– ব্যাখ্যা করো। ২

গ. চাঁদ প্রকল্পের পে-ব্যাক নির্ণয় করো। ৩

ঘ. চাঁদ ও তারা প্রকল্পের মধ্যে কোনটি বাদ দেওয়া উচিত? পে-ব্যাক সময়ের ভিত্তিতে সিদ্ধান্ত দাও। ৪

### ব্যাংকিং অংশ

৭। এসিসি প্রতিষ্ঠান হিমেলের কাছ থেকে ৭% সুদে ২,০০,০০০ টাকা গ্রহণ করে ১০% সুদে ১,০০,০০০ টাকা প্রদান করে। একই সাথে রপ্তানিকারককে অগ্রিম অর্থ প্রদানেরও ব্যবস্থা করেন।

ক. মূল্যের পরিমাপক কোনটি? ১

খ. 'দ্রব্যের বিনিময় দ্রব্য' প্রথাটি ব্যাখ্যা করো। ২

গ. এসিসি প্রতিষ্ঠানটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত প্রতিষ্ঠানের অগ্রিম অর্থ প্রদানের ভূমিকা মূল্যায়ন করো। ৪

৮। সৈকত সাহেব যেখানে চাকরি করেন ঐ প্রতিষ্ঠান নোট ও মুদ্রা প্রচলন করে। আবার উক্ত প্রতিষ্ঠানের আইন অনুযায়ী সর্বনিম্ন ২ জন ও সর্বোচ্চ ১৩ জন পরিচালকের সমন্বয় "B" ব্যাংক প্রতিষ্ঠিত হয়।

ক. কোন মেশিন থেকে নগদ টাকা তোলা যায়? ১

খ. "তারল্য নীতিটি"– ব্যাখ্যা করো। ২

গ. সৈকত সাহেব কোন প্রতিষ্ঠানে চাকরি করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'B' ব্যাংক প্রতিষ্ঠায় সৈকত সাহেবের ব্যাংকের ভূমিকা সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

৯। জনাব ননী জাহান সামাজিক বিরূপ অবস্থার কথা চিন্তা করে তার গহনা ও মূল্যবান দলিলপত্র নিয়ে একটি আর্থিক প্রতিষ্ঠানের পরামর্শ গ্রহণ করেন। তিনি জমি ক্রয়ের জন্য নগদ অর্থ নিয়ে ঢাকা যাওয়ার পথে হারিয়ে ফেলেন। উক্ত ব্যাংকে অনলাইন ব্যাংকিং কার্যক্রমও চালু আছে।

ক. বাণিজ্যিক ব্যাংকের মূল উদ্দেশ্য কী? ১

খ. সংরক্ষিত তহবিল বলতে কী বুঝ? ব্যাখ্যা করো। ২

গ. জনাব ননী জাহান আর্থিক প্রতিষ্ঠানের পরামর্শ অনুসারে কোন পদক্ষেপ গ্রহণ করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দুর্ঘটনা এড়াতে আর্থিক প্রতিষ্ঠানটি কী ভূমিকা রাখতে পারে? তোমার মতামত দাও। ৪

১০। জনাব নীল একজন সফল ব্যবসায়ী। ব্যবসায়ের আয় বৃদ্ধির জন্য ৫০,০০০ টাকা ২ বছরের জন্য 'A' ব্যাংকে জমা রাখলেন।

ক. এটিএম-এর পূর্ণরূপ কী? ১

খ. "মোবাইল ব্যাংকিং" বলতে কী বুঝ? ২

গ. জনাব নীল তার জন্য কোন হিসাব গ্রহণ করলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'A' ব্যাংকে টাকা জমা রাখার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

১১। আদনান সাহেব একজন চাকরিজীবী। তিনি ছেলে আসিফকে চেক দিয়ে ২০,০০০ টাকা উত্তোলনের জন্য পাঠান। উক্ত ব্যাংক আসিফকে চাহিবামাত্র চেকে উল্লিখিত টাকা প্রদান করে।

ক. ব্যবসায়ের মূলমন্ত্র কী? ১

খ. দাগকাটা চেক বলতে কী বুঝ? ২

গ. আদনান সাহেবের চেকটির ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ব্যাংকের সাথে আদনান সাহেবের সম্পর্কের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | গ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | গ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ |

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** জনাব আনিস একজন চাকুরিজীবী। তিনি চাকরির পাশাপাশি কৃষিকাজের মাধ্যমে অর্থ উপার্জন করেন। তার অর্থ স্বল্পতার প্রেক্ষিতে বাসায় রেফ্রিজারেটর ক্রয়ের জন্য ঋণের সংস্থান করেন।

ক. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী? ১

খ. ব্যয় সিদ্ধান্ত বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আনিসের অর্থায়ন কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে আনিসের ঋণের সংস্থান করার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** সরকারি অর্থায়নের প্রধান উদ্দেশ্য সমাজকল্যাণ বা জনকল্যাণ।

**খ** বিনিয়োগ সিদ্ধান্তের অপর নাম হলো ব্যয় সিদ্ধান্ত।

অর্থায়নের একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হলো বিনিয়োগ সিদ্ধান্ত। কোন খাতে বিনিয়োগ করলে কম ঝুঁকিতে বেশি লাভ করা যাবে সে সিদ্ধান্ত গ্রহণ করাকে ব্যয় সিদ্ধান্ত বলে। যেমন : স্থায়ী সম্পত্তি ক্রয়জনিত সিদ্ধান্ত দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের অন্তর্গত। এক্ষেত্রে মূলধন বাজেটিং কৌশল প্রয়োগ করে স্থায়ী সম্পত্তি ক্রয় থেকে শুরু করে এসব সম্পত্তি প্রতিস্থাপন, ব্যবসায় সম্প্রসারণ, আধুনিকায়ন ও অন্যান্য দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের আয়-ব্যয় প্রাক্কলন করে সম্ভাব্য লাভজনকতা বিশ্লেষণ করে তদানুসারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ব্যয় সিদ্ধান্তে মুনাফার পরিমাণ নির্ণয়ের জন্য বিক্রয়লব্ধ অর্থ থেকে উৎপাদন ও অন্যান্য খরচ বাদ দিয়ে নগদ প্রবাহ নির্ধারণ করা হয়। এ কাজটির অর্থায়ন দুরূহ হওয়ায় ব্যয় সিদ্ধান্তটি মূলত প্রতিষ্ঠানের জন্য একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত।

**গ** জনাব আনিস পারিবারিক অর্থায়ন করেছেন।

পারিবারিক অর্থায়ন হলো পরিবারের আয়ের উৎস ও পরিমাণ নির্ধারণ করে সেই আয় কীভাবে ব্যয় করলে পরিবারের সদস্যদের সর্বাঙ্গীণ মঙ্গল হয় তা নির্ধারণ করার একটি প্রক্রিয়া। এক্ষেত্রে পরিবারের প্রয়োজনীয় অসংখ্য ব্যয়ের মধ্যে অগ্রাধিকারের ভিত্তিতে অধিক গুরুত্বপূর্ণ ব্যয়গুলো পূরণ করা হয় এবং ঘাটতি থাকলে সে অর্থ বিভিন্ন উৎস থেকে সংস্থান করা হয়।

উদ্দীপকে জনাব আনিস একজন চাকরিজীবি। তিনি চাকরির পাশাপাশি কৃষিকাজের মাধ্যমে অর্থ উপার্জন করেন। তার অর্থের সল্পতার কারণে ঋণের সংস্থান করেন। এর ফলে যথাযথ অর্থায়ন প্রক্রিয়ার মাধ্যমে ঘাটতি অর্থের যোগান দিয়েছেন। রেফ্রিজারেটর ক্রয়ের পর জনাব আনিসের পরিবারের সদস্যরাই এর সুবিধা ভোগ করেন। যেহেতু পারিবারিক অর্থায়নের মূল উদ্দেশ্য পরিবারের সদস্যদের সর্বাঙ্গীণ মঙ্গল নিশ্চিত করা। তাই বলা যায়, জনাব আনিস পারিবারিক অর্থায়ন করেছেন।

**ঘ** উদ্দীপকে জনাব আনিস রেফ্রিজারেটর ক্রয়ের জন্য ঋণের সংস্থান করা যৌক্তিক বলে আমি মনে করি।

এ নীতি অনুযায়ী স্বল্পমেয়াদি উৎস থেকে চলতি মূলধন সংগ্রহ করা হয় এবং স্থায়ী মূলধন সংগৃহীত হয় দীর্ঘমেয়াদি তহবিলের উৎস থেকে। এর ফলে মূলধন ব্যয় কম হয়।

উদ্দীপকে জনাব আনিস একজন চাকরিজীবি। তিনি মূলত রেফ্রিজারেটর ক্রয়ের জন্য ঋণের মাধ্যমে অর্থের সংস্থান করেন। পরিবারের স্থায়ী সম্পদ অর্জনের লক্ষ্য তার নিজেস্ব তহবিল না থাকায় তার ঋণ নেওয়া প্রয়োজন পড়ে। ফ্রিজ কেনার জন্য প্রয়োজন চলতি মূলধন প্রয়োজন। এই চলতি মূলধনের পরিমাণ কম হয় বলে স্বল্পমেয়াদি উৎস থেকে সংগ্রহ করা ভালো। উপযুক্ততার নীতি কোন ধরনের মূলধনের জন্য কোন ধরনের উৎস উপযুক্ত তা নির্দেশ করে। তাই জনাব আনিস বিভিন্ন রেফ্রিজারেটর কেনার জন্য প্রয়োজনীয় মূলধন স্বল্পমেয়াদি ঋণের মাধ্যমে সংগ্রহ করেছেন। অতএব বলা যায়, জনাব আনিস এর অর্থায়নের জন্য ঋণের সংস্থান করা সম্পূর্ণ যৌক্তিক।

**প্রশ্ন ▸ ০২** জনাব আবিদ সাহেব ব্যবসায়িক কার্যকলাপ পরিচালনার জন্য ১০ মাসের মধ্যে পরিশোধযোগ্য অর্থ সংস্থান করেন। পরবর্তীতে অর্থের ঘাটতি দেখা দিলে ভবিষ্যতে পণ্য সরবরাহের শর্তে অগ্রিম অর্থ গ্রহণ করেন।

ক. দীর্ঘমেয়াদি অর্থায়নের আধুনিক পদ্ধতি কোনটি? ১

খ. পাওনা আদায় ও দেনা পরিশোধ করে কোন হিসাবের মাধ্যমে? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আবিদ সাহেব কোন ধরনের অর্থসংস্থান করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে অর্থের ঘাটতি পূরণে গৃহীত ব্যবস্থাপটির প্রেক্ষিতে তোমার মতামত ব্যাখ্যা করো। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক** লিজিং দীর্ঘমেয়াদি অর্থায়নের একটি অভিনব বা আধুনিক পদ্ধতি।

**খ** পাওনা আদায় ও দেনা পরিশোধ করে চলতি হিসাবের মাধ্যমে।

চলতি হিসাব ব্যবসায়ের জন্য একটি অন্যতম ব্যাংক হিসাব। এ হিসাবের মাধ্যমে ব্যবসায়ীরা যেকোনো সময় অর্থ জমা ও উত্তোলন করতে পারে। এটি ব্যবসায়ীদের জন্য একটি উপযুক্ত হিসাব। ব্যবসায়ীরা যেকোনো সময় পাওনা আদায় ও দেনা পরিশোধের প্রয়োজন হয়। তা মিটাতেই ব্যবসায়ীদের জন্য প্রয়োজন হয় চলতি হিসাব।

অর্থাৎ ব্যবসায়ীরা চলতি হিসাব খুলে পাওনা আদায় ও দেনা পরিশোধের কার্যক্রম সম্পূর্ণ করে থাকে।

**গ** উদ্দীপকের জনাব আবিদ সাহেবের সংগৃহীত তহবিল বহিস্থ তহবিলের স্বল্পমেয়াদি অর্থায়নের অপ্রাতিষ্ঠানিক উৎসের অন্তর্গত।

বহিস্থ তহবিলের স্বল্পমেয়াদি উৎস প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক উভয়ই হতে পারে। এক্ষেত্রে কোনো প্রতিষ্ঠান স্বল্পমেয়াদি অর্থায়নের মাধ্যমে চলতি মূলধনের সংকট নিরসন করে থাকে। ক্রেতা হতে অগ্রিম গ্রহণ স্বল্পমেয়াদি অর্থায়নের অপ্রাতিষ্ঠানিক উৎসের অন্তর্ভুক্ত।

উদ্দীপকে জনাব আবিদ সাহেব ব্যবসায়িক কার্যকলাপ পরিচালনায় জন্য ১০ মাসের মধ্যে পরিশোধযোগ্য অর্থসংস্থান করেন। পরবর্তীতে অর্থের ঘাটতি দেখা দিলে ভবিষ্যতে পণ্য সরবরাহের শর্তে অগ্রিম অর্থ গ্রহণ করেন। এখানে জনাব আবিদের ১০ মাসের মধ্যে পরিশোধযোগ্য অর্থসংস্থান এবং ক্রেতা হতে অগ্রিম গ্রহণ স্বল্পমেয়াদি অর্থসংস্থানের অন্তর্ভুক্ত। এই ধরনের অর্থসংস্থানের মাধ্যমে ব্যবসায়িক দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করা হয়।

অর্থাৎ উপরিউক্ত কার্যক্রমে জনাব আবিদ সাহেবের স্বল্পমেয়াদী অর্থসংস্থান পরিলক্ষিত হয়।

**ঘ** অর্থের ঘাটতি পূরণে ক্রেতা থেকে অগ্রিম অর্থ গ্রহণ করা অত্যান্ত কার্যকরী।

একটি প্রতিষ্ঠানে অনেক ধরনের ক্রেতার সমাগম থাকে। তার মধ্যে নিয়মিত ক্রেতা বা লেনদেনকারী অনেক সময় ভবিষ্যৎ ক্রয়ের জন্য কিছু অর্থ বিক্রেতাকে অগ্রিম প্রদান করেন। এর ফলে বিক্রেতা আশ্বস্ত হন, তার এই ক্রেতা পণ্যটি নিবেন। এর মাধ্যমে বিক্রেতা সাময়িক সময়ের জন্য অর্থ সংস্থান করতে পারেন। এ ধরনের অর্থ বিক্রেতা তার প্রতিষ্ঠানের বাহির থেকে সংগ্রহ করেন।

উদ্দীপকে জনাব আবিদ সাহেব ব্যবসায়িক কার্যকলাপ পরিচালনায় জন্য ১০ মাসের মধ্যে পরিশোধযোগ্য অর্থসংস্থান করেন। পরবর্তীতে অর্থের ঘাটতি দেখা দিলে ভবিষ্যতে পণ্য সরবরাহের শর্তে অগ্রিম অর্থ গ্রহণ করেন। এখানে জনাব আবিদের ১০ মাসের মধ্যে পরিশোধযোগ্য অর্থসংস্থান এবং ক্রেতা হতে অগ্রিম গ্রহণ স্বল্পমেয়াদি অর্থসংস্থানের অন্তর্ভুক্ত। এই ধরনের অর্থসংস্থানের মাধ্যমে ব্যবসায়িক দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করা হয়।

**প্রশ্ন ▶ ০৩** 'বক' কোম্পানির শেয়ার বিক্রির ক্ষেত্রে পুরাতন শেয়ার মালিক জনাব ঝন্টুকে অগ্রাধিকার দিয়ে থাকে। পরবর্তীতে অবণ্টিত মুনাফার ক্ষেত্রেও মুনাফা বণ্টন না করে শেয়ার বণ্টন করেন।

ক. ডিবেঞ্চার কী? ১
খ. সেকেন্ডারি বাজার বলতে কী বুঝ? ব্যাখ্যা করো। ২
গ. জনাব ঝন্টুকে প্রদত্ত 'বক' কোম্পানির শেয়ারের ধরন ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে অবণ্টিত মুনাফার জন্য গৃহীত ব্যবস্থাটির যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** ডিবেঞ্চার হলো জামানতহীন দীর্ঘমেয়াদি বন্ড।

**খ** সেকেন্ডারি বা মাধ্যমিক বাজার হলো বিনিয়োগকারীর নিকট থেকে শেয়ার ক্রয়ের উপযোগী বাজার।

এ বাজারে কোম্পানি কর্তৃক প্রথমবার বিনিয়োগকারীদের কাছে শেয়ার বিক্রির পর বিনিয়োগকারীরা নিজেদের মধ্যে শেয়ার ক্রয়-বিক্রয় করতে পারে। অর্থাৎ যে বাজারে বিনিয়োগকারীরা নিজেদের মধ্যে শেয়ার ক্রয়-বিক্রয় করে সে বাজারকে সেকেন্ডারি বা মাধ্যমিক বাজার বলে। এ বাজারে শেয়ারের মূল্যের হ্রাস-বৃদ্ধি ঘটে।

**গ** জনাব ঝন্টুকে প্রদত্ত 'বক' কোম্পানির শেয়ারের নাম রাইট শেয়ার।

কোম্পানি গঠনের পরবর্তী সময়ে শেয়ার বিক্রয় করার ক্ষেত্রে যখন পুরাতন শেয়ারমালিকগণ ঐ শেয়ার ক্রয়ে অগ্রাধিকার পেয়ে থাকে, তাকে রাইট শেয়ার বলে। অর্থাৎ পরবর্তী সময়ে কোম্পানির মূলধন সংগ্রহের প্রয়োজনে শেয়ার বিক্রি করা হলে পুরাতন শেয়ারমালিকগণ যখন ঐ শেয়ার ক্রয়ের অধিকার সংরক্ষণ করে তখন ঐ বিক্রয়যোগ্য শেয়ারকে রাইট শেয়ার বলা হয়।

উদ্দীপকে 'বক' কোম্পানির বাজারে সাধারণ শেয়ার রয়েছে। জনাব ঝন্টু 'বক' কোম্পানির শেয়ার কেনার মাধ্যমে উক্ত কোম্পানির সাধারণ শেয়ার মালিক হন। পরবর্তীতে 'বক' কোম্পানি যখন শেয়ার বিক্রি করে তখন ঝন্টুকে অগ্রাধিকার দেয়। শেয়ার বিক্রির ক্ষেত্রে এরূপ পুরাতন বা বর্তমান শেয়ার মালিককে অগ্রাধিকার দিলে তা রাইট শেয়ারের বৈশিষ্ট্য বহন করে।

**ঘ** অবণ্টিত মুনাফার ক্ষেত্রে স্টক লভ্যাংশ দেওয়া যৌক্তিক বলে আমি মনে করি।

কোম্পানি অনেক সময় হোল্ডারদের মধ্যে নগদ লভ্যাংশ বিতরণ না করে তার পরিবর্তে স্টক লভ্যাংশ দিয়ে থাকে। এক্ষেত্রে নিট মুনাফা শেয়ার হোল্ডার না দিয়ে কারবারে বিনিয়োগ করে। আবার ভবিষ্যৎ কোন আর্থিক বিপর্যয় হলে এ তহবিল থেকে অর্থ সংগ্রহ করে তা প্রতিহত করে। কোম্পানি এ অর্থ মাঝে মাঝে বিভিন্ন লাভজনক খাতেও বিনিয়োগ করে।

উদ্দীপকের 'বক' কোম্পানির শেয়ার বিক্রির ক্ষেত্রে পুরাতন শেয়ার মালিক জনাব ঝন্টুকে অগ্রাধিকার দিয়ে থাকে। পরবর্তীতে, অবণ্টিত মুনাফার ক্ষেত্রেও মুনাফা বণ্টন না করে শেয়ার বণ্টন করে। অর্থাৎ, কোম্পানিটি প্রথমে রাইট শেয়ার এবং পরবর্তীতে বোনাস শেয়ার বা স্টক লভ্যাংশ ইস্যু করে।

কেম্পানি অনেক সময় লাভজনক খাতে বিনিয়োগের উদ্দেশ্যে নিট মুনাফা শেয়ারহোল্ডারদের মাঝে বিনিয়োগ না করে অবণ্টিত মুনাফা আকারে রেখে দেয়। এটি দিয়ে সঞ্চিতি তহবিলও গঠন করে, যাতে করে ভবিষ্যৎ অর্থনৈতিক বিপর্যয় মোকাবিলা করা যায়। সেক্ষেত্রে প্রতিষ্ঠান তার বর্তমান শেয়ার মালিকদের মাঝে আনুপাতিক হারে স্টক লভ্যাংশ বা বোনাস শেয়ার দিয়ে থাকে। ফলে শেয়ারের সংখ্যা বৃদ্ধি পায়।

**প্রশ্ন ▶ ০৪** জনাব সাবিত সাহেব ৬ বছর পর ১,৬০,০০০ টাকা পাওয়ার আশায় কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। D ব্যাংক থেকে ৯% অর্ধ-বার্ষিক চক্রবৃদ্ধি লাভে এবং C ব্যাংক ৮.৫০% মাসিক চক্রবৃদ্ধি লাভের প্রস্তাব দিয়েছে।

ক. EAR-এর পূর্ণরূপ কী? ১
খ. অর্থের সময়মূল্যের মূল কারণ কী? ব্যাখ্যা করো। ২
গ. 'D' ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? ৩
ঘ. 'D' ও 'C' ব্যাংকের মধ্যে কোনটি লাভজনক? যুক্তি দাও। ৪

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** EAR-এর পূর্ণরূপ হলো Effective Annual Rate.

**খ** অর্থের সময়মূল্যের মূল কারণ হলো সুদের হার।

সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থের মূল্যের যে পরিবর্তন হয় তাকে অর্থের সময়মূল্য বলে। অর্থের বর্তমান মূল্য এবং ভবিষ্যৎ মূল্য কত হবে সুদের হারের ওপর নির্ভর করে তা নির্ধারণ করা হয়। মূলত সুদের হারের কারণে বর্তমান মূল্য এবং ভবিষ্যৎ মূল্য সমান হয় না। কারণ বর্তমানে কোনো অর্থ ব্যাংকে জমা রাখলে সুদসহ ঐ জমাকৃত অর্থ থেকে অতিরিক্ত অর্থ পাওয়া যায়। অর্থাৎ বর্তমানের ১০০ টাকা এবং ১ বছর পরের ১০০ টাকা সুদের হারের কারণে সমান মূল্য বহন করে না। কেননা ব্যাংকের সুদের হার যদি ১০% হয় তবে ১ বছর পর ১০০ টাকার মূল্য হবে ১০০ $(১ + .১০)^১$ = ১১০ টাকা। আবার পাঁচ বছর পর সরল সুদে ১০০ টাকার মূল্য হবে ১৫০ টাকা। এর মূল কারণ হচ্ছে সুদের হার।

**গ** 'D' ব্যাংকে জমাকৃত টাকার পরিমাণ নির্ণয় :

এখানে,

ভবিষ্যৎ মূল্য, FV = ১,৬০,০০০

মেয়াদকাল, n = ৬ বছর

সুদের হার, i = ৯% বা ০.০৯

চক্রবৃদ্ধির সংখ্যা, m = ২ বার [∵ অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি]

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য, PV} = \frac{\text{ভবিষ্যৎ মূল্য, FV}}{\left(১ + \frac{i}{m}\right)^{n\times m}}$$

$$= \frac{১,৬০,০০০}{\left(১ + \frac{০.০৯}{২}\right)^{৬\times২}}$$

$$= \frac{১,৬০,০০০}{\left(১ + \frac{০.০৯}{২}\right)^{১২}}$$

$$= \frac{১,৬০,০০০}{১.৬৯৫৮৮৮}$$

= ৯৪,৩৪৬.২৯৮ টাকা।

∴ D ব্যাংক ৯৪,৩৪৬.২৯৮ টাকা জমা রাখতে হবে।

**ঘ** 'C' ব্যাংকে জমাকৃত টাকার পরিমাণ;

এখানে,

ভবিষ্যৎ মূল্য, FV = ১,৬০,০০০

মেয়াদকাল, n = ৬ বছর

সুদের হার, i = ৮.৫% বা ০.০৮৫

চক্রবৃদ্ধির সংখ্যা, m = ১২ বার [∵ মাসিক চক্রবৃদ্ধি]

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য, PV} = \frac{\text{ভবিষ্যৎ মূল্য, FV}}{\left(১ + \frac{i}{m}\right)^{n\times m}}$$

$$= \frac{১,৬০,০০০}{\left(১ + \frac{০.০৮৫}{১২}\right)^{৬\times১২}}$$

$$= \frac{১,৬০,০০০}{১.৬৬২৩}$$

= ৯৬,২৫২.১৯ টাকা।

∴ সুতরাং ৬ বছর পর ১,৬০,০০০ টাকা পেতে 'C' ব্যাংকে জমা রাখতে হবে ৯৬,২৫২.১৮ টাকা। অপরদিকে D ব্যাংকে রাখতে হবে ৯৪,৩৪৬.২৯৮ টাকা (গ নং হতে প্রাপ্ত)। অতএব কাঙ্ক্ষিত পরিমাণ টাকা পেতে (৯৬২৫২.১৮-৯৪৩৪৬.১৮) = ১৯০৫.৮৮২ টাকা কম জমা রাখতে হবে। তাই বলা যায় উদ্দীপকের দুইটি ব্যাংকের মধ্যে D ব্যাংকে টাকা রাখা লাভজনক।

**প্রশ্ন ▶ ০৫** নিচের ছকে ২০১৮ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত শামুক ও ঝিনুক প্রকল্পের আয় দেওয়া হলো :

| বছর | শামুক | ঝিনুক |
|---|---|---|
| ২০১৮ | ২৫% | ৩০% |
| ২০১৯ | ২০% | ২৫% |
| ২০২০ | ২০% | − ২০% |
| ২০২১ | ১৫% | ২০% |
| ২০২২ | ২৫% | ১৫% |

ক. অনিশ্চয়তা থেকে কীসের সৃষ্টি হয়? ১

খ. "ঝুঁকিবহুল আয়" বলতে কী বুঝ? ২

গ. শামুক প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩

ঘ. শামুক ও ঝিনুক প্রকল্পের মধ্যে কোনটি গ্রহণ করা উচিত? আদর্শ বিচ্যুতির ভিত্তিতে উপস্থাপন করো। ৪

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** অনিশ্চয়তা থেকে ঝুঁকির সৃষ্টি হয়।

**খ** যেসব আয়ের সাথে ঝুঁকি জড়িত সেসব আয়কে ঝুঁকিবহুল আয় বলা হয়।

প্রত্যাশিত আয় থেকে প্রকৃত আয়ের মধ্যে ব্যবধান হবার সম্ভাবনা হচ্ছে ঝুঁকি। সাধারণ আয়ের একটা অংশ ঝুঁকিমুক্ত আর বাকিটা ঝুঁকিযুক্ত। যেসব আয়ের সাথে ঝুঁকি জড়িত তাই ঝুঁকিবহুল আয়। যেমন : সাধারণ শেয়ার থেকে প্রাপ্ত আয় ঝুঁকিবহুল আয়। কারণ সাধারণ শেয়ার থেকে প্রাপ্ত লভ্যাংশের পরিমাণ নির্দিষ্ট থাকে না। এজন্য বিনিয়োগকারী কোনো কোম্পানির শেয়ার ক্রয় করলে ভবিষ্যতে প্রাপ্ত লভ্যাংশ তার প্রত্যাশিত লভ্যাংশের সমান হবে এরকম কোনো নিশ্চয়তা থাকে না। এ ধরনের আয় ঝুঁকিবহুল আয় হিসেবে গণ্য হয়।

**গ** শামুক প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয়:

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় - গড়) | ব্যবধানের বর্গ (আয় - গড়) |
|---|---|---|---|
| ২০১৮ | ২৫ | (২৫ - ২১) = ৪ | ১৬ |
| ২০১৯ | ২০ | (২০ - ২১) = -১ | ১ |
| ২০২০ | ২০ | (২০ - ২১) = -১ | ১ |
| ২০২১ | ১৫ | (১৫ - ২১) = -৬ | ৩৬ |
| ২০২২ | ২৫ | (২৫ - ২১) = ৪ | ১৬ |
| যোগফল | ১০৫ | ব্যবধান বর্গের যোগফল | ৭০ |
| গড় আয় | ১০৫ ÷ ৫ = ২১ | ব্যবধান বর্গের গড় $= \frac{৭০}{n-১}$ | $= \frac{৭০}{৫-১} = ১৭.৫০$ |

আমরা জানি,

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\Sigma\ (\text{আয় হার} - \text{গড় হার})^২}{n - ১}}$$

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{১৭.৫০}$$

$$= ৪.১৮\%\ (\text{প্রায়})$$

**উত্তর :** ৪.১৮% (প্রায়)

**ঘ** শামুক ও ঝিনুক প্রকল্পের মধ্যে কোনটি গ্রহণ করা উচিত তা নির্ণয় করা হলো–

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় - গড়) | ব্যবধানের বর্গ (আয় - গড়)$^২$ |
|---|---|---|---|
| ২০১৮ | ৩০ | (৩০ - ১৪) = ১৬ | ২৫৬ |
| ২০১৯ | ২৫ | (২৫ - ১৪) = ১১ | ১২১ |
| ২০২০ | -২০ | (-২০ - ১৪) = -৩৪ | ১.১৬৬ |
| ২০২১ | ২০ | (২০ - ১৪) = ৬ | ৩৬ |
| ২০২২ | ১৫ | (১৫ - ১৪) = ১ | ১ |
| যোগফল | ৭০ | ব্যবধান বর্গের যোগফল | ১৫৭০ |
| গড় আয় | ৭০ ÷ ৫ = ১৭ | ব্যবধান বর্গের গড় $= \frac{১৫৭০}{n - ১}$ | $= \frac{১৫৭০}{৫ - ১}$ = ৩৯২.৫০ |

আমরা জানি,

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\Sigma\ (\text{আয় হার} - \text{গড় হার})^২}{n - ১}}$$

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{৩৯২.৫০}$$

$$= ১৯.৮১\%\ (\text{প্রায়})$$

উদ্দীপকে শামুক প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৪.১৮% (গ হতে প্রাপ্ত) অপরদিকে ঝিনুক প্রকল্পের আদর্শ বিচ্যুতি ১৯.৮১%। আমরা জানি, আদর্শ বিচ্যুতির ছোট মান কম ঝুঁকি নির্দেশ করে। আর বড় মান বেশি ঝুঁকি নির্দেশ করে। উদ্দীপকে শামুক প্রকল্পের আদর্শ বিচ্যুতি এর ঝুঁকিও কম। তাই বিনিয়োগকারীর শামুক প্রকল্পটি গ্রহণ করা উচিত।

**প্রশ্ন ▸ ০৬** চাঁদ ও তারা প্রকল্পের বিনিয়োগ যথাক্রমে ৮০,০০০ টাকা ১,০০,০০০ টাকা। আগামী ৫ বছরে তাদের সম্ভাব্য আয় নিম্নরূপ :

| বছর | চাঁদ প্রকল্প (আয়) | তারা প্রকল্প (আয়) |
|---|---|---|
| ২০১১ | ৪০,০০০ | ৪০,০০০ |
| ২০১২ | ৩০,০০০ | ৩৫,০০০ |
| ২০১৩ | ২৫,০০০ | ২০,০০০ |
| ২০১৪ | ২০,০০০ | ৩০,০০০ |
| ২০১৫ | ২০,০০০ | ৩৫,০০০ |

ক. ব্যবসায় প্রতিষ্ঠানের সাফল্য কীসের উপর নির্ভর করে? ১
খ. “মূলধন বাজেটিং সর্বদা যুক্তিযুক্ত সিদ্ধান্ত”– ব্যাখ্যা করো। ২
গ. চাঁদ প্রকল্পের পে-ব্যাক নির্ণয় করো। ৩
ঘ. চাঁদ ও তারা প্রকল্পের মধ্যে কোনটি বাদ দেওয়া উচিত? পে-ব্যাক সময়ের ভিত্তিতে সিদ্ধান্ত দাও। ৪

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যবসায় প্রতিষ্ঠানের সাফল্য দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের উপর নির্ভর করে।

**খ** ভবিষ্যতের তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে মূলধন বাজেটিং করা হয় বলে এটি সর্বদাই ঝুঁকিযুক্ত।

মূলধন বাজেটিং প্রক্রিয়ায় অধিকাংশ অনুমানই ভবিষ্যতের ওপর নির্ভরশীল। একটি স্থায়ী সম্পত্তি যেমন- মেশিনটিতে বিনিয়োগ করা উচিত কি না এই সিদ্ধান্তটি ঐ মেশিনটিতে উৎপাদিত পণ্যটির ভবিষ্যতে বিক্রয় বাবদ ও উৎপাদিত খরচের ওপর নির্ভর করে। ভবিষ্যতের এই তথ্য-উপাত্ত একটি অনুমাননির্ভর যা বাস্তবসম্মত নাও হতে পারে। তাই মূলধন বাজেটিং সর্বদা ঝুঁকিযুক্ত সিদ্ধান্ত।

**গ** চাঁদ প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয়–

| বছর | বার্ষিক নগদ প্রবাহ (টাকা) | কমুযোজিত নগদ প্রবাহ (টাকা) |
|---|---|---|
| ০ | -৮০,০০০ | -৮০,০০০ |
| ২০১১ | ৪০,০০০ | - ৪০,০০০ |
| ২০১২ | ৩০,০০০ | -১০,০০০ |
| ২০১৩ | ২৫,০০০ | ১৫,০০০ |
| ২০১৪ | ২০,০০০ | ৩৫,০০০ |
| ২০১৫ | ২০,০০০ | ৫৫,০০০ |

$$\text{পে-ব্যাক সময়} = \left(২ + \frac{১০,০০০}{২৫,০০০}\right)\ \text{বছর}$$

$$= ২.৪০\ \text{বছর}$$

চাঁদ প্রকল্পের পে-ব্যাক সময় ২.৪০ বছর

উঃ ২.৪০ বছর।

**ঘ** চাঁদ ও তারা উভয় প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় ও কোন প্রকল্প বাদ দেওয়া উচিত তা নির্বাচন:

তারা প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

| বছর | বার্ষিক নগদ প্রবাহ (টাকা) | কমুযোজিত নগদ প্রবাহ (টাকা) |
|---|---|---|
| ০ | -১,০০,০০০ | -১,০০,০০০ |
| ২০১১ | ৪০,০০০ | - ৬০,০০০ |
| ২০১২ | ৩৫,০০০ | -২৫,০০০ |
| ২০১৩ | ২০,০০০ | -৫,০০০ |
| ২০১৪ | ৩০,০০০ | -২৫,০০০ |
| ২০১৫ | ৩৫,০০০ | ৬০,০০০ |

$$\text{পে-ব্যাক সময়} = \left(৩ + \frac{৫,০০০}{৩০,০০০}\right)\ \text{বছর}$$

$$= ৩.১৭\ \text{বছর}$$

আমরা জানি, যে প্রকল্পের পে-ব্যাক সময় কম সে প্রকল্পের গ্রহণযোগ্যতা ততো বেশি গ্রহণযোগ্য। এখানে চাঁদ প্রকল্পের পে-ব্যাক সময় ২.৪০ বছর (গ হতে প্রাপ্ত)। অপরদিকে তারা প্রকল্পের পে-ব্যাক সময় ৩.১৭ বছর। অর্থাৎ চাঁদ ও তারা প্রকল্পের মধ্যে তারা প্রকল্পের পে-ব্যাক সময় বেশি তাই এটি বাদ দেওয়া উচিত।

**প্রশ্ন ▸ ০৭** এসিসি প্রতিষ্ঠান হিমেলের কাছ থেকে ৭% সুদে ২,০০,০০০ টাকা গ্রহণ করে ১০% সুদে ১,০০,০০০ টাকা প্রদান করে। একই সাথে রপ্তানিকারককে অগ্রিম অর্থ প্রদানেরও ব্যবস্থা করেন।

ক. মূল্যের পরিমাপক কোনটি? ১
খ. ‘দ্রব্যের বিনিময় দ্রব্য’ প্রথাটি ব্যাখ্যা করো। ২
গ. এসিসি প্রতিষ্ঠানটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত প্রতিষ্ঠানের অগ্রিম অর্থ প্রদানের ভূমিকা মূল্যায়ন করো। ৪

## ৭নং প্রশ্নের উত্তর

**ক** মূল্যের পরিমাপক হলো মুদ্রা।

**খ** দ্রব্যের বিনিময়ে দ্রব্য কথাটির মাধ্যমে বিনিময় প্রথাকে বোঝানো হয়েছে।

মানব সৃষ্টি ও সভ্যতার বিবর্তনের সাথে মানুষের প্রয়োজন, কর্মকাণ্ড এবং সামাজিক বন্ধনের পরিধি প্রসার লাভ করে। পণ্য বিনিময়ের সময়কালে মানুষ পরস্পরের সাথে তাদের মধ্যে সম্পর্ক তুলে ধরে। তাদের প্রয়োজনের অতিরিক্ত দ্রব্যাদি বিনিময়ের চাহিদা নির্বাহ করতো। সেখান থেকেই দ্রব্যের বিনিময়ে দ্রব্য প্রথাটি বিনিময় প্রথা হিসেবে পরিচিতি লাভ করে।

**গ** উদ্দীপকের এসিসি প্রতিষ্ঠানটি শ্রেণিকরণ অনুযায়ী একটি বাণিজ্যিক ব্যাংক।

যে ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে জনগণের সঞ্চিত অর্থ আমানত হিসেবে গ্রহণ এবং সে আমানত হতে ঋণ প্রদান কাজে নিয়োজিত থাকে তাকে বাণিজ্যিক ব্যাংক বলে। এই ব্যাংক বিভিন্ন হিসাবের মাধ্যমে ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট থেকে কম সুদে বা লাভে আমানত সংগ্রহ করে এবং অধিক সুদে বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ দেয়।

উদ্দীপকের তথ্য মতে এসিসি প্রতিষ্ঠানটি জনগণের সঞ্চিত অর্থ জমা রাখে এবং মানুষের প্রয়োজনে ঋণ দেয়। এসিসি প্রতিষ্ঠান হিমেলের কাছ থেকে ৭% সুদে অর্থ সংগ্রহ করে। সংগৃহীত অর্থ ১০% সুদে বিনিয়োগ করে। প্রতিষ্ঠানটি রপ্তানিকারককে অগ্রিম অর্থ প্রদান করে। মূলত ব্যাংকটি আমানত সংগ্রহের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে এবং সংগৃহীত আমানত থেকে ঋণ দেয়। আর আমানত গ্রহণ ও ঋণদান বাণিজ্যিক ব্যাংকের গুরুত্বপূর্ণ কাজ। অতএব এটা স্পষ্ট যে, এসিসি প্রতিষ্ঠানটি কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী একটি বাণিজ্যিক ব্যাংক।

**ঘ** পণ্য রপ্তানিতে বাণিজ্যিক ব্যাংক প্রত্যয়পত্র ইস্যুর মাধ্যমে এবং বৈদেশিক মুদ্রা বিনিময়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

বাণিজ্যিক ব্যাংক প্রত্যয়পত্র ইস্যুর মাধ্যমে আমদানিকারকের পক্ষে রপ্তানিকারককে মূল্য পরিশোধের নিশ্চয়তা দিয়ে থাকে। প্রত্যয়পত্র আমদানিকারক ও রপ্তানিকারকদের মাঝে অভ্যন্তরীণ ও ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

উদ্দীপকের জনাব হিমেল একজন সফল ব্যবসায়ী। এসিসি প্রতিষ্ঠান হিমেলের কাছ থেকে ৭% সুদে অর্থ সংগ্রহ করে। সংগৃহীত অর্থ ১০% সুদে বিনিয়োগ করে। প্রতিষ্ঠানটি রপ্তানিকারককে অগ্রিম অর্থ প্রদান করে। বাণিজ্যিক ব্যাংক তাকে সহায়তা করে। প্রত্যয়পত্র ব্যতীত বিদেশ হতে পণ্য আমদানি করা প্রায় অসম্ভব। আমদানির ক্ষেত্রে দু'পক্ষের লেনদেন নিষ্পত্তিতে ব্যাংক এর মাধ্যমে আমদানি-রপ্তানিকার্য সম্পাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এছাড়া আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যাদি সম্পাদনে ব্যাংক আমদানিকারককে পরামর্শ দিয়ে থাকে। লেনদেন নিষ্পত্তিতে দেশি মুদ্রা থেকে বৈদেশিক মুদ্রায় রূপান্তরে বাণিজ্যিক ব্যাংক সহায়তা করে। অতএব পরিশেষে বলা যায়, পণ্য আমদানিতে বাণিজ্যিক ব্যাংক প্রত্যয়পত্র ইস্যুর মাধ্যমে এবং বৈদেশিক মুদ্রা বিনিময়ে বিশেষ ভূমিকা রাখে।

**প্রশ্ন ▶ ০৮** সৈকত সাহেব যেখানে চাকরি করেন ঐ প্রতিষ্ঠান নোট ও মুদ্রা প্রচলন করে। আবার উক্ত প্রতিষ্ঠানের আইন অনুযায়ী সর্বনিম্ন ২ জন ও সর্বোচ্চ ১৩ জন পরিচালকের সমন্বয় "B" ব্যাংক প্রতিষ্ঠিত হয়।

ক. কোন মেশিন থেকে নগদ টাকা তোলা যায়? ১

খ. "তারল্য নীতিটি"– ব্যাখ্যা করো। ২

গ. সৈকত সাহেব কোন প্রতিষ্ঠানে চাকরি করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'B' ব্যাংক প্রতিষ্ঠায় সৈকত সাহেবের ব্যাংকের ভূমিকা সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

## ৮নং প্রশ্নের উত্তর

**ক** ATM মেশিন থেকে নগদ টাকা তোলা যায়।

**খ** মক্কেলদের দাবি পূরণ করার সামর্থ্য সংরক্ষণের নীতিকে তারল্য নীতি বলে।

আমানতকারী যখন টাকা তুলতে চায় তখন তাদের নগদ টাকা দিতে হয়। আবার এটা বিবেচনায় রেখে যদি আমানতের সব টাকা ব্যাংক তরল অবস্থায় রেখে দেয় তবে ব্যাংকের কোনো বিনিয়োগ হবে না এবং ব্যাংকটির কোনো মুনাফাও হবে না। সুতরাং সার্থক ব্যাংক ব্যবসায় মানে হলো সঠিক তারল্য নীতি। যেখানে অতিরিক্ত তারল্যও থাকবে না আবার তারল্যের সংকটও হবে না। তাই এই তারল্য নীতি ব্যাংক ব্যবসায়ের অন্যতম মূলনীতি হিসেবে বিবেচিত হয়।

**গ** উদ্দীপকে জনাব সৈকত সাহেব কেন্দ্রীয় ব্যাংকের কর্মকর্তা।

এ ব্যাংক দেশের সব ব্যাংকের পরিচালক ও নিয়ন্ত্রক। এ ব্যাংক দেশের মুদ্রা প্রচলন, অর্থ সরবরাহ ও ঋণ নিয়ন্ত্রণের বিশেষ ক্ষমতা ও দায়িত্বে নিযুক্ত। প্রতিটি দেশে এ ধরনের একটি কেন্দ্রীয় ব্যাংক থাকে। বাংলাদেশ ব্যাংক হলো বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক।

উদ্দীপকে জনাব সৈকত সাহেব একজন ব্যাংক কর্মকর্তা। ব্যাংকটি দেশের অন্যান্য সকল ব্যাংকের ও আর্থিক প্রতিষ্ঠানের নিয়ন্ত্রক। একই সাথে নতুন ব্যাংক ও ব্যাংকের শাখা খোলার অনুমতিও দিয়ে থাকে। মূলত দেশের কেন্দ্রীয় ব্যাংক তার তালিকাভুক্ত ও অতালিকাভুক্ত ব্যাংকসমূহের কার্যক্রম তদারকি করে। এছাড়া তালিকাভুক্ত ব্যাংকগুলো নতুন শাখা খোলার ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংকের অনুমতি নেয়। সুতরাং বলা যায়, সৈকত সাহেব কেন্দ্রীয় ব্যাংকে কর্মরত।

**ঘ** উদ্দীপকে B ব্যাংকের মতো ব্যাংক প্রতিষ্ঠায় কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা অপরিসীম।

এ ব্যাংক সরকারি মালিকানায় প্রতিষ্ঠিত ও পরিচালিত হয়। জনকল্যাণ কেন্দ্রীয় ব্যাংকের মূল উদ্দেশ্য। এ ব্যাংক দেশের ব্যাংক ব্যবস্থা ও মুদ্রা বাজারের নিয়ন্ত্রক।

উদ্দীপকে সৈকত সাহেবের প্রতিষ্ঠান নোট ও মুদ্রা প্রচলন করে। অর্থাৎ এটি একটি কেন্দ্রীয় ব্যাংক। ব্যাংকটি 'B' ব্যাংক প্রতিষ্ঠার অনুমতি দেয়। 'B' ব্যাংকে সর্বনিম্ন ২ জন এবং সর্বোচ্চ ১৩ জন পরিচালক রয়েছে। অর্থাৎ, ব্যাংকটি হলো প্রাইভেট ব্যাংক।

দেশের অর্থনীতির প্রয়োজনে ও অর্থনীতিতে সঠিকভাবে পরিচালনা করার জন্য উক্ত ব্যাংকটি দেশের পুরো ব্যাংক ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করে। অন্যান্য ব্যাংকগুলোর জন্য এ ব্যাংক পরিচালনা সংক্রান্ত নীতিমালা তৈরি করে। এছাড়া দেশের মধ্যে একটি শক্তিশালী ব্যাংকিং ব্যবস্থা গড়ে তোলার উদ্দেশ্যে এ ব্যাংক সাহায্য করে। পক্ষান্তরে নতুন ব্যাংক ও শাখা খোলার অনুমতি দিয়ে নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে। মুদ্রা বাজারের নিয়ন্ত্রক হিসেবে ব্যাংকটি দেশের ঋণ প্রবাহে ভারসাম্য অবস্থা বজায় রাখে। পাশাপাশি মূল্যস্তর স্থিতিশীল রাখে। সুতরাং বলা যায়, উদ্দীপকে B ব্যাংকের মতো ব্যাংক প্রতিষ্ঠায় কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা অপরিসীম। B ব্যাংকটি ব্যাংকিং খাতে বিশেষ ভূমিকা রাখবে।

**প্রশ্ন ▶ ০৯** জনাব ননী জাহান সামাজিক বিরূপ অবস্থার কথা চিন্তা করে তার গহনা ও মূল্যবান দলিলপত্র নিয়ে একটি আর্থিক প্রতিষ্ঠানের পরামর্শ গ্রহণ করেন। তিনি জমি ক্রয়ের জন্য নগদ অর্থ নিয়ে ঢাকা যাওয়ার পথে হারিয়ে ফেলেন। উক্ত ব্যাংকে অনলাইন ব্যাংকিং কার্যক্রমও চালু আছে।

ক. বাণিজ্যিক ব্যাংকের মূল উদ্দেশ্য কী? ১
খ. সংরক্ষিত তহবিল বলতে কী বুঝ? ব্যাখ্যা করো। ২
গ. জনাব ননী জাহান আর্থিক প্রতিষ্ঠানের পরামর্শ অনুসারে কোন পদক্ষেপ গ্রহণ করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দুর্ঘটনা এড়াতে আর্থিক প্রতিষ্ঠানটি কী ভূমিকা রাখতে পারে? তোমার মতামত দাও। ৪

### ৯নং প্রশ্নের উত্তর

**ক** মুনাফা অর্জন হলো বাণিজ্যিক ব্যাংকের মুখ্য উদ্দেশ্য।

**খ** বাণিজ্যিক ব্যাংকের তহবিল সংগ্রহের একটি অভ্যন্তরীণ উৎস হলো সংরক্ষিত তহবিল।

বাণিজ্যিক ব্যাংক মূলধনের প্রয়োজন মেটানোর লক্ষ্যে পরিশোধিত মূলধন ছাড়াও অভ্যন্তরীণ উৎস হিসেবে সংরক্ষিত তহবিলের আশ্রয় নিয়ে থাকে। এ লক্ষ্যে বাণিজ্যিক ব্যাংক প্রত্যেক বছর মুনাফার একটি অংশ শেয়ারহোল্ডার বা মালিকগণের মধ্যে বণ্টন না করে ভবিষ্যতের জন্য সঞ্চয় করে রাখার যে ব্যবস্থা গ্রহণ করে, তাকেই মূলত সংরক্ষিত তহবিল বা মূলধন বলে। ভবিষ্যতে বাণিজ্যিক ব্যাংক প্রয়োজনে এ সংরক্ষিত তহবিল মূলধন হিসেবে ব্যবহার করে থাকে।

**গ** জনাব ননী জাহান আর্থিক প্রতিষ্ঠানের পরামর্শ অনুযায়ী ব্যাংকের লকার ভাড়া সুবিধা গ্রহণ করেছেন।

ব্যাংক তার গ্রাহকদের বিভিন্ন সুবিধা দিয়ে থাকে। লকার ভাড়া তার মধ্যে অন্যতম। লকারের মাধ্যমে ব্যাংক গ্রহাকদের মূল্যবান দলিল, অলঙ্কার ইত্যাদি যথাযথ নিরাপত্তা দেয়। এর বিপরীতে ব্যাংক গ্রহাকদের কাছ থেকে সার্ভিস চার্জ আদায় করে।

উদ্দীপকে জনাব ননী জাহান সামাজিক বিরূপ অবস্থা নিয়ে চিন্তিত। ননী জাহানের কিছু গহনা রয়েছে। যা নিয়ে তিনি সর্বদা চিন্তিত থাকেন। এ অবস্থায় তিনি একটি আর্থিক প্রতিষ্ঠানের পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করেন। সোনার গহনা, মূল্যবান দলিলপত্র নিজের কাছে রাখা ঝুঁকিপূর্ণ। কেননা এগুলো চুরি-ডাকাতি বা হারিয়ে যেতে পারে। এক্ষেত্রে গ্রাহক তার মূল্যবান দলিলপত্র, অলঙ্কারাদি লকার সেবার মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকে জমা রাখতে পারে। এর বিনিময়ে ব্যাংক সার্ভিস চার্জ আদায় করে।

তিনি তার মূল্যবান কাগজপত্র ও স্বর্ণালঙ্কারের নিরাপত্তা নিশ্চিত করতে ব্যাংকের লকার ভাড়া সুবিধাটি গ্রহণ করেছেন। এর মাধ্যমে তার মূল্যবান স্বর্ণালঙ্কারের পরিপূর্ণ নিরাপত্তা নিশ্চিত হবে। ব্যাংকে জমাকৃত গহনা তাকে বা তার উপযুক্ত প্রতিনিধি ব্যতীত কাউকে হস্তান্তর করবে না। তাই বলা যায়, ননী জাহান আর্থিক প্রতিষ্ঠানের পরামর্শ অনুযায়ী ব্যাংকের লকার ভাড়া সুবিধা গ্রহণ করেছেন।

**ঘ** জনাব ননী জাহানের মতো ব্যক্তিদের আধুনিক সেবা ও নিরাপত্তা নিশ্চিতকরণে উদ্দীপকের আর্থিক প্রতিষ্ঠান তথা ব্যাংকের ভূমিকা অপরিসীম।

তথ্য প্রযুক্তি নির্ভর ব্যাংকিং ব্যবস্থা হলো আধুনিক ব্যাংকিং। কম্পিউটার, ইন্টারনেট ও অন্যান্য ইলেক্ট্রনিক ডিভাইসের মাধ্যমেই আধুনিক ব্যাংকিং সেবা দেওয়া হয়। এটিএম, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, মোবাইল ব্যাংকিং এসএমএস ব্যাংকিং ইন্টারনেট ব্যাংকিং ও অনলাইন ব্যাংকিং আধুনিক ব্যাংকিং-এর কয়েকটি পণ্য ও সেবা।

উদ্দীপকের জনাব ননী জাহান তার গহনা ও মূল্যবান দলিলপত্র সংরক্ষণের জন্য ব্যাংকের পরামর্শ গ্রহণ করেন। পরবর্তীতে তিনি জমি ক্রয়ের জন্য নগদ অর্থ নিয়ে ঢাকা যাচ্ছিলেন। ঢাকা যাওয়ার পথে তিনি অর্থ হারিয়ে ফেলেন। উল্লেখ্য ব্যাংকটি গ্রাহকদের অনলাইন ব্যাংকিং সেবাও প্রদান করে থাকে।

ব্যাংক নিরাপদে অর্থ স্থানান্তরে সহায়তা করে। এক্ষেত্রে ব্যাংক বিভিন্ন ধরনের বিনিময় মাধ্যম সৃষ্টি করে লেনদেন নিষ্পত্তি করে। উদ্দীপকের জনাব ননী জাহান বিনিময়ের মাধ্যম ব্যবহার করে নিরাপদে অর্থের লেনদেন করতে পারেন। এক্ষেত্রে তিনি নগদ অর্থ তার ব্যাংক হিসাবে জমা করবেন। তার হিসাবের বিপরীতে চেক, পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড ইত্যাদি ব্যবহার করতে পারেন। এ মাধ্যমগুলো গ্রাহকের অর্থ শুধু উল্লিখিত ব্যাংক অথবা নির্দিষ্ট ব্যক্তিকে পরিশোধ করবে। ফলে তাকে বিশাল অঙ্কের নগদ অর্থ বহনের ঝুঁকিও মোকাবিলা করতে হবে না; বরং নির্দিষ্ট কোনো বিল স্থানান্তরের মাধ্যমেই লেনদেন করতে পারবেন।

**প্রশ্ন ▶ ১০** জনাব নীল একজন সফল ব্যবসায়ী। ব্যবসায়ের আয় বৃদ্ধির জন্য ৫০,০০০ টাকা ২ বছরের জন্য 'A' ব্যাংকে জমা রাখলেন।

ক. এটিএম-এর পূর্ণরূপ কী? ১
খ. "মোবাইল ব্যাংকিং" বলতে কী বুঝ? ২
গ. জনাব নীল তার জন্য কোন হিসাব গ্রহণ করলেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'A' ব্যাংকে টাকা জমা রাখার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

### ১০নং প্রশ্নের উত্তর

**ক** ATM-এর পূর্ণরূপ হলো Automated Teller Machine.

**খ** 'মোবাইল ব্যাংকিং' বাণিজ্যিক ব্যাংকের লেনদেন প্রদানের উদ্দেশ্য অর্জনে সহায়তা করে।

এটি এক ধরনের ব্যাংকিং সেবা, যার মাধ্যমে গ্রাহক ব্যাংকিং লেনদেন মোবাইলের মাধ্যমে সম্পন্ন করে থাকে। গ্রাহক পরিচয় নিশ্চিত হয়ে এ ধরনের সেবা দেওয়া হয়।

**গ** জনাব নীল তার জন্য স্থায়ী হিসাব গ্রহণ করেছেন।

স্থায়ী হিসাব নির্দিষ্ট মেয়াদের জন্য খোলা হয়। মেয়াদ শেষে সুদসহ একত্রে অর্থ উত্তোলন করা যায়। এ হিসাবে সবচেয়ে বেশি হারে সুদ প্রদান করা হয়। তাই বড় অঙ্কের অলস অর্থের জন্য এ হিসাব উপযোগী।

উদ্দীপকে জনাব নীলের একজন ব্যবসায়ী। তিনি ৫০,০০০ টাকা নিরাপদে সংরক্ষণ করতে চান। আবার তা থেকে নিয়মিত আয়ও পেতে চান। এজন্য তিনি একটি ব্যাংক হিসাব খুলতে আগ্রহী। সাধারণত বড় অংকের টাকার জন্য স্থায়ী হিসাব উপযুক্ত। এছাড়া এ হিসাবে নির্দিষ্ট সময় পরপর অধিক হারে সুদ দেওয়া হয়। নীল সাহেবের প্রত্যাশার সাথে ব্যাংকের স্থায়ী হিসাবের বৈশিষ্ট্য সম্পূর্ণ মিলে যায়। অতএব বলা যায়, জনাব নীল ব্যাংকে একটি স্থায়ী হিসাবে টাকা জমা রাখেন।

**ঘ** ব্যাংকের অবস্থান ও শাখা বিচারে জনাব নীলের A ব্যাংকে স্থায়ী হিসাব খোলা অযৌক্তিক হয়েছে বলে আমি মনে করি।

একজন ব্যবসায়ীর জন্য চলতি হিসাব উত্তম। এর মাধ্যমে তিনি ইচ্ছামতো টাকা জমা ও উত্তোলন করতে পারেন। স্থায়ী হিসাবে

নির্দিষ্ট মেয়াদের আগে টাকা উত্তোলন করা যায় না। বিশেষ প্রয়োজনে উত্তোলন করা যায়, তবে এক্ষেত্র কোনো সুদ পাওয়া যায় না।

উদ্দীপকে জনাব নীল একজন সফল ব্যবসায়ী। তিনি ব্যবসায়ের আয় বাড়াতে চান। তাই ব্যবসায়ের ৫০,০০০ টাকা 'A' ব্যাংকের স্থায়ী হিসাবে জমা রাখেন। এই জমার মেয়াদ ২ বছর।

একজন ব্যবসায়ীর যেকোনো সময় নগদ টাকার দরকার হতে পারে। ব্যাংকের স্থায়ী হিসাবে টাকা জমা রাখলে তাৎক্ষণিকভাবে টাকা নাও তুলতে পারেন। উদ্দীপকে জনাব নীল স্থায়ী হিসাবে টাকা জমা রাখেন। ফলে হঠাৎ কম দামে ব্যবসায়ের কাঁচামাল পাওয়া গেলে তিনি তা কিনতে ব্যর্থ হবেন। তিনি ব্যবসায়ের আয় বাড়ানোর জন্য নতুন পোর্টফোলিওতে বিনিয়োগ করতে পারতেন। তাই বলা যায়, জনাব নীলের স্থায়ী হিসাবে টাকা জমা রাখার সিদ্ধান্তটি যৌক্তিক ছিল না।

**প্রশ্ন ▶ ১১** আদনান সাহেব একজন চাকরিজীবী। তিনি ছেলে আসিফকে চেক দিয়ে ২০,০০০ টাকা উত্তোলনের জন্য পাঠান। উক্ত ব্যাংক আসিফকে চাহিবামাত্র চেকে উল্লিখিত টাকা প্রদান করে।

ক. ব্যবসায়ের মূলমন্ত্র কী? ১

খ. দাগকাটা চেক বলতে কী বুঝ? ২

গ. আদনান সাহেবের চেকটির ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ব্যাংকের সাথে আদনান সাহেবের সম্পর্কের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যাংক ও গ্রাহকের আস্থা ও বিশ্বাসই হলো ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র।

**খ** বাহক বা হুকুম চেকের বাম কোণের উপরিভাগে আড়াআড়িভাবে সমান্তরাল দুটি রেখা টানা হলে তাকে দাগকাটা চেক বলে।

এই চেক সবচেয়ে নিরাপদ একটি চেক। এই চেকের অর্থ নির্দিষ্ট প্রাপকের ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করা হয় চেকের অর্থ নগদে পরিশোধ করা হয় না। ফলে এ ধরনের চেক চুরি বা হারিয়ে গেলেও অন্য কেউ অর্থ উত্তোলন করতে পারবে না।

**গ** উদ্দীপক উল্লিখিত জনাব আদনানের প্রদত্ত চেকটি হলো বাহক চেক।

যে চেকের টাকা যে-কোনো ব্যক্তি ব্যাংকে উপস্থাপন করে সংগ্রহ করতে পারে তাকে বাহক চেক বলে। এ ধরনের চেকের অন্যতম প্রধান বৈশিষ্ট্য হলো- যার কাছে চেকটি থাকবে সে-ই চেকের মালিক বা অধিকারী হবে। চেকটি ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক বাহককে টাকা দিতে বাধ্য থাকে।

মি. আদনান একজন চাকরিজীবী। তিনি তার ছেলে আসিফকে ২০,০০০ টাকার একটি চেক দিয়ে ব্যাংকে পাঠান। ব্যাংক চেকটি পেয়ে তাৎক্ষণিক এর টাকা পরিশোধ করেছে। বাহক চেকের ক্ষেত্রেই ব্যাংক চেকের বাহককে চেক উপস্থাপনের সাথে সাথে গ্রাহকের হিসাবে টাকা থাকা সাপেক্ষে তাৎক্ষণিক চেকের অর্থ নগদে পরিশোধে বাধ্য। অতএব এটি নিশ্চিত যে, উদ্দীপকের জনাব আদনান তার ছেলেকে যে চেকটি দিয়েছিলেন তা ছিল একটি বাহক চেক।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত জনাব আদনান গ্রাহক হিসেবে ব্যাংকের প্রতি দায়িত্ববোধ অত্যন্ত প্রশংসার দাবি রাখে।

ব্যাংকের গ্রাহক বলতে ঐ ব্যক্তিকে বোঝায়, যিনি ব্যাংকের যে-কোনো ধরনের হিসাব অথবা অন্যান্য সেবার মাধ্যমে ব্যাংকের সাথে যুক্ত থাকেন। এক্ষেত্রে ব্যাংকের যেমন গ্রাহকের প্রতি দায়িত্ব থাকে তেমনি গ্রাহকেরও ব্যাংকের প্রতি দায়িত্ব ও কর্তব্য থাকে। ঋণের টাকা পরিশোধ এবং সুদ প্রদান ছাড়াও সততা ও বিশ্বাস ব্যাংকের প্রতি গ্রাহকের বিশেষ দায়িত্ব হিসেবে গণ্য হয়।

ব্যাংকে হিসাব খোলার মাধ্যমে ব্যাংক ও আদনান সাহেবের মধ্যে একটি আইনগত সম্পর্কের সৃষ্টি হয়েছে। এতে করে দুই পক্ষেরই কিছু অধিকার ও দায়িত্ব সৃষ্টি হয়। এই চুক্তির কারণেই ব্যাংক আদনান সাহেবের জমাকৃত টাকা চাওয়ামাত্র ফেরত দিতে বাধ্য। ব্যাংক ও গ্রাহকের মধ্যে ডেটর-ক্রেডিটর সম্পর্ক বিদ্যমান। তাই তিনি যখন ব্যাংকে টাকা জমা দেন তখন ব্যাংক ডেটর ও তার হিসাব ক্রেডিটর হয়। একইভাবে তিনি যখন অর্থ উত্তোলন বা ঋণ গ্রহণ করেন তখন বিপরীত সম্পর্ক বিরাজ করে। উভয়পক্ষ তাদের সম্পর্কগুলো থেকে সৃষ্ট দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে পালন করলে ব্যাংক ও আদনান সাহেবের মধ্যে আস্থা ও বিশ্বাসের সুসম্পর্ক বজায় থাকবে।

# চট্টগ্রাম বোর্ড–২০২৪

**ফিন্যান্স ও ব্যাংকিং** (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড : 1 5 2

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ৩০

*[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান– ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. সুসংগঠিত মুদ্রা বাজার গঠন কোন ব্যাংকের অন্যতম উদ্দেশ্য?**
ⓚ বাংলাদেশ ব্যাংক ⓚ সোনালী ব্যাংক ⓖ জনতা ব্যাংক ⓖ অগ্রণী ব্যাংক

**২. নিচের কোনটি অর্থায়নের মুনাফাভিত্তিক অভ্যন্তরীণ উৎস।**
ⓚ শেয়ার ⓚ বাণিজ্যিক পত্র ⓖ প্রদেয় বিল ⓖ অবণ্টিত মুনাফা

**৩. ডিবেঞ্চারে বিনিয়োগকারীরা–**
i. ভোটাধিকার পায় না ii. নির্দিষ্ট হারে আয় পায় না iii. কোনো জামানত রাখে না
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৪. BDBL কোন ধরনের ব্যাংক?**
ক কৃষি ব্যাংক খ শিল্প ব্যাংক গ বন্ধকি ব্যাংক ঘ বাণিজ্যিক ব্যাংক

**৫. ব্যাংক কীভাবে আন্তর্জাতিক বাণিজ্যের প্রসার ঘটায়?**
ক মুদ্রাস্ফীতি রোধ করে
খ শিল্পায়নে সহায়তা করে
গ আমদানি-রপ্তানি বাণিজ্যে সহায়তা করে
ঘ ব্যাংক আমানত বৃদ্ধি করে

**৬. 'X' লিঃ এর গত তিন বছরের আয় হার যথাক্রমে ১০%, ১৩% ও ১৬%। প্রতিষ্ঠানটির গড় আয় কত?**
ক ১০% খ ১৩% গ ১৬% ঘ ২৩%

**৭. "রুল-৭২" কে মেয়াদ দ্বারা ভাগ করলে কী পাওয়া যায়?**
ক সুদের হার খ ঋণের পরিমাণ গ বর্তমান মূল্য ঘ ভবিষ্যৎ মূল্য

**৮. সবচেয়ে ঝুঁকিপূর্ণ বিনিয়োগ ক্ষেত্র কোনটি?**
ক বন্ড খ ডিবেঞ্চার গ অগ্রাধিকার শেয়ার ঘ সাধারণ শেয়ার

□ **উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :**
সুরমা ব্যাংক পদ্মা ব্যাংকের অনুমতি নিয়ে একটি শাখা খুলতে চায়, পদ্মা ব্যাংকটি সুরমা ব্যাংকের কার্যক্রমে সন্তুষ্ট হয়ে নতুন শাখা খোলার অনুমতি প্রদান করে।

**৯. পদ্মা ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?**
ক কেন্দ্রীয় ব্যাংক খ বাণিজ্যিক ব্যাংক গ শিল্প ব্যাংক ঘ বিনিয়োগ ব্যাংক

**১০. নতুন শাখা খোলার ফলে–**
i. সুরমা ব্যাংকে নতুন কর্মসংস্থান হবে ii. পদ্মা ব্যাংকের মুনাফা বৃদ্ধি পাবে
iii. জন কল্যাণ সাধিত হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. পরিচালন খরচ পরিশোধের অক্ষমতা থেকে কোন ঝুঁকির সৃষ্টি হয়?**
ক ব্যবসায়িক ঝুঁকি খ আর্থিক ঝুঁকি গ সুদ হারের ঝুঁকি ঘ তারল্য ঝুঁকি

**১২. গ্রাহকের প্রতি ব্যাংকের দায়িত্ব কোনটি?**
ক সততার পরিচয় দেওয়া খ নির্দেশ প্রদান
গ ঋণ পরিশোধ করা ঘ হিসাবের গোপনীয়তা রক্ষা

**১৩. ঋণ গ্রহণের আগে পরিশোধ ক্ষমতা যাচাই করে নিতে হয়, কারণ–**
i. ঋণের টাকা পরিশোধ করা বাধ্যতামূলক
ii. এতে ব্যবসায়িক ঝুঁকি বৃদ্ধি পায়
iii. ঋণ পরিশোধে ব্যর্থ হলে প্রতিষ্ঠান দেউলিয়া হতে পারে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. জনাব অলি একটি প্রকল্পে ৩,০০,০০০ টাকা বিনিয়োগ করেন। প্রকল্পটির মেয়াদ ১০ বছর এবং প্রতি বছর প্রকল্প থেকে ৭৫,০০০ টাকা আয় প্রত্যাশা করেন। প্রকল্পটির পে-ব্যাক সময় কত হবে?**
ক ৬ বছর খ ৫ বছর গ ৪ বছর ঘ ৩ বছর

**১৫. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংকের ব্যয়ের খাত?**
ক বিল বাট্টাকরণ খ লকার ভাড়া গ আমানতের সুদ ঘ প্রত্যয়পত্র ইস্যু

**১৬. ঋণের মাধ্যমে মূলধন সংগ্রহের সুবিধা কোনটি?**
ক সুদহ্রাস খ করহ্রাস গ মুনাফা বৃদ্ধি ঘ তহবিল বৃদ্ধি

**১৭. বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর কত জন?**
ক ১২ জন খ ৬ জন গ ৪ জন ঘ ২ জন

**১৮. ধাতব মুদ্রার ব্যবহার সীমিত হওয়ার কারণ–**
i. ধাতুর বিকল্প ব্যবহার ii. ধাতব পদার্থের দুষ্প্রাপ্যতা
iii. ধাতব মুদ্রার দীর্ঘ স্থায়িত্ব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৯. নিচের কোন প্রতিষ্ঠানটি জনগণের অনুদানে পরিচালিত হয়?**
ক হাসপাতাল খ শিশুসদন গ বৃদ্ধাশ্রম ঘ সমবায় সমিতি

□ **উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
ব্যবসায়ী মাসুম তার দেনাদারের নিকট হতে একটি চেক পেয়ে ব্যাংকে উপস্থাপন করেন। কিন্তু ব্যাংক উক্ত চেকের টাকা নগদ প্রদানে অপারগতা প্রকাশ করে। দেনাদারের হিসাবে পর্যাপ্ত টাকা আছে কি না জানতে চাইলে ব্যাংক তা জানাতে অস্বীকৃতি জানায়।

**২০. উদ্দীপক অনুযায়ী ব্যাংক কোন নীতিটি অনুসরণ করে?**
ক সাবধানতার নীতি খ নিরাপত্তার নীতি
গ বিশৃস্ততার নীতি ঘ গোপনয়তার নীতি

**২১. জনাব মাসুমের প্রাপ্ত চেকটির–**
i. ব্যাংক হিসাবের মাধ্যমে টাক উত্তোলন করতে হবে
ii. বাম কোণায় আড়াআড়ি রেখা টানা আছে
iii. নিরাপত্তা অধিক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২২. কোন দশকে বিরাষ্ট্রীয়করণ প্রক্রিয়া শুরু হয়?**
ক ৬০ দশকে খ ৭০ দশকে গ ৮০ দশকে ঘ ৯০ দশকে

**২৩. হিসাব খোলার মধ্য দিয়ে ব্যাংক ও গ্রাহকের মধ্যে কোন ধরনের সম্পর্কের সৃষ্টি হয়?**
ক ডেটর-ক্রেডিটর খ বন্ধক দাতা-গ্রহীতা
গ গ্রাহক-প্রতিনিধি ঘ চুক্তিবদ্ধ

**২৪. বাংলাদেশের জনপ্রিয় ব্যবসায় প্রতিষ্ঠান নিচের কোনটি?**
ক অংশীদারি খ পাবলিক কোঃ লিঃ
গ প্রাইভেট কোঃ লিঃ ঘ সমবায় সমিতি

**২৫. নিচে কোন ব্যাংকিং পণ্যটি ব্যবহার করতে ব্যবহারকারীর ব্যাংক হিসাবে অর্থ জমা থাকা আবশ্যক?**
ক ব্যাংক ড্রাফট খ ডেবিট কার্ড গ ক্রেডিট কার্ড ঘ পাস বই

**২৬. ৫০০ টাকার বিলে ২% বাট্টা ধার্য করা হলে কত টাকা নগদ সংগ্রহ করা যাবে?**
ক ৪৯০ টাকা খ ৪৮০ টাকা গ ৪৭০ টাকা ঘ ৪৬০ টাকা

**২৭. ব্যাংকের আয় বৃদ্ধি পায়–**
i. আমানতকারীর সুদের হার বেশি হলে ii. ঋণগ্রহীতার সুদের হার বেশি হলে
iii. বৈদেশিক মুদ্রা বিক্রয় বেশি হলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৮. আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF) এর সদস্য সংখ্যা কতটি দেশ?**
ক ১৮৭ খ ১৮৮ গ ১৮৯ ঘ ১৯০

□ **উদ্দীপকটি পড়ো ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সানি ৩ বছর পর ২,০০,০০০ টাকা পাওয়ার আশায় ১০% সুদে ব্যাংকে টাকা জমা রাখেন। তাঁর এক আত্মীয় প্রস্তাব দিল ঐ টাকা তাঁর ব্যাংকে জমা রাখলে ৮ বছর পর দ্বিগুণ টাকা পেতেন।

**২৯. জনাব সানি বর্তমানে কত টাকা ব্যাংকে জমা রাখেন?**
ক ১,৫৬,২৬৩ টাকা খ ১,৫৪,২৬৩ টাকা
গ ১,৫২,২৬৩ টাকা ঘ ১,৫০,২৬৩ টাকা

**৩০. জনাব সানির–**
i. সুযোগ ব্যয় ৯% ii. বিনিয়োগ সিদ্ধান্ত সঠিক
iii. আত্মীয়ের পরামর্শ গ্রহণ করা উচিত ছিল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# চট্টগ্রাম বোর্ড–২০২৪

## ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ফিন্যান্স অংশ

১. জনাব রোকন রুপপুর গ্রামের দরিদ্র ও বঞ্চিত শিশুদের সেবায় নিয়োজিত 'জনসেবা' প্রতিষ্ঠানটি পরিচালনা করেন। অপরদিকে, তার প্রবাসী বন্ধু লোকমান সাহেব জাপানের একটি কোম্পানিতে শ্রম দিয়ে সেখান থেকে প্রচুর অর্থ বাংলাদেশে পাঠিয়ে থাকেন।

ক. অবণ্টিত মুনাফা কী? ১
খ. বাণিজ্যিকপত্র বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. জনাব রোকনের প্রতিষ্ঠানটি অর্থায়নের শ্রেণিবিভাগ অনুযায়ী কোন শ্রেণির অন্তর্ভুক্ত? বর্ণনা দাও। ৩
ঘ. রোকনের বন্ধুর পাঠানো অর্থ বাংলাদেশের আমদানি ও রপ্তানি ঘাটতি পূরণে সহায়তা করে– এর সপক্ষে তোমার মতামত দাও। ৪

২. জনাব রফিক 'সূর্য' টেক্সটাইল কোম্পানির মালিক। তিনি কোম্পানির তহবিল ৫০% ঋণ মূলধন ও ৩০% অগ্রাধিকার শেয়ারের মাধ্যমে সংগ্রহের চিন্তা করেন। একটি ব্যাংক ১২% হারে ঋণ দিতে সম্মত হয়। কোম্পানি ১০০ টাকা লিখিত মূল্যের ১০ শতাংশ অগ্রাধিকার শেয়ার বাজারে বিক্রি করে। সেখান থেকে কোম্পানি ৯০ টাকা পাওয়ার প্রত্যাশা করে। করো হার ৩০%।

ক. বিনিয়োগকারীদের আয় কী হিসেবে গণ্য হয়? ১
খ. কাম্য ঋণ নীতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ১
গ. 'সূর্য' টেক্সটাইলের ঋণ মূলধন ব্যয় নির্ণয় করো। ৩
ঘ. জনাব রফিকের কোম্পানির তহবিল সংগ্রহের জন্য কোন অর্থসংস্থান কম ঝুঁকিপূর্ণ? মতামত দাও। ৪

৩. মি. তুফান একজন চাকরিজীবী। মেয়ে ঝর্নার বিয়ের জন্য তিনি ৫ বছর পর ১০,০০,০০০ টাকা পাওয়ার আশায় কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। 'দিনা' ব্যাংক বার্ষিক ৯.৫০% হারে এবং 'কেকা' ব্যাংক ৯% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. সরল সুদের ক্ষেত্রে কীসের ওপর ভিত্তি করে সুদ গণনা করা হয়? ১
খ. 'রুল ৭২' কী? ব্যাখ্যা করো। ২
গ. মি. তুফানকে 'দিনা' ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় করো। ৩
ঘ. মি. তুফানের জন্য কোন প্রস্তাবটি অধিক গ্রহণযোগ্য? অর্থের সময়মূল্য নির্ণয় করে যুক্তি দাও। ৪

৪. জনাব রানা একজন বিনিয়োগকারী। তিনি 'পাখি' ও 'মনি' নামে দুটি প্রকল্প পরিচালনা করেন। বর্তমানে মূলধন সংকটের কারণে একটি প্রকল্পের কার্যক্রম বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেন। প্রকল্প দুটির গত ৫ বছরের অর্জিত আয়ের হার নিম্নরূপ :

| বছর | পাখি (আয় %) | মনি (আয় %) |
|---|---|---|
| ২০১৯ | ৫ | ১০ |
| ২০২০ | ১৫ | ৩ |
| ২০২১ | ২০ | ২০ |
| ২০২২ | ২৫ | ১৫ |
| ২০২৩ | −১০ | ৭ |

ক. দায় পরিশোধের অক্ষমতা থেকে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে কী বলা হয়? ১
খ. বন্ডে বিনিয়োগকারীদের কোন ঝুঁকি মোকাবেলা করতে হয়? ব্যাখ্যা করো। ২
গ. 'পাখি' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩
ঘ. জনাব রানার জন্য কোন প্রকল্পটি বন্ধ করা অধিকতর যুক্তিসঙ্গত? মতামত দাও। ৪

৫. জনাব জহির 'আলফা' কোম্পানির শেয়ার ক্রয় করেন। যার ফলে তিনি কোম্পানির মালিক হওয়ার ও ভোটাধিকার প্রদান করার পূর্ণ সুযোগ পান। অপরদিকে, রায়হান 'বিটা' কোম্পানির শেয়ার ক্রয় করেন। তিনি সবার আগে নির্দিষ্ট হারে লভ্যাংশ পান, তবে কোম্পানির মালিক হওয়ার কোনো সুযোগ নেই।

ক. প্রাথমিক বাজার কী? ১
খ. স্টক লভ্যাংশ প্রদানের ফলে কী বৃদ্ধি পায়? ব্যাখ্যা করো। ২
গ. রায়হান কোন প্রকারের শেয়ার ক্রয় করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে রায়হানের শেয়ার ক্রয়ের সুবিধা বিশ্লেষণ করো। ৪

৬. নিশি এন্টারপ্রাইজ ৫ বছরের জন্য ২,০০,০০০ টাকা বিনিয়োগ করতে আগ্রহী। এজন্য নিশি এন্টারপ্রাইজ দুটি প্রকল্প 'হাতি' ও 'ঘোড়া' বেছে নিয়েছে। হাতি প্রকল্পের বার্ষিক নগদ প্রবাহ যথাক্রমে ৮০,০০০ টাকা, ৯০,০০০ টাকা, ৭৫,০০০ টাকা, ৯৫,০০০ টাকা এবং ৭০,০০০ টাকা। অপরদিকে, ঘোড়া প্রকল্পের বার্ষিক নগদ প্রবাহ যথাক্রমে ৭০,০০০ টাকা, ৭৫,০০০ টাকা, ৮৫,০০০ টাকা, ৯৫,০০০ টাকা এবং ৮০,০০০ টাকা।

ক. মূলধন বাজেটিং-এর সহজ পদ্ধতি কোনটি? ১
খ. বাট্টা হার কী? ব্যাখ্যা করো। ২
গ. 'হাতি' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৩
ঘ. প্রকল্প দুটির মধ্যে কোনটিতে বিনিয়োগ করা অধিকতর গ্রহণযোগ্য? পে-ব্যাক সময় নির্ণয় করে যুক্তি দেখাও। ৪

### ব্যাংকিং অংশ

৭. মি. লিমন একজন ব্যবসায়ী। ব্যবসায়ে মূলধনের স্বল্পতার কারণে ঋণের জন্য 'A' এবং 'B' ব্যাংকের শরণাপন্ন হলেন। 'A' ব্যাংকটি ভূমি ক্রয়, কারখানা নির্মাণের জন্য ঋণ প্রদান করে। 'B' ব্যাংকটি ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণগ্রহীতার আর্থিক সচ্ছলতা ও সততা বিচার করে এবং পর্যাপ্ত জামানত গ্রহণ করে থাকে।

ক. কখন কাগজি মুদ্রার প্রচলন হয়? ১
খ. বিনিময় প্রথা কী? ব্যাখ্যা করো। ২
গ. 'B' ব্যাংকটি ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংকিং ব্যবসায়ের কোন নীতি মেনে চলে? বর্ণনা করো। ৩
ঘ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুসারে 'A' ব্যাংকটির কার্যক্রম বিশ্লেষণ করো। ৪

৮. দিনা বাবার সাথে ঢাকায় তুকথ নামক একটি বড়ো আর্থিক প্রতিষ্ঠান পরিদর্শন করে। সে বাবাকে প্রতিষ্ঠান সম্পর্কে বিভিন্ন প্রকার প্রশ্ন করায় তিনি বলেন, সরকার, জনগণ ও অন্যান্য ব্যাংককে সহযোগিতা এবং সর্বোপরি দেশের উন্নয়নে এটি কাজ করে থাকে।

ক. নিকাশ ঘর কী? ১
খ. বাধ্যতামূলক তহবিল সংরক্ষণ কী? ব্যাখ্যা করো। ২
গ. দিনা কোন ধরনের ব্যাংকে গিয়েছিল? ব্যাখ্যা করো। ৩
ঘ. অন্যান্য ব্যাংককে সহযোগিতার ক্ষেত্রে 'ক' ব্যাংকের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৯. পান্না একজন আমদানিকারক। তিনি গোল্ডেন ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে তার বিপরীতে অধিক অর্থ পরিশোধ করেন। যা ব্যাংকের আয়ের প্রধান উৎস। ব্যাংকটি আর্থিক লেনদেন ও দেনা-পাওনা নিষ্পত্তির মাধ্যম হিসেবে বিভিন্ন কিছু ব্যবহার করে।

ক. লকার ভাড়া কী? ১
খ. ব্যাংকের ধার গ্রহণ বলতে কোনটিকে বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের ব্যাংকটি কীভাবে আর্থিক লেনদেন ও দেনা-পাওনা নিষ্পত্তি করে? বিশ্লেষণ করো। ৪

১০. নিলা একটি বুটিক শপের মালিক। তিনি দৈনন্দিন লেনদেন পরিচালনার উদ্দেশ্যে 'জুমা' ব্যাংকে একটি হিসাব খোলেন। এ হিসেবে সাধারণত কোনো সুদ প্রদান করা হয় না। ব্যাংকটি বিভিন্ন ধরনের ইলেক্ট্রনিক ব্যাংকিং সেবা প্রদান করার জন্য এলাকায় সবার কাছে পরিচিত।

ক. ব্যাংকিং ব্যবসায়ের মূল উৎস কী? ১
খ. সঞ্চয়ী হিসাব কী? বর্ণনা করো। ২
গ. উদ্দীপকে নিলা কোন ধরনের হিসাব খোলেন? বর্ণনা করো। ৩
ঘ. জুমা ব্যাংকের ইলেক্ট্রনিক ব্যাংকিং সেবার পণ্যগুলো নিলার ব্যবসায়ের ক্ষেত্রে কীভাবে সহায়তা করে? বিশ্লেষণ করো। ৪

১১. মি. রতন একজন শিক্ষক। তিনি তার আমানতকৃত ১ লক্ষ টাকা থেকে ৩০,০০০ টাকা উত্তোলনের জন্য একটি চেক অঙ্কন করে ছেলেকে ব্যাংকে পাঠান। কিন্তু ব্যাংক কর্তৃপক্ষ তার ছেলেকে চেকের টাকা দিতে অসম্মতি প্রকাশ করে।

ক. চেক কী? ১
খ. হিসাবের গোপনীয়তা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে মি. রতনের প্রদানকৃত চেকটি কোন ধরনের চেক? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকে ব্যাংকটির চেকের টাকা প্রদানে অসম্মতির কারণ বিশ্লেষণ করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ঘ | ৩ | খ | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ক |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** জনাব রোকন রূপপুর গ্রামের দরিদ্র ও বঞ্চিত শিশুদের সেবায় নিয়োজিত 'জনসেবা' প্রতিষ্ঠানটি পরিচালনা করেন। অপরদিকে, তার প্রবাসী বন্ধু লোকমান সাহেব জাপানের একটি কোম্পানিতে শ্রম দিয়ে সেখান থেকে প্রচুর অর্থ বাংলাদেশে পাঠিয়ে থাকেন।

ক. অবণ্টিত মুনাফা কী? ১

খ. বাণিজ্যিকপত্র বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব রোকনের প্রতিষ্ঠানটি অর্থায়নের শ্রেণিবিভাগ অনুযায়ী কোন শ্রেণির অন্তর্ভুক্ত? বর্ণনা দাও। ৩

ঘ. রোকনের বন্ধুর পাঠানো অর্থ বাংলাদেশের আমদানি ও রপ্তানি ঘাটতি পূরণে সহায়তা করে– এর সপক্ষে তোমার মতামত দাও। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** অর্জিত মুনাফার যে অংশ শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন করা হয় না তাকে অবণ্টিত মুনাফা বলে।

**খ** ব্যবসায় প্রতিষ্ঠান অর্থায়নের জন্য নির্দিষ্ট সময়ান্তে লাভসহ আসল অর্থ ফেরত প্রদানের অঙ্গীকারে আবদ্ধ হয়ে স্বল্পমেয়াদি যে দলিল বিক্রি করে তাকে বাণিজ্যিক পত্র বলে।

প্রতিষ্ঠানের সুনাম বাণিজ্যিক পত্র বিক্রয়ে জামানত হিসেবে কাজ করে। সাধারণত যে সকল ব্যক্তির সাময়িক সময়ের জন্য কিছু অব্যবহার্য অর্থ থাকে, তারা শেয়ারবাজারে বিনিয়োগের বিকল্প হিসাবে এই বাণিজ্যিক পত্র ক্রয় করে। খ্যাতিমান ব্যক্তি, বাণিজ্যিক ব্যাংক, বিমা কোম্পানি ইত্যাদি প্রতিষ্ঠান বাণিজ্যিক পত্র বিক্রয় করে সাময়িক সময়ের জন্য অর্থায়ন করতে পারে।

**গ** জনাব রোকনের প্রতিষ্ঠানটি অর্থায়নের শ্রেণিবিভাগ অনুযায়ী অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন।

যে সব প্রতিষ্ঠান মানবকল্যাণে বা দরিদ্র ও বঞ্চিত মানুষের সেবার উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ও পরিচালিত সেসব প্রতিষ্ঠানকে অব্যবসায়ী প্রতিষ্ঠান বলা হয়। যেমন : এতিমখানা, দাতব্য চিকিৎসালয়, মসজিদ, মাদরাসা ইত্যাদি।

এ ধরনের প্রতিষ্ঠান অমুনাফাভিত্তিক হয়। সাধারণত সমাজের বিত্তশালী ব্যক্তিরা এসব প্রতিষ্ঠানে অনুদান দেন। সাধারণ জনগণও এসব প্রতিষ্ঠানকে অর্থ দিয়ে সহয়তা প্রদান করে।

উদ্দীপকে জনাব রোকন রূপপুর গ্রামের দরিদ্র ও বঞ্চিত শিশুদের সেবায় নিয়োজিত 'জনসেবা' প্রতিষ্ঠানটি পরিচালনা করেন। প্রতিষ্ঠানটি একটি অব্যবসায়ী ও অমুনাফাভিত্তিক প্রতিষ্ঠান। সমাজের বঞ্চিত ও দরিদ্র বাচ্চাদের উন্নয়নে প্রতিষ্ঠানটি কাজ করে। এক্ষেত্রে প্রতিষ্ঠানটির অর্থসংস্থানের উৎস হলো সমাজের ধনী ও গণ্যমান্য ব্যক্তি। এদের কাছ থেকে অনুদান নিয়ে প্রতিষ্ঠান পরিচালনায় ব্যবহার করা হয়। যা অব্যবসায়ী প্রতিষ্ঠানের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। তাই বলা যায় যে, 'জনসেবা' প্রতিষ্ঠানের অর্থায়নের ধরন অব্যবসায়ী প্রতিষ্ঠানের অর্থায়ন।

**ঘ** জনাব রোকনের বন্ধুর পাঠানো অর্থ বাংলাদেশের আমদানি ও রপ্তানিতে ঘাটতি পূরণে সহায়তা করে– উক্তিটি যথার্থ বলে আমি মনে করি।

বাণিজ্য ঘাটতি বলতে রপ্তানির আয়ের তুলনায় আমদানি ব্যয় বেশি হওয়াকে বোঝায়। আন্তর্জাতিক অর্থায়নে বাণিজ্য ঘাটতি দেখা দেয়। রপ্তানি থেকে আমদানি বেশি হলে তাকে বাণিজ্য ঘাটতি বলে। এ ঘাটতি পূরণে বিভিন্ন খাত যেমন- রেমিটেন্স বিশেষ ভূমিকা রাখে। আন্তর্জাতিক অর্থায়নে আমদানি-রপ্তানি খাতসমূহ এবং এ সংক্রান্ত ঘাটতি কীভাবে পূরণ করা যায় তা ব্যবস্থাপনা করা হয়। বাংলাদেশ প্রধানত আমদানি নির্ভর দেশ। রপ্তানি হতে আমদানি বেশি করতে হয় বলে প্রতি বছর বিরাট অংকের বাণিজ্য ঘাটতি দেখা দেয়। এ ঘাটতি পূরণে রেমিটেন্স (প্রবাসীদের পাঠানো অর্থ) বিশেষ ভূমিকা রাখে।

উদ্দীপকে লোকমান সাহেব একজন প্রবাসী। তিনি জাপানে থাকেন। সেখানে একটি কোম্পানিতে তিনি চাকরি করেন। তিনি নিয়মিত দেশে প্রচুর অর্থ পাঠিয়ে থাকেন।

লোকমান সাহেব একজন প্রবাসী বাংলাদেশি। সাধারণত লোকমান সাহেবের মতো প্রবাসীরা তাদের অর্জিত অর্থ দেশে পরিবারের কাছে পাঠায়। এই টাকা দেশের জন্য রেমিটেন্স হিসেবে বিবেচিত হয়। প্রবাসীদের প্রেরিত রেমিটেন্স দেশের বাণিজ্যের উদ্বৃত্তকে (ব্যয় থেকে আয় বেশি হওয়া) বাড়িয়ে দেয়। এতে বাণিজ্য ঘাটতি কমে। এছাড়া লোকমান সাহেবের প্রেরিত রেমিটেন্স বৈদেশিক মুদ্রার রিজার্ভ বাড়ায়। তাই বলা যায়, জনাব রোকনের বন্ধু লোকমান সাহেবের পাঠানো অর্থ বাংলাদেশের আমদানি ও রপ্তানি ঘাটতি পূরণে সহায়তা করবে।

**প্রশ্ন ▶ ০২** জনাব রফিক 'সূর্য' টেক্সটাইল কোম্পানির মালিক। তিনি কোম্পানির তহবিল ৫০% ঋণ মূলধন ও ৩০% অগ্রাধিকার শেয়ারের মাধ্যমে সংগ্রহের চিন্তা করেন। একটি ব্যাংক ১২% হারে ঋণ দিতে সম্মত হয়। কোম্পানি ১০০ টাকা লিখিত মূল্যের ১০ শতাংশ অগ্রাধিকার শেয়ার বাজারে বিক্রি করে। সেখান থেকে কোম্পানি ৯০ টাকা পাওয়ার প্রত্যাশা করে। করো হার ৩০%।

ক. বিনিয়োগকারীদের আয় কী হিসেবে গণ্য হয়? ১

খ. কাম্য ঋণ নীতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ১

গ. 'সূর্য' টেক্সটাইলের ঋণ মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. জনাব রফিকের কোম্পানির তহবিল সংগ্রহের জন্য কোন অর্থসংস্থান কম ঝুঁকিপূর্ণ? মতামত দাও। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক** বিনিয়োগকারীদের আয়, মূলধন ব্যয় হিসাবে গণ্য হয়।

**খ** কাম্য ঋণনীতি বলতে প্রতিষ্ঠানের মোট মূলধনের কত অংশ ধার বা ঋণ থেকে সংগ্রহ করা হবে তাকে বোঝায়।

প্রতিষ্ঠান তার মোট মূলধনের কিছু অংশ ঋণ নিয়ে সংগ্রহ করতে পারে। সেক্ষেত্রে প্রতিষ্ঠানকে গড় মূলধন খরচ বিবেচনায় রাখতে হয়। সাধারণত ঋণকৃত তহবিলের মূলধন ব্যয় সর্বনিম্ন হয়। এজন্য প্রতিষ্ঠানকে এমন পরিমাণ ঋণ সংগ্রহ করতে হয় যেন গড় মূলধন খরচ সর্বনিম্ন হয়। মূলধন খরচ মাথায় রেখে কী পরিমাণ ঋণ নেওয়া হবে তা নির্ধারণ করাই হলো কাম্য ঋণনীতি।

**গ** ‘সূর্য’ টেক্সটাইলের ঋণ মূলধন ব্যয় নির্ণয় :

দেওয়া আছে,

ঋণের ব্যয় = ১২%

কর হার = ৩০% বা ০.৩০

আমরা জানি,

কর - সমন্বয়কৃত ঋণ মূলধন ব্যয় = ঋণের ব্যয় ( ১- কর হার) × ১০০

= ১২% (১ - ০.৩০) × ১০০

= ৮.৪০%

∴ ‘সূর্য’ টেক্সটাইলের ঋণ মূলধন ব্যয় ৮.৪০%।

**উত্তর :** ৮.৪০%।

**ঘ** অগ্রাধিকার শেয়ার মূলধন ব্যয় নির্ণয় :

দেওয়া আছে,

লিখিত মূল্য$_o$ = ১০০ টাকা

লভ্যাংশ$_o$ = ১০০ × ১০% = ১০ টাকা

বাজার মূল্য = ৯০ টাকা

আমারা জানি,

$$\text{অগ্রাধিকার শেয়ারের মূলধন ব্যয়, } K_p = \frac{\text{শেয়ার মালিকদের প্রত্যাশিত লভ্যাংশ}}{\text{বাজার মূল্য}} \times ১০০$$

$$= \frac{১০}{৯০} \times ১০০$$

$$= ১১.১১\%$$

∴ অগ্রাধিকার শেয়ারের মূলধন ব্যয় ১১.১১%। অপরদিকে, ঋণ মূলধন ব্যয় ৮.৪০% [‘গ’ থেকে পাওয়া]। অর্থাৎ ঋণ মূলধন ব্যয়ের হার (১১.১১ - ৮.৪০) = ২.৭১% কম। এখানে ঋণ মূলধন ব্যয়ের হার কম ঝুঁকি নির্দেশ করে। তাই বলা যায়, উদ্দীপকের জনাব রফিকের কোম্পানির তহবিল সংগ্রহের জন্য ঋণ মূলধন থেকে অর্থসংস্থান কম ঝুঁকিপূর্ণ।

**প্রশ্ন ▸ ০৩** মি. তুফান একজন চাকরিজীবী। মেয়ে ঝর্নার বিয়ের জন্য তিনি ৫ বছর পর ১০,০০,০০০ টাকা পাওয়ার আশায় কিছু টাকা ব্যাংকে জমা রাখতে চান। ‘দিনা’ ব্যাংক বার্ষিক ৯.৫০% হারে এবং ‘কেকা’ ব্যাংক ৯% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়।

ক. সরল সুদের ক্ষেত্রে কীসের ওপর ভিত্তি করে সুদ গণনা করা হয়? ১

খ. ‘রুল ৭২’ কী? ব্যাখ্যা করো। ২

গ. মি. তুফানকে ‘দিনা’ ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় করো। ৩

ঘ. মি. তুফানের জন্য কোন প্রস্তাবটি অধিক গ্রহণযোগ্য? অর্থের সময়মূল্য নির্ণয় করে যুক্তি দাও। ৪

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** সরল সুদের ক্ষেত্রে কেবল আসলের ওপর সুদ গণনা করা হয়।

**খ** রুল-৭২ বা বিধি-৭২ বলতে বার্ষিক চক্রবৃদ্ধিকরণের ক্ষেত্রে যেকোনো পরিমাণ বিনিয়োগকৃত অর্থ কত বছরে বা কত হার সুদে দ্বিগুণ হবে তা সংক্ষেপে নির্ণয় করার কৌশলকে বোঝায়।

টাকা দ্বিগুণ হলে ৭২-কে মেয়াদ দিয়ে ভাগ করলে সুদের হার পাওয়া যায়। আবার ৭২-কে সুদের হার দ্বারা ভাগ করলে মেয়াদ পাওয়া যায়।

**গ** ‘দিনা’ ব্যাংকে জমাকৃত টাকার পরিমাণ নির্ণয় :

এখানে,

ভবিষ্যৎ মূল্য, FV = ১০,০০,০০০ টাকা

সুদের হার , i = ৯.৫০% বা ০.০৯৫

মেয়াদকাল, n = ৫ বছর

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য PV} = \frac{\text{ভবিষ্যৎ মূল্য, FV}}{(১ + i)^n}$$

$$= \frac{১০,০০,০০০}{(১ + ০.০৯৫)^৫}$$

$$= \frac{১০,০০,০০০}{১.৫৭৪২৩৮৭৪}$$

= ৬,৩৫,২২৭.৬৭ টাকা

∴ মি. তুফানকে ‘দিনা’ ব্যাংকে ৬,৩৫,২২৭.৬৭ টাকা জমা রাখতে হবে।

**উত্তর :** ৬,৩৫,২২৭.৬৭ টাকা।

**ঘ** ‘কেকা’ ব্যাংকের বর্তমান মূল্য নির্ণয় :

এখানে,

ভবিষ্যৎ মূল্য, FV = ১০,০০,০০০ টাকা

মেয়াদকাল, n = ৫ বছর

সুদের হার , i = ৯% বা ০.০৯

বছরে চক্রবৃদ্ধির সংখ্যা, m = ১২ বার [∵ মাসিক চক্রবৃদ্ধি]

আমরা জানি,

$$\text{বর্তমান মূল্য, PV} = \frac{\text{ভবিষ্যৎ মূল্য, FV}}{\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}}$$

$$= \frac{১০,০০,০০০}{\left(১ + \frac{০.০৯}{১২}\right)^{৫ \times ১২}}$$

$$= \frac{১০,০০,০০০}{১.৫৬৫৬৮১}$$

= ৬,৩৮,৬৯৯.৭১ টাকা

সুতরাং ৫ বছর পর ১০,০০,০০০ টাকা পেতে মি. তুফানকে ‘কেকা’ ব্যাংকে বর্তমানে ৬,৩৮,৬৯৯.৭১ টাকা জমা রাখতে হবে। অন্যদিকে, একই পরিমাণ টাকা পেতে ‘দিনা’ ব্যাংকে বর্তমানে জমা রাখতে হবে ৬,৩৫,২২৭.৬৭ টাকা [‘গ’ থেকে পাওয়া]। অর্থাৎ, ৫ বছর একই পরিমাণ টাকা পেতে বর্তমানে (৬,৩৮,৬৯৯.৭১ - ৬,৩৫,২২৭.৬৭) = ৩,৪৭২.০৪ টাকা বেশি জমা রাখতে হবে ‘কেকা’ ব্যাংকে। তাই বলা যায়, মি. তুফানের জন্য ‘দিনা’ ব্যাংকের প্রস্তাবটি অধিক গ্রহণযোগ্য।

**প্রশ্ন ▸ ০৪** জনাব রানা একজন বিনিয়োগকারী। তিনি ‘পাখি’ ও ‘মনি’ নামে দুটি প্রকল্প পরিচালনা করেন। বর্তমানে মূলধন সংকটের কারণে একটি প্রকল্পের কার্যক্রম বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেন। প্রকল্প দুটির গত ৫ বছরের অর্জিত আয়ের হার নিম্নরূপ :

| বছর | পাখি (আয় %) | মনি (আয় %) |
|---|---|---|
| ২০১৯ | ৫ | ১০ |
| ২০২০ | ১৫ | ৩ |
| ২০২১ | ২০ | ২০ |
| ২০২২ | ২৫ | ১৫ |
| ২০২৩ | −১০ | ৭ |

ক. দায় পরিশোধের অক্ষমতা থেকে যে ঝুঁকির সৃষ্টি হয় তাকে কী বলা হয়? ১
খ. বন্ডে বিনিয়োগকারীদের কোন ঝুঁকি মোকাবেলা করতে হয়? ব্যাখ্যা করো। ২
গ. 'পাখি' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩
ঘ. জনাব রানার জন্য কোন প্রকল্পটি বন্ধ করা অধিকতর যুক্তিসঙ্গত? মতামত দাও। ৪

## ৪নং প্রশ্নের উত্তর

**ক** দায় পরিশোধের অক্ষমতা থেকে আর্থিক ঝুঁকি সৃষ্টি হয়।

**খ** বন্ডে বিনিয়োগকারীদের সুদ হারের ঝুঁকি এবং তারল্য ঝুঁকি মোকাবিলা করতে হয়

বন্ডের মূল্য কমে গেলে সুদ হারের ঝুঁকি সৃষ্টি হয়। অন্যদিকে, বিনিয়োগকারী প্রত্যাশিত মূল্যে বাজারে বন্ড বিক্রি করতে না পারলে তারল্য ঝুঁকির সৃষ্টি হয়। সুতরাং, বন্ডে বিনিয়োগকারীদের এ ঝুঁকিগুলো মোকাবেলা করতে হয়।

**গ** 'পাখি' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় - গড়) | ব্যবধানের বর্গ $(\text{আয় - গড়})^২$ |
|---|---|---|---|
| ২০১৯ | ৫ | (৫ - ১১) = -৬ | ৩৬ |
| ২০২০ | ১৫ | (১৫ - ১১) = ৪ | ১৬ |
| ২০২১ | ২০ | (২০ - ১১) = ৯ | ৮১ |
| ২০২২ | ২৫ | (২৫ - ১১) = ১৪ | ১৯৬ |
| ২০২৩ | – ১০ | (-১০ - ১১) = -২১ | ৪৪১ |
| যোগফল | ৫৫ | ব্যবধানের বর্গের যোগফল | ৭৭০ |
| গড় আয় | $\frac{৫৫}{৫} = ১১$ | ব্যবধান বর্গের গড় $= \frac{৭৭০}{n-১}$ | $\frac{৭৭০}{৫-১}$ = ১৯২.৫০ |

আমরা জানি,

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\Sigma(\text{আয় হার - গড় হার})^২}{n-১}}$$

$\therefore$ আদর্শ বিচ্যুতি $= \sqrt{১৯২.৫০} =$ ১৩.৮৭% (প্রায়)।

$\therefore$ ১৩.৮৭% (প্রায়)।

**ঘ** জনাব রানার জন্য কোন প্রকল্পটি বন্ধ করা অধিকতর যুক্তিযুক্ত হবে তার আদর্শ বিচ্যুতি নির্ণয় করতে হবে।

'মনি' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় - গড়) | ব্যবধানের বর্গ $(\text{আয় - গড়})^২$ |
|---|---|---|---|
| ২০১৯ | ১০ | (১০ - ১১) = -১ | ১ |
| ২০২০ | ৩ | (৩ - ১১) = -৮ | ৬৪ |
| ২০২১ | ২০ | (২০ - ১১) = ৯ | ৮১ |
| ২০২২ | ১৫ | (১৫ - ১১) = ৪ | ১৬ |
| ২০২৩ | ৭ | (৭ - ১১) = -৪ | ১৬ |
| যোগফল | ৫৫ | ব্যবধানের বর্গের যোগফল | ১৭৮ |
| গড় আয় | $\frac{৫৫}{৫} = ১১$ | ব্যবধান বর্গের গড় $\frac{১৭৮}{n-১}$ | $\frac{১৭৮}{৫-১}$ = ৪৪.৫০ |

আমরা জানি,

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\Sigma(\text{আয় হার - গড় হার})^২}{n-১}}$$

$\therefore$ আদর্শ বিচ্যুতি $= \sqrt{৪৪.৫০} =$ ৬.৬৭% (প্রায়)।

উদ্দীপকে পাখি প্রকল্পের আদর্শ বিচ্যুতি ১৩.৮৭% ('গ' থেকে পাওয়া)। আর, মনি প্রকল্পের আদর্শ বিচ্যুতি ৬.৬৭%। আমরা জানি, আদর্শ বিচ্যুতির বড় মান বেশি ঝুঁকি নির্দেশ করে। সুতরাং, পাখি প্রকল্পের ঝুঁকি বেশি। তাই বলা যায়, জনাব রানার পাখি প্রকল্পটি বন্ধ করা উচিত।

**প্রশ্ন ▶ ০৫** জনাব জহির 'আলফা' কোম্পানির শেয়ার ক্রয় করেন। যার ফলে তিনি কোম্পানির মালিক হওয়ার ও ভোটাধিকার প্রদান করার পূর্ণ সুযোগ পান। অপরদিকে, রায়হান 'বিটা' কোম্পানির শেয়ার ক্রয় করেন। তিনি সবার আগে নির্দিষ্ট হারে লভ্যাংশ পান, তবে কোম্পানির মালিক হওয়ার কোনো সুযোগ নেই।

ক. প্রাথমিক বাজার কী? ১
খ. স্টক লভ্যাংশ প্রদানের ফলে কী বৃদ্ধি পায়? ব্যাখ্যা করো। ২
গ. রায়হান কোন প্রকারের শেয়ার ক্রয় করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে রায়হানের শেয়ার ক্রয়ের সুবিধা বিশেষণ করো। ৪

## ৫নং প্রশ্নের উত্তর

**ক** কোম্পানি যে বাজারে শেয়ার বিক্রির প্রথম প্রস্তাব করে তাকে প্রাথমিক বাজার বলে।

**খ** ইস্যুকৃত শেয়ারের ওপর স্টক লভ্যাংশ প্রদান করলে কোম্পানির শেয়ার সংখ্যা বৃদ্ধি পায়।

কোম্পানি অনেক সময় নগদ লভ্যাংশের পরিবর্তে স্টক লভ্যাংশ প্রদান করে থাকে। আবার অনেক সময় নগদ লভ্যাংশের পাশাপাশি স্টক লভ্যাংশ দিয়ে থাকে। এক্ষেত্রে বর্তমান শেয়ারের ওপর আনুপাতিক হারে স্টক লভ্যাংশ প্রদান করে। ফলে শেয়ার সংখ্যা বৃদ্ধি পায়। মনে কর, একটি কোম্পানির বর্তমানে ১০ টাকা মূল্যের ১ কোটি শেয়ার আছে। কোম্পানি ৫০ শতাংশ বা ২:১ অনুপাতে স্টক লভ্যাংশ ঘোষণা করে। ফলে কোনো বিনিয়োগকারীর বর্তমানে ৫০০টি শেয়ার থাকলে স্টক লভ্যাংশ পাবার পর শেয়ার সংখ্যা ৭৫০টি হবে। অনুরূপভাবে কোম্পানির মোট ইস্যুকৃত শেয়ার ১.৫ কোটি হবে।

**গ** উদ্দীপকের রায়হান অগ্রাধিকার শেয়ার ক্রয় করে।

অগ্রাধিকার শেয়ারের ক্ষেত্রে কোম্পানি নির্দিষ্ট হারে লভ্যাংশ দেয়। ফলে অগ্রাধিকার বিনিয়োগ থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত। অগ্রাধিকার শেয়ার মালিকরা কোম্পানি পরিচালনায় বা ভোট প্রদানে অংশগ্রহণ করতে পারেন না। তবে লভ্যাংশ পাওয়ার ক্ষেত্রে সাধারণ শেয়ার মালিকদের চেয়ে অগ্রাধিকার পান। অগ্রাধিকার শেয়ারের মালিকগণ লভ্যাংশ প্রাপ্তি ও কোম্পানি অবসায়নের সময় সম্পদের উপর অন্যান্য শেয়ারমালিকগণের চেয়ে তারা বেশি সুবিধা পায়।

উদ্দীপকে রায়হান, 'বিটা' কোম্পানির শেয়ার ক্রয় করেন। তিনি সবার আগে লভ্যাংশ পাবেন। তবে তার কোম্পানির মালিক হওয়ার কোনো সুযোগ নেই। অর্থাৎ, রায়হান সাধারণ শেয়ার মালিকদের আগে লভ্যাংশ পাবেন। এক্ষেত্রে রায়হানের আয় অপেক্ষাকৃত ঝুঁকিমুক্ত। তবে তিনি প্রতিষ্ঠানের ভোটাধিকার পাবেন না। রায়হানের বিনিয়োগকৃত শেয়ারের বৈশিষ্ট্যের সাথে অগ্রাধিকার শেয়ারের মিল রয়েছে। অতএব, বৈশিষ্ট্য বিবেচনায় জনাব রায়হান অগ্রাধিকার শেয়ার ক্রয় করেন।

**ঘ** রায়হান অগ্রাধিকার শেয়ার ক্রয়ের মাধ্যমে নির্দিষ্ট হারে আয়, মুনাফা ও সম্পদের ওপর দাবির অগ্রাধিকার পাবেন।

কোম্পানির মুনাফা থেকে অগ্রাধিকার শেয়ার মালিকরা নির্দিষ্ট হারে লভ্যাংশ পায়। সবশেষে সাধারণ শেয়ারহোল্ডাররা মুনাফার ওপর অধিকার পায়। আবার, কোম্পানির অবসায়নে সাধারণ শেয়ারহোল্ডারদের পূর্বে অগ্রাধিকার শেয়ার মালিকদের দাবি মেটানো হয়।

উদ্দীপকে জনাব জহির, 'আলফা' কোম্পানির শেয়ার ক্রয় করেন। যার ফলে তিনি কোম্পানির মালিক হওয়ার ও ভোটাধিকার প্রদান করার পূর্ণ সুযোগ পান। অপরদিকে, রায়হান 'বিটা' কোম্পানির শেয়ার ক্রয় করেন। তিনি সবার আগে নির্দিষ্ট হারে লভ্যাংশ পান। তবে কোম্পানির মালিক হওয়ার কোনো সুযোগ নেই। অর্থাৎ, রায়হান 'বিটা' কোম্পানির অগ্রাধিকার শেয়ার ক্রয় করেছেন।

অগ্রাধিকার শেয়ারে বিনিয়োগকারীরা নির্দিষ্ট হারে আয় করতে পারেন। প্রতিষ্ঠান ভবিষ্যতে কোনো কারণে দেউলিয়া হলে সম্পদ প্রাপ্তিতে এরূপ শেয়ার মালিকরা অগ্রাধিকার পাবেন। উদ্দীপকে রায়হান এই সুবিধাগুলো পেয়ে থাকেন। তাই বলা যায়, অগ্রাধিকারের ভিত্তিতে নির্দিষ্ট হারে মুনাফা অর্জন করতে অগ্রাধিকার শেয়ার একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার।

**প্রশ্ন ▶ ০৬** নিশি এন্টারপ্রাইজ ৫ বছরের জন্য ২,০০,০০০ টাকা বিনিয়োগ করতে আগ্রহী। এজন্য নিশি এন্টারপ্রাইজ দুটি প্রকল্প 'হাতি' ও 'ঘোড়া' বেছে নিয়েছে। হাতি প্রকল্পের বার্ষিক নগদ প্রবাহ যথাক্রমে ৮০,০০০ টাকা, ৯০,০০০ টাকা, ৭৫,০০০ টাকা, ৯৫,০০০ টাকা এবং ৭০,০০০ টাকা। অপরদিকে, ঘোড়া প্রকল্পের বার্ষিক নগদ প্রবাহ যথাক্রমে ৭০,০০০ টাকা, ৭৫,০০০ টাকা, ৮৫,০০০ টাকা, ৯৫,০০০ টাকা এবং ৮০,০০০ টাকা।

ক. মূলধন বাজেটিং-এর সহজ পদ্ধতি কোনটি? ১
খ. বাট্টা হার কী? ব্যাখ্যা করো। ২
গ. 'হাতি' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৩
ঘ. প্রকল্প দুটির মধ্যে কোনটিতে বিনিয়োগ করা অধিকতর গ্রহণযোগ্য? পে-ব্যাক সময় নির্ণয় করে যুক্তি দেখাও। ৪

## ৬নং প্রশ্নের উত্তর

**ক** মূলধন বাজেটিং হলো ঝুঁকিযুক্ত দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত।

**খ** ভবিষ্যতের নগদ প্রবাহকে বর্তমান মূল্যে রূপান্তর করার জন্য যে হারের প্রয়োজন হয় তাকে বাট্টার হার বলে।

মূলধন বাজেটিং প্রক্রিয়ার দ্বিতীয় ধাপ হলো বাট্টার হার নির্ধারণ। নগদ প্রবাহ নির্ধারণ করার পর সেগুলোকে নগদ মূল্যে রূপান্তর করার জন্য বাট্টার হার প্রয়োজন। মূলধন খরচকে মূলধন বাজেটিং প্রক্রিয়ার বাট্টার হার হিসেবে ব্যবহার করা হয়।

**গ** 'হাতি' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

| বছর | বার্ষিক নগদ প্রবাহ | ক্রমযোজিত নগদ প্রবাহ |
|---|---|---|
| ০ | –২,০০,০০০ | – ২,০০,০০০ |
| ১ | ৮০,০০০ | – ১,২০,০০০ |
| ২ | ৯০,০০০ | – ৩০,০০০ |
| ৩ | ৭৫,০০০ | ৪৫,০০০ |
| ৪ | ৯৫,০০০ | ১,৪০,০০০ |
| ৫ | ৭০,০০০ | ২,১০,০০০ |

$\therefore$ পে-ব্যাক সময় $= \left(২ + \frac{৩০,০০০}{৭৫,০০০}\right)$ বছর

$= ২.৪০$ বছর

$\therefore$ 'হাতি' প্রকল্পের পে-ব্যাক সময় ২.৪০ বছর।

**ঘ** নিশি এন্টারপ্রাইজের কোন প্রকল্প লাভজনক তার পে-ব্যাক সময় নির্ণয় করা হলো:

'ঘোড়া' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

| বছর | বার্ষিক নগদ প্রবাহ | ক্রমযোজিত নগদ প্রবাহ |
|---|---|---|
| ০ | –২,০০,০০০ | – ২,০০,০০০ |
| ১ | ৭০,০০০ | – ১,৩০,০০০ |
| ২ | ৭৫,০০০ | – ৫৫,০০০ |
| ৩ | ৮৫,০০০ | ৩০,০০০ |
| ৪ | ৯৫,০০০ | ১,২৫,০০০ |
| ৫ | ৭০,০০০ | ২,০৫,০০০ |

$\therefore$ পে-ব্যাক সময় $= \left(২ + \frac{৫৫,০০০}{৮৫,০০০}\right)$ বছর

$= ২.৬৫$ বছর

এখানে 'হাতি' প্রকল্পের পে-ব্যাক সময় ২.৪০ বছর। ['গ' থেকে প্রাপ্ত]। অন্যদিকে, 'ঘোড়া' প্রকল্পের পে-ব্যাক সময় ২.৬৫ বছর। যে প্রকল্পের পে-ব্যাক সময় যত কম, ঐ প্রকল্প তত বেশি গ্রহণযোগ্য। অর্থাৎ, 'হাতি' প্রকল্পের পে-ব্যাক সময় অপেক্ষাকৃত কম। তাই নিশি এন্টারপ্রাইজের জন্য 'হাতি' প্রকল্পে বিনিয়োগ করা অধিকতর লাভজনক বলে আমি মনে করি।

**প্রশ্ন ▶ ০৭** মি. লিমন একজন ব্যবসায়ী। ব্যবসায়ে মূলধনের স্বল্পতার কারণে ঋণের জন্য 'A' এবং 'B' ব্যাংকের শরণাপন্ন হলেন। 'A' ব্যাংকটি ভূমি ক্রয়, কারখানা নির্মাণের জন্য ঋণ প্রদান করে। 'B' ব্যাংকটি ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণগ্রহীতার আর্থিক সচ্ছলতা ও সততা বিচার করে এবং পর্যাপ্ত জামানত গ্রহণ করে থাকে।

ক. কখন কাগজি মুদ্রার প্রচলন হয়? ১
খ. বিনিময় প্রথা কী? ব্যাখ্যা করো। ২
গ. 'B' ব্যাংকটি ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংকিং ব্যবসায়ের কোন নীতি মেনে চলে? বর্ণনা করো। ৩
ঘ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুসারে 'A' ব্যাংকটির কার্যক্রম বিশেষণ করো। ৪

## ৭নং প্রশ্নের উত্তর

**ক** উনবিংশ শতাব্দীতে কাগজি মুদ্রার প্রচলন হয়।

**খ** দ্রব্যের বিনিময়ে দ্রব্যের আদান-প্রদানকে বিনিময় প্রথা বলে।

প্রথমদিকের মানুষের চাহিদা ছিল খুবই সীমিত। সভ্যতা বিবর্তনের সাথে মানুষের প্রয়োজন কর্মকাণ্ড বাড়ে। মানব সৃষ্টি ও সভ্যতার বিবর্তনের সাথে সাথে মানুষের প্রয়োজন, কর্মকাণ্ড এবং সামাজিক বন্ধনের পরিধি প্রসার লাভ করতে থাকে। প্রথমে মানুষের চাহিদা ছিল খুব সীমিত এবং পরস্পরের মধ্যে তার প্রয়োজনের অতিরিক্ত দ্রব্যাদি বিনিময়ের মাধ্যমে নিজের চাহিদা নির্বাহ করতো। 'দ্রব্যের বিনিময়ে দ্রব্য' এই প্রথাটি বিনিময় প্রথা হিসেবে পরিচিত।

**গ** উদ্দীপকে 'B' ব্যাংকে ঋণ প্রদানের ক্ষেত্রে নিরাপত্তা নীতি মেনে চলে।

গ্রাহকের অর্থ ও ঋণ হিসেবে প্রদত্ত অর্থের নিরাপত্তা নিশ্চিত করাকে ব্যাংকের নিরাপত্তা নীতি বলা হয়। ব্যাংকের একটি অন্যতম নীতি হলো নিরাপত্তা নীতি। এ নীতি অনুযায়ী নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যাংক গ্রাহককে ঋণ দেওয়ার সময় তার আর্থিক সচ্ছলতা যাচাই করে এবং জামানত হিসেবে বিভিন্ন সম্পত্তি বন্ধক রাখে। নির্দিষ্ট সময়ে ঋণের

অর্থ ফেরত পাওয়ার উদ্দেশ্যে এ বিষয়গুলো বিবেচনা করা হয় এবং বন্ধক রাখা সম্পত্তি বিক্রি করে অর্থ আদায় করে।

উদ্দীপকে, মি. লিমন একজন ব্যবসায়ী। তিনি ঋণের জন্য 'A' এবং 'B' ব্যাংকে আবেদন করেন। 'B' ব্যাংকে ঋণ দেওয়ার ক্ষেত্রে ঋণ গ্রহীতার আর্থিক সচ্ছলতা, সততা ও জামানতের পর্যাপ্ততা বিচার করে। এর মাধ্যমে প্রতিষ্ঠানটি জনগণের জমাকৃত অর্থের নিরাপত্তা নিশ্চিত করে। এ নীতি অনুযায়ী কোনো কারণে ঋণগ্রহীতা ঋণের অর্থ পরিশোধে ব্যর্থ হলে ব্যাংক উক্ত সম্পত্তি বিক্রি করে অর্থ আদায় করে। মি. লিমনের নিকট থেকে 'B' ব্যাংক অর্থের নিরাপত্তা বিধান নিশ্চিত করেছে। অর্থাৎ, পরিশেষে বলা যায় যে, 'B' ব্যাংক ঋণ দেওয়ার ক্ষেত্রে নিরাপত্তা নীতি অনুসরণ করে।

**ঘ** কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুসারে 'A' ব্যাংকটি হলো একটি শিল্প ব্যাংক।

দেশের শিল্প খাত উন্নয়নের লক্ষ্যে যে ব্যাংক প্রতিষ্ঠিত হয় তাকে শিল্প ব্যাংক বলে। যন্ত্রপাতি সংগ্রহ, ভূমি ক্রয়, কারখানা নির্মাণ ইত্যাদির জন্য শিল্প ব্যাংক ঋণ প্রদান করে থাকে। বিডিবিএল (Bangladesh Development Bank Limited) বাংলাদেশে এই ধরনের একটি ব্যাংক।

উদ্দীপকে মি. লিমন একজন ব্যবসায়ী। তিনি ঋণের জন্য 'A' ব্যাংকে আবেদন করেন। প্রতিষ্ঠানটি ভূমি ক্রয় ও কারখানা নির্মাণের জন্য ঋণ দেয়। বৈশিষ্ট্যগত দিক থেকে 'A' ব্যাংকের সাথে শিল্প ব্যাংকের মিল রয়েছে।

শিল্প ব্যাংক দেশের শিল্প উন্নয়ন ও নতুন উদ্যোক্তা সৃষ্টির জন্য সহজ শর্তে ঋণ দেয়। কারখানা নির্মাণ, যন্ত্রপাতি সংগ্রহ, ভূমি ক্রয়, বিভিন্ন খরচ মেটাতে ব্যাংক দীর্ঘ ও মধ্যমেয়াদি ঋণ প্রদান করে থাকে। বাণিজ্যিক ব্যাংকগুলো সাধারণত দীর্ঘমেয়াদি প্রকল্পে বিনিয়োগে বেশি আগ্রহী নয়। অতএব বলা যায় যে, দেশের শিল্পের উন্নয়নে 'A' ব্যাংকটির ভূমিকা অপরীসিম।

**প্রশ্ন ▶ ০৮** দিনা বাবার সাথে ঢাকায় 'ক' নামক একটি বড়ো আর্থিক প্রতিষ্ঠান পরিদর্শন করে। সে বাবাকে প্রতিষ্ঠান সম্পর্কে বিভিন্ন প্রকার প্রশ্ন করায় তিনি বলেন, সরকার, জনগণ ও অন্যান্য ব্যাংককে সহযোগিতা এবং সর্বোপরি দেশের উন্নয়নে এটি কাজ করে থাকে।

ক. নিকাশ ঘর কী? ১
খ. বাধ্যতামূলক তহবিল সংরক্ষণ কী? ব্যাখ্যা করো। ২
গ. দিনা কোন ধরনের ব্যাংকে গিয়েছিল? ব্যাখ্যা করো। ৩
ঘ. অন্যান্য ব্যাংককে সহযোগিতার ক্ষেত্রে 'ক' ব্যাংকের ভূমিকা বিশেষণ করো। ৪

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** যে স্থানে কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকসমূহের আন্তঃলেনদেন নিষ্পত্তি করে তাকে নিকাশ ঘর বলা হয়।

**খ** বাণিজ্যিক ব্যাংক তার আমানতের যে অংশ বাধ্যতামূলকভাবে কেন্দ্রীয় ব্যাংকের নিকট জমা রাখে তাকে বিধিবন্ধ রিজার্ভ বলা হয়।

তালিকাভুক্তির শর্ত হিসেবে বাণিজ্যিক ব্যাংক তার আমনতের একটি নির্দিষ্ট অংশ বাধ্যতামূলকভাবে কেন্দ্রীয় ব্যাংকের নিকট জমা রাখে। এ জমাকৃত তহবিলই হলো বিধিবন্ধ রিজার্ভ। এটি বাণিজ্যিক ব্যাংক তার তারল্য সংকটে ব্যবহার করার সুযোগ পায়।

**গ** দিনা কেন্দ্রীয় ব্যাংকে গিয়েছিল।

কেন্দ্রীয় ব্যাংক দেশের সব ব্যাংকের অভিভাবক। এটি অন্যান্য ব্যাংকের পরিচালক ও নিয়ন্ত্রক। মুদ্রাবাজারকে সুসংগঠিত করে গড়ে তুলতে এ ব্যাংক প্রতিষ্ঠা করা হয়। এছাড়াও মুদ্রা প্রচলন, অর্থ সরবরাহ, ঋণ নিয়ন্ত্রণ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংক দায়িত্ব পালন করে। বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের নাম হলো বাংলাদেশ ব্যাংক।

উদ্দীপকে দিনা বাবার সাথে ঢাকায় 'ক' নামক একটি বড় আর্থিক প্রতিষ্ঠানে যায়। এটি সরকার, জনগণ ও অন্যান্য ব্যাংককে সহযোগিতা করে। সর্বোপরি দেশের উন্নয়নে কাজ করে থাকে। মূলত দেশের কেন্দ্রীয় ব্যাংক তার তালিকাভুক্ত ও অতালিকাভুক্ত ব্যাংকসমূহের কার্যক্রম তদারকি করে। এছাড়া তালিকাভুক্ত ব্যাংকগুলো নতুন শাখা খোলার ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংকের অনুমতি নেয়। এছাড়াও এ ব্যাংক সরকারের আর্থিক নীতি প্রণয়ন ও বাস্তবায়ন এবং সরকারের হিসাব পরিচালনা করে। আর কেন্দ্রীয় ব্যাংকের এসব কাজের মূলেই রয়েছে জনকল্যাণ। তাই বলা যায়, উদ্দীপকে দিনা তার বাবার সাথে কেন্দ্রীয় ব্যাংকে গিয়েছিল।

**ঘ** ব্যাংকিং খাতের উন্নয়নে ও সহযোগিতার ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংক হিসেবে 'ক' ব্যাংকটির ভূমিকা অপরিসীম।

কেন্দ্রীয় ব্যাংক সরকারি মালিকানায় প্রতিষ্ঠিত ও পরিচালিত হয়। জনকল্যাণ এ ব্যাংকের মূল উদ্দেশ্য। কেন্দ্রীয় ব্যাংক সরকারের যাবতীয় অর্থনৈতিক নীতি, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সরকারকে সহায়তা করে থাকে। সরকারের নীতি বাস্তবায়নে ব্যাংকটি ঋণ নিয়ন্ত্রণ, বৈদেশিক বিনিময়সহ ইত্যাদি কাজ করে। এছাড়া এ ব্যাংক দেশের ব্যাংক ব্যবস্থা ও মুদ্রা বাজারের নিয়ন্ত্রক। এ ব্যাংককে অন্যান্য ব্যাংকের ব্যাংকার বলা হয়।

উদ্দীপকে দিনা বাবার সাথে ঢাকায় 'ক' নামক আর্থিক প্রতিষ্ঠানে যায়। তার বাবার কাছে জানতে পারে ব্যাংকটি সরকার, জনগণ ও অন্যান্য ব্যাংককে সহযোগিতা করে। সর্বোপরি ব্যাংকটি দেশের উন্নয়নে কাজ করে।

দেশের অর্থনীতির প্রয়োজনে ও অর্থনীতিতে সঠিকভাবে পরিচালনা করার জন্য উদ্দীপকে 'ক' ব্যাংকটি দেশের পুরো ব্যাংক ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করে। অন্যান্য ব্যাংকগুলোর জন্য এ ব্যাংক পরিচালনা সংক্রান্ত নীতিমালা তৈরি করে। এছাড়া দেশের মধ্যে একটি শক্তিশালী ব্যাংকিং ব্যবস্থা গড়ে তোলার উদ্দেশ্যে এ ব্যাংক সাহায্য করে। তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকগুলোর আন্তঃব্যাংকিং লেনদেন নিষ্পত্তির জন্য নিকাশঘরের সুবিধা প্রদান করে। এছাড়াও কেন্দ্রীয় ব্যাংক নোট ইস্যু, বৈদেশিক মুদ্রার রিজার্ভ, সরকারের হিসাব পরিচালনা, কৃষি ঋণ ও শিল্পঋণ, অর্থনৈতিক পরিসংখ্যান তৈরি ইত্যাদি কাজ করে। এভাবে দেশের ব্যাংক খাতের জন্য বিভিন্ন উন্নয়নমূলক কাজ করে ব্যাংকটি ব্যাংক ব্যবস্থার উন্নয়নে অবদান রাখছে। তাই বলা যায়, দেশের ব্যাংক ব্যবস্থার উন্নয়নে কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা অপরিসীম।

**প্রশ্ন ▶ ০৯** পান্না একজন আমদানিকারক। তিনি গোল্ডেন ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে তার বিপরীতে অধিক অর্থ পরিশোধ করেন। যা ব্যাংকের আয়ের প্রধান উৎস। ব্যাংকটি আর্থিক লেনদেন ও দেনা-পাওনা নিষ্পত্তির মাধ্যম হিসেবে বিভিন্ন কিছু ব্যবহার করে।

ক. লকার ভাড়া কী? ১
খ. ব্যাংকের ধার গ্রহণ বলতে কোনটিকে বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের ব্যাংকটি কীভাবে আর্থিক লেনদেন ও দেনা-পাওনা নিষ্পত্তি করে? বিশেষণ করো। ৪

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** বাণিজ্যিক ব্যাংক নির্দিষ্ট পরিমাণ সার্ভিস চার্জের বিনিময়ে জনগণের মূল্যবান দলিল, গহনা ইত্যাদি ব্যাংকের লকারে সংরক্ষণের সুবিধা দেওয়াই হলো লকার ভাড়া।

**খ** ব্যাংকের ধার গ্রহণ হলো বাণিজ্যিক ব্যাংকের তহবিলের একটি উৎস।

বাণিজ্যিক ব্যাংকসমূহ কেন্দ্রীয় ব্যাংক ও অন্যান্য বাণিজ্যিক ব্যাংক হতে ঋণ গ্রহণ করে। আবার মুদ্রাবাজারে সিকিউরিটি বা ঋণপত্র বিক্রয় করেও তহবিল সংগ্রহ করে। বাণিজ্যিক ব্যাংকের তহবিল সংগ্রহের এ প্রক্রিয়া হলো ধার গ্রহণ।

**গ** উদ্দীপকের গোল্ডেন ব্যাংকটি হলো একটি বাণিজ্যিক ব্যাংক।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ও পরিচালিত ব্যাংক হলো বাণিজ্যিক ব্যাংক। এ ব্যাংক গ্রাহকদের সঞ্চিত অর্থ বিভিন্ন হিসাবের (চলতি, স্থায়ী ও সঞ্চয়ী) মাধ্যমে জমা রাখে। ব্যাংকটি বিভিন্ন খাতে এ অর্থ ঋণ দেয়।

উদ্দীপকে পান্না একজন আমদানিকারক। তিনি 'গোল্ডেন ব্যাংক' থেকে ঋণ গ্রহণ করেন। ঋণের বিপরীতে অর্থ পরিশোধ করে, যা ব্যাংকের আয়ের প্রধান উৎস। সাধারণত বাণিজ্যিক ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে আমানতকৃত অর্থ ঋণ হিসেবে প্রদান করে। আর ঋণের সুদই বাণিজ্যিক ব্যাংকের আয়ের মূল উৎস। এছাড়াও বাণিজ্যিক ব্যাংক গ্রাহকের আর্থিক লেনদেন ও দেনা-পাওনা নিষ্পত্তিতে সহায়তা করে। অতএব, বলা যায়, গোল্ডেন ব্যাংকটি একটি বাণিজ্যিক ব্যাংক।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত গোল্ডেন ব্যাংকটি আমানতগ্রহণ, ঋণদান ও বিনিময়ের মাধ্যমে হিসেবে চেক, বিনিময় বিল, প্রত্যয়পত্র, ব্যাংক ড্রাফট, পে-অর্ডার ইত্যাদি ব্যবহার করে থাকে।

বাণিজ্যিক ব্যাংক মূলত আমানত গ্রহণ ও ঋণদান করে। তবে ব্যাংক গ্রাহকদের চেক, বিনিময় বিল, প্রত্যয়পত্র, ব্যাংক ড্রাফট, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড ইত্যাদি বিনিময়ের মাধ্যমে ব্যবহার করার সুযোগ দেয়। বাণিজ্যিক ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত হলেও এটি শিল্প, বাণিজ্য, অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে বিভিন্ন রকম সেবা প্রদান করে থাকে। এ ব্যাংকের প্রধান কার্যাবলির অন্তর্ভুক্ত হলো আমানত গ্রহণ, মূলধন গঠন, ঋণ মঞ্জুর, বিনিময়ের মাধ্যম সৃষ্টি, আমদানি-রপ্তানিতে সাহায্য ইত্যাদি।

উদ্দীপকে পান্না একজন আমদানিকারক। তিনি গোল্ডেন ব্যাংক থেকে ঋণ গ্রহণ করেন। ঋণ থেকে প্রাপ্ত সুদই ব্যাংকের আয়ের প্রধান উৎস। ব্যাংকটি আর্থিক লেনদেন ও দেনা-পাওনা নিষ্পত্তির মাধ্যম হিসেবে বিভিন্ন কিছু ব্যবহার করে।

আমদানিকারক হিসেবে পান্না বৈদেশিক বাণিজ্যের সাথে যুক্ত। তিনি বৈদেশিক বাণিজ্যে আর্থিক লেনদেন ও দেনা-পাওনা নিষ্পত্তির জন্য প্রত্যয়পত্র ব্যবহার করতে পারেন। নগদ অর্থের বিকল্প হিসেবে তিনি চেক, ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড ব্যবহার করে আর্থিক লেনদেন করতে পারেন। এ ব্যাংক ঋণদান কার্যক্রমও সম্পাদন করে থাকে। এছাড়া ব্যাংকটি চেক, ব্যাংক ড্রাফট ব্যবহার করার সুযোগ দিয়ে বিনিময়ের মাধ্যম সৃষ্টি করছে। এভাবেই উদ্দীপকের ব্যাংকটি পান্নার মতো গ্রাহকদের আর্থিক লেনদেন ও দেনা-পাওনা নিষ্পত্তি করে।

**প্রশ্ন ▶ ১০** নিলা একটি বুটিক শপের মালিক। তিনি দৈনন্দিন লেনদেন পরিচালনার উদ্দেশ্যে 'জুমা' ব্যাংকে একটি হিসাব খোলেন। এ হিসেবে সাধারণত কোনো সুদ প্রদান করা হয় না। ব্যাংকটি বিভিন্ন ধরনের ইলেক্ট্রনিক ব্যাংকিং সেবা প্রদান করার জন্য এলাকায় সবার কাছে পরিচিত।

ক. ব্যাংকিং ব্যবসায়ের মূল উৎস কী? ১

খ. সঞ্চয়ী হিসাব কী? বর্ণনা করো। ২

গ. উদ্দীপকে নিলা কোন ধরনের হিসাব খোলেন? বর্ণনা করো। ৩

ঘ. জুমা ব্যাংকের ইলেক্ট্রনিক ব্যাংকিং সেবার পণ্যগুলো নিলার ব্যবসায়ের ক্ষেত্রে কীভাবে সহায়তা করে? বিশে-ষণ করো। ৪

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যাংক ব্যবসায় তহবিলের মূল উৎস হলো আমানত।

**খ** যে ব্যাংক হিসাবে যতবার খুশি ততবার অর্থ জমা দেওয়া গেলেও সপ্তাহে দু'বারের বেশি অর্থ উত্তোলন করা যায় না তাকে সঞ্চয়ী হিসাব বলা হয়।

সাধারণত সঞ্চয়ের উদ্দেশ্যে গ্রাহকগণ এ ধরনের হিসাব খুলে থাকেন। চাকরিজীবী ও ছাত্রদের জন্য এটি বিশেষভাবে উপযোগী। তাছাড়া এ হিসাবের গ্রাহককে ব্যাংক কম হারে সুদ দেয়।

**গ** নিলা ব্যাংকে একটি চলতি হিসাব খোলেন।

যে ব্যাংক হিসাবের মাধ্যমে গ্রাহক প্রতিদিন বা সপ্তাহে যতবার খুশি টাকা জমা রাখতে ও প্রয়োজন মতো উত্তোলন করতে পারে তাকে চলতি হিসাব বলে। এ হিসাবে আমানতকারীকে কোনো সুদ প্রদান করা হয় না। তবে, গ্রাহক জমাতিরিক্ত উত্তোলনের সুবিধা পায়।

উদ্দীপকে নিলা একটি বুটিক শপের মালিক। ব্যবসায়ের দৈনন্দিন লেনদেন পরিচালনার জন্য তিনি 'জুমা' ব্যাংকে একটি হিসাব খোলেন। উক্ত হিসাবে তিনি কোনো সুদ পান না। সাধারণত চলতি হিসাবের গ্রাহককে ব্যাংক কোনো সুদ দেয় না। তাই বলা যায়, নিলার ব্যাংক হিসাবটি হলো চলতি হিসাব।

**ঘ** 'জুমা' ব্যাংকের ইলেকট্রনিক ব্যাংকিং সেবার পণ্যগুলো নিলার ব্যবসায়ের ক্ষেত্রে সহায়তা করে।

বর্তমানে বাংলাদেশ ইলেকট্রনিক ব্যাংকিং-এর ক্ষেত্রে বেশ অগ্রসর হয়েছে। ব্যাংকিং ব্যবসায়ের বিভিন্ন ইলেকট্রনিক পণ্য বা সেবার আবির্ভাব ঘটেছে। এসব পণ্যের মাধ্যমে ২৪ ঘণ্টা ব্যাংকিং সেবা পাওয়া যায়। যেমন : ক্রেডিট কার্ড, মোবাইল ব্যাংকিং, এসএমএস ব্যাংকিং ইত্যাদি।

উদ্দীপকে নীলা একজন ব্যবসায়ী। তিনি দৈনন্দিন লেনদেন পরিচালনার জন্য 'জুমা' ব্যাংকে হিসাব খোলেন। ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থায় নিলা ক্রেডিট কার্ড ব্যবহার করতে পারেন। এর মাধ্যমে তিনি বাকিতে পণ্য কেনাকাটা করতে পারবেন। মোবাইল ব্যাংকিং-এর আওতায় মোবাইলের মাধ্যমে অর্থ সহজে স্থানান্তর করতে পারেন। হিসাবের স্থিতি জানার জন্য এসএমএস ব্যাংকিং-এর সাহায্য নিতে পারেন। ব্যাংকের এক শাখার গ্রাহক হয়ে দেশের অন্য যেকোনো শাখায় লেনদেন করতে পারেন। নির্দিষ্ট হিসাব নম্বর ও পাসওয়ার্ড থাকায় এ ধরনের লেনদেন নিরাপদ। সুতরাং বলা যায় যে, 'জুমা' ব্যাংকের ইলেকট্রনিক ব্যাংকিং সেবার পণ্যগুলো নিলার ব্যবসায়ের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি মনে করি।

**প্রশ্ন ▸ ১১** মি. রতন একজন শিক্ষক। তিনি তার আমানতকৃত ১ লক্ষ টাকা থেকে ৩০,০০০ টাকা উত্তোলনের জন্য একটি চেক অঙ্কন করে ছেলেকে ব্যাংকে পাঠান। কিন্তু ব্যাংক কর্তৃপক্ষ তার ছেলেকে চেকের টাকা দিতে অসম্মতি প্রকাশ করে।

ক. চেক কী? ১

খ. হিসাবের গোপনীয়তা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মি. রতনের প্রদানকৃত চেকটি কোন ধরনের চেক? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে ব্যাংকটির চেকের টাকা প্রদানে অসম্মতির কারণ বিশ্লেষণ করো। ৪

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** আমানতকারী কর্তৃক ব্যাংকের ওপর লিখিত আদেশকে চেক বলা হয়।

**খ** গ্রাহকের পক্ষে কাজ করার জন্য ব্যাংক বিভিন্ন নীতি অনুসরণ করে। এর মধ্যে অন্যতম হলো হিসাবের গোপনীয়তার নীতি।

গ্রাহকের নির্দেশ, বাংলাদেশ ব্যাংকের নির্দেশ, আইনগত অনুমতি অথবা আদালতের নির্দেশ ছাড়া কোনো ব্যাংক গ্রাহকের হিসাব সম্পর্কিত তথ্য প্রকাশ করতে পারে না। এটিই ব্যাংকের প্রেক্ষিতে হিসাবের গোপনীয়তা বলা হয়।

**গ** উদ্দীপকে মি. রতনের প্রদানকৃত চেকটি হলো হুকুম চেক।

চেকের মাধ্যমে অর্থপ্রাপ্তির নিশ্চয়তা ও নিরাপত্তার জন্য হুকুম চেককে দাগকাটা চেকে রূপান্তর করা হয়।

বাহক চেক বা হুকুম চেকের বাম কোণের উপরিভাগে আড়াআড়িভাবে সমান্তরাল দুটি রেখা অঙ্কন করা হলে তাকে দাগকাটা চেক বলে। হুকুম চেকের অর্থ নির্দিষ্ট প্রাপক ব্যাংক থেকে নগদে উত্তোলন করতে পারে না। কিন্তু এ চেকের অর্থ ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ হয় বলে হারানো বা চুরি গেলেও এর অর্থ কেউ সহজে উঠাতে পারে না। ফলে চেকের অর্থপ্রাপ্তির নিশ্চয়তা ও নিরাপত্তা বৃদ্ধি পায়।

উদ্দীপকে মি. রতন একজন শিক্ষক। তিনি তার আমানতকৃত ১ লক্ষ টাকা থেকে ৩০,০০০ টাকা উত্তোলনের জন্য একটি চেক অঙ্কন করেন। চেকটি তার ছেলেকে দিয়ে ব্যাংকে পাঠান। চেকটি হুকুম চেক ছিল। মি. রতনের ছেলে বাংকে গেলে তাকে অর্থ দেওয়া হয় না। অর্থাৎ, এটি বাহক চেক না। পরিশেষে বলা যায়, মি. রতনের প্রদানকৃত চেকটি হুকুমচেক।

**ঘ** হুকুম চেক হওয়ায় ব্যাংকটি চেকের অর্থ প্রদানে অসম্মতি জানায়। যে চেকের অর্থ ব্যাংক থেকে নির্দিষ্ট ব্যক্তি ব্যতীত অন্য কেউ উত্তোলন করতে পারে না তাকে হুকুম চেক বলে। এ ধরনের চেক নির্দিষ্ট কোনো ব্যক্তির নাম উল্লেখ থাকে। এ চেক বাহক চেক অপেক্ষা নিরাপদ।

উদ্দীপকে মি. রতন একজন শিক্ষক। তিনি তার আমানতকৃত ১ লক্ষ টাকা থেকে ৩০,০০০ টাকা উত্তোলনের নিজের নাম লিখে চেক তৈরি করেন। ব্যাংকে তার ছেলেকে পাঠালে ব্যাংক চেকের অর্থ দিতে অস্বীকৃতি জানায়। হুকুম চেক হওয়ায় ব্যাংক যে কাউকে অর্থ প্রদানে অপারগতা জানাতে পারে।

হুকুম চেকের অর্থ নির্দিষ্ট ব্যক্তি উত্তোলন করতে পারেন। চেকের অনুমোদনকারী চেকে যার নাম উল্লেখ করবেন শুধু তিনিই অর্থ উঠাতে পারবেন। উদ্দীপকে মি. রতন তার ছেলেকে চেক প্রদান করে। কিন্তু চেকের নির্ধারিত স্থানে ছেলের নাম না থাকায় ব্যাংক কর্তৃক তার ছেলেকে অর্থ প্রদানে অস্বীকৃতি জানায়।

# বরিশাল বোর্ড–২০২৪

## ফিন্যান্স ও ব্যাংকিং (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড : | 1 | 5 | 2 |

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

সময় : ৩০ মিনিট — পূর্ণমান : ৩০

*[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান– ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. জনাব শিমুল একজন ব্যবসায়ী। তিনি মাসিক ৩% সুদে ২,০০০ টাকা ২ বছরের জন্য ব্যাংকে জমা করেন। এখানে 'm' এর মান কত?**
ক ৬ খ ১২ গ ১৮ ঘ ২৪

**২. বন্ড ও ডিবেঞ্চারের মধ্যে পার্থক্যকারী উপাদান কোনটি?**
ক জামানত খ লভ্যাংশ গ মালিকানা ঘ সুদ

**৩. পরিচালন ব্যয়ে স্থায়ী খরচের পরিমাণ বেশি হলে কোন ঝুঁকির সৃষ্টি হয়?**
ক আর্থিক খ তারল্য গ ব্যবসায়িক ঘ সুদ হারের

**৪. নিচের কোন সভ্যতাটি খ্রিস্টপূর্ব চারশত সাল পর্যন্ত ব্যাংকিং ব্যবসায় উন্নয়নে অবদান রাখে?**
ক সিন্ধু খ মিশরীয় গ আর্য ঘ গ্রিক

**৫. সকলের নিকট গ্রহণীয় বিনিময় মাধ্যম কোনটি?**
ক চেক খ ব্যাংক ড্রাফট গ মুদ্রা ঘ ডেবিট কার্ড

**৬. জনাব নাহিদ ৩ বছর পূর্বে একটি কোম্পানিতে ২,০০,০০০ টাকা বিনিয়োগ করেন। উক্ত কোম্পানি হতে গত ৩ বছরে প্রাপ্ত আয় হার যথাক্রমে ১০%, ১২% ও ৮ %। তার গড় আয় কত?**
ক ৮% খ ১০% গ ১২% ঘ ১৪%

**৭. নিচের কোনটি বাংলাদেশের মুদ্রা বাজারের অভিভাবক?**
ক সোনালী ব্যাংক খ জনতা ব্যাংক
গ বাংলাদেশ ব্যাংক ঘ অগ্রণী ব্যাংক

**৮. অগ্রাধিকার শেয়ারের মালিকেরা নির্দিষ্ট হারে কী পেয়ে থাকেন?**
ক লভ্যাংশ খ সুদ গ কমিশন ঘ ভোটাধিকার

**৯. বাণিজ্যিক ব্যাংক কোনটির মাধ্যমে সার্ভিস চার্জ আদায় করে?**
ক বিনিময় বিল বাট্টা করে খ বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয় করে
গ গ্রাহকের বিলের অর্থ আদায় করে ঘ মূল্যবান দলিল জমা রেখে

**১০. গ্রাহক যখন ব্যাংক থেকে টাকা উত্তোলন করে তখন ব্যাংক কী হয়?**
ক ডেটর খ ক্রেডিটর গ পরমর্শদাতা ঘ প্রতিনিধি

**□ নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
সাদমান মালয়েশিয়ায় পড়াশুনা করতে গিয়ে লক্ষ্য করল সেখানে শিক্ষার্থীদের সঞ্চয়ের জন্য একটি বাক্স সরবরাহ করা হয়। শিক্ষার্থীরা এটাতে টাকা-পয়সা জমা করে রাখে।

**১১. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি কোন শ্রেণিকরণের অন্তর্ভুক্ত?**
ক কার্যভিত্তিক খ মালিকানাভিত্তিক
গ বিশেষ গ্রাহকভিত্তিক ঘ অঞ্চলভিত্তিক

**১২. উদ্দীপকের ইঙ্গিতকৃত ব্যাংক সম্পর্কিত তথ্য হলো–**
i. আমাদের দেশে এ ব্যাংকের জনপ্রিয়তা ব্যাপক
ii. শিক্ষার্থীরা এর গ্রাহক
iii. ১৯৬০ সালে আমাদের দেশে এ ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছিল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. প্রচার নীতির মাধ্যমে ব্যাংক কোনটি তুলে ধরে?**
ক কর্মদক্ষতা খ গ্রাহক সংখ্যা গ মূলধনের পরিমাণ ঘ লেনদেনের ধরন

**১৪. ব্যাংক গ্রাহক বলতে বোঝায়–**
i. যিনি ব্যাংক থেকে ঋণ নিয়েছেন ii. ব্যাংকে যার হিসাব রয়েছে
iii. যিনি ব্যাংকে টাকা জমা রাখেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৫. মূলধন বাজেটিং এর সবচেয়ে সহজ ও জনপ্রিয় পদ্ধতি কোনটি?**
ক গড় মুনাফার হার খ নিট বর্তমান মূল্য
গ পে-ব্যাক সময় ঘ অভ্যন্তরীণ মুনাফার হার

**১৬. সমাজকল্যাণ কোন ধরনের অর্থায়নের মূল লক্ষ্য?**
ক পারিবারিক খ সরকারি গ আন্তর্জাতিক ঘ ব্যবসায়

**১৭. আধুনিক অর্থায়নের যাত্রা শুরু হয় কোন দশকে?**
ক ১৯৪০ খ ১৯৫০ গ ১৯৬০ ঘ ১৯৭০

**১৮. স্বল্পমেয়াদি অর্থায়নের উৎস হলো–**
i. মেয়াদ পূর্তির পূর্বেই প্রাপ্য বিল বিক্রয় ii. প্রদেয় বিলের মাধ্যমে পণ্য ক্রয়
iii. পণ্য সরবরাহের পূর্বেই ক্রেতা হতে অর্থ গ্রহণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৯. আন্তর্জাতিক মুদ্রা তহবিল প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?**
ক ওয়াশিংটন খ বেইজিং গ লন্ডন ঘ টোকিও

□ নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :
মি. রবিন এমন দুটি কোম্পানিতে বিনিয়োগ করেছেন যার ১ম কোম্পানিটির জামানতবিহীন অর্থ ৩ বছর পর ফেরত পাবেন। ২য় কোম্পানিটির বিনিয়োগ থেকে গত কয়েক বছর কোনো আয় না পেলেও কোম্পানির পরিচালনা সংক্রান্ত বিষয়ে মতামত দিতে পারেন।

**২০. মি. রবিনের ১ কোম্পানির বিনিয়োগের ক্ষেত্র কোনটি?**
ক বন্ড খ ডিবেঞ্চার গ অগ্রাধিকার শেয়ার ঘ সাধারণ শেয়ার

**২১. উদ্দীপকের তথ্য অনুযায়ী–**
i. দুটি কোম্পানির সম্পদে মি. রবিনের দাবি একই প্রকৃতির
ii. ২য় বেনিয়োগের ক্ষেত্রটি ১ম টির চেয়ে বেশি ঝুঁকিপূর্ণ
iii. ২য় কোম্পানির অবসায়নে মি. রবিনের দাবি সবার শেষে পূরণ করা হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২২. কোন হিসাবে দৈনিক ইচ্ছেমতো টাকা জমা দেওয়া যায়?**
ক ঋণ আমানত খ ডিপিএস গ স্থায়ী ঘ সঞ্চয়ী

**২৩. বাণিজ্যিক ব্যাংক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে–**
i. অর্থনৈতিক কর্মকান্ডের প্রসার ঘটিয়ে ii. ধনী-দরিদ্রের বৈষম্য হ্রাস করে
iii. শিল্প ও বাণিজ্যের উন্নয়ন করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**□ নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
সানরাইজ লিমিটেড ১২% সুদে ১০ লক্ষ টাকার ঋণ মূলধন সংগ্রহ করে। কর হার ৩৫%।

**২৪. সানরাইজ লিমিটেড এর ঋণ মূলধন খরচ কত?**
ক ৭.৮% খ ৭.৭% গ ৭.৬% ঘ ৭.৫%

**২৫. সানরাইজ লিমিটেড করপূর্ব ঋণ মূলধন ব্যয়কে সমন্বয় করবে কেন?**
ক কর প্রদান করতে খ কর হ্রাস করতে গ কর বৃদ্ধি করতে ঘ কর ফাঁকি দিতে

**২৬. কোন ধরনের চেকে প্রাপকের নাম উল্লেখ থাকে?**
ক হুকুম চেক খ বাহক চেক গ দাগকাটা চেক ঘ ভ্রমণকারী চেক

**২৭. কেন্দ্রীয় ব্যাংক কীভাবে দেশীয় মুদ্রার মান অক্ষুন্ন রাখে?**
ক নোট ও মুদ্রা প্রচলন করে খ সম্পদের সুষম বণ্টন করে
গ সরকারকে পরামর্শ দিয়ে ঘ বৈদেশিক বিনিময় নিয়ন্ত্রণ করে

**২৮. মূলধন বাজেটিং এর মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়–**
i. মেশিনারিজ ক্রয়ের ii. ব্যবসায় আধুনিকায়নের iii. উৎপাদন পদ্ধতির প্রতিস্থাপনের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৯. মি. রাফসানের আজোয়া ব্যাংকে একটি হিসাব আছে। তিনি উক্ত ব্যাংকের মাধ্যমে বাসার জন্য একটি ফ্রিজ ক্রয় করেন। মি. রাফসান ব্যাংকের কোন সেবা গ্রহণ করেছেন?**
ক মুরাবাহা খ মুসারাকা গ মুদারাবা ঘ ইজারা

**৩০. নিচের কোনটির ক্ষেত্রে অর্থের সময়মূল্যের গুরুত্ব অপরিসীম?**
ক সুদের হার নির্ধারণ খ আর্থিক অবস্থা নিরূপণ
গ বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ ঘ ঋণের কিস্তি হ্রাসকরণ

**■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বরিশাল বোর্ড–২০২৪

## ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : | 1 | 5 | 2 |

**সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট** **পূর্ণমান : ৫০**

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ফিন্যান্স অংশ

১। মি. মাহমুদ বাংলা নববর্ষ সামনে রেখে সব ধরনের ক্রেতার কথা চিন্তা করে প্যান্ট, পাঞ্জাবি, সালোয়ার, কামিজ, শাড়ি প্রভৃতি পণ্যের সমাবেশ ঘটান এবং লাভবান হন। এ বছর তিনি ব্যবসায় সম্প্রসারনের জন্য জিন্দাবাজারে আরেকটি দোকান ক্রয়ের সিদ্ধান্ত নেন। দোকান ক্রয় ও ডেকোরেশনের জন্য তার বড় অঙ্কের অর্থের প্রয়োজন, যা তার নিজের তহবিল থেকে সংকুলান করা সম্ভব হচ্ছে না।
ক. WTO-এর পূর্ণরূপ কী? ১
খ. ব্যবসায় সম্প্রসারণের সঞ্চিতি তহবিলের ভূমিকাটি ব্যাখ্যা করো। ২
গ. মি. মাহমুদের ব্যবসায়ে অর্থায়নের কোন নীতিটি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যবসায় সম্প্রসারণে অর্থায়নের কোন উৎস মি. মাহমুদের জন্য যুক্তিযুক্ত? বিশ্লেষণ করো। ৪

২। মি. নোমান ১০ বছর পর ফ্ল্যাট কেনার উদ্দেশ্যে ২০ লক্ষ টাকা ব্যাংকে জমা রাখতে চান। 'সুরমা' ব্যাংক তাঁকে ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে ৭% হারে সুদ দেওয়ার প্রস্তাব দিয়েছে। অপর দিকে 'পদ্মা' ব্যাংক ১০ বছর পর বার্ষিক চক্রবৃদ্ধিতে ৮% হারে ৪০ লক্ষ টাকা দেওয়ার প্রস্তাব দেয়।
ক. অর্থের সময়মূল্য কী? ১
খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিটি ব্যাখ্যা করো। ২
গ. মি. নোমান ১০ বছর পর 'সুরমা' ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩
ঘ. মি. নোমান কোন ব্যাংকের প্রস্তাব গ্রহণ করবে বলে তুমি মনে করো? যুক্তি দেখাও। ৪

৩। সম্প্রতি জনাব করিম ব্যবসায় করার উদ্দেশ্যে ব্যাংক থেকে ৯% সুদে ১০ লক্ষ টাকা ঋণ নিয়েছেন। শর্তমতে তাকে প্রতি ৩ মাস অন্তর সুদ পরিশোধ করতে হবে। দুটি প্রকল্পে বিনিয়োগ করার সুযোগ রয়েছে জনাব করিমের। 'ক' প্রকল্প থেকে আগামী ৫ বছরে সম্ভাব্য আয়ের হার যথাক্রমে ২৫%, ২০%, –১৫%, ১০% এবং ২০%। অন্যদিকে 'খ' প্রকল্পের আগামী ৫ বছরের সম্ভাব্য গড় আয় ১৫% এবং আদর্শ বিচ্যুতি ১৪.২০%।
ক. আদর্শ বিচ্যুতি কোন ধরনের পদ্ধতি? ১
খ. ব্যবসায় ক্ষেত্রে প্রত্যাশিত ফলের চাইতে প্রকৃত ফল কম হওয়ার কারণটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক ঋণের প্রকৃত সুদের হার নির্ণয় করো। ৩
ঘ. ঝুঁকি বিবেচনায় জনাব করিমের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? তোমার মতামত দাও। ৪

৪। জনাব কালাম নতুন ডিজাইনের সালোয়ার, কামিজ, শাড়ি উৎপাদনের লক্ষ্যে ৫ বছরের জন্য ১৫ লক্ষ টাকা বিনিয়োগ করার কথা ভাবছেন। যা থেকে বিক্রয় হতে পারে যথাক্রমে ৩ লক্ষ, ৬ লক্ষ, ৪ লক্ষ, ৮ লক্ষ ও ৫ লক্ষ টাকা। যার চলতি খরচ বিক্রয়ের ২৫% ও স্থায়ী খরচ ৩ লক্ষ টাকা। কর হার ৩০% এবং অবচয় ৩০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির আদর্শ গড় মুনাফার হার ২৫%।
ক. গড় মুনাফার হার পদ্ধতি কী? ১
খ. নগদ আন্তঃপ্রবাহ ও নিট মুনাফার পার্থক্য নির্ণয়কারী উপাদানটি ব্যাখ্যা করো। ২
গ. জনাব কালামের বিনিয়োগকৃত প্রকল্পে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় করো। ৩
ঘ. গড় মুনাফার হার নির্ণয়পূর্বক জনাব কালামের বিনিয়োগ করা যথার্থ হবে কিনা? তোমার মতামত উল্লেখ করো। ৪

৫। জনাব আজাদ একটি প্রকল্পে ৬০ লক্ষ টাকা বিনিয়োগ করতে চান। তার সামনে দুটি প্রকল্প 'শেফালী' আর 'লিলি'। শেফালী প্রকল্প থেকে আগামী চার বছরে অবচয় ও করপূর্ব আয় (সম্ভাব্য) যথাক্রমে ১৬ লক্ষ টাকা, ১৯ টাকা টাকা, ২১ লক্ষ টাকা ও ২৩ লক্ষ টাকা পাওয়া যাবে বলে ধারনা করা হয়। 'শেফালী' প্রকল্পের পে-ব্যাক সময় ৩.১০ বছর নির্ধারণ করা হয়। অপরদিকে 'লিলি' প্রকল্প থেকে আগামী চার বছরে যথাক্রমে ১.৪০ লক্ষ টাকা, ১.৭০ লক্ষ টাকা, ৮.৮০ লক্ষ টাকা ও ১২.৩০ লক্ষ টাকা কর পরবর্তী নিট মুনাফা পাওয়া যাবে বলে অনুমান করা হয়। উভয় প্রকল্পের ক্ষেত্রে কোম্পানির কর হার ৩০%।
ক. পে-ব্যাক সময় পদ্ধতি কী? ১
খ. মূলধন বাজেটিং অনুমান নির্ভর কেন? ২
গ. শেফালী প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩
ঘ. জনাব আজাদের জন্য কোন প্রকল্পটি উপযুক্ত হবে? পে-ব্যাক সময়ের ভিত্তিতে তোমার মতামত দাও। ৪

৬। সোনালী কোং লি. সাধারণ শেয়ার বিক্রয়ের মাধ্যমে মূলধন সংগ্রহ করে। প্রতিষ্ঠানটি বছর শেষে মুনাফার সম্পূর্ণ অংশ শেয়ার হোল্ডারদের মধ্যে বণ্টন না করে কিছু অংশ প্রতিষ্ঠানে রেখে দেয়। বর্তমান বছরে প্রতিষ্ঠানটি শেয়ার প্রতি ১৫ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করে এবং আগামী বছরগুলোতে এই লভ্যাংশ ৭% হারে বৃদ্ধি পাবে বলে প্রত্যাশা করে। কোম্পানির প্রতিটি শেয়ারের বর্তমান বাজার মূল্য ১৩৫ টাকা।
ক. শেয়ার বাজারের সার্বিক অবস্থা বোঝার জন্য কী ব্যবহার করা হয়? ১
খ. কোন ধরনের লভ্যাংশ প্রদান করলে কোম্পানির শেয়ারের সংখ্যা বৃদ্ধি পাবে? ব্যাখ্যা করো। ২
গ. 'সোনালী কোং লিঃ'-এর সাধারণ শেয়ারের মূলধন ব্যয় বর্ণনা করো। ৩
ঘ. প্রতিষ্ঠানটির মুনাফার সম্পূর্ণ অংশ শেয়ার হোল্ডারদের মধ্যে বণ্টন না করার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

### ব্যাংকিং অংশ

৭। রক ইন্টারন্যাশনাল তাদের যাবতীয় লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করে। এখন দেশের সর্বত্র বিদ্যুৎ এবং প্রযুক্তির উৎকর্ষ বৃদ্ধির কল্যাণে দেশে ই-ব্যাংকিং ব্যবস্থা চালু হয়েছে। এর কারণেই সহজেই দ্রুত গ্রাহক সেবা নিশ্চিত হয়েছে। ফলে প্রতিষ্ঠানটির ব্যাংকিং লেনদেন, আর্থিক বিবরণী ও ক্রেডিট কার্ড ব্যবহারের সুবিধা পেয়ে আসছে। যা ব্যবসায়িক সিদ্ধান্ত গ্রহণ, ব্যবসা পরিচালনা ও সম্প্রসারণে বিশেষ সহায়ক। বাংলাদেশে ই-ব্যাংকিং ব্যবস্থা চালু হওয়ায় ব্যবসায়িক লেনদেনে ঝুঁকি হ্রাস পাচ্ছে এবং আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধি পাচ্ছে।
ক. অনলাইন ব্যাংকিং কী? ১
খ. 'ব্যাংক ধার করা অর্থের ধারক'– ব্যাখ্যা করো। ২
গ. রক ইন্টারন্যাশনাল অনলাইন ব্যাংকের মাধ্যমে কী কী সুবিধা পাচ্ছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশে উক্ত ব্যাংকিং ব্যবস্থার প্রয়োগ কতটা যুক্তিযুক্ত? বিশ্লেষণ করো। ৪

৮। মি. শিপন একজন দক্ষ ব্যবসায়ী। তিনি সাধারণত নগদে পণ্য কেনাবেচা করেন। ব্যবসায়ের আয়তন বেড়ে যাওয়ায় সম্প্রতি পণ্য ক্রয়-বিক্রয় করতে গিয়ে তাকে বড় অঙ্কের টাকা বহন করতে হয়। এতে তিনি নিরাপত্তাহীনতায় ভোগেন। তাই তিনি ব্যাংকে একটি হিসাব খোলার কথা ভাবছেন।
ক. ব্যাংকের কোন হিসাবে সুদ প্রদান করা হয় না? ১
খ. কোন ধরনের হিসাব খুললে বিমার সুবিধাও পাওয়া যাবে? ব্যাখ্যা করো। ২
গ. মি. শিপনের জন্য কোন ধরনের ব্যাংক হিসাব খোলা উপযোগী হবে? বর্ণনা করো। ৩
ঘ. মি. শিপন সাহেবের ব্যাংকে হিসাব খোলার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৯। তৈরি পোশাক ব্যবসায়ী জনি ভারতের সাহারা কোম্পানি থেকে কিছু যন্ত্রপাতি কেনার সিদ্ধান্ত নেন। এজন্য 'সোমা' ব্যাংক সাহারা কোম্পানিকে প্রয়োজনীয় অর্থ পরিশোধের নিশ্চয়তা দেয়। অপর দিকে রনি নামে একজন গ্রাহক উক্ত ব্যাংকের কাছে ঋণের আবেদন করলে প্রয়োজনীয় দলিল ঠিক না থাকায় ব্যাংকটি ঋণদানে অসম্মতি জানায়। তাছাড়া 'সোমা' ব্যাংক দুইজন গ্রাহকের চেকের অর্থ পরিশোধে ব্যর্থ হয়।
ক. ব্যাংক কাদের প্রতিনিধি হিসাবে কাজ করে? ১
খ. হুকুম চেক কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের জনির যন্ত্রপাতি কেনার সহযোগিতায় 'সোমা' ব্যাংকের সম্পাদিত কাজটি ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যাংক নীতির আলোকে উদ্দীপকের 'সোমা' ব্যাংকের কার্যক্রম বিশ্লেষণ করো। ৪

১০। 'মনি ব্যাংক' বাংলাদেশের অর্থনীতিতে প্রধান ভূমিকা পালনকারী একটি ব্যাংক। ব্যাংকটি বাংলাদেশের পায় সব অঞ্চলের মানুষের কাছে জনপ্রিয়। 'মনি' ব্যাংক ব্যবসা থেকে বিভিন্ন ভাবে আয় করে থাকে। ব্যাংকটি আমানত গ্রহণ ও সুদ প্রদান, মূলধন গঠনের মাধ্যমে দেশের শিল্প, বাণিজ্য, অর্থনীতি সামাজিক উন্নয়নে বিভিন্ন রকম সেবা প্রদান করে থাকে।
ক. ব্যাংক কীভাবে অর্থের নিরাপত্তা দিয়ে থাকে? ১
খ. বাণিজ্যিক ব্যাংক কীসের মাধ্যমে আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের 'মনি' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩
ঘ. 'মনি ব্যাংক বাংলাদেশের অর্থনীতিতে প্রধান ভূমিকা পালনকারী ব্যাংক'– উক্তিটি উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

১১। মি. রাতুল দুর্গাপূজা উপলক্ষ্যে 'A' ব্যাংক থেকে কিছু নতুন টাকার নোট তুলে আনলে তার ৫ম শ্রেণি পড়ুয়া মেয়ে প্রত্যেকটি নোটের উপর 'B' ব্যাংকের নাম লেখা কেন তা জানতে চায়। তিনি তাঁর মেয়ের প্রশ্নের জবাবে বলেন, 'B' ব্যাংক হচ্ছে দেশের নোট ও মুদ্রা প্রচলনের ক্ষমতাপ্রাপ্ত একমাত্র প্রতিষ্ঠান। তাছাড়া এই ব্যাংক তার অধীনস্থ 'A' ব্যাংকের মতো অন্যান্য ব্যাংকসমূহের ঋণ নিয়ন্ত্রণসহ অন্যান্য ব্যাংকিং কার্যাবলি সহায়তা করে থাকে।
ক. কোন ব্যাংক আন্তর্জাতিক পর্যায়ে সরকারের প্রতিনিধি হিসাবে কাজ করে? ১
খ. বাণিজ্যিক ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকে রিজার্ভ হিসেবে কী জমা রাখে? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের 'A' ব্যাংক কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩
ঘ. 'B' ব্যাংক তার অধীনস্থ 'A' ব্যাংকসমূহের ঋণ নিয়ন্ত্রণের মাধ্যমে মূল্যস্তর স্থিতিশীল রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে– মূল্যায়ন করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | খ | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ | ২১ | গ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | গ |

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** মি. মাহমুদ বাংলা নববর্ষ সামনে রেখে সব ধরনের ক্রেতার কথা চিন্তা করে প্যান্ট, পাঞ্জাবি, সালোয়ার, কামিজ, শাড়ি প্রভৃতি পণ্যের সমাবেশ ঘটান এবং লাভবান হন। এ বছর তিনি ব্যবসায় সম্প্রসারনের জন্য জিন্দাবাজারে আরেকটি দোকান ক্রয়ের সিদ্ধান্ত নেন। দোকান ক্রয় ও ডেকোরেশনের জন্য তার বড় অঙ্কের অর্থের প্রয়োজন, যা তার নিজের তহবিল থেকে সংকুলান করা সম্ভব হচ্ছে না।

ক. WTO-এর পূর্ণরূপ কী? ১

খ. ব্যবসায় সম্প্রসারণের সঞ্চিতি তহবিলের ভূমিকাটি ব্যাখ্যা করো। ২

গ. মি. মাহমুদের ব্যবসায়ে অর্থায়নের কোন নীতিটি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যবসায় সম্প্রসারণে অর্থায়নের কোন উৎস মি. মাহমুদের জন্য যুক্তিযুক্ত? বিশ্লেষণ করো। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** WTO-এর পূর্ণরূপ হচ্ছে World Trade Organization.

**খ** ভবিষ্যতে ব্যবসায় সম্প্রসারণ করার জন্য অবণ্টিত মুনাফার যে অংশ একটি আলাদা তহবিলে রাখা হয়, তাকে সঞ্চিতি তহবিল বলে। সঞ্চিতি তহবিল হচ্ছে ভবিষ্যৎতের তহবিল মুনাফার সম্পূর্ণ অংশ বণ্টন না করে, কিছু অংশ একটি নির্দিষ্ট তহবিলে জমা রাখা হয়। উক্ত অর্থ ব্যবসায়ে বিনিয়োগ করে ব্যবসায়ের পরিধি বৃদ্ধি করা হয়। যা মালিকপক্ষকে একটি বাড়তি সুবিধা প্রদান করে, সঞ্চিতি তহবিল এভাবে ব্যবসায়ের নতুন মূলধনের সুযোগ সৃষ্টি করে।

**গ** মি. মাহমুদের ব্যবসায় অর্থায়নের বৈচিত্র্যায়ন ও ঝুঁকি বণ্টনের নীতি অনুসরণ করা হয়েছে।

কোনো বিনিয়োগকারী যখন তার অর্থ একটি পণ্যে বিনিয়োগ না করে একাধিক পন্যে বিনিয়োগ করেন, তাকে ব্যবসায় অর্থায়নের বৈচিত্র্যায়ন ও ঝুঁকি বণ্টনের নীতি বলে। কারবারের পণ্য একাধিক ও বৈচিত্র্যপূর্ণ হলে ঝুঁকি বণ্টিত হয়।

মি. মাহমুদ বাংলা নববর্ষ সামনে রেখে, সব ধরনের ক্রেতার কথা চিন্তা করে প্যান্ট, পাঞ্জাবি, সালোয়ার, কামিজ, শাড়ি প্রভৃতি পণ্যের সমাবেশ ঘটান। পণ্য ক্রয়ের ক্ষেত্রে ভোক্তাদের রুচি ও চাহিদার মধ্য ভিন্নতা পরিলক্ষিত হয়। সকল ক্রেতা একই ধরনের পণ্য ক্রয় করবে না। নারী-পুরুষ উভয়ের জন্যই তিনি পণ্যের সমাবেশ ঘটান, যার ফলে দোকানে বিক্রয় বৃদ্ধি ঘটে এবং মি. মাহমুদ লাভবান হন। তিনি সকল ক্রেতাদের জন্য বিভিন্ন পণ্যের সমাবেশ রেখেছেন, উক্ত কারণে শুধুমাত্র নির্দিষ্ট সংখ্যক ক্রেতা সমাগন হয়নি, বরং পণ্যের চাহিদা অনুসারে বিভিন্ন পণ্যের ক্রেতার সমাগম হয়েছে। তিনি যদি সব ধরনের ক্রেতার কথা চিন্তা না করে শুধু নির্দিষ্ট কিছু পন্য বিক্রয় করতেন, তাহলে বিক্রয় হ্রাস পেতো। এ

তাই বলা যায়, মি. মাহমুদ অধিক মুনাফা ও ঝুঁকি এড়াতে ব্যবসায় অর্থায়নের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টনের নীতিটি অনুসরণ করেছেন।

**ঘ** ব্যবসায় সম্প্রাসারণে বহিস্থ অর্থায়নের দীর্ঘমেয়াদি উৎস মি. মাহমুদের জন্য যুক্তিযুক্ত হবে।

পাঁচ বছরের অধিক সময়ের জন্য অর্থায়ন করা হলো দীর্ঘমেয়াদি অর্থায়ন। দীর্ঘমেয়াদি অর্থায়নের দ্বারা সংগৃহীত তহবিল সাধারণত অন্য উৎস হতে অধিক হয়। ফলে এই তহবিল দ্বারা ভূমি, দালানকোটা, দোকান, যন্ত্রপাতি ইত্যাদি ক্রয় করা হয়।

উদ্দীপকে মি. মাহমুদ ব্যবসায় সম্প্রসারনের জন্য আরেকটি দোকান ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করেন। দোকান ক্রয় ও ডেকোরেশনের জন্য তার বড় অংকের অর্থ প্রয়োজন। যেহেতু তার বড় অংকের অর্থের প্রয়োজন তার জন্য বহিস্থ অর্থায়নের দীর্ঘমেযাদি উৎসের ঋণ গ্রহণ কার্যকর। দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ করা হয় স্থায়ী বিনিয়োগের জন্য, যেহেতু তিনি একটি দোকান ক্রয় করবেন যা একটি স্থায়ী সম্পদ, তাই তার জন্য দীর্ঘমেয়াদি অর্থায়নের ঋণ গ্রহণ উপযুক্ত বলে আমি মনে করি। দীর্ঘমেয়াদি অর্থায়ন ব্যতিত বড় অংকের তহবিল সংস্থান করা তুলনামূলক জটিল।

তাই বলা যায়, দোকন ক্রয় যেহেতু একটি স্থায়ী সম্পদ। সুতরাং মি. মাহমুদের জন্য দীর্ঘমেয়াদি বহিস্থ উৎসই যুক্তিযুক্ত।

**প্রশ্ন ▸ ০২** মি. নোমান ১০ বছর পর ফ্ল্যাট কেনার উদ্দেশ্যে ২০ লক্ষ টাকা ব্যাংকে জমা রাখতে চান। 'সুরমা' ব্যাংক তাঁকে ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে ৭% হারে সুদ দেওয়ার প্রস্তাব দিয়েছে। অপরদিকে 'পদ্মা' ব্যাংক ১০ বছর পর বার্ষিক চক্রবৃদ্ধিতে ৮% হারে ৪০ লক্ষ টাকা দেওয়ার প্রস্তাব দেয়।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিটি ব্যাখ্যা করো। ২

গ. মি. নোমান ১০ বছর পর 'সুরমা' ব্যাংক থেকে কত টাকা পাবেন? ৩

ঘ. মি. নোমান কোন ব্যাংকের প্রস্তাব গ্রহণ করবে বলে তুমি মনে করো? যুক্তি দেখাও। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক** অর্থের সময়মূল্য হচ্ছে সময়ের সাথে সাথে অর্থের মূল্যের পরিবর্তন হওয়া।

**খ** যে পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ ধার্য করে ভবিষ্যৎ মূল্য নির্ধারণ করা হয় তাকে চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি বলে।

সরল সুদের ক্ষেত্রে শুধু আসলের উপর সুদ গণনা করা হয়। কিন্তু চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে প্রতি বছর সুদাসলের উপর সুদ গণনা করা

হয়। যেমন : আসল ১০০ টাকা ও সুদের হার ১০% ধরলে ১ বছর পর সুদ হবে (১০০ × ১০%) = ১০ টাকা। ভবিষ্যৎ মূল্য দাঁড়াবে {১০০ + (১০০ × ১০%)} = ১১০ টাকা। দ্বিতীয় বছর এই ১১০ টাকাকে আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের ১০% হারে সুদ ধার্য করলে সুদ হবে (১১০ × ১০%) = ১১ টাকা। এভাবে প্রথম বছরের সুদাসলকে দ্বিতীয় বছরের আসল ধরে তার উপর দ্বিতীয় বছরের সুদ ধার্য করার প্রক্রিয়াকে বলা হয় চক্রবৃদ্ধিকরণ পদ্ধতি।

**গ** মি. নোমান ১০ বছর পর 'সুরমা' ব্যাংক থেকে কতো টাকা পাবে, তার ভবিষ্যৎ মূল্য নির্ণয়।

এখানে,
বর্তমান মূল্য, PV = ২০,০০,০০০ টাকা
মেয়াদকাল, n = ১০ বছর
সুদের হার, i = ৭% বা ০.০৭
চক্রবৃদ্ধি সংখ্যা, m = ৪ বার
আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য, FV} = \text{বর্তমান মূল্য, PV} \times \left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$$
$$= ২০,০০,০০০ \times \left(১ + \frac{০.০৭}{৪}\right)^{১০ \times ৪}$$
$$= ২০,০০,০০০ \times (১.০১৭৫)^{৪০}$$
$$= ৪০,০৩,১৯৪.৬৮ \text{ টাকা (প্রায়)}$$

মি. নোমান ১০ বছর পর 'সুরমা' ব্যাংক থেকে ৪০,০৩,১৯৪.৬৮ টাকা (প্রায়) পাবেন।

**ঘ** মি. নোমান 'সুরমা' ব্যাংকের প্রস্তাব গ্রহণ করবে বলে আমি মনে করি, লক্ষ্যনীয় যে, মি. নোমান ১০ বছর পর মেয়াদ শেষে 'সুরমা' ব্যাংক থেকে ৪০,০৩,১৯৪ টাকা পাবেন ['গ' থেকে প্রাপ্ত]। 'পদ্মা' ব্যাংক থেকে ৪০,০০,০০০ টাকা পাবেন। অর্থাৎ 'সুরমা' ব্যাংকের প্রস্তাব গ্রহণ করলে তিনি (৪০,০৩,১৯৪ − ৪০,০০,০০০) = ৩,১৯৪ টাকা বেশি পাবেন মেয়াদ শেষে। অতএব, 'সুরমা' ব্যাংকের প্রস্তাব তার জন্য উপযুক্ত।

**প্রশ্ন ▶ ০৩** সম্প্রতি জনাব করিম ব্যবসায় করার উদ্দেশ্যে ব্যাংক থেকে ৯% সুদে ১০ লক্ষ টাকা ঋণ নিয়েছেন। শর্তমতে তাকে প্রতি ৩ মাস অন্তর সুদ পরিশোধ করতে হবে। দুটি প্রকল্পে বিনিয়োগ করার সুযোগ রয়েছে জনাব করিমের। 'ক' প্রকল্প থেকে আগামী ৫ বছরে সম্ভাব্য আয়ের হার যথাক্রমে ২৫%, ২০%, –১৫%, ১০% এবং ২০%। অন্যদিকে 'খ' প্রকল্পের আগামী ৫ বছরের সম্ভাব্য গড় আয় ১৫% এবং আদর্শ বিচ্যুতি ১৪.২০%।

ক. আদর্শ বিচ্যুতি কোন ধরনের পদ্ধতি? ১
খ. ব্যবসায় ক্ষেত্রে প্রত্যাশিত ফলের চাইতে প্রকৃত ফল কম হওয়ার কারণটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক ঋণের প্রকৃত সুদের হার নির্ণয় করো। ৩
ঘ. ঝুঁকি বিবেচনায় জনাব করিমের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? তোমার মতামত দাও। ৪

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** আদর্শ বিচ্যুতি একটি পরিসংখ্যানিক পদ্ধতি।

**খ** অনিশ্চয়তার কারণে ব্যবসায়ের ক্ষেত্রে প্রত্যাশিত ফলের চেয়ে প্রকৃত ফল কম হয়।
ভবিষ্যতে কোনো একটি ঘটনা ঘটা বা না ঘটার সম্ভাবনাকে যখন গাণিতিকভাবে নির্ণয় করা যায় না তখন তাকে অনিশ্চয়তা বলে। মানুষের ব্যক্তিগত জীবনের ন্যায় ব্যবসায়িক ক্ষেত্রেও বিভিন্ন রকম অনিশ্চয়তা পরিলক্ষিত হয়। যেমন : ভবিষ্যতে কোম্পানির পণ্যের আশানুরূপ বিক্রি হবে কি না, প্রত্যাশিত মুনাফা অর্জন করতে পারবে কি না, প্রত্যাশিত মূল্যে কাঁচামাল ক্রয় করতে পারবে কি না। এরূপ অসংখ্য অনিশ্চয়তা থাকে। এসব অনিশ্চয়তার কারণে ব্যবসায় প্রতিষ্ঠানের বিভিন্ন সিদ্ধান্তের প্রকৃত ফলাফল প্রত্যাশিত ফলাফলের চেয়ে কম বা বেশি হয়।

**গ** উদ্দীপকে উল্লেখিত ব্যাংক ঋণের প্রকৃত সুদের হার নির্ণয় করা হলো :
এখানে,
সুদের হার, i = ৯% বা ০.০৯
চক্রবৃদ্ধির সংখ্যা, m = ৪ বার
আমরা জানি,

$$\text{প্রকৃত সুদের হার, EAR} = \left\{\left(১ + \frac{i}{m}\right)^{m} - ১\right\} \times ১০০$$
$$= \left\{\left(১ + \frac{০.০৯}{৪}\right)^{৪} - ১\right\} \times ১০০$$
$$= \{(১.০২২৫)^{৪} - ১\} \times ১০০$$
$$= (১.০৯৩০ - ১) \times ১০০$$
$$= ০.০৯৩০ \times ১০০$$
$$= ৯.৩০\%$$

∴ উদ্দীপকের উল্লেখিত ব্যাংকের প্রকৃত সুদের হার ৯.৩০%।

**ঘ** ঝুঁকি বিবেচনায় জনাব করিমের কোন প্রকল্প গ্রহণ করা উচিত তার জন্য 'প্রকল্প'-ক এর আদর্শ বিচ্যুতি নির্ণয়।

'প্রকল্প-ক' এর আদর্শ বিচ্যুতি নির্ণয়

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয়-গড়) | ব্যবধানে বর্গ |
|---|---|---|---|
| ১ | ২৫ | (২৫ − ১২) = ১৩ | ১৬৯ |
| ২ | ২০ | (২০ − ১২) = ৮ | ৬৪ |
| ৩ | − ১৫ | (− ১৫ − ১২) = − ২৭ | ৭২৯ |
| ৪ | ১০ | (১০ − ১২) = − ২ | ৪ |
| ৫ | ২০ | (২০ − ১২) = ৮ | ৬৪ |
| যোগফল | ৬০ | ব্যবধান বর্গের যোগফল = | ১০৩০ |
| গড় আয় | $= \frac{৬০}{৫} = ১২\%$ | ব্যবধান বর্গের গড় $= \frac{১০৩০}{n - ১}$ | $\frac{১০৩০}{৫ - ১} = ২৫৭.৫$ |

$$\text{আদর্শ বিচুতি} = \sqrt{\frac{\Sigma(\text{আয় হার− গড় হার})}{n - ১}}$$

$$\therefore \text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{২৫৭.৫} = ১৬.০৪\%$$

লক্ষ্যনীয় যে, 'প্রকল্প - ক' এর ঝুঁকির হার ১৬.০৪ ও গড় আয় ১২ এবং 'প্রকল্প-খ' এর আদর্শ বিচ্যুতি ১৪.২০% ও গড় আয় ১৫% 'প্রকল্প-খ' এর আদর্শ বিচ্যুতি বা ঝুঁকির পরিমাণ কম 'প্রকল্প -ক' এর তুলনায়। তাই জনাব করিমের 'প্রকল্প-খ' গ্রহণ করা উচিত।

**প্রশ্ন ▶ ০৪** জনাব কালাম নতুন ডিজাইনের সালোয়ার, কামিজ, শাড়ি উৎপাদনের লক্ষ্যে ৫ বছরের জন্য ১৫ লক্ষ টাকা বিনিয়োগ করার কথা ভাবছেন। যা থেকে বিক্রয় হতে পারে যথাক্রমে ৩ লক্ষ, ৬ লক্ষ, ৪ লক্ষ, ৮ লক্ষ ও ৫ লক্ষ টাকা। যার চলতি খরচ বিক্রয়ের ২৫% ও স্থায়ী খরচ ৩ লক্ষ টাকা। কর হার ৩০% এবং অবচয় ৩০,০০০ টাকা। প্রতিষ্ঠানটির আদর্শ গড় মুনাফার হার ২৫%।

ক. গড় মুনাফার হার পদ্ধতি কী? ১
খ. নগদ আন্তঃপ্রবাহ ও নিট মুনাফার পার্থক্য নির্ণয়কারী উপাদানটি ব্যাখ্যা করো। ২
গ. জনাব কালামের বিনিয়োগকৃত প্রকল্পে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় করো। ৩
ঘ. গড় মুনাফার হার নির্ণয়পূর্বক জনাব কালামের বিনিয়োগ করা যথার্থ হবে কিনা? তোমার মতমাত উল্লেখ করো। ৪

### ৪নং প্রশ্নের উত্তর

**ক** গড় মুনাফার হার পদ্ধতি হচ্ছে মূলধন বাজেটিং এর একটি পদ্ধতি। প্রত্যশিত বার্ষিক গড় নিট মুনাফাকে গড় বিনিয়োগ দিয়ে ভাগ করলে গড় মুনাফার হার পাওয়া যায়।

**খ** নগদ আন্তঃপ্রবাহ ও নিট মুনাফার পার্থক্য নির্ণয় কালিন উপাদানটি হলো অবচয়।

আয়-ব্যয় প্রাক্কলন শেষে নিট নগদ প্রবাহ বা নিট মুনাফা নির্ধারণ করা হয়। নিট মুনাফার সাথে অবচয় যোগ করলে নগদ আন্তঃপ্রবাহ পাওয়া যায়। সুতরাং পার্থক্য নির্ণয়কারী উপাদানটি হলো অবচয়। কারণ মোট ব্যয়ের মধ্যে অবচয় যুক্ত থাকে।

**গ** জনাব কালামের বিনিয়োগকৃত প্রকল্পে নগদ প্রবাহের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | | | | |
|---|---|---|---|---|---|
| | বছর ১ | বছর ২ | বছর ৩ | বছর ৪ | বছর ৫ |
| বিক্রয় | ৩.০০ | ৬.০০ | ৪.০০ | ৮.০০ | ৫.০০ |
| চলতি খরচ (বিক্রয়ের ২৫% | (০.৭৫) | (১.৫০) | (১.০০) | (২.০০) | (১.২৫) |
| স্থির খরচ | (৩.০০) | (৩.০০) | (৩.০০) | (৩.০০) | (৩.০০) |
| অবচয় | (০.৩০) | (০.৩০) | (০.৩০) | (০.৩০) | (০.৩০) |
| করযোগ্য মুনাফা | (১.০৫) | ১.২০ | (০.৩০) | ২.৭০ | ০.৪৫ |
| কর (৩০%) | (০.৩১৫) | (০.৩৬) | (০.০৯) | (০.৮১) | (০.১৩৫) |
| নিট মুনাফা | (০.৭৩৫) | ০.৮৪ | (০.২১) | ১.৮৯ | ০.৩১৫ |
| অবচয় | ০.৩০ | ০.৩০ | ০.৩০ | ০.৩০ | ০.৩০ |
| নগদ প্রবাহ | (০.৪৩৫) | ১.১৪ | ০.০৯ | ২.১৯ | ০.৬১৫ |

∴ নগদ যথাক্রমে (০.৪৫) লক্ষ, ১.১৪ লক্ষ, ০.০৯ লক্ষ, ২.১৯ লক্ষ এবং ০.৬১৫ লক্ষ।

**ঘ** গড় মুনাফার হার নির্ণয়পূর্বক জনাব কালামের বিনিয়োগের যথার্থতা যাচাইকরণ :

$$\text{গড় মুনাফা} = \frac{\text{মোট বার্ষিক নিট মুনাফা}}{\text{বছরের সংখ্যা}}$$

$$= \frac{-০.৭৩৫ + ০.৮৪ - ০.২১ + ১.৮৯ + ০.৩১৫}{৫} \text{ ['গ' থেকে]}$$

$$= ০.৪২ \text{ লক্ষ টাকা}$$

$$\text{গড় বিনিয়োগ} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ}}{২} = \frac{১৫ \text{ লক্ষ}}{২} = ৭.৫০ \text{ লক্ষ টাকা}$$

আমরা জানি,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০ = \frac{০.৪২}{৭.৫০} \times ১০০ = ৫.৬০\%$$

দেওয়া আছে, উদ্দীপকের প্রতিষ্ঠানের আদর্শ গড় মুনাফার হার ২৫%। কিন্তু বিনিয়োগের গড় মুনাফার হার ৫.৬০%। বিনিয়োগের গড় মুনাফার হার আদর্শ গড় মুনাফার হার অপেক্ষা কম হওয়ায় জনাব কালামের জন্য বিনিয়োগ করা যথার্থ হবে না।

**প্রশ্ন ▶ ০৫** জনাব আজাদ একটি প্রকল্পে ৬০ লক্ষ টাকা বিনিয়োগ করতে চান। তার সামনে দুটি প্রকল্প 'শেফালী' আর 'লিলি'। শেফালী প্রকল্প থেকে আগামী চার বছরে অবচয় ও করপূর্ব আয় (সম্ভাব্য) যথাক্রমে ১৬ লক্ষ টাকা, ১৯ টাকা টাকা, ২১ লক্ষ টাকা ও ২৩ লক্ষ টাকা পাওয়া যাবে বলে ধারনা করা হয়। 'শেফালী' প্রকল্পের পে-ব্যাক সময় ৩.১০ বছর নির্ধারণ করা হয়। অপরদিকে 'লিলি' প্রকল্প থেকে আগামী চার বছরে যথাক্রমে ১.৪০ লক্ষ টাকা, ১.৭০ লক্ষ টাকা, ৮.৮০ লক্ষ টাকা ও ১২.৩০ লক্ষ টাকা কর পরবর্তী নিট মুনাফা পাওয়া যাবে বলে অনুমান করা হয়। উভয় প্রকল্পের ক্ষেত্রে কোম্পানির কর হার ৩০%।

ক. পে-ব্যাক সময় পদ্ধতি কী? ১
খ. মূলধন বাজেটিং অনুমান নির্ভর কেন? ২
গ. শেফালী প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩
ঘ. জনাব আজাদের জন্য কোন প্রকল্পটি উপযুক্ত হবে? পে-ব্যাক সময়ের ভিত্তিতে তোমার মতামত দাও। ৪

### ৫নং প্রশ্নের উত্তর

**ক** পে-ব্যাক সময় পদ্ধতি বলতে ব্যবসায় বা প্রতিষ্ঠানের বিনিয়োগকৃত অর্থ ফেরত আসার সময়কালকে বোঝায়।

**খ** ভবিষ্যতের তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে মূলধন বাজেটিং করা হয় বলে এটি অনুমাননির্ভর।

মূলধন বাজেটিং-এ অধিকাংশ অনুমানই ভবিষ্যতের ওপর নির্ভরশীল। একটি স্থায়ী সম্পত্তি যেমন– মেশিনটিতে বিনিয়োগ করা উচিত কি না এই সিদ্ধান্তটি ঐ মেশিনটিতে উৎপাদিত পণ্যটির ভবিষ্যতে বিক্রয় বাবদ ও উৎপাদিত খরচের ওপর নির্ভর করে। ভবিষ্যতের এই তথ্য-উপাত্ত একটি অনুমাননির্ভর যা বাস্তবসম্মত নাও হতে পারে। তাই মূলধন বাজেটিং সবসময় অনুমাননির্ভর হয়।

**গ** শিফালী প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করা হলো :

| বিবরণ | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
|---|---|---|---|---|
| অবচয় ও কর পূর্ব আয় | ১৬,০০,০০০ | ১৯,০০,০০০ | ২১,০০,০০০ | ২৩,০০,০০০ |
| বাদঃ অবচয় | (১৫,০০,০০০) | (১৫,০০,০০০) | (১৫,০০,০০০) | (১৫,০০,০০০) |
| | ১,০০,০০০ | ৪,০০,০০০ | ৬,০০,০০০ | ৮,০০,০০০ |
| বাদঃ কর হার (৩০%) | (৩০,০০০) | (১,২০,০০০) | (১,৮০,০০০) | (২,৪০,০০০) |
| নিট মুনাফা | ৭০,০০০ | ২,৮০,০০০ | ৪,২০,০০০ | ৫,৬০,০০০ |

এখানে,

$$\text{বার্ষিক অবচয়} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ + ভগ্নাবশেষ মূল্য}}{\text{আয়ুষ্কাল}}$$

$$= \frac{৬০,০০,০০০ + ০}{৪}$$

$$= ১৫,০০,০০০ \text{ টাকা।}$$

এখানে,

$$\text{গড় মুনাফা} = \frac{৭০,০০০ + ২,৮০,০০০ + ৪,২০,০০০ + ৫,৬০,০০০}{৪}$$

= ৩,৩২,৫০০ টাকা

$$\text{গড় বিনিয়োগ} = \frac{৬০,০০,০০০ + ০}{২}$$

= ৩০,০০,০০০ টাকা

আমরা জানি,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$= \frac{৩,৩২,৫০০}{৩০,০০,০০০} \times ১০০$$

= ১১.০৮%

∴ গড় মুনাফার হার ১১.০৮%

**ঘ** জনাব আজাদের জন্য কোন প্রকল্পটি উপযুক্ত হবে, তা নির্ণয়ের জন্য লিলি প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করতে হবে,

| বিবরণ | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ |
|---|---|---|---|---|
| নিট মুনাফা | ১,৪০,০০০ | ১,৭০,০০০ | ৮,৮০,০০০ | ১২,৩০,০০০ |
| + অবচয় | ১৫,০০,০০০ | ১৫,০০,০০০ | ১৫,০০,০০০ | ১৫,০০,০০০ |
| নগদ অন্তঃপ্রবাহ | ১৬,৪০,০০০ | ১৬,৭০,০০০ | ২৩,৮০,০০০ | ২৭,৩০,০০০ |

'লিলি' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয়,

| বছর | বার্ষিক নগদ আন্তঃপ্রবাহ | ক্রমযোজিত নগদ আন্তঃপ্রবাহ |
|---|---|---|
| ০ | − ৬০,০০,০০০ | − ৬০,০০,০০০ |
| ১ | ১৬,৪০,০০০ | − ৪৩,৬০,০০০ |
| ২ | ১৬,৭০,০০০ | − ২৬,৯০,০০০ |
| ৩ | ২৩,৮০,০০০ | − ৩,১০,০০০ |
| ৪ | ২৭,৩০,০০০ | ২৪,২০,০০০ |

$$\therefore \text{পে-ব্যাক সময়} = \left(৩ + \frac{৩,১০,০০০}{২৭,৩০,০০০}\right) = ৩.১১ \text{ বছর।}$$

উদ্দীপকের শেফালী প্রকল্পের পে-ব্যাক সময় ৩.১০ বছর (দেওয়া আছে)। পক্ষান্তরে লিলি প্রকল্পের পে-ব্যাক সময় ৩.১১ বছর। পে-ব্যাক সময় অনুযায়ী যে প্রকল্পের পে-ব্যাক সময় কম ঐ প্রকল্প গ্রহণ করা হয়। তাই বলা যায় যে, পে-ব্যাক সময় অনুযায়ী আজাদের শেফালী প্রকল্প গ্রহণ করা উচিত।

**প্রশ্ন ▶ ০৬** সোনালী কোং লি. সাধারণ শেয়ার বিক্রয়ের মাধ্যমে মূলধন সংগ্রহ করে। প্রতিষ্ঠানটি বছর শেষে মুনাফার সম্পূর্ণ অংশ শেয়ার হোল্ডারদের মধ্যে বণ্টন না করে কিছু অংশ প্রতিষ্ঠানে রেখে দেয়। বর্তমান বছরে প্রতিষ্ঠানটি শেয়ার প্রতি ১৫ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করে এবং আগামী বছরগুলোতে এই লভ্যাংশ ৭% হারে বৃদ্ধি পাবে বলে প্রত্যাশা করে। কোম্পানির প্রতিটি শেয়ারের বর্তমান বাজার মূল্য ১৩৫ টাকা।

ক. শেয়ার বাজারের সার্বিক অবস্থা বোঝার জন্য কী ব্যবহার করা হয়? ১

খ. কোন ধরনের লভ্যাংশ প্রদান করলে কোম্পানির শেয়ারের সংখ্যা বৃদ্ধি পাবে? ব্যাখ্যা করো। ২

গ. 'সোনালী কোং লিঃ'-এর সাধারণ শেয়ারের মূলধন ব্যয় বর্ণনা করো। ৩

ঘ. প্রতিষ্ঠানটির মুনাফার সম্পূর্ণ অংশ শেয়ার হোল্ডারদের মধ্যে বণ্টন না করার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

## ৬নং প্রশ্নের উত্তর

**ক** শেয়ার বাজারের সার্বিক অবস্থা বোঝার জন্য সূচক ব্যবহার করা হয়।

**খ** ইস্যুকৃত শেয়ারের ওপর স্টক লভ্যাংশ প্রদান করলে কোম্পানির শেয়ারসংখ্যা বৃদ্ধি পায়।

কোম্পানি অনেক সময় নগদ লভ্যাংশের পরিবর্তে স্টক লভ্যাংশ প্রদান করে থাকে আবার অনেক সময় নগদ লভ্যাংশের পাশাপাশি স্টক লভ্যাংশ দিয়ে থাকে। এক্ষেত্রে বর্তমান শেয়ারের ওপর আনুপাতিক হারে স্টক লভ্যাংশ প্রদান করে। ফলে শেয়ারসংখ্যা বৃদ্ধি পায়।

**গ** 'সোনালী কোং লি.' এর সাধারণ শেয়ারের মূলধন ব্যয় নির্ণয় করা হলো :

দেওয়া আছে,

$\text{লভ্যাংশ}_০$ = ১৫ টাকা

লভ্যাংশ বৃদ্ধির হার = ৭% বা ০.০৭

$\text{লভ্যাংশ}_১ = \text{লভ্যাংশ}_০$ (১ + বৃদ্ধির হার)

= ১৫ (১ + ০.০৭) = ১৬.০৫

শেয়ারমূল্য = ১৩৫ টাকা

আমরা জানি,

$$\text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} = \left\{\frac{\text{লভ্যাংশ}_১}{\text{শেয়ারমূল্য}} + \text{বৃদ্ধির হার}\right\} \times ১০০$$

$$= \left\{\frac{১৬.০৫}{১৩৫} + ০.০৭\right\} \times ১০০$$

= ০.১৮৮৮ × ১০০

= ১৮.৮৮%

∴ সাধারণ শেয়ার মূলধন ব্যয় ১৮.৮৮%।

**ঘ** উদ্দীপকের সোনালী কোং লি. মুনাফার একটি অংশ সংরক্ষিত তহবিলে সংরক্ষণ করে, যা অধিকতর যৌক্তিক।

অবণ্টিত মুনাফা বলতে নিট মুনাফার যে অংশ শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন না করে প্রতিষ্ঠানে বিনিয়োগ করা হয় ঐ অংশকে বোঝায়। এই মুনাফা থেকে প্রতিষ্ঠান সঞ্চিতি তহবিল, লভ্যাংশ সমতাকরণ তহবিল ইত্যাদি সৃষ্টি করতে পারে।

উদ্দীপকের সোনালী কোং লি. শেয়ার বিক্রি করে মূলধন সংগ্রহ করে। প্রতিষ্ঠানটি মুনাফার কিছু অংশ একটি তহবিলে সংরক্ষণ করে।

সোনালী কোং লি. এই অবণ্টিত মুনাফা ব্যবহার করে সঞ্চিতি তহবিল সৃষ্টি করতে পারবে। এতে ভবিষ্যৎ আর্থিক বিপর্যয় মোকাবিলা করা সম্ভব হবে। আবার প্রতিষ্ঠানটি যদি লভ্যাংশ সমতাকরণ তহবিল সৃষ্টি করে তাহলে যে বছর প্রতিষ্ঠানের মুনাফা কম হবে, সে বছর শেয়ারহোল্ডারদের লভ্যাংশ দিতে পারবে। এতে প্রতিষ্ঠানের সুনাম অক্ষুণ্ণ থাকবে। এছাড়াও ভবিষ্যত ব্যবসায় প্রসার ও উৎপাদনশীল খাতে বিনিয়োগের ক্ষেত্রে অবণ্টিত মুনাফা কার্যকর ভূমিকা পালন করবে। সুতরাং বলা যায়, সোনালী কোং লি.-এর মুনাফা একটি অংশ সংরক্ষিত তহবিলে রাখা যৌক্তিক।

**প্রশ্ন ▶ ০৭** রক ইন্টারন্যাশনাল তাদের যাবতীয় লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করে। এখন দেশের সর্বত্র বিদ্যুৎ এবং প্রযুক্তির উৎকর্ষ বৃদ্ধির কল্যাণে দেশে ই-ব্যাংকিং ব্যবস্থা চালু হয়েছে। এর কারণেই সহজেই দ্রুত গ্রাহক সেবা নিশ্চিত হয়েছে। ফলে প্রতিষ্ঠানটির ব্যাংকিং লেনদেন, আর্থিক বিবরণী ও ক্রেডিট কার্ড ব্যবহারের সুবিধা পেয়ে আসছে। যা ব্যবসায়িক সিদ্ধান্ত গ্রহণ, ব্যবসা পরিচালনা ও সম্প্রসারণে বিশেষ সহায়ক। বাংলাদেশে ই-ব্যাংকিং ব্যবস্থা চালু হওয়ায় ব্যবসায়িক লেনদেনে ঝুঁকি হ্রাস পাচ্ছে এবং আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধি পাচ্ছে।

ক. অনলাইন ব্যাংকিং কী? ১
খ. 'ব্যাংক ধার করা অর্থের ধারক'– ব্যাখ্যা করো। ২
গ. রক ইন্টারন্যাশনাল অনলাইন ব্যাংকের মাধ্যমে কী কী সুবিধা পাচ্ছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশে উক্ত ব্যাংকিং ব্যবস্থার প্রয়োগ কতটা যুক্তিযুক্ত? বিশ্লেষণ করো। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

**ক** অনলাইন ব্যাংকিং একটি আধুনিক ব্যাংকিং সেবা পদ্ধতি, যার দ্বারা গ্রাহক ব্যাংকে উপস্থিত না হয়েও, লেনদেন কার্যক্রম সম্পাদন করতে পারে।

**খ** ব্যাংক জনগনের অর্থে ব্যবসায় করে থাকে, তাই ব্যাংকে ধার করা অর্থের ধারক বলা হয়।

ব্যাংক কম সুদের বিনিময়ে গ্রাহকের অর্থ আমানত হিসেবে নেয়। উক্ত আমানত ব্যাংক কিছু অর্থ জমা রেখে বাকিটা বেশি সুদে ঋণ দেয়। ব্যাংক এভাবে ধার করা অর্থ দিয়ে ব্যবসায় পরিচালনা করে।

**গ** রক ইন্টারন্যাশনাল ইলেকট্রনিক ব্যাংকিং ব্যবস্থার সেবা পাচ্ছে।

ইলেকট্রনিক প্রযুক্তি ব্যবহার করে অতি দ্রুত, নির্ভুল ও বিস্তৃত কার্য পরিচালনায় সক্ষম ব্যাংক ব্যবস্থাকেই ইলেকট্রনিক ব্যাংকিং বলে। এই ব্যবস্থায় ২৪ ঘণ্টাই ব্যাংকিং সেবা পাওয়ার সুযোগ রয়েছে।

উদ্দীপকে রক ইন্টারন্যাশনাল তাদের যাবতীয় লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করে, ই-ব্যাংকিং ব্যবস্থা চালু হওয়াতে সহজেই দ্রুত ও আধুনিক সেবা পাচ্ছে। রক ইন্টারন্যাশনাল অনলাইন ব্যাংকের মাধ্যমে ২৪ ঘণ্টা ব্যাংকিং সেবা পাচ্ছে। অনলাইন ব্যাংকের দ্বারা ডেবিট কার্ড-ক্রেডিট কার্ড ব্যবহার করতে পারছে। যার দ্বারা সহজেই অর্থের আদান-প্রদান সম্ভব হচ্ছে। ব্যাংকটি অনলাইন ব্যাংকিং এর সাহায্যে দেশের বিভিন্ন শাখার উক্ত ব্যাংকের সাথে লেনদেন কার্য নিশ্চিত করতে পারবে। অনলাইন ব্যাংকের সুবিধার তালিকায় আরো রয়েছে যেমন : ঋণ গ্রহণ, বৈদেশিক বিনিময়, অর্থ স্তানান্তর সহ নানাবিধ সুবিধা যা রক ইন্টারন্যশনাল পাচ্ছে।

**ঘ** বাংলাদেশে উক্ত ব্যাংকিং ব্যবস্থার প্রয়োগ আমার মতে অধিকতর যুক্তিযুক্ত, নীচে বিশ্লেষণ করা হলো :

ইলেকট্রনিক ব্যাংকিং এর মাধ্যমে খুব সহজে ও দ্রুত ব্যাংকিং সেবা পাওয়া যায় বলে এটি বেশ জনপ্রিয়।

এ ব্যাংকিংয়ের সেবাসমূহ হলো অনলাইন ব্যাংকিং ডেবিট ও ক্রেডিট কার্ড, এটিএম, মোবাইল ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং ইত্যাদি। বাংলাদেশে বিদ্যুৎ এবং প্রযুক্তির উৎকর্ষ বৃদ্ধির কল্যাণ দেখে ই-ব্যাংকিং ব্যবস্থা চালু হয়েছে। যার ফলে একজন গ্রাহক সকল অবস্থান হতেই সুবিধা পাচ্ছে। আধুনিক ব্যাংকিং সুবিধার ২৪ ঘণ্টাই একজন গ্রাহক সব ধরনের ব্যাংকিং সেবা পেতে পারে বিধায় কর্মব্যস্ত গ্রাহকদের কাজে এই সেবা দিন দিন জনপ্রিয় হয়ে উঠছে। ইলেকট্রনিক ব্যাংকিং সুবিধার দ্বারা তখন সহজেই রেমিটেন্সের অর্থ গ্রাহক পেয়ে থাকে। তাছাড়া ই-ব্যাংকিং ব্যবস্থা সম্ভব্য বাংলাদেশের ব্যাংকিং ব্যবস্থাকে আধুনিক ও উন্নত করেছে।

আশা করা যায়, ভবিষ্যতে এই ব্যাংক ব্যবস্থা বাংলাদেশে আরোও সম্প্রসারিত হবে এবং ধনী-গরিব, শিক্ষিত-অশিক্ষিত সকল জনগোষ্ঠীকেই তার সেবা পৌঁছে দিতে পারবে। কর্মব্যস্ত গ্রাহকদের কাছে এই সেবা দিন দিন জনপ্রিয় হয়ে উঠেছে। প্রতীযোগিতামূলক বাজারে ই-ব্যাংকিং সেবা বাংলাদেশে সস্তা ও সহজলভ্য হওয়ায় গ্রাহকদের আগ্রহ বৃদ্ধি পাচ্ছে এবং ই-ব্যাংকিং এর জনপ্রিয়তা বাংলাদেশে উজ্জ্বল বলে প্রতীয়মান হয়।

**প্রশ্ন ▶ ০৮** মি. শিপন একজন দক্ষ ব্যবসায়ী। তিনি সাধারণত নগদে পণ্য কেনাবেচা করেন। ব্যবসায়ের আয়তন বেড়ে যাওয়ায় সম্প্রতি পণ্য ক্রয়-বিক্রয় করতে গিয়ে তাকে বড় অঙ্কের টাকা বহন করতে হয়। এতে তিনি নিরাপত্তাহীনতায় ভোগেন। তাই তিনি ব্যাংকে একটি হিসাব খোলার কথা ভাবছেন।

ক. ব্যাংকের কোন হিসাবে সুদ প্রদান করা হয় না? ১
খ. কোন ধরনের হিসাব খুলে বিমার সুবিধাও পাওয়া যাবে? ব্যাখ্যা করো। ২
গ. মি. শিপনের জন্য কোন ধরনের ব্যাংক হিসাব খোলা উপযোগী হবে? বর্ণনা করো। ৩
ঘ. মি. শিপন সাহেবের ব্যাংকে হিসাব খোলার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

### ৮নং প্রশ্নের উত্তর

**ক** ব্যাংকের চলতি হিসাবে কোনো প্রকার সুদ দেওয়া হয় না।

**খ** ব্যাংকের সঞ্চয়ী হিসাব থেকে বিমার সুবিধা পাওয়া যায়।

এ হিসাবের মাধ্যমে সঞ্চয়ী হিসাব এবং জীবন বিমার সুবিধা পাওয়া যায়। এক্ষেত্রে আমানতকারীদের একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ উক্ত হিসাবে জমা রাখতে হয়। উক্ত জমা টাকার ওপর প্রাপ্ত সুদের কিছু অংশ হতে প্রিমিয়াম বাদ দেওয়ার পর আমানতকারীর নামে মোটা অঙ্কের বিমা করে থাকে এবং গ্রাহক উক্ত বিমার সুবিধা ভোগ করতে পারে।

**গ** উদ্দীপকে উল্লিখিত জনাব শিপনের জন্য চলতি হিসাব খোলা উপযোগী হবে।

যে হিসাবের মাধ্যমে গ্রাহক ব্যাংকিং সময়ে যতবার খুশি অর্থ জমা ও উত্তোলন করতে পারেন তাকে চলতি হিসাব বলে। ব্যবসায়ীদের জন্য এ হিসাব অধিক উপযোগী। এ হিসাবে জমাতিরিক্ত উত্তোলনের সুবিধা পাওয়া যায়।

উদ্দীপকের মি. শিপন একজন দক্ষ ব্যবসায়ী হওয়ায় পণ্য ক্রয়-বিক্রয় করতে গিয়ে তাকে নগদ টাকা বহন করতে হয়। তাই তিনি নিরাপদ লেনদেনের উদ্দেশ্যে ব্যাংকে একটি হিসাব খোলার কথা ভাবছেন। এক্ষেত্রে তার জন্য চলতি হিসাবই উপযোগী হবে। এ হিসাবের মাধ্যমে তিনি যখন-তখন অর্থ জমা ও উত্তোলনের সুবিধা পাবেন। ব্যবসায়ের প্রয়োজনে ঋণ সুবিধা পাবেন এবং অন্যান্য ব্যাংকিং সেবাও পাবেন। অতএব নিঃসন্দেহে বলা যায়, জনাব শিপনের জন্য চলতি হিসাব উপযোগী।

**ঘ** 'মি. শিপনের মতো ব্যবসায়ীদের অর্থের নিরাপত্তা ও ঝুঁকিহীন কাজ করার জন্য ব্যাংক হিসাব অত্যান্ত গুরুত্বপূর্ণ।'– উক্তিটি যথার্থ।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত হলেও ব্যাংক আমানত গ্রহণ, ঋণদান, অর্থ স্থানান্তর, বিনিময়ের মাধ্যম সৃষ্টি, আমদানি রপ্তানিতে সহায়তা, অর্থের নিরাপত্তা প্রদান ইত্যাদি কাজ সম্পাদন করে ব্যাংক সমাজে উল্লেখযোগ্য ভূমিকা রাখে।

উদ্দীপকের উল্লিখিত মি. শিপন ব্যবসায়ী হিসাবে নিজ এবং অর্থের নিরাপত্তার স্বার্থে ব্যাংকে হিসাব খোলার কথা ভাবছেন। উদ্দীপকে মি. শিপন ব্যবসায়ের সহায়তার জন্য ব্যাংক বিভিন্ন সুযোগ-সুবিধা রেখেছে। এর মধ্যে অন্যতম হলো চলতি হিসাব। এ হিসাবের মাধ্যমে তিনি সহজে অর্থ জমা, উত্তোলন এবং স্থানান্তর করতে পারবেন। ফলশ্রুতিতে তিনি নিরাপদে থাকবেন, বড় অঙ্কের টাকা বহন করতে হবে না। এছাড়া ব্যাংক সৃষ্ট বিনিময়ের মাধ্যমে চেক, ব্যাংক ড্রাফট ইত্যাদি ব্যবহার করে ব্যাংক বড় অঙ্কের লেনদেন করতে পারবেন।

মি. শিপনের মতো ব্যবসায়ীদের কাজ ব্যাংক অনেক সহজ করে দেয়। কারণ ব্যবসায়ীরা ব্যাংক হিসাব খোলে নানাবিধ ব্যাংকিং সেবা পেতে পারে। বর্তমানে প্রায় সব ব্যাংকই গ্রাহকদের আধুনিক ব্যাংকিং সেবা দিয়ে আর্থিক লেনদেন সম্পাদনের অনেক সহজ ও দ্রুত করছে। জনাব শিপনের মতো ব্যবসায়ীরা খুব সহজে ও স্বল্প সময়ে অনলাইন ব্যাংকিংয়ের সহায়তায় দেনা-পাওনা নিষ্পত্তি করতে পারছে। গ্রাহকরা ব্যাংকে প্রত্যয়পত্র খুলে সহজে আমদানি-রপ্তানি বাণিজ্য সম্পাদন করতে পারছে। অতএব পরিশেষে বলা যায়, মি. শিপনের ব্যাংক হিসাব খোলা অধিকতর যৌক্তিক।

**প্রশ্ন ▸ ০৯** তৈরি পোশাক ব্যবসায়ী জনি ভারতের সাহারা কোম্পানি থেকে কিছু যন্ত্রপাতি কেনার সিদ্ধান্ত নেন। এজন্য 'সোমা' ব্যাংক সাহারা কোম্পানিকে প্রয়োজনীয় অর্থ পরিশোধের নিশ্চয়তা দেয়। অপর দিকে রনি নামে একজন গ্রাহক উক্ত ব্যাংকের কাছে ঋণের আবেদন করলে প্রয়োজনীয় দলিল ঠিক না থাকায় ব্যাংকটি ঋণদানে অসম্মতি জানায়। তাছাড়া 'সোমা' ব্যাংক দুইজন গ্রাহকের চেকের অর্থ পরিশোধে ব্যর্থ হয়।

ক. ব্যাংক কাদের প্রতিনিধি হিসাবে কাজ করে? ১
খ. হুকুম চেক কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের জনির যন্ত্রপাতি কেনার সহযোগিতায় 'সোমা' ব্যাংকের সম্পাদিত কাজটি ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যাংক নীতির আলোকে উদ্দীপকের 'সোমা' ব্যাংকের কার্যক্রম বিশ্লেষণ করো। ৪

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যাংক গ্রাহকের প্রতিনিধি হিসেবে কাজ করে।

**খ** যে চেকের অর্থ ব্যাংক থেকে নির্দিষ্ট ব্যক্তি ব্যতীত অন্য কেউ উত্তোলন করতে পারে না এ ধরনের চেককে হুকুম চেক বলে।

হুকুম চেকে সাধারণত নির্দিষ্ট কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম উল্লেখ করা থাকে এবং এ ধরনের চেকের অর্থ শুধু চেকে যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম লেখা আছে তাকেই অর্থ পরিশোধ করা হয়। তবে এই চেক যথানিয়মে অনুমোদনের মাধ্যমে হস্তান্তর করা যায়। হুকুম চেক বাহক চেক অপেক্ষা অধিক নিরাপদ এবং এই চেককে দাগকাটা চেকে রূপান্তর করা যায়।

**গ** উদ্দীপকের জনির যন্ত্রপাতি কেনার সহযোগিতায় 'সোমা' ব্যাংকের সম্পাদিত কাজটি হচ্ছে প্রত্যয়পত্রের দ্বারা বৈদেশিক বাণিজ্যে সহায়তা প্রদান।

বাণিজ্যিক ব্যাংক প্রত্যয়পত্র ইস্যুর মাধ্যমে আমদানিকারকের পক্ষে রপ্তানিকারককে মূল্য পরিশোধের নিশ্চয়তা দিয়ে থাকে। প্রত্যয়পত্র আমদানিকারক ও রপ্তানিকারকের মাঝে অভ্যন্তরীণ ও ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

উদ্দীপকে তৈরি পোশাক ব্যবসায়ী জনি ভারতের সাহারা কোম্পানি থেকে কিছু যন্ত্রপাতি নেয় এবং 'সোমা' ব্যাংক সাহারা কোম্পানিকে প্রয়োজনীয় অর্থ পরিশোধের নিশ্চয়তা প্রদান করে। যা হচ্ছে ব্যাংকের একটি অন্যতম প্রধান কার্যাবলি। বাণিজ্যিক ব্যাংক প্রত্যয়পত ইস্যুর মাধ্যমে আমদানি-রপ্তানিতে সাহায্য করে থাকে। বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে সাধারণত কেউ কাউকে চেনে না। তখনই বাণিজ্যিক ব্যাংক কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়পত্রই রপ্তানিকারকের মূল্য পেতে নিশ্চয়তা দেয়। উদ্দীপকে, জনি ভারতের সাহারা কোম্পানি থেকে যন্ত্রপাতি কিনতে চায়, কিন্তু সাহারা কোম্পানি যে তাদের প্রাপ্য অর্থ নিশ্চিতভাবে পাবে, সেই অনিশ্চয়তা থেকে যায়। 'সোমা' ব্যাংক অর্থ প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে রপ্তনিকারক কোম্পানিকে। 'সোমা' ব্যাংক অর্থ প্রদানের নিশ্চয়তা না দিলে আমদানিকরকের প্রক্রিয়া সম্ভব হতো না।

**ঘ** উদ্দীপকের 'সোমা' ব্যাংকটি হচ্ছে একটি বাণিজ্যিক ব্যাংক। ব্যাংক নীতির আলোকে 'সোমা' ব্যাংকের কার্যক্রম বিশ্লেষণ করা হলো :

ব্যাংক একটি ঝুঁকিবহুল ব্যবসায়। ঝুঁকি মোকাবেলার শক্তিশালী, নির্ভরযোগ্য এবং দক্ষ ব্যবস্থাপনা না গড়লে ঝুঁকি তাড়ানো কঠিন। তাই ব্যাংক বেশ কিছু মৌলিক নীতি মেনে চলে।

উদ্দীপকে 'সোমা' ব্যাংকে রনি নামক একজন গ্রাহক ঋণের আবেদন করলে, তার দলিল ঠিক না হওয়াতে ঋণ প্রদানে অসম্মতি জানায়। নিরাপত্তা নীতির কারণেই ব্যাংকটি গ্রাহকের ঋণের আবেদন খারিজ করে দেয়। ব্যাংক ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ নীতি হচ্ছে নিরাপত্তার নীতি। নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যাংক ঋণ প্রদানের সময় ঋণগ্রহীতার আর্থিক সচ্ছলতা বিচার ও জামানত গ্রহণ করে থাকে।

সততা, জামানত, আর্থিক স্বচ্ছলতা ইত্যাদি বিবেচনা করে ঋণ প্রদান করে বাণিজ্যিক ব্যাংক। এই নীতি যথাযথ প্রয়োগ না করা হলে ঋণ ফেরত না পাবার নিশ্চয়তা বেড়ে যায়।

আবার উদ্দীপকে পোশাক ব্যবসায়ী জনি যন্ত্রপাতি আমদানি করতে চাইলে ব্যাংকটি রপ্তনিকারককে অর্থ প্রাপ্তির নিশ্চয়তা দেয়, যা হচ্ছে বাণিজ্যিক ব্যাংকের সেবার নীতি। প্রত্যয়পত্র ইস্যুর দ্বারা ব্যাংক আমদানি ও রপ্তানিকারকের মধ্যে একটি মাধ্যম হিসেবে কাজ করে। নিয়মের বহির্ভূত কিছু ঘটলে ব্যাংক অর্থ প্রদানে ব্যর্থ হয়, যা ব্যাংক ব্যবসায়ের নীতি।

উদ্দীপকে 'সোমা' ব্যাংক ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে কিছু নিয়ম নীতি মেনে চলে। উক্ত কারণেই ব্যাংকটি জনি এবং রনির চেকের অর্থ পরিশোধে ব্যর্থ হয় যা ব্যাংকের নিরাপত্তা নীতির বৈশিষ্ট্য পালন করেছে।

**প্রশ্ন ▸ ১০** 'মনি ব্যাংক' বাংলাদেশের অর্থনীতিতে প্রধান ভূমিকা পালনকারী একটি ব্যাংক। ব্যাংকটি বাংলাদেশের পায় সব অঞ্চলের মানুষের কাছে জনপ্রিয়। 'মনি' ব্যাংক ব্যবসা থেকে বিভিন্ন ভাবে আয় করে থাকে। ব্যাংকটি আমানত গ্রহণ ও সুদ প্রদান, মূলধন গঠনের মাধ্যমে দেশের শিল্প, বাণিজ্য, অর্থনীতি সামাজিক উন্নয়নে বিভিন্ন রকম সেবা প্রদান করে থাকে।

ক. ব্যাংক কীভাবে অর্থের নিরাপত্তা দিয়ে থাকে? ১
খ. বাণিজ্যিক ব্যাংক কীসের মাধ্যমে আমানত সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের 'মনি' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩
ঘ. 'মনি ব্যাংক বাংলাদেশের অর্থনীতিতে প্রধান ভূমিকা পালনকারী ব্যাংক'— উক্তিটি উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

## ১০নং প্রশ্নের উত্তর

**ক** ব্যাংক গ্রাহকের অর্থ আমানত হিসেবে জমা রেখে নিরাপত্তা প্রদান করে থাকে।

**খ** বাণিজ্যিক ব্যাংক ঋণের মাধ্যমে আমানত সৃষ্টি করে।

ব্যাংক কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ঋণ দেওয়ার সময় সরাসরি অর্থ না দিয়ে তার হিসাবে জমা করে। এরপর ঋণগ্রহীতা চেকের মাধ্যমে ঐ হিসাব থেকে অর্থ উত্তোলন করে। এভাবেই বাণিজ্যিক ব্যাংক ঋণের মাধ্যমে আমানত সৃষ্টি করে।

**গ** উদ্দীপকের 'মনি' ব্যাংকটি হলো বাণিজ্যিক ব্যাংক।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে জনগণের ছড়িয়ে-ছিটিয়ে থাকা সঞ্চয়গুলো কম সুদে আমানত হিসেবে গ্রহণ করে তা হতে উচ্চ সুদে ঋণ সৃষ্টির কাজে নিয়োজিত আর্থিক প্রতিষ্ঠান হলো বাণিজ্যিক ব্যাংক। যুগের সাথে সাথে বাণিজ্যিক ব্যাংক ব্যবস্থায় অনেক আধুনিকায়ন ও বিশেষায়ণ ঘটেছে।

উদ্দীপকের মনি ব্যাংক গ্রাহকের কাছ থেকে অর্থ সংগ্রহ ও ঋণদান কার্যক্রম সম্পাদনের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে বিশেষ ভূমিকা পালন করে। শিল্প, বাণিজ্যতে সেবা প্রদান করে।

বাণিজ্যিক ব্যাংক চলতি, স্থায়ী ও সঞ্চয়ী হিসাবের মাধ্যমে জনগণের কাছ থেকে আমানত গ্রহণ করে, মূলধন গঠিন করে, যা আমানতকারী একত্রে তুলে নেয় না। ফলে ব্যাংক এ অর্থ ঋণদানে ব্যবহার করে মুনাফা অর্জন করে। এছাড়া বাণিজ্যিক ব্যাংক অর্থ স্থানান্তর ও অর্থের নিরাপত্তা নিশ্চিত করে। প্রতিটি জেলায় শাখা স্থাপন করে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে। ফলে, মানুষের মাথাপিছু আয় বাড়ে এবং জীবনযাত্রার মান বেড়ে যায়। যা অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সহায়ক হয়। এছাড়া নতুন নতুন সেবা যোগ করার মাধ্যমে এ ব্যাংকের বিশেষায়ণে এসেছে নতুনত্ব। উদ্দীপকে 'মনি' ব্যাংকের কার্যাবলির সাথে বাণিজ্যিক ব্যাংকের কার্যাবলি সাদৃশ্যপূর্ণ। তাই বলা যায়, উদ্দীপকে 'মনি' ব্যাংকটি একটি বাণিজ্যিক ব্যাংক।

**ঘ** উদ্দীপকের 'মনি' ব্যাংকটি বিভিন্ন সেবাদানের মাধ্যমে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে বাণিজ্যিক ব্যাংক প্রতিষ্ঠিত হয়। তবে মুনাফা অর্জন ছাড়াও এ ব্যাংক অন্যান্য উদ্দেশ্য নিয়ে কাজ করে। বাণিজ্যিক ব্যাংকের বহুমুখী কার্যাবলি দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখতে সাহায্য করে।

'মনি ব্যাংক' অর্থ সংগ্রহ ও ঋণদান কার্যক্রম সম্পাদনের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে বিশেষ ভূমিকা পালন করে। মূলত বাণিজ্যিক ব্যাংকে কেন্দ্র করেই আধুনিক বিশ্বের অর্থনৈতিক কাজ হচ্ছে।

অর্থনৈতিক উন্নয়নে বাণিজ্যিক ব্যাংকের ভূমিকা অপরিসীম। মুনাফা অর্জনের উদ্দেশ্যে অর্থ সংগ্রহ ও ঋণদানের মাধ্যমে এ ব্যাংক মূলধন গঠন করে। এছাড়া বাণিজ্যিক ব্যাংক অর্থ স্থানান্তর ও অর্থের নিরাপত্তা নিশ্চিত করে। দেশে ও বিদেশে শাখা স্থাপনের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে। ফলে দেশের মানুষের মাথাপিছু আয় বাড়ে। এতে মানুষের জীবনযাত্রার মান বেড়ে যায়। অভ্যন্তরীণ ও বৈদেশিক বাণিজ্যে সাহায্য করে এ ব্যাংক দেশের সার্বিক অর্থনীতিতে সহায়ক ভূমিকা রাখে। তাই বলা যায়, উদ্দীপকের 'মনি' ব্যাংকটি একটি বাণিজ্যিক ব্যাংক হিসেবে দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখে।

**প্রশ্ন ▶ ১১** মি. রাতুল দুর্গাপূজা উপলক্ষ্যে 'A' ব্যাংক থেকে কিছু নতুন টাকার নোট তুলে আনলে তার ৫ম শ্রেণি পড়ুয়া মেয়ে প্রত্যেকটি নোটের উপর 'B' ব্যাংকের নাম লেখা কেন তা জানতে চায়। তিনি তাঁর মেয়ের প্রশ্নের জবাবে বলেন, 'B' ব্যাংক হচ্ছে দেশের নোট ও মুদ্রা প্রচলনের ক্ষমতাপ্রাপ্ত একমাত্র প্রতিষ্ঠান। তাছাড়া এই ব্যাংক তার অধীনস্থ 'A' ব্যাংকের মতো অন্যান্য ব্যাংকসমূহের ঋণ নিয়ন্ত্রণসহ অন্যান্য ব্যাংকিং কার্যাবলি সহায়তা করে থাকে।

ক. কোন ব্যাংক আন্তর্জাতিক পর্যায়ে সরকারের প্রতিনিধি হিসাবে কাজ করে? ১

খ. বাণিজ্যিক ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকে রিজার্ভ হিসেবে কী জমা রাখে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'A' ব্যাংক কোন ধরনের ব্যাংক? বর্ণনা করো। ৩

ঘ. 'B' ব্যাংক তার অধীনস্থ 'A' ব্যাংকসমূহের ঋণ নিয়ন্ত্রণের মাধ্যমে মূল্যস্তর স্থিতিশীল রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে– মূল্যায়ন করো। ৪

## ১১নং প্রশ্নের উত্তর

**ক** কেন্দ্রীয় ব্যাংক আন্তর্জাতিক পর্যায়ে সরকারের প্রতিনিধি হিসেবে কাজ করে।

**খ** বাণিজ্যিক ব্যাংক মোট আমানতের একটি অংশ বাধ্যতামূলকভাবে কেন্দ্রীয় ব্যাংকে রিজার্ভ হিসেবে জমা রাখে।

ব্যাংকের আমানতকারীর স্বার্থ রক্ষার্থে ও পর্যাপ্ত তারল্য সংরক্ষণের উদ্দেশ্যে তালিকাভুক্তির শর্ত হিসেবে প্রত্যেক তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংককে আমানতের একটি অংশ কেন্দ্রীয় ব্যাংকে রিজার্ভ হিসেবে জমা রাখতে হয়। এটি বিধিবদ্ধ রিজার্ভ হিসেবে পরিচিত। এটি বাণিজ্যিক ব্যাংক তার তারল্য সংকটে ব্যবহার করার সুযোগ পায়।

**গ** উদ্দীপকের 'A' ব্যাংকটি হলো একটি বাণিজ্যিক ব্যাংক।

যে ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত হয়ে ব্যাংকিং কাজ পরিচালনা করে তাকে বাণিজ্যিক ব্যাংক বলে। বাণিজ্যিক ব্যাংক নোট ও মুদ্রা ইস্যুতে কেন্দ্রীয় ব্যাংককে সহায়তা করে।

উদ্দীপকের মি. রাতুল দুর্গা পূজা উপলক্ষে 'A' ব্যাংক থেকে কিছু নতুন টাকার নোট তুলে আনেন। তার মেয়ে প্রতিটি নোটের ওপর 'B' ব্যাংকের নাম লেখা কেন তা জানতে চায়। মি. রাতুল জানান 'B' ব্যাংক হচ্ছে দেশের নোট ও মুদ্রা ইস্যুর ক্ষমতা পাওয়া একটি প্রতিষ্ঠান। অর্থাৎ 'B' ব্যাংকটি হলো দেশের কেন্দ্রীয় ব্যাংক। এই ব্যাংকটি তার তালিকাভুক্ত 'A' ব্যাংকের মতো ব্যাংকগুলোকে ঋণ নিয়ন্ত্রণসহ অন্যান্য ব্যাংকিং কাজ সম্পাদনে সহায়তা করে। বাণিজ্যিক ব্যাংকগুলোই কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত থাকে। অতএব, 'A' ব্যাংকটি কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত হওয়ায় এটি একটি বাণিজ্যিক ব্যাংক।

**ঘ** উদ্দীপকের 'B' ব্যাংক তার অধীনস্থ 'A' ব্যাংকগুলোর ঋণ নিয়ন্ত্রণের মাধ্যমে মূল্যস্তর স্থিতিশীল রাখে।

ঋণের পরিমাণ কাম্যমাত্রায় বজায় রাখাকে ঋণ নিয়ন্ত্রণ বলে। কেন্দ্রীয় ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে বিভিন্ন নীতি (যেমন: ব্যাংক হার নীতি, খোলাবাজার নীতি, জমার হার পরিবর্তন নীতি ইত্যাদি) প্রয়োগ করে।

উদ্দীপকে উল্লেখ্য 'B' ব্যাংক দেশের কেন্দ্রীয় ব্যাংক। অন্যদিকে, 'A' ব্যাংকটি হলো বাণিজ্যিক ব্যাংক। 'A' ব্যাংকটি 'B' ব্যাংকের তালিকার অন্তর্ভুক্ত। ফলে 'A' ব্যাংকটি 'B' ব্যাংকের সব নির্দেশ মানতে বাধ্য। এক্ষেত্রে 'B' ব্যাংকটি 'A' ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণসহ অন্যান্য কাজে সাহায্য করে। বাণিজ্যিক ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংক সরাসরি প্রভাব বিস্তার করে।

কেন্দ্রীয় ব্যাংক মুদ্রাবাজারের অভিভাবক। ব্যাংকটি ঋণের যোগান ও সরবরাহের মধ্যে ভারসাম্য বজায় রাখতে ঋণ নিয়ন্ত্রণ করে। তবে কেন্দ্রীয় ব্যাংক আওতাভুক্ত ব্যাংকগুলোর ওপর নীতি প্রয়োগ করে এই ঋণ নিয়ন্ত্রণ করে। এক্ষেত্রে বাজারে ঋণের পরিমাণ বেশি থাকলে কেন্দ্রীয় ব্যাংক জমার হার ও ব্যাংক হার বাড়িয়ে দেয়। ফলে বাজারে ঋণের পরিমাণ কমে যায়। আর বিপরীত পরিস্থিতিতে কেন্দ্রীয় ব্যাংক এই হার হ্রাস করে। এর দ্বারা অর্থনীতিতে মূল্যস্তর স্থিতিশীল হয়। উদ্দীপকের 'B' ব্যাংকটিও একই প্রক্রিয়ায় 'A'-এর মতো ব্যাংকগুলোর ঋণ নিয়ন্ত্রণ করে। তাই বলা যায়, মূল্যস্তর স্থিতিশীল রাখতে 'B' ব্যাংকের ভূমিকা অপরীসীম।

# সিলেট বোর্ড–২০২৪

**ফিন্যান্স ও ব্যাংকিং** (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড : | 1 | 5 | 2 |

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

সময় : ৩০ মিনিট

পূর্ণমান : ৩০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান– ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. অর্থায়ন কী নিয়ে কাজ করে?**
ⓚ তহবিল ব্যবস্থাপনা ⓚ ঝুঁকি ব্যবস্থাপনা
ⓖ সরকারি ব্যবস্থাপনা ⓖ আন্তর্জাতিক ব্যবস্থাপনা

**২. কোন অর্থায়নে প্রথমে ব্যয়ের পরিমাণ নির্ধারণ করা হয়?**
ⓚ পারিবারিক অর্থায়ন ⓚ সরকারি অর্থায়ন
ⓖ আন্তর্জাতিক অর্থায়ন ⓖ ব্যবসায় অর্থায়ন

**৩. স্বল্পমেয়াদি অপ্রতিষ্ঠানিক তহবিলের উৎস–**
i. প্রাপ্য বিল বাট্টাকরণ ii. ক্রেতা হতে অগ্রিম গ্রহণ iii. মজুদ মাল বন্ধকীকরণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ⓖ i ও iii ⓖ ii ও iii

**৪. একটি প্রতিষ্ঠান ২০২২ সালে ৩ লক্ষ টাকা নিট মুনাফা করে। ৭০ হাজার টাকা লভ্যাংশ ঘোষণা করলে সঞ্চিতি তহবিলে কত টাকা যোগ হবে?**
ⓚ ৩ লক্ষ ⓚ ২ লক্ষ ৩০ হাজার
ⓖ ৭০ হাজার ⓖ ৩০ হাজার

**৫. কোন ধরনের শেয়ার মালিকদের কোম্পানির পুরোপুরি মালিক বলা হয় না?**
ⓚ সাধারণ শেয়ার ⓚ বিলম্বিত শেয়ার
ⓖ অগ্রাধিকার শেয়ার ⓖ বোনাস শেয়ার

**৬. অগ্রাধিকার শেয়ারের অসুবিধা কোনটি?**
i. ভোটাধিকার থাকে না ii. আয় সীমিত থাকে
iii. সম্পদের উপর দাবি থাকে না
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৭. জনাব পাবেল ৬% মুনাফার ৯০,০০০ টাকা ব্যাংকে জমা রাখলে কত বছরে তা দ্বিগুন হবে?**
ⓚ ১৬ বছরে ⓚ ১৫ বছরে ⓖ ১৩ বছরে ⓖ ১২ বছরে

□ **উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব বাপ্পি বন্ডে ৬০ লক্ষ টাকা বিনিয়োগ করেছেন। কিছুদিন পর সুদের হার বেড়ে যাওয়ায় জনাব বাপ্পি বেশ চিন্তিত হয়ে পড়লেন।

**৮. জনাব বাপ্পির ঝুঁকিটি কোন ধরনের?**
ⓚ আর্থিক ঝুঁকি ⓚ তারল্য ঝুঁকি
ⓖ সুদ হারের ঝুঁকি ⓖ বিনিয়োগে ঝুঁকি

**৯. জনাব বাপ্পির চিন্তিত হওয়ার কারণ কী?**
ⓚ দেউলিয়া হওয়ার আশঙ্কা ⓚ বিনিয়োগের বাজারমূল্য কমে যাওয়া
ⓖ দায় পরিশোধে অক্ষম হওয়া ⓖ বিনিয়োগ হতে মুনাফা না পাওয়া

**১০. বিরাষ্ট্রীয়করণ প্রক্রিয়া শুরু হয় কখন?**
ⓚ আশির দমকে ⓚ সত্তরে দশকে ⓖ ষাটের দশকে ⓖ চল্লিশের দশকে

**১১. বাংলাদেশ ব্যাংক কবে প্রতিষ্ঠিত হয়?**
ⓚ ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর ⓚ ১৯৭১ সালে ২৬শে মার্চ
ⓖ ১৯৭২ সালের ২৬শে মার্চ ⓖ ১৯৭২ সালের ৭ই এপ্রিল

**১২. প্রত্যয়পত্র কার পক্ষে তৈরি করা হয়?**
ⓚ রপ্তানিকারকের পক্ষে ⓚ আমদানিকারকের পক্ষে
ⓖ উৎপাদনকারীর পক্ষে ⓖ ব্যাংকের পক্ষে

**১৩. মালিকানাভিত্তিক শ্রেণিবিভাগ অনুযায়ী "এস.সি.বি" কোন শ্রেণির ব্যাংক?**
ⓚ বিদেশি ব্যাংক ⓚ এনজিও ব্যাংক
ⓖ আঞ্চলিক ব্যাংক ⓖ রাষ্ট্রীয় ব্যাংক

**১৪. কোনো প্রকল্পের প্রারম্ভিক বিনিয়োগ ৫০,০০০ টাকা হলে গড় বিনিয়োগ কত?**
ⓚ ৪০,০০০ টাকা ⓚ ৩০,০০০ টাকা ⓖ ২৫,০০০ টাকা ⓖ ২০,০০০ টাকা

**১৫. কীসের ভিত্তিতে প্রতিষ্ঠানের প্রকল্প নির্বাচন করা হয়?**
ⓚ তহবিলের উৎস অনুসারে ⓚ লভ্যাংশের নীতি অনুসারে
ⓖ মূলধনের পর্যাপ্ততা অনুসারে ⓖ মূলধন কাঠামো অনুসারে

**১৬. রবি তার সেলুনের জন্য ৩০,০০০ টাকা দিয়ে একটি ঢুইল চেয়ার কিনেছে। আগামী ৭ বছর তার ব্যবসায় হতে ৫,০০০ টাকা করে আন্তপ্রবাহ হবে। এক্ষেত্রে পে-ব্যাংক সময় কত হবে?**
ⓚ ৭ বছর ⓚ ৬ বছর ⓖ ৫ বছর ⓖ ৪ বছর

□ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
রাসেল সাহেব "বিসাদ ইসলামি ব্যাংকে" ব্যবসায়িক লেনদেন সম্পন্ন করেন। তাঁর ব্যবসায়ে ব্যবহৃত যন্ত্রপাতিগুলো ব্যাংক থেকে ঋণ নিয়ে কেনা হয়েছিল। তাছাড়াও ব্যাংকের সাথে সুসম্পর্ক থাকার কারণে লাভ লোকসান সমবণ্টনের চুক্তিতে তাঁদের একটি ব্যবসায় রয়েছে। সব মিলিয়ে "বিসাদ ইসলামি ব্যাংক" ব্যবসায়ীদের জন্য আশীর্বাদস্বরূপ।

**১৭. রাসেল সাহেবের ক্রয়কৃত যন্ত্রপাতিগুলো ইসলামি ব্যাংকিং শরিয়ত অনুযায়ী কোন সেবার অন্তর্গত?**
ⓚ মুদারাবা ⓚ মুরাবাহা ⓖ ইজারা ⓖ কার্দ-এ-হাসান

**১৮. কোন সেবার মাধ্যমে রাসেল সাহেব উদ্দীপকের ব্যাংকের সাথে যৌথ ব্যবসা পরিচালনা করতে পারেন?**
ⓚ মুসারাকা ⓚ মুরাবাহা ⓖ মুদারাবা ⓖ ইজারা

**১৯. অগ্রাধিকার শেয়ার ব্যয় কীসের ওপর নির্ভর করে?**
ⓚ মূলধন ব্যয়ের ওপর
ⓚ বন্ডের সুদের হারের ওপর
ⓖ শেয়ার মালিকের প্রত্যাশিত লভ্যাংশের ওপর
ⓖ কোম্পানির প্রত্যাশিত ঋণ মূলধনের ওপর

**২০. বাণিজ্যিক ব্যাংক সার্ভিস চার্জ আদায় করে কোথা থেকে?**
ⓚ বিমা প্রিমিয়াম ⓚ অনাদায়ী ঋণের মামলা
ⓖ লকার ভাড়া ⓖ শুল্ক ও কর

**২১. বাণিজ্যিক ব্যাংকের আয়ের উৎস হলো–**
i. শেয়ার ক্রয়-বিক্রয়ের মধ্যস্থতা ii. অফিস ঘরের ও গুদাম ঘরের ভাড়া
iii. ট্রাভেলারস চেক
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii ⓖ ii ও iii ⓖ i, ও iii

**২২. বাণিজ্যিক ব্যাংক অর্থনৈতিক স্থিতিশীলতায় সহায়তা করে কীভাবে?**
ⓚ বাজারে অতিরিক্ত ঋণ সরবরাহের মাধ্যমে
ⓚ ঋণ নিয়ন্ত্রণ নীতির সাথে একাত্মতা প্রকাশ করে
ⓖ যেকোনো খাতে অতিরিক্ত বিনিয়োগ করে
ⓖ সরকারের কোষাগার হিসেবে কাজ করে

**২৩. একজন অটোরিকশা ব্যবসায়ীর জন্য কোন ধরনের ব্যাংক হিসাব উপযুক্ত?**
ⓚ সঞ্চয়ী হিসাব ⓚ চলতি হিসাব
ⓖ ডিপোজিট পেনশন হিসাব ⓖ স্থায়ী হিসাব

**২৪. নির্দিষ্ট আয়ের জনগণ কোন হিসাব পরিচালনা করে?**
ⓚ সঞ্চয়ী হিসাব ⓚ চলতি হিসাব
ⓖ RFCD হিসাব ⓖ ঋণ আমানত হিসাব

**২৫. ব্যাংক গ্রাহকের প্রতিনিধি হিসেবে–**
i. গ্রাহকের পক্ষে দেনা পরিশোধ করে ii. মূল্যবান সম্পদ সংরক্ষণ করে
iii. গ্রাহকের পাওনা আদায় করে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**২৬. গ্রাহকের ব্যাংক হিসাব বন্ধ হয়ে যায়–**
ⓚ ঋণ পরিশোধ না করলে ⓚ অব্যবহৃত চেক বই ফেরত না দিলে
ⓖ দাগকাটা চেক ব্যবহার করলে ⓖ গ্রাহকের মৃত্যুজনিত কারণে

**২৭. ব্যাংকের সাথে মানসিক ভারসাম্যহীন গ্রাহকের সম্পর্কের অবসান হওয়ার কারণ কী?**
ⓚ হিসাবে পর্যাপ্ত অর্থ না থাকা ⓚ গ্রাহকের নিজস্ব সিদ্ধান্ত
ⓖ সম্পূর্ণ জের স্থানান্তর ⓖ চুক্তি সম্পাদনের অধিকার হারায়

**২৮. 'Handle Government Transaction' কথাটি কোন ব্যাংকের জন্য প্রযোজ্য?**
ⓚ কেন্দ্রীয় ব্যাংক ⓚ বাণিজ্যিক ব্যাংক
ⓖ গ্রামীণ ব্যাংক ⓖ বাংলাদেশ কৃষি ব্যাংক

**২৯. কেন্দ্রীয় ব্যাংকের উদ্দেশ্য হলো–**
i. নোট ও মুদ্রা প্রচলন ii. বৈদেশিক বাণিজ্য উন্নয়ন iii. মূল্যস্তর স্থিতিশীল রাখা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii ⓖ ii ও iii ⓖ i, ও iii

**৩০. ঋণের শেষ আশ্রয়স্থল–**
ⓚ বাণিজ্যিক ব্যাংক ⓚ কেন্দ্রীয় ব্যাংক ⓖ বিনিয়োগ ব্যাংক ⓖ শিল্প ব্যাংক

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# সিলেট বোর্ড–২০২৪

## ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ফিন্যান্স অংশ

১। জিসান কোম্পানি লিঃ জনগণের নিকট শেয়ার বিক্রি করে ৫ কোটি টাকা সংগ্রহ করে। কোম্পানিটি উক্ত অর্থ দিয়ে শীতবস্ত্র উৎপাদনে করে। এতে অনেক লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়। কিছুদিন পর প্রতিষ্ঠানটি মুনাফার অংশ দিয়ে কাঁচামাল ক্রয় করে শীতবস্ত্রের পাশাপাশি জুতা, ব্যাগ ও ঘড়ি তৈরি শুরু করে। ফলে, প্রতিষ্ঠানটির আর্থিক অবস্থা দ্রুত সম্প্রসারিত হচ্ছে।

ক. আয় সিদ্ধান্ত কী? ১

খ. বাংলাদেশের অধিকাংশ ক্ষুদ্র উদ্যোক্তারা দীর্ঘমেয়াদি অর্থায়ন পরিকল্পনা গ্রহণ করতে পারে না কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির অর্থায়ন কোন শ্রেণির? ব্যাখা করো। ৩

ঘ. জিসান কোম্পানি লিঃ এর সম্প্রসারণের ক্ষেত্রে অর্থায়নের নীতির তাৎপর্য মূল্যায়ন করো। ৪

২। ফাহিমা এন্টারপ্রাইজ ৫০০টি সেলাই মেশিন পদ্মা কোম্পানি থেকে ৪,০০,০০০ টাকা ভাড়ার বিনিময়ে ৫ বছর ব্যবহার করার চুক্তি সম্পাদন করে। হঠাৎ বছরের মাঝামাঝিতে তারল্য সংকট দেখা দিলে, প্রতিষ্ঠানের একটি বিল ৫% বাট্টায় 'তানহা ব্যাংক'-এ ভাঙ্গিয়ে নগদ অর্থ সংগ্রহ করে।

ক. মধ্যমেয়াদি অর্থায়নের মেয়াদকাল কত? ১

খ. নিট মুনাফার অংশ লভ্যাংশ সমতাকরণ তহবিলে রাখা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. ফাহিমা এন্টারপ্রাইজ সেলাই মেশিন এর ক্ষেত্রে অর্থায়নের কোন উৎস ব্যবহার করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ফাহিমা এন্টারপ্রাইজের তারল্য সংকট নিরসনে অর্থায়নের ব্যবহৃত উৎসটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৩। রুমানা ও শায়লা দুই বোন শাপলা কোম্পানিতে অর্থ বিনিয়োগ করেন। রুমানা কোম্পানি থেকে প্রতি বছর শেয়ার প্রতি ১৫ টাকা লভ্যাংশ পায়। তবে শায়লার আয় অনির্দিষ্ট হলেও কোম্পানির সিদ্ধান্ত গ্রহণে ভোটাধিকার রয়েছে।

ক. রাইট শেয়ার কী? ১

খ. বন্ড ও ডিবেঞ্চারের মধ্যে মূল পার্থক্যটি ব্যাখ্যা করো। ২

গ. রুমানার বিনিয়োগ থেকে প্রাপ্ত আয়ের লভ্যাংশ নীতিটি ব্যাখ্যা করো। ৩

ঘ. "শায়লার বিনিয়োগ খাতটি রুমানার বিনিয়োগ ক্ষেত্র হতে ভিন্ন"– বিশ্লেষণ করো। ৪

৪। শাহনাজ বেগম ১০ বছর পর ২০ লক্ষ টাকা দিয়ে একটি প্রাইভেটকার ক্রয়ের জন্য নির্দিষ্ট পরিমাণ টাকা ব্যাংক জমা রাখতে চান। 'মেঘনা ব্যাংক' তাকে ১১% হারে ষান্মাসিক চক্রবৃদ্ধিতে সুদ দেয়ার প্রস্তাব দেয়। অপরদিকে, 'তিস্তা ব্যাংক' ৯% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে সুদ দেয়ার প্রস্তাব দেয়।

ক. EAR-এর পূর্ণরূপ লেখ? ১

খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. ২০ লক্ষ টাকা পেতে হলে শাহনাজ বেগমকে 'মেঘনা ব্যাংকে' কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় করো। ৩

ঘ. শাহনাজ বেগম 'তিস্তা ব্যাংকে' ৭ লক্ষ টাকা জমা রাখলে ১০ বছর পর প্রাইভেটকার ক্রয় করতে পারবে কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

৫। নাছরিন সুলতানার 'মৎস্য প্রকল্প' থেকে বিগত পাঁচ বছরের আয়ের হার যথাক্রমে ২০%, ১৫%, –৮%, –২% ও ১০%। তার নার্সারি প্রকল্পের গড় আয় ৭% এবং আদর্শ বিচ্যুতি ১২.০৫%। পক্ষান্তরে, নাছরিন সুলতানার স্বামী জনাব কাশেম ৫ লক্ষ টাকা ডিবেঞ্চারে বিনিয়োগ করে সহজে নগদায়ন করতে পারছেন না।

ক. ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয়কে কী বলে? ১

খ. "সকল অনিশ্চয়তা ঝুঁকি নয়"– ব্যাখ্যা করো। ২

গ. বিনিয়োগকারী হিসেবে জনাব কাশেম কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. ঝুঁকি বিবেচনায় নাছরিন সুলতানাকে কোন প্রকল্পটি বর্জন করা উচিত? গাণিতিকভাবে মতামত দাও। ৪

৬। জনাব নাফিজের ৩ বছর মেয়াদি প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ১,২০,০০০ টাকা। তার 'P প্রকল্পের' পে-ব্যাক সময় ৩.৬৩ বছর। পক্ষান্তরে 'Q প্রকল্পের' প্রাক্কলিত বিক্রয় যথাক্রমে ৪৪,০০০ টাকা, ৮০,০০০ টাকা ও ৯০,০০০ টাকা। চলতি খরচ বিক্রয়ের ১০%, স্থায়ী খরচ ৫,০০০ টাকা এবং কর হার ৩০%।

ক. প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের সাথে জড়িত প্রক্রিয়া কোনটি? ১

খ. মূলধন বাজেটিং প্রক্রিয়ায় বাট্টার হার নির্ধারণ প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব নাফিজের 'Q প্রকল্প' এর গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. জনাব নাফিজের পে-ব্যাক সময়ের ভিত্তিতে কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? মূল্যায়ন করো। ৪

### ব্যাংকিং অংশ

৭। শাকিলা টেক্সটাইল লিঃ যন্ত্রপাতি ক্রয়ের প্রয়োজনীয় অর্থ 'মোহনা ব্যাংক' থেকে ঋণের মাধ্যমে সংগ্রহ করে। তবে জামানতবিহীন ঋণ প্রদান করায় উক্ত ব্যাংকের ঋণের অর্থ ফেরত পাওয়া নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। 'মোহনা ব্যাংক' ঋণ প্রদানের ক্ষেত্রে প্রকল্পের উৎপাদনশীলতা ও লাভজনকতা বিবেচনা করে ঋণ দিয়ে থাকে।

ক. ব্যাংক কীভাবে আমানত সৃষ্টি করে? ১

খ. "ব্যাংক জীবনযাত্রার মান সহজ করে"–ব্যাখ্যা করো। ২

গ. কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী 'মোহনা ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যাংকিং ব্যবসায় মূলনীতির আলোকে 'মোহনা ব্যাংকের' নীতিমালা মূল্যায়ন করো। ৪

৮। সাদিয়া ড্রাগ হাউজ একটি প্রাপ্য বিল মেয়াদপূর্তির পূর্বেই 'M ব্যাংকে' ভাঙ্গিয়ে নগদ অর্থ সংগ্রহ করে। তাছাড়া প্রতিষ্ঠানের মূল্যবান দলিল উক্ত ব্যাংকে নিরাপদে জমা রাখে। এমনকি ঔষধ রপ্তানিতে 'M ব্যাংক' আমেরিকার জারিন কোম্পানি থেকে অগ্রিম অর্থ আদায়ের ব্যবস্থা করে দেয়।

ক. ব্যাংকের প্রাথমিক তহবিল কোনটি? ১

খ. ব্যাংক কীভাবে বিনিময় মাধ্যম সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'M ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. সাদিয়া ড্রাগ হাউজকে সেবা প্রদানের ক্ষেত্রে 'M ব্যাংক'-এর আয়ের উৎসসমূহ বিশ্লেষণ করো। ৪

৯। জনাব মিজান তার ব্যবসায়ের প্রয়োজনে 'শাপলা ব্যাংকে' একটি উপযুক্ত হিসাব খোলেন। উক্ত ব্যাংক তাকে একটি প্লাস্টিক কার্ড সরবরাহ করে। এই কার্ড দিয়ে তার ব্যাংক হিসেবে টাকা না থাকা স্বত্ত্বেও বাকিতে পণ্য ক্রয় করতে পারেন। জনাব মিজান যদিও 'শাপলা ব্যাংকের' সিলেট শাখায় হিসাব খোলেন, তিনি প্রয়োজনে দেশের যে-কোনো শাখায় লেনদেন করতে পারেন।

ক. স্থায়ী হিসাব কী? ১

খ. ব্যাংকে হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহক পরিচিতি ফর্মে কোন তথ্যগুলো পূরণ করতে হয়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মিজান 'শাপলা ব্যাংকে' কোন ধরনের হিসাব খোলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. ইলেক্ট্রনিক ব্যাংকিং-এর বিভিন্ন পণ্য ও সেবার আলোকে 'শাপলা ব্যাংকের' কার্যক্রম মূল্যায়ন করো। ৪

১০। সায়মা হাউজিং লিমিটেডকে 'অর্চি ব্যাংক' বিভিন্ন ধরনের বন্ধকি ঋণ দিয়ে থাকে। এমনকি প্রতিষ্ঠানের স্বর্ণালংকার ও দলিলপত্র ব্যাংকে সংরক্ষণ রাখা হয়। তবে এক ভদ্রলোক সায়মা হাউজিং এর ব্যাংক হিসাবে জমাকৃত টাকার পরিমাণ জানতে চাইলে ব্যাংক কর্মকর্তা অপরাগতা পোষণ করে।

ক. ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী? ১

খ. গারনিশি অর্ডার জারি করা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. সায়মা হাউজিং লিমিটেডের স্বার্থরক্ষার্থে 'অর্চি ব্যাংক' কোন ধরনের দায়িত্ব পালন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যাংক ও গ্রাহকের সম্পর্কের আলোকে 'অর্চি ব্যাংক' ও সায়মা হাউজিং লিমিটেডের বিদ্যমান সম্পর্কগুলো মূল্যায়ন করো। ৪

১১। 'X ব্যাংক' দেশের নোট ও মুদ্রা প্রচলন করে থাকে। তাছাড়া উক্ত ব্যাংক 'Y ব্যাংকের' ঋণ নিয়ন্ত্রণসহ তারল্য ঘাটতি পূরণ করে থাকে। 'Y ব্যাংক' প্রতি সপ্তাহের ও মাসের কাজের বিবরণী 'X ব্যাংকে' প্রেরন করে।

ক. বাংলাদেশ ব্যাংকের নির্বাহী প্রধান কে? ১

খ. নিকাশ ঘর বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'X ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যাংক ব্যবস্থার উন্নয়নে 'X ব্যাংক' ও 'Y ব্যাংক' এর মধ্যে বিদ্যমান সম্পর্কগুলো বিশ্লেষণ করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** জিসান কোম্পানি লিঃ জনগণের নিকট শেয়ার বিক্রি করে ৫ কোটি টাকা সংগ্রহ করে। কোম্পানিটি উক্ত অর্থ দিয়ে শীতবস্ত্র উৎপাদনে করে। এতে অনেক লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়। কিছুদিন পর প্রতিষ্ঠানটি মুনাফার অংশ দিয়ে কাঁচামাল ক্রয় করে শীতবস্ত্রের পাশাপাশি জুতা, ব্যাগ ও ঘড়ি তৈরি শুরু করে। ফলে, প্রতিষ্ঠানটির আর্থিক অবস্থা দ্রুত সম্প্রসারিত হচ্ছে।

ক. আয় সিদ্ধান্ত কী? ১

খ. বাংলাদেশের অধিকাংশ ক্ষুদ্র উদ্যোক্তারা দীর্ঘমেয়াদি অর্থায়ন পরিকল্পনা গ্রহণ করতে পারে না কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির অর্থায়ন কোন শ্রেণির? ব্যাখা করো। ৩

ঘ. জিসান কোম্পানি লিঃ এর সম্প্রসারণের ক্ষেত্রে অর্থায়নের নীতির তাৎপর্য মূল্যায়ন করো। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** আয় সিদ্ধান্ত বলতে মূলত তহবিল সংগ্রহের প্রক্রিয়াকে বোঝায়।

**খ** বাংলাদেশের অধিকাংশ ক্ষুদ্র উদ্যোক্তারা স্বল্পশিক্ষিত বলে দীর্ঘমেয়াদি অর্থায়ন পরিকল্পনা গ্রহণ করতে পারে না।

অর্থায়ন বিষয়ক জ্ঞান থাকলে একজন উদ্যোক্তা সহজেই প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করতে পারে। এছাড়াও সঠিক বিনিয়োগের মাধ্যমে ব্যবসায় পরিচালনা করে মুনাফা অর্জন সম্ভব হয়। কিন্তু আমাদের দেশের বেশিরভাগ ক্ষুদ্র প্রতিষ্ঠানের উদ্যোক্তারা স্বল্পশিক্ষিত। তাই তারা অর্থায়ন বিষয়ক জ্ঞানের অভাবে দীর্ঘমেয়াদি অর্থায়ন পরিকল্পনা গ্রহণ করতে পারে না।

**গ** উদ্দীপকে উল্লিখিত কার্যাবলি হলো ব্যবসায় অর্থায়ন।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত প্রতিষ্ঠানের জন্য এ ধরনের অর্থায়ন করা হয়। ব্যবসায় প্রতিষ্ঠান তা তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য এ ধরনের অর্থয়ন প্রক্রিয়া ব্যবহার করে। অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন হচ্ছে ব্যবসায় অর্থায়ন।

উদ্দীপকে জিসান কোম্পানি লি. জনগণের কাছে শেয়ার বিক্রয় করে ৫ কোটি টাকা মূলধন সংগ্রহ করে। কোম্পানি উক্ত অর্থ দিয়ে শীতবস্ত্র উৎপাদন করে। এতে অনেক লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়। এখানে প্রতিষ্ঠানটি মুনাফা অর্জনের উদ্দেশ্যে তহবিল সংগ্রহ করে। সংগৃহীত তহবিল শীতবস্ত্র উৎপাদনে ব্যয় করে। আর ব্যবসায় অর্থায়ন মুনাফা অর্জনের উদ্দেশ্যে তহবিল সংগ্রহ ও বিনিয়োগ করে। এছাড়াও ব্যবসায়ের পরিধি বৃদ্ধির সাথে সাথে নতুন কর্মসংস্থানেরও সুযোগ তৈরি হয়।

তাই বলা যায় যে, উদ্দীপকে প্রতিষ্ঠানের অর্থায়নটি ব্যবসায় অর্থায়নের সাথে সাদৃশ্যপূর্ণ। তাই এটি ব্যাবসায় অর্থায়ন হিসেবে বিবেচিত।

**ঘ** জিসান কোম্পানি লি. ব্যবসায় সম্প্রসারণের ক্ষেত্রে ব্যবসায় অর্থায়নের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টনের নীতিটি অনুসরণ করেছেন।

কোনো বিনিয়োগকারী যখন তার অর্থ একটি পণ্যে বিনিয়োগ না করে একাধিক পণ্যে বিনিয়োগ করেন, তাকে ব্যবসায় অর্থায়নের বৈচিত্র্যায়ণ ও ঝুঁকি বণ্টনের নীতি বলে। কারবারের পণ্য একাধিক ও বৈচিত্র্যপূর্ণ হলে ঝুঁকি বণ্টিত হারও হ্রাস পায়।

উদ্দীপকে জিসান কোম্পানি সব ধরনের ক্রেতার কথা চিন্তা করে অধিক মুনাফার প্রত্যাশায় শীতবস্ত্র উৎপাদন করেন। বিভিন্ন শীতবস্ত্র উৎপাদন করে ব্যবসায় করেন। এছাড়াও তিনি তার ব্যবসায়ে বিভিন্ন ব্র্যান্ডের জুতা, ব্যাগ, ঘড়ি ইত্যাদি সমাবেশ ঘটান। তিনি যদি শুধু শীতবস্ত্র তৈরি করতেন তাহলে নির্দিষ্ট সংখ্যক শীতবস্ত্র ক্রেতা তার দোকানে যেত। অথবা, তিনি যদি শুধু ডিটারজেন্ট তৈরি করতেন তবে ডিটারজেন্ট পাউডারের ক্রেতা তার দোকানে যেত। কিন্তু তিনি তা না করে বিভিন্ন ধরনের বৈচিত্র্যপূর্ণ ও একাধিক পণ্যের সমাবেশ ঘটিয়েছেন। এক্ষেত্রে এক বা একাধিক পণ্যের চাহিদা কমে গিয়ে বিক্রয় হ্রাস পেলেও অন্যান্য পণ্যের বিক্রয় থেকে ক্ষতি পুষিয়ে নেওয়া সম্ভব হবে। তাই বলা যায়, জিসান কোম্পানি ব্যবসায়ে অর্থায়নের জিসান কোম্পানি লি. ব্যবসায় সম্প্রসারণের ক্ষেত্রে বণ্টনের নীতিটি অনুসরণ করেছেন।

**প্রশ্ন ▶ ০২** ফাহিমা এন্টারপ্রাইজ ৫০০টি সেলাই মেশিন পদ্মা কোম্পানি থেকে ৪,০০,০০০ টাকা ভাড়ার বিনিময়ে ৫ বছর ব্যবহার করার চুক্তি সম্পাদন করে। হঠাৎ বছরের মাঝামাঝিতে তারল্য সংকট দেখা দিলে, প্রতিষ্ঠানের একটি বিল ৫% বাট্টায় 'তানহা ব্যাংক'-এ ভাজ্গিয়ে নগদ অর্থ সংগ্রহ করে।

ক. মধ্যমেয়াদি অর্থায়নের মেয়াদকাল কত? ১

খ. নিট মুনাফার অংশ লভ্যাংশ সমতাকরণ তহবিলে রাখা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. ফাহিমা এন্টারপ্রাইজ সেলাই মেশিন এর ক্ষেত্রে অর্থায়নের কোন উৎস ব্যবহার করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ফাহিমা এন্টারপ্রাইজের তারল্য সংকট নিরসনে অর্থায়নের ব্যবহৃত উৎসটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক** মধ্যমেয়াদি অর্থয়নের মেয়াদকাল এক থেকে পাঁচ বছর।

**খ** কোনো বছর প্রতিষ্ঠানে মুনাফার ঘাটতি দেখা দিলে পূর্বের বছরের মুনাফা দ্বারা সৃষ্ট যে তহবিল থেকে শেয়ারহোল্ডারদের লভ্যাংশ দেওয়া হয় তাকে লভ্যাংশ সমতাকরণ তহবিল বলে।

লভ্যাংশ প্রদানের সাথে কোম্পানির সুনাম জড়িত। তবে কোনো বছর মুনাফার পরিমাণ কম হলে সে বছর লভ্যাংশ ঘোষণা করা সম্ভব হয়

না। কিন্তু এ অবস্থা ব্যবসায়ের সুনামকে ক্ষুণ্ণ করতে পারে। তাই অনেক ব্যবসায় প্রতিষ্ঠান যে বছরগুলোতে মুনাফা বেশি হয় সে বছর নিট মুনাফার একটি অংশ লভ্যাংশ সমতাকরণ তহবিলে সরিয়ে রাখে।

**গ** ফাহিমা এন্টারপ্রাইজ সেলাই মেশিন ক্রয়ে ব্যবসায়ে বহিস্থ তহবিলের মাধ্যমে অর্থায়ন করেছেন।

ফাহিমা এন্টারপ্রাইজের তার ব্যবসায়ে বহিস্থ তহবিলের মাধ্যমে অর্থায়নের দীর্ঘমেয়াদি উৎস লিজিং ব্যবহার করেন।

কারবার প্রতিষ্ঠান তার তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য যে অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে সেটিই ব্যবসায় অর্থায়ন। একটি প্রতিষ্ঠান সাধারণত অভ্যন্তরীণ ও বহিস্থ তহবিলের মাধ্যমে প্রতিষ্ঠানে অর্থায়ন করে। বহিস্থ তহবিল স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি হয়ে থাকে। প্রাপ্য বিল বাট্টাকরণ ও স্বল্পমেয়াদি ঋণ বহিস্থ তহবিলের অন্তর্গত।

উদ্দীপকে ফাহিমা এন্টারপ্রাইজ ৫০০টি সেলাই মেশিন পদ্মা কোম্পানি থেকে ৪,০০,০০০ টাকা ভাড়ার বিনিময়ে নেয়। এ মেশিনগুলো ৫ বছর ব্যবহার করার চুক্তি করে। ফাহিমা এন্টারপ্রাইজের এখানে জনাব আরিফের গ্রহণকৃত অর্থায়নের প্রধান বৈশিষ্ট্য হলো ভাড়ার বিনিময়ে মেশিন ব্যবহারের সুবিধা। উক্ত বৈশিষ্ট্য লিজিং পদ্ধতির সাথে সাদৃশ্যপূর্ণ। তাই বলা যায়, ফাহিমা এন্টারপ্রাইজ লিজিং পদ্ধতি ব্যবহার করেছেন।

**ঘ** ফাহিমা এন্টারপ্রাইজের তারল্য সংকট নিরসনে ও ডেলিভারি ভ্যান ক্রয়ে মি. করিমের অর্থায়নের উৎসগুলো হলো প্রাপ্য বিল বাট্টাকরণ ও বাণিজ্যিক ব্যাংক প্রদত্ত ঋণ ব্যবহার।

ব্যাংকে প্রাপ্য বিল বাট্টাকরণ স্বল্পমেয়াদি অর্থায়নের প্রাতিষ্ঠানিক উৎসের একটি এবং বাণিজ্যিক ব্যাংক প্রদত্ত ঋণ মধ্যমেয়াদি উৎসের একটি। মেয়াদপূর্তির পূর্বে বিক্রেতা প্রাপ্য বিল ব্যাংকে ভাঙিয়ে স্বল্পমেয়াদি অর্থায়ন করতে পারে। অন্যদিকে বাণিজ্যিক ব্যাংক প্রদত্ত ঋণ মধ্যমেয়াদি অর্থসংস্থানে সহায়তা করে।

উদ্দীপকের ফাহিমা এন্টারপ্রাইজের এর স্বত্বাধিকারী মি. ফাহিমা ৫০০টি সেলাই মেশিন পদ্মা কোম্পানি নিকট হতে ক্রয় করেন। এ লেনদেনগুলো তিনি বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করেন। আর্থিক সংকটে তিনি মেয়াদি বিল তথা প্রাপ্য বিল ভাঙিয়ে অর্থসংগ্রহের পাশাপাশি পণ্য সরবরাহে ডেলিভারি ভ্যান ক্রয়ের জন্য ব্যাংক থেকে আর্থিক সহায়তা গ্রহণ করেন।

উদ্দীপকের মি. ফাহিম চলতি মূলধনের সংকটে মেয়াদি বিল তথা প্রাপ্য বিল ব্যাংক থেকে বাট্টাকরণ করে স্বল্পমেয়াদি অর্থায়নের ব্যবস্থা করেন। অন্যদিকে স্থায়ী ব্যয় নির্বাহে তিনি বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ গ্রহণের মাধ্যমে প্রতিষ্ঠানে স্থায়ী মূলধনের যোগান দেন। অর্থাৎ মি. করিম তার ব্যবসায়ে অর্থায়নের ক্ষেত্রে বহিস্থ তহবিলের বিভিন্ন উৎসের মাধ্যমে অর্থায়ন করেন। তাই বলা যায়, ফাহিমা এন্টারপ্রাইজ তারল্য সংকট নিরসনে প্রাপ্য বিল বাট্টাকরণের কাজটি যথার্থ।

**প্রশ্ন ▶ ০৩** রুমানা ও শায়লা দুই বোন শাপলা কোম্পানিতে অর্থ বিনিয়োগ করেন। রুমানা কোম্পানি থেকে প্রতি বছর শেয়ার প্রতি ১৫ টাকা লভ্যাংশ পায়। তবে শায়লার আয় অনির্দিষ্ট হলেও কোম্পানির সিদ্ধান্ত গ্রহণে ভোটাধিকার রয়েছে।

ক. রাইট শেয়ার কী? ১

খ. বন্ড ও ডিবেঞ্চারের মধ্যে মূল পার্থক্যটি ব্যাখ্যা করো। ২

গ. রুমানার বিনিয়োগ থেকে প্রাপ্ত আয়ের লভ্যাংশ নীতিটি ব্যাখ্যা করো। ৩

ঘ. "শায়লার বিনিয়োগ খাতটি রুমানার বিনিয়োগ ক্ষেত্র হতে ভিন্ন"– বিশ্লেষণ করো। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

**ক** কোম্পানি গঠনের পরবর্তী সময়ে শেয়ার বিক্রয় করার ক্ষেত্রে যখন পুরাতন শেয়ারমালিকগণ ঐ শেয়ার ক্রয়ে অগ্রাধিকার পায় তাকে রাইট শেয়ার বলে।

**খ** বন্ড ও ডিবেঞ্চারের পার্থক্য নিচে উপস্থাপন করা হলো :

যে দলিল বা চুক্তিপত্রের মাধ্যমে কোম্পানি বিনিয়োগকারীদের থেকে ঋণ মূলধন সংস্থান করে সেটিকে বন্ড বলে। অপরপক্ষে জামানতবিহীন বন্ডকে ডিবেঞ্চার বলে।

বন্ডের সাথে ডিবেঞ্চারের প্রধান পার্থক্য হলো বন্ডের বিপরীতে স্থায়ী সম্পত্তি বা দলিলপত্রাদি জামানত হিসেবে রাখা হয়। অপরদিকে ডিবেঞ্চারের বিপরীতে কোনো জামানত রাখা হয় না। জামানতযুক্ত বিধায় বন্ডের ঝুঁকি কম কিন্তু ডিবেঞ্চারের বিপরীতে কোনো জামানত থাকে না বিধায় এটি ঝুঁকিপূর্ণ।

**গ** উদ্দীপকের রুমানার বিনিয়োগ হতে প্রাপ্তআয়ে লভ্যাংশ নীতিটি হলো– "স্থিতিশীল টাকা লভ্যাংশ নীতি।"

লভ্যাংশের ক্ষেত্রে প্রতিষ্ঠান সাধারণত তিন ধরনের লভ্যাংশ নীতি অনুসরণ করে। স্থিতিশীল টাকা লভ্যাংশ নীতি এদের মধ্যে একটি। এ নীতি অনুযায়ী প্রতিষ্ঠান অর্জিত মুনাফা থেকে প্রতিবছর সমপরিমাণ টাকা লভ্যাংশ দেয়।

উদ্দীপকে রুমানা ও শায়লা দুই বোন শাপলা কোম্পানিতে অর্থ বিনিয়োগ করেন। রুমানা কোম্পানি থেকে প্রতি বছর শেয়ার প্রতি ১৫ টাকা লভ্যাংশ পান। এক্ষেত্রে কোম্পানির আয় কম, বেশি বা পরিবর্তিত হলেও লভ্যাংশ পরিবর্তিত হয় না। কোম্পানির লভ্যাংশের হার এরূপ অপরিবর্তিত থাকা স্থিতিশীল টাকা লভ্যাংশের নীতির বৈশিষ্ট্যের সাথে মিলে যায়। শুধু স্থিতিশীল লভ্যাংশ নীতির ক্ষেত্রেই প্রতিবছর সমপরিমাণ লভ্যাংশ দেওয়া হয়। শেয়ার প্রতি আয় বেশি হলেও প্রতিষ্ঠানের বিগত বছরগুলোতে প্রদত্ত লভ্যাংশের সমপরিমাণ লভ্যাংশ প্রদান করে। অর্থাৎ উদ্দীপকের শাপলা কোম্পানি স্থিতিশীল লভ্যাংশ নীতি অনুসরণ করে রুমনাকে লভ্যাংশ প্রদান করে।

**ঘ** জনাব শায়েলার সাধারণ শেয়ারে ও জনাব রুমানা অগ্রাধিকার শেয়ারে বিনিয়োগ করেছেন, যার মধ্যে সাধারণ শেয়ার উত্তম।

সাধারণ শেয়ারহোল্ডাররা কোম্পানির মালিক হিসেবে গণ্য হয়। তাদের ভোটাধিকার থাকে বিধায় কোম্পানির নিয়ন্ত্রণে পূর্ণ ক্ষমতা পায়। অন্যদিকে অগ্রাধিকার শেয়ারহোল্ডাররা কোম্পানির পুরোপুরি মালিক না। তাদের কোনো ভোটাধিকার থাকে না।

উদ্দীপকে জনাব শায়েলার 'শাপালা লিমিটেড' কোম্পানির সাধারণ শেয়ারে বিনিয়োগ করেন। অন্যদিকে রুমানা একই কোম্পানির শেয়ার ক্রয় করলেও শায়েলার মতো কোম্পানির মালিকপক্ষ নয়। তবে তিনি নির্দিষ্ট হারে আয় পান। এ থেকে বোঝা যায়, তিনি উক্ত কোম্পানির অগ্রাধিকার শেয়ারে বিনিয়োগ করেন।

অগ্রাধিকার শেয়ারমালিকরা নির্দিষ্ট হারে লভ্যাংশ পেলেও সাধারণ শেয়ারমালিকরা পায় না, তবে তাদের অধিক আয়ের সম্ভাবনা আছে। ভোটাধিকার প্রয়োগের সুবিধা থাকায় সাধারণ শেয়ারমালিকরা কোম্পানি নিয়ন্ত্রণে পূর্ণ ক্ষমতা পায়। কিন্তু অগ্রাধিকার শেয়ারমালিকদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ না থাকায় কোম্পানির ওপর তাদের কোনো নিয়ন্ত্রণ থাকে না। অতএব পরিশেষে বলা যায়, রুমনার অগ্রাধিকার শেয়ার অপেক্ষা শায়েলার সাধারণ শেয়ারই উত্তম।

**প্রশ্ন ▶ ০৪** শাহনাজ বেগম ১০ বছর পর ২০ লক্ষ টাকা দিয়ে একটি প্রাইভেটকার ক্রয়ের জন্য নির্দিষ্ট পরিমাণ টাকা ব্যাংক জমা রাখতে চান। 'মেঘনা ব্যাংক' তাকে ১১% হারে ষান্মাসিক চক্রবৃদ্ধিতে সুদ দেয়ার প্রস্তাব দেয়। অপরদিকে, 'তিস্তা ব্যাংক' ৯% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে সুদ দেয়ার প্রস্তাব দেয়।

ক. EAR-এর পূর্ণরূপ লেখ? ১
খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. ২০ লক্ষ টাকা পেতে হলে শাহনাজ বেগমকে 'মেঘনা ব্যাংকে' কত টাকা জমা রাখতে হবে? নির্ণয় করো। ৩
ঘ. শাহনাজ বেগম 'তিস্তা ব্যাংকে' ৭ লক্ষ টাকা জমা রাখলে ১০ বছর পর প্রাইভেটকার ক্রয় করতে পারবে কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

### ৪নং প্রশ্নের উত্তর

**ক** EAR-এর পূর্ণরূপ হলো Effective Annual Rate.

**খ** কোনো একটি প্রকল্পে বিনিয়োগের ফলে অন্য যেকোনো প্রকল্পের আয়ের সুযোগ ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

উদাহরণস্বরূপ কোনো এলাকায় জমির মূল্য ১০ বছরে দ্বিগুণ হয়। পক্ষান্তরে, ব্যাংকের সঞ্চয়ী হিসাবে সুদের হার ৮%। এক্ষেত্রে দুটি প্রকল্পের মধ্যে একটি গ্রহণ করতে হবে এবং অন্যটিকে ত্যাগ করতে হবে। মনে করি জমি ক্রয়ে বিনিয়োগ করা হলো এবং সঞ্চয়ী হিসাবের প্রকল্প ত্যাগ করা হলো। এক্ষেত্রে জমি ক্রয়ের সুযোগ ব্যয় হবে ৮% সুদের হার।

**গ** ২০ লক্ষ টাকা পেতে হলে শাহনাজ বেগমকে 'মেঘনা ব্যাংকে' কত টাকা জমা রাখতে হবে তা নির্ণয়;

এখানে,
ভবিষ্যৎ মূল্য, FV = ২০,০০,০০০
সুদের হার, i = ১১% বা, ০.১১
মেয়াদকাল, n = ১০ বছর
চক্রবৃদ্ধির সংখ্যা m = ২ বার (ষান্মাসিক চক্রবৃদ্ধি)

আমরা জানি, বর্তমান মূল্য, $PV = \frac{\text{ভবিষ্যৎ মূল্য, FV}}{\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}}$

$= \frac{২০,০০,০০০}{\left(১ + \frac{০.১১}{২}\right)^{১০ \times ২}}$

$= \frac{২০,০০,০০০}{(১.০৫৫)^{২০}}$

$= \frac{২০,০০,০০০}{২.৯১৭৭৫}$

= ৬,৮৫,৪৫৯.৬৮৬৪ টাকা (প্রায়)

অতএব, শাহানাজ বেগমকে ১০ বছর পর ২০ লক্ষ টাকা পেতে চাইলে মেঘনা ব্যাংকে বর্তমানে ৬,৮৫,৪৫৯.৬৮৬৪ টাকা জমা রাখতে হবে।

**ঘ** শাহনাজ বেগম তিস্তা ব্যাংকে ৭ লক্ষ টাকা জমা রাখলে ১০ বছর পর প্রাইভেটকার ক্রয় করতে পারবে কিনা তা নির্ণয় করা হলো;

এখানে,
বর্তমানে মূল্য, PV = ৭,০০,০০০
সুদের হার, i = ৯% বা ০.০৯
মেয়াদকাল, n = ১০ বছর
চক্রবৃদ্ধি সংখ্যা, m = ৪ বার (ত্রৈমাসিক)
আমরা জানি, .

ভবিষ্যৎ মূল্য, $FV = PV\left(1 + \frac{i}{m}\right)^{n \times m}$

$= ৭,০০,০০০\left(১ + \frac{০.০৯}{৪}\right)^{১০ \times ৪}$

$= ৭,০০,০০০ (১.০২২৫)^{৪০}$

$= ৭,০০,০০০ \times ২.৪৩৫১৮৮$

= ১৭,০৪,৬৩২.২৭৬ টাকা (প্রায়)

∴ শাহনাজ বেগম তিস্তা ব্যাংক হতে ১০ বছর পর ১৭,০৪,৬৩২.২৭৬ টাকা পাবেন। যেহেতু প্রাইভেটকার ক্রয়ের জন্য ২০,০০,০০০ টাকা লাগবে যেহেতু শাহনাজ তিস্তা ব্যাংকে টাকা জমা রেখে প্রাইভেটকার ক্রয় করতে পারবে না।

**প্রশ্ন ▶ ০৫** নাছরিন সুলতানার 'মৎস্য প্রকল্প' থেকে বিগত পাঁচ বছরের আয়ের হার যথাক্রমে ২০%, ১৫%, −৮%, −২% ও ১০%। তার নার্সারি প্রকল্পের গড় আয় ৭% এবং আদর্শ বিচ্যুতি ১২.০৫%। পক্ষান্তরে, নাছরিন সুলতানার স্বামী জনাব কাশেম ৫ লক্ষ টাকা ডিবেঞ্চারে বিনিয়োগ করে সহজে নগদায়ন করতে পারছেন না।

ক. ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয়কে কী বলে? ১
খ. "সকল অনিশ্চয়তা ঝুঁকি নয়"− ব্যাখ্যা করো। ২
গ. বিনিয়োগকারী হিসেবে জনাব কাশেম কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. ঝুঁকি বিবেচনায় নাছরিন সুলতানাকে কোন প্রকল্পটি বর্জন করা উচিত? গাণিতিকভাবে মতামত দাও। ৪

### ৫নং প্রশ্নের উত্তর

**ক** ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয়কে ঝুঁকিমুক্ত আয় বলে।

**খ** অনিশ্চয়তার পরিমাপযোগ্য অংশকে ঝুঁকি বলে। সব অনিশ্চয়তা ঝুঁকি নয়।

যদিও অনিশ্চয়তা থেকে ঝুঁকির সৃষ্টি হয়, তবে সকল অনিশ্চয়তা ঝুঁকি নয়। কিছু কিছু অনিশ্চয়তা আছে যা পরিমাপ করা যায় না। অনিশ্চয়তার যে অংশটুকু পরিমাপ করা যায় তাই ঝুঁকি। বিভিন্ন কৌশল প্রয়োগ করে ঝুঁকি কমানো বা পরিহার করা যায় কিন্তু অনিশ্চয়তাকে পরিমাপ বা পরিহার করা যায় না। অর্থাৎ, ঝুঁকি হলো অনিশ্চয়তার একটি অংশ। তাই বলা যায়, সব অনিশ্চয়তা ঝুঁকি নয়।

**গ** 'জনাব কাশেম' বিনিয়োগের ক্ষেত্রে 'তারল্য ঝুঁকির' সম্মুখীন হয়েছেন।

তারল্য ঝুঁকি বলতে বিনিয়োগকৃত শেয়ার, বন্ড ও ডিবেঞ্চার দ্রুত নগদ অর্থে রূপান্তির করতে না পারাকে বোঝায়। বিনিয়োগকারী সহজে ও যুক্তিসংগত মূল্যে শেয়ার বন্ড বা ডিবেঞ্চার বিক্রি করতে না পারলে তারল্য ঝুঁকির সৃষ্টি হয়।

উদ্দীপকে নাছরিন সুলতানার স্বামী ডিবেঞ্চার বিনিয়োগ করেন। বর্তমানে নগদ অর্থের প্রয়োজনে প্রতিষ্ঠানটি মূলধনী বাজারে বিনিয়োগকৃত ৫ লক্ষ টাকা যুক্তিসংগত মূল্যে নগদে রূপান্তর করতে পারছে না। অতএব, ঝুঁকির উৎস বিবেচনায় 'জনাব কাশেম' বিনিয়োগের ক্ষেত্রে তারল্য ঝুঁকির সম্মুখীন হয়েছে।

**ঘ** ঝুঁকি বিবেচনায় নাসরিন সুলতানার কোন প্রকল্পটি বর্জন করা উচিত নির্ণয় করা হলো–

মৎস্য প্রকল্পের ঝুঁকির পরিমাণ নির্ণয় :

| বছর | আয় (%) | গড় থেকে আয়ের ব্যবধান (আয়-গড়) | ব্যবধানে বর্গ $(আয় - গড়)^২$ |
|---|---|---|---|
| ১ | ২০ | (২০ − ৭) = ১৩ | ১৬৯ |
| ২ | ১৫ | (১৫ − ৭) = ৮ | ৬৪ |
| ৩ | − ৮ | (− ৮ − ৭) = − ১৫ | ২২৫ |
| ৪ | − ২ | (− ২ − ৭) = − ৯ | ৮১ |
| ৫ | ১০ | (১০ − ৭) = ৩ | ৯ |
| যোগফল | ৩৫ | ব্যবধান বর্গের যোগফল = | ৫৪৮ |
| গড় আয় | $= \frac{৩৫}{৫} = ৭\%$ | ব্যবধান বর্গের গড় $= \frac{৫৪৮}{n - ১}$ | $\frac{৫৪৮}{৫ - ১} = ১৩৭$ |

আমরা জানি,

$$আদর্শ বিচ্যুতি = \sqrt{ব্যবধান বর্গের গড়}$$
$$= \sqrt{১৩৭} = ১১.৭০\%$$

অতএব, উদ্দীপকে 'মৎস্য প্রকল্পের আদর্শ বিচ্যুতি ১১.৭০%। অন্যদিকে নার্সারি প্রকল্পের আদর্শ বিচ্যুতি ১২.০৫% (উদ্দীপক হতে প্রাপ্ত)। আদর্শ বিচ্যুতি প্রকল্পের ঝুকি নির্দেশ করে। আদর্শ বিচ্যুতির বড় মান বেশি ঝুঁকি ও ছোট মান কম ঝুঁকি নির্দেশ করে। উদ্দীপকে নার্সারি প্রকল্পের আদর্শ বিচুতি বেশি। অর্থাৎ ঝুঁকি বিবেচনায় নাছরিন সুলতানকে 'নার্সারি প্রকল্পটি' বর্জন করা উচিত।

**প্রশ্ন ▶ ০৬** জনাব নাফিজের ৩ বছর মেয়াদি প্রতিটি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ১,২০,০০০ টাকা। তার 'P প্রকল্পের' পে-ব্যাক সময় ৩.৬৩ বছর। পক্ষান্তরে 'Q প্রকল্পের' প্রাক্কলিত বিক্রয় যথাক্রমে ৪৪,০০০ টাকা, ৮০,০০০ টাকা ও ৯০,০০০ টাকা। চলতি খরচ বিক্রয়ের ১০%, স্থায়ী খরচ ৫,০০০ টাকা এবং কর হার ৩০%।

ক. প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের সাথে জড়িত প্রক্রিয়া কোনটি? ১

খ. মূলধন বাজেটিং প্রক্রিয়ায় বাট্টার হার নির্ধারণ প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব নাফিজের 'Q প্রকল্প' এর গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. জনাব নাফিজের পে-ব্যাক সময়ের ভিত্তিতে কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? মূল্যায়ন করো। ৪

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের সাথে জড়িত প্রক্রিয়াটি হলে মূলধন বাজেটিং।

**খ** মূলধন বাজেটিং-এ ভবিষ্যতের নগদ প্রবাহকে বর্তমান মূল্যে রূপান্তর করার জন্য বাট্টা হার নির্ধারণ করা হয়।

মূলধন বাজেটিং-এ মাধ্যমে সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত নিতে হলে ভবিষ্যৎ নগদ প্রবাহগুলোর বর্তমান মূল্য নির্ণয় করতে হয়। এ কারণে বাট্টার হারের প্রয়োজন হয়। সাধারণত প্রতিষ্ঠানের মূলধন খরচকে মূলধন বাজেটিং প্রক্রিয়ার বাট্টা হার হিসেবে ব্যবহার করা হয়।

**গ** Q প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় :

| বিবরণ | পরিমান (টাকায়) | | |
|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ |
| বিক্রয় | ৪৪,০০০ | ৮০,০০০ | ৯০,০০০ |
| বাদ : চলতি খরচ (বিক্রয়ের ১০%) | (৪৪০০) | (৮০০০) | (৯০০০) |
| বাদ : স্থায়ী খরচ | (৫০০০) | (৫০০০) | (৫০০০) |
| বাদ : অবচয় (নোট-১) | (৪০,০০০) | (৪০,০০০) | (৪০,০০০) |
| করযোগ্য মুনাফা | (৫৪০০) | ২৭,০০০ | ৩৬,০০০ |
| কর হার (৩০%) | (১৬২০) | (৮১০০) | (১০৮০০) |
| নিট মুনাফা | (৩৭৮০) | (১৮৯০০) | (২৫২০০) |

**নোট-১** আমরা জানি,

$$বার্ষিক অবচয় = \frac{প্রাথমিক বিনিয়োগ - ভগ্নাবশেষ মূল্য}{আয়ুষ্কাল}$$
$$= \frac{১,২০,০০০ - ০}{৩} = ৪০,০০০$$

এখানে,

$$গড় নিট মুনাফা = \frac{- ৩৭৮০ + ১৮৯০০ + ২৫২০০}{৩}$$
$$= \frac{৪০৩২০}{৩} = ১৩,৪৪০$$
$$গড় বিনিয়োগ = \frac{১,২০,০০০ + ০}{২} = ৬০,০০০ টাকা$$

আমরা জানি,

$$গড় মুনাফার হার = \frac{গড় নিট মুনাফা}{গড় বিনিয়োগ} \times ১০০$$
$$= \frac{১৩৪৪০}{৬০০০০} \times ১০০$$
$$= ০.২২৪ \times ১০০ = ২২.৪০\%$$

∴ Q প্রকল্পের গড় মুনাফার হার ২২.৪০%

**উত্তর :** ২২.৪০%

**ঘ** জনাব নাফিজের Q প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

নগদ প্রবাহ নির্ণয় :

| বিবরণ | পরিমান (টাকায়) | | |
|---|---|---|---|
| | বছর-১ | বছর-২ | বছর-৩ |
| নিট মুনাফা যোগ : | − ৩,৭৮০ | ১৮,৯০০ | ২৫,২০০ |
| অবচয় | ৪০,০০০ | ৪০,০০০ | ৪০,০০০ |
| নগদ প্রান্ত : প্রবাহ | ৩৬,২২০ | ৫৮,৯০০ | ৬৫,২০০ |

Q প্রকল্পের ক্রমযোজিত নগদ প্রবাহ নির্ণয় :

| বছর | নগদ প্রবাহ (টাকায়) | ক্রমোযোজিত নগদ প্রবাহ (টাকায়) |
|---|---|---|
| ০ | −১,২০,০০০ | − ১,২০,০০০ |
| ১ | ৩৬,২২০ | − ৮৩,৭৮০ |
| ২ | ৫৮,৯০০ | − ২৪,৮৮০ |
| ৩ | ৬৫২০০ | ৪০,৩২০ |

$$∴ পে-ব্যাক সময় = \left(২ + \frac{২৪,৮৮০}{৬৫,২০০}\right) বছর$$
$$= (২ + ০.৩৮১৫৯৫০৯২) = ২.৩৮ বছর$$

অতএব, Q প্রকল্পের পে-ব্যাক সময় ২.৩৮ বছর। অন্যদিকে P প্রকল্পের পে-ব্যাক সময় ৩.৬৩ বছর (উদ্দীপক হতে প্রাপ্ত)। বিনিয়োগ সিদ্ধান্তের ক্ষেত্রে অপেক্ষাকৃত কম পে-ব্যাক সময় গ্রহণ করা হয়। সুতরাং দীর্ঘ মেয়াদী বিনিয়োগের জন্য Q প্রকল্পটি গ্রহণ করা উচিত।

**প্রশ্ন ▶ ০৭** শাকিলা টেক্সটাইল লিঃ যন্ত্রপাতি ক্রয়ের প্রয়োজনীয় অর্থ 'মোহনা ব্যাংক' থেকে ঋণের মাধ্যমে সংগ্রহ করে। তবে জামানতবিহীন ঋণ প্রদান করায় উক্ত ব্যাংকের ঋণের অর্থ ফেরত পাওয়া নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। 'মোহনা ব্যাংক' ঋণ প্রদানের ক্ষেত্রে প্রকল্পের উৎপাদনশীলতা ও লাভজনকতা বিবেচনা করে ঋণ দিয়ে থাকে।

ক. ব্যাংক কীভাবে আমানত সৃষ্টি করে? ১

খ. "ব্যাংক জীবনযাত্রার মান সহজ করে"−ব্যাখ্যা করো। ২

গ. কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী 'মোহনা ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যাংকিং ব্যবসায় মূলনীতির আলোকে 'মোহনা ব্যাংকের' নীতিমালা মূল্যায়ন করো। ৪

### ৭নং প্রশ্নের উত্তর

**ক** গ্রাহকের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় সংগ্রহ করে ব্যাংক আমানত সৃষ্টি করে।

**খ** ব্যাংক হচ্ছে অর্থ জমা, উত্তোলন এবং ঋণ দেওয়ার একটি নিরাপদ প্রতিষ্ঠান।

গ্রাহকের জীবনযাত্রার মানোন্নয়নকল্পে ব্যাংক বিভিন্ন ধরনের নতুন নতুন সেবা ও পণ্য সৃষ্টি করে। ক্রেডিট কার্ড দিয়ে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত গ্রাহক নগদ টাকা ছাড়াই পণ্য ক্রয় করাতে পারে। এটিএম মেশিন থেকে নগদ টাকা তোলা যায়। বর্তমানে দেশের সব বড় শহরের বিভিন্ন এলাকায় ২৪ ঘণ্টা বিভিন্ন ধরনের ব্যাংকিং সেবা ব্যবস্থা চালু আছে। তাছাড়া মোবাইল ব্যাংকিং ও ইন্টারনেট ব্যাংকিংয়ের মাধ্যমে ব্যাংকিং সেবা সহজ করা হয়েছে।

**গ** উদ্দীপকে বর্ণিত 'মোহনা ব্যাংক' একটি শিল্প ব্যাংক।

কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী 'মোহনা ব্যাংক' হলো শিল্প ব্যাংক। এ ব্যাংক দেশের শিল্প খাতের উন্নয়নের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত ও পরিচালিত হয়। যন্ত্রপাতি সংগ্রহ, ভূমি ক্রয়, কারখানা নির্মাণ ইত্যাদির জন্য এ ব্যাংক ঋণ দেয়। বাংলাদেশের শিল্প খাতকে এগিয়ে নেওয়ার জন্য এই ব্যাংক তৈরি করা হয়েছে।

উদ্দীপকে শাকিলা টেক্সটাইল লিমিটেড একটি গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির নতুন যন্ত্রপাতি প্রয়োজন। তাই যন্ত্রপাতি ক্রয়ের উদ্দেশ্যে 'মোহনা ব্যাংক' থেকে ঋণ নেয়। এক্ষেত্রে, ব্যাংকটি শিল্প প্রতিষ্ঠানের উন্নয়নের উদ্দেশ্যে ঋণ দিয়েছে। দেশের শিল্প খাতকে ত্বরান্বিত করতে এ ব্যাংক কাজ করে। তাই বলা যায়, উদ্দীপকে 'মোহনা ব্যাংক' একটি শিল্প ব্যাংক।

অতএব নিঃসন্দেহে বলা যায়, উদ্দীপকের মোহনা ব্যাংক হলো একটি শিল্প ব্যাংক।

**ঘ** উদ্দীপকের শাকিলা টেক্সটাইল লি. যন্ত্রপাতি ক্রয়ে ঋণদানের ক্ষেত্রে 'মোহনা ব্যাংক' নিরাপত্তার নীতি ও ঋণমঞ্জুর নীতি অনুসরণ করেছে।

ব্যাংক নিরাপত্তার নীতি অনুসরণের মাধ্যমে গ্রাহকের অর্থ ও ঋণ হিসেবে প্রদত্ত অর্থের নিরাপত্তা বিধান করে। অন্যদিকে ঋণমঞ্জুর নীতির আলোকে ব্যাংক উৎপাদনশীল ও লাভজনক প্রকল্পে ঋণ মঞ্জুর করে থাকে। ফলে গ্রাহকদের আমানতের ঝুঁকি হ্রাস পায়।

উদ্দীপকে বর্ণিত 'মোহনা ব্যাংক' একটি বাণিজ্যিক ব্যাংক। শাকিলা টেক্সটাইল লি. যন্ত্রপাতি ক্রয়ের জন্য উক্ত ব্যাংকের কাছে ঋণের আবেদন করেন। ব্যাংক ঋণের নিরাপত্তার উদ্দেশ্যে তার কাছে প্রয়োজনীয় তথ্য চাইলে তিনি তার ব্যবসায়ের সুনাম, সম্প্রসারণের প্রয়োজনীয়তা, উৎপাদনশীলতা ও লাভজনকতার তথ্য পেশ করেন। ব্যাংক ঋণদানের ঝুঁকি হ্রাসের লক্ষ্যে তার দেওয়া তথ্যগুলো যাচাই-বাছাই করে।

উদ্দীপকের 'মোহনা ব্যাংক' মূলত ব্যবসায়ের উৎপাদনশীলতা ও লাভজনকতার বিষয়টিও যাচাই-বাছাই করে তাকে ঋণ মঞ্জুর করে, যা ব্যাংকিং ব্যবসায়ের ঋণমঞ্জুর নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ। অতএব বলা যায় যে, শাকিলা টেক্সটাইলকে ঋণদানের ক্ষেত্রে 'মোহনা ব্যাংক' নিরাপত্তার নীতি ও ঋণমঞ্জুর নীতি অনুসরণ করেছে।

**প্রশ্ন ▶ ০৮** সাদিয়া ড্রাগ হাউজ একটি প্রাপ্য বিল মেয়াদপূর্তির পূর্বেই 'M ব্যাংকে' ভাঙ্গিয়ে নগদ অর্থ সংগ্রহ করে। তাছাড়া প্রতিষ্ঠানের মূল্যবান দলিল উক্ত ব্যাংকে নিরাপদে জমা রাখে। এমনকি ঔষধ রপ্তানিতে 'M ব্যাংক' আমেরিকার জারিন কোম্পানি থেকে অগ্রিম অর্থ আদায়ের ব্যবস্থা করে দেয়।

ক. ব্যাংকের প্রাথমিক তহবিল কোনটি? ১

খ. ব্যাংক কীভাবে বিনিময় মাধ্যম সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'M ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. সাদিয়া ড্রাগ হাউজকে সেবা প্রদানের ক্ষেত্রে 'M ব্যাংক'-এর আয়ের উৎসসমূহ বিশ্লেষণ করো। ৪

### ৮নং প্রশ্নের উত্তর

**ক** ব্যাংকে প্রাথমিক তহবিল হলো পরিশোধিত মূলধন।

**খ** আস্থা ও নিরাপত্তার প্রতীক হিসেবে বাণিজ্যিক ব্যাংক বিভিন্ন দলিল ও উপকরণের প্রচলন ঘটিয়ে বিনিময়ের সহজ মাধ্যম সৃষ্টি করে থাকে।

এ ব্যাংক সাধারণত আর্থিক লেনদেন ও দেনা-পাওনা নিষ্পত্তির মাধ্যম হিসেবে ব্যাংক চেক, বিনিময় বিল, প্রত্যয়পত্র, ব্যাংক ড্রাফট, পে-অর্ডার, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড প্রভৃতি ব্যবহার করে থাকে। এসব দলিল ও উপকরণের মাধ্যমে বাণিজ্যিক ব্যাংক খুব সহজেই আর্থিক লেনদেন ও দেনা পাওনা নিষ্পত্তিতে ভূমিকা রাখে।

**গ** কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী উদ্দীপকের M ব্যাংক একটি বাণিজ্যিক ব্যাংক।

গ্রাহকদের নিকট থেকে তাদের সঞ্চয় বিভিন্ন হিসাবের (চলতি, সঞ্চয়ী ও স্থায়ী) মাধ্যমে আমানত হিসেবে গ্রহণ করা বাণিজ্যিক ব্যাংকের একটি প্রধান কাজ। মুনাফা অর্জনের উদ্দেশ্যে ব্যাংক এই অর্থ বিভিন্ন লাভজনক খাতে ঋণ দেয়। এছাড়াও বাণিজ্যিক ব্যাংক মূলধন গঠন, বিনিময়ের মাধ্যম সৃষ্টি, কর্মসংস্থান সৃষ্টি, অর্থের নিরাপত্তা প্রদান, অর্থনৈতিক উন্নয়ন, জীবনযাত্রার মান উন্নয়ন ইত্যাদি কার্যাবলী সম্পাদন করে থাকে।

উদ্দীপকে সাদিয়া ড্রাগ হাউজ মেয়াদপূর্তির পূর্বেই 'M ব্যাংক' প্রাপ্য বিল বাট্টা করে অর্থ সংগ্রহ করে। আবার, মূল্যবান দলিল উক্ত ব্যাংকে নিরাপদে জমা রাখে। এছাড়া ঔষধ রপ্তানি কাজেও 'M ব্যাংক' থেকে সহায়তা পায়। বিনিময় বিল বাট্টাকরণ এবং প্রত্যয়পত্র ইস্যু বাণিজ্যিক ব্যাংকের প্রধান কার্যাবলির অন্তর্ভুক্ত। আবার সার্ভিস চার্জের বিনিময়ে বাণিজ্যিক ব্যাংক লকার সেবা প্রদান করে।

উদ্দীপকে M ব্যাংকের কার্যাবলীর সাথে বাণিজ্যিক ব্যাংকের কার্যাবলী সাদৃশ্যপূর্ণ। তাই বলা যায়, কার্যভিত্তিক শ্রেণি অনুযায়ী M ব্যাংকের ধরনটি হলো বাণিজ্যিক ব্যাংক।

**ঘ** 'M ব্যাংক' সাদিয়া ড্রাগ হাউজের প্রত্যয়পত্র, বিনিময় বিল বাট্টাকরণ ও লকার সেবা প্রদান করে ব্যাংকের আয়ের উৎস সৃষ্টি করে।

বাণিজ্যিক ব্যাংক তার ব্যবসায় হতে বিভিন্ন ভাবে আয় করে। বাণিজ্যিক ব্যাংকের আয়ের উৎসগুলো হলো ঋণের সুদ, বিনিয়োগ, বিল বাট্টাকরণ, লকার ভাড়া, প্রতিনিধিত্ব প্রত্যয়পত্র ইস্যু ইত্যাদি।

উদ্দীপকে 'M ব্যাংক' সাদিয়া ড্রাগ হাউজ চুক্তির মাধ্যমে প্রাপ্য বিল বাট্টাকরণ করে। অর্থাৎ সুদের বিনিময়ে ঋণ প্রদান করে। উদ্দীপকে সাদিয়া ড্রাগ হাউজ 'M ব্যাংক' থেকে মেয়াদপূর্তির পূর্বেই প্রাপ্য বিল বাট্টা করে নেয়। প্রতিষ্ঠানটি তাদের মূল্যবান দলিলপত্র 'M ব্যাংক' জমা রাখে। এমনকি ঔষধ রপ্তানিতে 'M ব্যাংক' আমেরিকান জারিন কোম্পানি থেকে অগ্রিম অর্থ আদায়ের ব্যবস্থা করে দেয়।

বর্তমানে বাণিজ্যিক ব্যাংক বহুমুখী সেবার নীতি বিশেষভাবে অনুসরণ করে। এ নীতি অনুযায়ী একটি ব্যাংক যত বেশি সম্ভব বিশেষ সেবা প্রদানের চেষ্টা করে। উদ্দীপকের 'M ব্যাংক' মেয়াদ পূর্তির পূর্বেই প্রাপ্য বিল বাট্টা করে অর্থ উপার্জন করে। আবার মূল্যবান দলিলপত্র লকার সেবার মাধ্যমে জমা রাখে। এর বিনিময়ে ব্যাংক সার্ভিস চার্জ আদায় করে।

তাই বলা যায়, সাদিয়া ড্রাগ হাউজের প্রতিটি সেবাই 'M ব্যাংকের' আয়ের উৎস সৃষ্টি করে।

**প্রশ্ন ▶ ০৯** জনাব মিজান তার ব্যবসায়ের প্রয়োজনে 'শাপলা ব্যাংকে' একটি উপযুক্ত হিসাব খোলেন। উক্ত ব্যাংক তাকে একটি প্লাস্টিক কার্ড সরবরাহ করে। এই কার্ড দিয়ে তার ব্যাংক হিসেবে টাকা না থাকা স্বত্ত্বেও বাকিতে পণ্য ক্রয় করতে পারেন। জনাব মিজান যদিও 'শাপলা ব্যাংকের' সিলেট শাখায় হিসাব খোলেন, তিনি প্রয়োজনে দেশের যে-কোনো শাখায় লেনদেন করতে পারেন।

ক. স্থায়ী হিসাব কী? ১

খ. ব্যাংকে হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহক পরিচিতি ফর্মে কোন তথ্যগুলো পূরণ করতে হয়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মিজান 'শাপলা ব্যাংকে' কোন ধরনের হিসাব খোলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. ইলেক্ট্রনিক ব্যাংকিং-এর বিভিন্ন পণ্য ও সেবার আলোকে 'শাপলা ব্যাংকের' কার্যক্রম মূল্যায়ন করো। ৪

### ৯নং প্রশ্নের উত্তর

**ক** গ্রাহক একটি নির্দিষ্ট সময় বা মেয়াদের জন্য ব্যাংকে যে হিসাব খোলে, তাকে স্থায়ী হিসাব বলে।

**খ** ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহক পরিচিত ফর্মে গ্রাহকের নাম, ঠিকানা, পেশা, কাজের বিবরণ, কাজের বৈধতা এবং অন্যান্য যাবতীয় তথ্য পূরণ করতে হয়।

এ ধরনের গ্রাহক পরিচিত ফর্মকে KYC (Know Your Customer) ফর্ম বলা হয়। গ্রাহকের জন্য এটি পূরণ করা বাধ্যতামূলক। ব্যাংক কর্তৃপক্ষ এর মাধ্যমে গ্রাহকের সত্যতা যাচাই করে। ফলে গ্রাহক কোনো অবৈধ লেনদেন করতে পারে না।

**গ** উদ্দীপকের 'শাপলা ব্যাংক'-এ জনাব মিজান চলতি হিসাব রয়েছে। যে ব্যাংক হিসাবের মাধ্যমে প্রতিদিন যতবার খুশি টাকা জমা রাখা যায় এবং প্রয়োজন মতো চাহিবামাত্র যতবার খুশি টাকা উত্তোলন করা যায় তাকে চলতি হিসাব বলে। সাধারণত ব্যবসায়ীরা এ ধরনের হিসাব খুলে থাকে।

উদ্দীপকে উল্লিখিত জনাব মিজান একজন ব্যবসায়ী। তার 'শাপলা ব্যাংক'-এ একটি হিসাব রয়েছে। উক্ত হিসাবের কারণে ব্যাংক তাকে একটি প্লাস্টিক কার্ড প্রদান করে যা থেকে তিনি যতবার ইচ্ছা টাকা উত্তোলন করতে পারেন। এ হিসাবের মাধ্যমেই তিনি দেশের যেকোনো স্থানে বেড়াতে গিয়ে সস্তায় ব্যবসায়িক পণ্য পাওয়া গেলে তার মূল্য পরিশোধে সমর্থ হন। কারণ তার হিসাবে টাকা উত্তোলনের ক্ষেত্রে কোনো বাধ্যবাধকতা নেই। অতএব বলা যায়, 'শাপলা ব্যাংক'-এ জনাব আরিফের চলতি হিসাব রয়েছে।

**ঘ** উদ্দীপকে উল্লিখিত 'শাপলা ব্যাংকের' পণ্য বা সেবাগুলো হলো ইলেকট্রনিক ব্যাংকিং পণ্য বা সেবা।

ইলেকট্রনিক প্রযুক্তি ব্যবহার করে অতি দ্রুত, নির্ভুল ও বিস্তৃত কার্য পরিচালনায় সক্ষম ব্যাংক ব্যবস্থাকেই ইলেকট্রনিক ব্যাংকিং বলে। এই সেবার ক্ষেত্রে ২৪ ঘণ্টা ব্যাংকিং সেবা পাওয়ার সুযোগ রয়েছে।

উদ্দীপকে জনাব মিজান তার শহরে অবস্থিত একটি ব্যাংকে নিজ নামে হিসাব খোলেন। নিজ ব্যাংক হিসাবের তথ্যাবলী তিনি মোবাইলের মাধ্যমে দেখতে পারেন। তিনি এটিএম বুথ অথবা অন্য শাখা থেকে অর্থ জমা ও উত্তোলন করতে পারেন।

উদ্দীপকের ব্যাংকটিতে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, এটিএম, এসএমএস ব্যাংকিং, ফোন ব্যাংকিং পদ্ধতি চালু আছে। এসবকে ইলেকট্রনিক ব্যাংকিং এর বিভিন্ন পণ্য বা সেবা বলা হয়। ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড সেবার মাধ্যমে জনাব মিজান ২৪ ঘণ্টা যেকোনো সময় এটিএম বুথ থেকে অর্থ উত্তোলন ও জমা দিতে পারেন। ফোন ব্যাংকিং এর মাধ্যমে তিনি মোবাইল ফোনের মাধ্যমে ব্যাংকিং লেনদেন সম্পন্ন করতে পারেন। মোবাইল এসএমএসের মাধ্যমে তিনি নিজ হিসাবের স্থিতি হিসাবের বিবরণী ইত্যাদি দেখতে পারেন। এছাড়া এনি ব্রাঞ্চ ব্যাংকিং সেবার মাধ্যমে তিনি দেশের অন্য যেকোনো শাখা থেকে আর্থিক লেনদেন করতে পারবেন। অর্থাৎ উদ্দীপকে উল্লিখিত ব্যাংকের পণ্য বা সেবা সমূহ হলো ইলেকট্রনিক ব্যাংকিং-এর পণ্য বা সেবা বা ব্যাংক গ্রাহকদের লেনদেন সক্রান্ত বিষয় সহজ করেছে।

**প্রশ্ন ▶ ১০** সায়মা হাউজিং লিমিটেডকে 'অর্চি ব্যাংক' বিভিন্ন ধরনের বন্ধকি ঋণ দিয়ে থাকে। এমনকি প্রতিষ্ঠানের স্বর্ণালংকার ও দলিলপত্র ব্যাংকে সংরক্ষণ রাখা হয়। তবে এক ভদ্রলোক সায়মা হাউজিং এর ব্যাংক হিসাবে জমাকৃত টাকার পরিমাণ জানতে চাইলে ব্যাংক কর্মকর্তা অপরাগতা পোষণ করে।

ক. ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী? ১

খ. গারনিশি অর্ডার জারি করা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. সায়মা হাউজিং লিমিটেডের স্বার্থরক্ষার্থে 'অর্চি ব্যাংক' কোন ধরনের দায়িত্ব পালন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যাংক ও গ্রাহকের সম্পর্কের আলোকে 'অর্চি ব্যাংক' ও সায়মা হাউজিং লিমিটেডের বিদ্যমান সম্পর্কগুলো মূল্যায়ন করো। ৪

### ১০নং প্রশ্নের উত্তর

**ক** ব্যাংক ও গ্রাহকের আস্থা ও বিশ্বাসই হলো ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র।

**খ** গারনিশি অর্ডার বলতে মূলত আদালত কর্তৃক ব্যাংকের উপর গ্রাহকের হিসাব বন্ধের নির্দেশকে বোঝায়।

পাওনাদারের পাওনা অর্থ আদায়ের উদ্দেশ্যে আদালত ব্যাংকের প্রতি এরূপ আদেশ জারি করতে পারে। পাওনাদারের আবেদনের প্রেক্ষিতে আদালত যদি প্রমাণ পায় যে, আমানতকারী আবেদনকারীর নিকট দায়গ্রস্ত তবেই এরূপ নির্দেশ দেওয়া হয়ে থাকে। এরূপ আদেশ পাওয়ার পর ব্যাংকের কর্তব্য হলো এ বিষয়ে গ্রাহককে যথাযথভাবে অবহিত করা এবং উক্ত আদেশ প্রত্যাহার না হওয়া পর্যন্ত ঐ হিসাবের লেনদেন বন্ধ রাখা।

**গ** সায়মা হাউজিং লিমিটেডের স্বর্থরক্ষার্থে 'অর্চি ব্যাংক' নানা রকম দায়িত্ব পালন করে থাকে। ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতি অনুযায়ী গ্রাহকের স্বার্থরক্ষা ব্যাংকের একটি অবশ্যই পালনীয় পবিত্র দায়িত্ব। একারণেই ব্যাংক গ্রাহকের অর্থ ফেরত, হিসাবের গোপনীয়তা রক্ষা, গ্রাহকের নির্দেশ পালন ইত্যাদির মাধ্যমে যথাযথ দায়িত্ব পালন করে থাকে।

উদ্দীপকের বর্ণনা মোতাবেক, ব্যাংক গ্রাহকের প্রতি যথাযথ দায়িত্ব পালনের মাধ্যমে মুনাফা অর্জন করে থাকে। কারণ গ্রাহকের আমানতকৃত অর্থই ব্যাংক ব্যবসায়ের অন্যতম তহবিল। এজন্যই গ্রাহকের সন্তুষ্টি অর্জনের মাধ্যমে ব্যাংকের সুনাম অক্ষুণ্ন রাখতে ব্যাংক সাধারণত গ্রাহকের জমাকৃত অর্থ চাহিবামাত্র ফেরত দেয় এবং গ্রাহকের হিসাবসংক্রান্ত কোনো তথ্য গ্রাহকের নির্দেশ, বাংলাদেশ ব্যাংকের নির্দেশ, আদালতের নির্দেশ অথবা আইনগত অনুমতি ছাড়া প্রকাশ করে না। তাছাড়া অর্থ পরিশোধ কিংবা অর্থ, চেক বা বিল আদায় করার জন্য ব্যাংক আমানতকারীর নির্দেশ পালন করে। এছাড়াও ব্যাংক গ্রাহকদের আমানতের বিপরীতে যথাসময়ে সুদ প্রদান ও গ্রাহক ঋণ গ্রহণ করলে ঋণ পরিশোধের জন্য উপযুক্ত সময় ও সুযোগ প্রদান করে গ্রাহকের প্রতি দায়িত্ব পালন করে থাকে। অর্থাৎ অর্চি ব্যাংক গ্রাহকদের হিসাবের গোপনীয়তা রক্ষার দায়িত্ব পালন করছে।

**ঘ** "ব্যাংক ও গ্রাহকের মধ্যে অর্চি ব্যাংক ও সায়মা হাউজিং লিমিটেড বিদ্যমান সুসম্পর্কই অর্থনৈতিক উন্নয়নের হাতিয়ার।" দুই বাংকের সম্পর্কগুলো 'ব্যাংক গ্রাহকের অছি' ও বন্ধক দাতা বন্ধক গ্রহীতা সম্পর্ক।

ব্যাংক ও গ্রাহকের মধ্যে সুসম্পর্ক পারস্পরিক সততা, নিষ্ঠা ও বিশ্বাসের ওপর ভিত্তি করে গড়ে ওঠে। এ সম্পর্কের অবনতি দুপক্ষের মধ্যে খারাপ পরিণতি টেনে আনে।

উদ্দীপকের বর্ণনা অনুযায়ী, অর্থকে কেন্দ্র করে ব্যাংকিং ব্যবসায় গড়ে ওঠে এবং তা পরিচালিত হয় গ্রাহককে কেন্দ্র করে। কারণ অর্থ ছাড়া যেমন ব্যাংকিং ব্যবসায় সম্ভব নয় তেমনি গ্রাহক ছাড়া ব্যাংকের অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনা অসম্ভব।

উদ্দীপকে সায়মা হাউজিং লিমিটেডকে 'অর্চি ব্যাংক' বিভিন্ন ধরনের বন্ধকি ঋণ দিয়ে থাকে। এমনকি প্রতিষ্ঠানের স্থায়ী সম্পত্তি যথা: স্বর্ণালংকার ও দলিলপত্র ব্যাংকে সংরক্ষণ রাখে। এই দুইটি ঘটনা গ্রাহকের অছি হিসেবে কাজ করা এবং গ্রাহকের বন্ধক দাতা-গ্রহীতা সম্পর্ক নির্দেশ করে। গ্রাহকের স্বার্থ রক্ষা ব্যাংকের একটি অবশ্য পালনীয় দায়িত্ব। ব্যাংক তার গ্রাহকের বিভিন্ন সম্পত্তি (যেমন : দলিলপত্র, স্বর্ণ, কাগজপত্র) সংরক্ষণের দায়িত্ব পালন করে। 'অর্চি ব্যাংক' সায়মা হাউজিং লিমিটেড-এর স্বর্ণালঙ্কার ও দলিলপত্র সংরক্ষণ করে। আবার, ব্যাংক গ্রাহকের নির্দিষ্ট সম্পত্তির বিপরীতে বিভিন্ন বন্ধকি ঋণ দিয়ে থাকে। উপরিউক্ত 'অর্চি ব্যাংক' সায়মা লিমিটেডকে বন্ধকি ঋণের সুবিধা দেয়। তাই বলা যায়, সায়মা হাউজিং ও 'অর্চি ব্যাংক' 'ব্যাংক গ্রাহকের অছি' ও 'বন্ধক দাতা বন্ধক গ্রহীতা' সম্পর্ক বিদ্যমান রেখেছে।

**প্রশ্ন ▸ ১১** 'X ব্যাংক' দেশের নোট ও মুদ্রা প্রচলন করে থাকে। তাছাড়া উক্ত ব্যাংক 'Y ব্যাংকের' ঋণ নিয়ন্ত্রণসহ তারল্য ঘাটতি পূরণ করে থাকে। 'Y ব্যাংক' প্রতি সপ্তাহের ও মাসের কাজের বিবরণী 'X ব্যাংকে' প্রেরন করে।

ক. বাংলাদেশ ব্যাংকের নির্বাহী প্রধান কে? ১
খ. নিকাশ ঘর বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'X ব্যাংক' কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩
ঘ. ব্যাংক ব্যবস্থার উন্নয়নে 'X ব্যাংক' ও 'Y ব্যাংক' এর মধ্যে বিদ্যমান সম্পর্কগুলো বিশ্লেষণ করো। ৪

## ১১নং প্রশ্নের উত্তর

**ক** কেন্দ্রীয় ব্যাংকের প্রধান নির্বাহী হলো গভর্নর।

**খ** বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যকার আন্তঃব্যাংকিং দেনাপাওনা নিষ্পত্তির স্থান হলো নিকাশঘর।

নিকাশঘরের দায়িত্ব পালন করে কেন্দ্রীয় ব্যাংক। এর মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে যে লেনদেন সংঘটিত হয় সেগুলোর নিষ্পত্তি করা হয়। ধরা যাক, 'ক' এবং 'খ' বাণিজ্যিক ব্যাংকের মধ্যে একটি লেনদেন সংঘটিত হয়। কেন্দ্রীয় ব্যাংকের নিকাশঘরের মাধ্যমে এই লেনদেনটির নিষ্পত্তি করা হয়।

**গ** উদ্দীপকে 'X ব্যাংক' হলো কেন্দ্রীয় ব্যাংক।

এ ব্যাংক সরকারি মালিকানায় গঠিত ও পরিচালিত হয়। এটি সরকারের পক্ষে দেশে নোট ও মুদ্রা ইস্যু করে। তাছাড়া এ ব্যাংক প্রয়োজনের সময় বাণিজ্যিক ব্যাংককে ঋণ ও পরামর্শ দিয়ে থাকে।

উদ্দীপকে Y ব্যাংক বেশি পরিমাণে ঋণ দেওয়ার কারণে তারল্য সংকটে পড়ে। এক্ষেত্রে ব্যাংকটি বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকে অর্থ না পেলে X ব্যাংক তাকে সাহায্য করে। এছাড়া আর্থিক অবস্থার উন্নয়নের জন্য X ব্যাংক বিভিন্ন ধরনের পরামর্শও দেয়। এখানে X ব্যাংক ঋণদানের শেষ আশ্রয়স্থল হিসেবে কাজ করেছে। কোনো দেশে মুদ্রা প্রচলনের একচ্ছত্র অধিকার থাকে কেন্দ্রীয় ব্যাংকের। কেন্দ্রীয় ব্যাংক বাজারে ঋণ নিয়ন্ত্রণের জন্য নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করে। আবার, ঋণের শেষ আশ্রয়স্থল হিসেবে বাণিজ্যিক ব্যাংককে ঋণ সুবিধা প্রধান করে। তাই কার্যাবলির ভিত্তিতে বলা যায়, উদ্দীপকের 'X ব্যাংক' হলো কেন্দ্রীয় ব্যাংক।

**ঘ** উদ্দীপকে Y ব্যাংক এবং X ব্যাংক-এর মধ্যে নিয়ন্ত্রণকারী, অভিভাবক ও ব্যাংকার-গ্রাহক সম্পর্ক রয়েছে।

কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকের কাজ নিয়ন্ত্রণ করে। নতুন ব্যাংক ও শাখা খোলার জন্য কেন্দ্রীয় ব্যাংকের অনুমতি নিতে হয়। তালিকাভুক্ত ব্যাংকগুলোকে তাদের সংগৃহীত আমানতের একটি নির্দিষ্ট অংশ বাধ্যতামূলকভাবে কেন্দ্রীয় ব্যাংকে জমা রাখতে হয়। বাণিজ্যিক ব্যাংকগুলোর আর্থিক সংকটে কেন্দ্রীয় ব্যাংক ঋণ ও পরামর্শ দেয়। এভাবে কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকের মধ্যে অভিভাবক, নিয়ন্ত্রক ও ব্যাংকার-গ্রাহক সম্পর্ক তৈরি হয়।

উদ্দীপকে Y ব্যাংক আর্থিক সংকটে পড়লে X ব্যাংক তাকে অর্থ দিয়ে সাহায্য করে। আবার আর্থিক অবস্থায় উন্নয়নের জন্য বিভিন্ন ধরনের পরামর্শ দেয়। তাছাড়া ব্যাংকটিতে প্রয়োজনীয় প্রশাসক নিয়োগ দেয়। এখানে কাজের দিক থেকে X ব্যাংক-এর সাথে কেন্দ্রীয় ব্যাংকের মিল রয়েছে। তাই X ব্যাংক হলো একটি কেন্দ্রীয় ব্যাংক ও Y ব্যাংক হলো বাণিজ্যিক ব্যাংক।

# দিনাজপুর বোর্ড–২০২৪

**ফিন্যান্স ও ব্যাংকিং** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড : 1 5 2

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

*[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান– ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. বাংলাদেশ কোন পণ্য রপ্তানি করে?**
ক) খাদ্য সামগ্রী খ) কাঁচামাল
গ) তৈরি পোশাক ঘ) মেশিনারিজ

**২. অর্থায়ন কী নিয়ে কাজ করে?**
ক) বিনিময় ব্যবস্থাপনা খ) মুনাফা ব্যবস্থাপনা
গ) বাজার ব্যবস্থাপনা ঘ) তহবিল ব্যবস্থাপনা

**□ নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব কিরণ একটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক। ব্যাংকটি সম্প্রতি অনলাইন ব্যাংকিং সেবা চালু করেছে। উক্ত ব্যাংকের আলাদা কোন সত্তা নেই।

**৩. উদ্দীপকে জনাব কিরণ এর ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?**
ক) একক খ) চেইন গ) গ্রুপ ব্যাংক ঘ) শাখা ব্যাংক

**৪. উপরিউক্ত ব্যাংকটি বাংলাদেশের প্রচলিত কোন ব্যাংকের সাথে সাদৃশ্যপূর্ণ?**
i. জনতা ব্যাংক লিঃ ii. সোনালী ব্যাংক রিঃ iii. গ্রুপ ব্যাংক লিঃ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৫. অর্ধবার্ষিক চক্রবৃদ্ধির ক্ষেত্রে M এর মান কত?**
ক) ২ খ) ৪ গ) ৬ ঘ) ১২

**৬. কোন ক্ষেত্রে কেবল আসলের ওপর সুদ গণনা করা হয়?**
ক) চক্রবৃদ্ধি সুদ খ) সরল সুদ গ) প্রকৃত সুদ ঘ) নামিক সুদ

**৭. প্রকৃত সুদের হারকে কী দ্বারা প্রকাশ করা হয়?**
ক) r খ) i গ) n ঘ) EAR.

**৮. তহবিল সংগ্রহের প্রক্রিয়া কোনটি?**
ক) আয় সিদ্ধান্ত খ) ব্যয় সিদ্ধান্ত
গ) বিনিয়োগ সিদ্ধান্ত ঘ) মূলধন সিদ্ধান্ত

**৯. প্রতিটি প্রতিষ্ঠানে কোন ধরনের নীতি থাকে?**
ক) শেয়ার নীতি খ) বন্ড নীতি গ) ঋণপত্র নীতি ঘ) কাম্যঋণ নীতি

**□ নিচের উদ্দীপকটি পড় এবং ১০ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
রহিম এন্টারপ্রাইজ ৩৫০০০ টাকা ব্যয়ে একটি মেশিন কিনতে চায়। মেশিনটির আয়ুষ্কাল ৩ বছর এবং আয়ুষ্কাল শেষে এর কোনো অবশিষ্ট মূল্য নেই। মেশিন থেকে প্রতিবছর নিট মুনাফা পাওয়া যাবে যথাক্রমে ৫০০০ টাকা, ৪০০০ টাকা এবং ৬০০০ টাকা।

**১০. মেশিনটির বাৎসরিক অবচয় কত হবে?**
ক) ১৬,৫৬০ টাকা খ) ১৫,৩৯০ টাকা গ) ১৩,৫৭৪ টাকা ঘ) ১১,৬৬৬ টাকা

**১১. মেশিনটিতে গড় বিনিয়োগ থেকে প্রাপ্ত মুনাফার হার কত হবে?**
ক) ২৮.৫৭% খ) ২৮.৯০% গ) ২৯.২১০% ঘ) ২৯.৭০%

**১২. গড় মুনাফার হার নির্ণয়ের সূত্র কোনটি?**
ক) $\frac{\text{গড় মোট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$ খ) $\frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$
গ) $\frac{\text{গড় মোট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}}$ ঘ) $\frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}}$

**১৩. অগ্রাধিকার শেয়ারের সুবিধা–**
i. আয়ের উপর অগ্রাধিকার ii. সীমিত আয় iii. নির্দিষ্ট হারে আয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৪. ব্যাংক ব্যবসায়ের প্রধান উপাদান কী?**
ক) মুদ্রা খ) দলিল গ) শেয়ার ঘ) ঋণ

**১৫. রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া কত সালে প্রতিষ্ঠিত হয়?**
ক) ১৯৩০ খ) ১৯৩৫ গ) ১৯৪০ ঘ) ১৯৬০

**১৬. ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতি কয়টি?**
ক) ১৫টি খ) ১৬টি গ) ১৯টি ঘ) ২১টি

**১৭. কোনটি সুদমুক্ত ব্যাংক এর আওতায় পড়ে?**
ক) স্কুল ব্যাংক খ) আঞ্চলিক ব্যাংক
গ) ইসলামি ব্যাংক ঘ) নারীদের ব্যাংক

**১৮. LC-এর পূর্ণরূপ কী?**
ক) Latter of Credit খ) Latter of Cost
গ) Latter of Commerce ঘ) Letter of Certificate

**□ নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
ব্যাংকিং ব্যবসায় মুনাফার আধিক্যের কারণে 'Y' ব্যাংক আরও একটি নতুন শাখা খুলতে চায়। এজন্য ব্যাংকটি 'X' ব্যাংকের অনুমতি চাইলে ব্যাংকটি তা প্রদানে সম্মত করে।

**১৯. 'Y' ব্যাংকটি কোন ধরনের ব্যাংক?**
ক) বাণিজ্যিক ব্যাংক খ) বিনিময় ব্যাংক
গ) কেন্দ্রীয় ব্যাংক ঘ) বিশেষ ব্যাংক

**২০. 'Y' ব্যাংকের নতুন শাখা খোলার ফলে–**
i. 'Y' ব্যাংকে নতুন কর্মসংস্থান হবে
ii. 'X' ব্যাংকেরও মুনাফা বৃদ্ধি পাবে
iii. জনকল্যাণ সাধিত হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২১. ব্যবসায়ীদের কাছে জনপ্রিয় হিসাব কোনটি?**
ক) চলতি হিসাব খ) সঞ্চয়ী হিসাব
গ) স্থায়ী হিসাব ঘ) ঋণ হিসাব

**২২. ATM কী?**
ক) Autmatic Teller Machine খ) Automated Teclmical Machine
গ) Authentic Teller Machine ঘ) Automated Teller Machine

**২৩. ব্যাংকিং ব্যবসায়ে তহবিলের মূল উৎস কী?**
ক) ঋণ খ) বিনিয়োগ গ) আমানত ঘ) সঞ্চয়

**২৪. চেক কী?**
ক) চুক্তির দলিল খ) লিখিত নোটিশ
গ) ব্যক্তিগত দলিল ঘ) হস্তান্তরযোগ্য বিনিময় বিল

**২৫. গ্রাহকের প্রতি ব্যাংকের দায়িত্ব–**
i. ঋণ পরিশোধ ii. অর্থ ফেরত iii. হিসাবের গোপনীয়তা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**২৬. বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর কয় জন?**
ক) ২ খ) ৪ গ) ৬ ঘ) ৮

**২৭. সোহেল একটি অমুনাফাভোগী প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেন। সোহেলের প্রতিষ্ঠানের কাজ কোন ধরনের**
ক) সুদ আদায় খ) ঋণ প্রদান
গ) জনকল্যাণমূলক ঘ) মুনাফা অর্জন

**২৮. Banker of all Banks হিসেবে কোন ব্যাংক কাজ করে?**
ক) বাণিজ্যিক ব্যাংক খ) আন্তর্জাতিক ব্যাংক
গ) চেইন ব্যাংক ঘ) কেন্দ্রীয় ব্যাংক

**২৯. রুল ৭২ কী?**
ক) ৭২ নম্বর আইন খ) ৭২ নম্বর ধারা
গ) বিনিয়োগের সুযোগ ব্যয় নির্ণয় পদ্ধতি ঘ) ৭২ নম্বর সিদ্ধান্ত

**৩০. বিক্রয় থেকে করসহ সব খরচ বাদ দিলে কী থাকে?**
ক) মোট মুনাফা খ) নিট মুনাফা গ) মোট খরচ ঘ) মোট বিক্রয়

**■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# দিনাজপুর বোর্ড–২০২৪

## ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

**[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]**

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান : ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ : ফিন্যান্স

১। 'ক' অর্থায়ন ব্যবস্থায় দেশের সার্বিক উন্নয়ন ও বিভিন্ন খাতসমূহ বিশ্লেষণ করে অর্থ ব্যয় করা হয়। এই অর্থ ব্যবস্থায় প্রথমে ব্যয়ের পরিমাণ নির্ধারণ করে সে অনুযায়ী তহবিল সংগ্রহের লক্ষ্যমাত্রা ঠিক করা হয়। পক্ষান্তরে 'খ' অর্থায়ন ব্যবস্থায় আমদানি ও রপ্তানির খাতসমূহ বিশ্লেষণ এবং এ সংক্রান্ত ঘাটতি ব্যবস্থাপনা আলোচিত হয়।

ক. অর্থায়ন কী নিয়ে কাজ করে? ১
খ. তারল্য বনাম মুনাফা নীতিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের 'ক' অর্থায়ন ব্যবস্থার ধরন বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের 'খ' অর্থায়ন ব্যবস্থার মাধ্যমে বাণিজ্য ঘাটতি নিরসন সম্ভব– মূল্যায়ন করো। ৪

২। জনাব রফিক প্রতিবছর নিশ্চিত আয়ের লক্ষ্যে বিনিয়োগের জন্য নিচের দুই ধরনের শেয়ার বিবেচনা করেন :

| শেয়ারের ধরন | সুবিধাসমূহ |
|---|---|
| P | অধিক আয়, সীমাবদ্ধ দায়। |
| Q | নির্দিষ্ট হারে আয়, সম্পদের উপর দাবি। |

ক. লভ্যাংশ কাকে বলে? ১
খ. বোনাস শেয়ার কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের 'P' শেয়ারের ধরন বর্ণনা করো। ৩
ঘ. জনাব রফিকের কোন ধরনের শেয়ারে বিনিয়োগ করা যুক্তিযুক্ত হবে? মতামত দাও। ৪

৩। জনাব শফিক নিচের যেকোনো একটি ব্যাংকে টাকা জমা রাখতে চান :

| ব্যাংক | পরিমাণ | মুনাফার হার | সময় | মুনাফার ধরন |
|---|---|---|---|---|
| নোভা | ১,০০,০০০ | ৯.৫% | ১০ বছর | সরল সুদ |
| শোভা | ১,০০,০০০ | ৭% | ১০ বছর | ত্রৈমাসিক চক্রবৃদ্ধি |

ক. অর্থের সময় মূল্য নির্ণয়ের মূল কারণ কোনটি? ১
খ. অর্থের সুযোগ ব্যয় ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. মেয়াদ শেষে নোভা ব্যাংক থেকে প্রাপ্ত অর্থের পরিমাণ নির্ণয় করো। ৩
ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখা জনাব শফিকের জন্য অধিকতর যুক্তিযুক্ত হবে? গাণিতিক যুক্তি দাও। ৪

৪। সমতা লিঃ এর প্রতিটি ১০ টাকা মূল্যের সাধারণ শেয়ার মূলধন ১৫ কোটি টাকা এবং ঋণ মূলধন ৫ কোটি টাকা। কোম্পানি এ বছর শেয়ার প্রতি ৩ টাকা লভ্যাংশ প্রদান করে এবং তা প্রতি বছর ১০% বৃদ্ধি পায়। প্রতিটি সাধারণ শেয়ারের বাজারমূল্য ৩০ টাকা। কোম্পানির কর হার ৪০% এবং ঋণ মূলধনের সুদের হার ১৫%। বর্তমানে কোম্পানির গড় মূলধন ব্যয় ১২% এর বেশি হওয়ায় পরিচালনা পর্ষদ শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতির সুপারিশ করে।

ক. মূলধন ব্যয় কাকে বলে? ১
খ. সংরক্ষিত আয় বলতে কী বোঝায়? ২
গ. সমতা লিঃ এর সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩
ঘ. পরিচালকমণ্ডলির সুপারিশ অনুসরণে সমতা লিঃ এর গড় মূলধন ব্যয় কাম্যস্তরে রাখতে পারবে কিনা, তা মূল্যায়ন করো। ৪

৫। দুটি প্রকল্পের প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

| প্রকল্প | আয় হার | | | |
|---|---|---|---|---|
| | ২০১৭ | ২০১৮ | ২০১৯ | ২০২০ |
| ক | ২০% | – ১৬% | ১৪% | ৩০% |
| খ | – ৫% | ১৫% | ২০% | ১৮% |

ক. ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা অর্জন কীসের উপর নির্ভর করে? ১
খ. তারল্য ঝুঁকি কী? ব্যাখ্যা করো। ২
গ. প্রকল্প 'ক' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩
ঘ. কোন প্রকল্পটি অধিক গ্রহণযোগ্য? গাণিতিক যুক্তি দাও। ৪

৬। নিপা ব্রাদার্সের P এবং Q প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১,০০,০০০ টাকা। P প্রকল্পের গড় মুনাফার হার ২০%। প্রকল্পদ্বয়ের বিগত ৫ বছরের নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

| বছর | নগদ আন্তঃপ্রবাহ (টাকা) | |
|---|---|---|
| | P প্রকল্প | Q প্রকল্প |
| ১ | ২০,০০০ | ২৫,০০০ |
| ২ | ৩০,০০০ | ৩০,০০০ |
| ৩ | ৪০,০০০ | ৩৫,০০০ |
| ৪ | ৫০,০০০ | ২৫,০০০ |
| ৫ | ৪০,০০০ | ৪০,০০০ |

ক. মূলধন বাজেটিং কী ধরনের প্রক্রিয়া? ১
খ. গড় মুনাফার হার কী? ব্যাখ্যা করো। ২
গ. নিপা ব্রাদার্সের P প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৩
ঘ. গড় মুনাফার হার বিবেচনায় নিপা ব্রাদার্সের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? গাণিতিক যুক্তি দাও। ৪

### খ বিভাগ : ব্যাংকিং

৭। দুটি ব্যাংকের কার্যাবলি নিম্নরূপ :

| ব্যাংক | কার্যাবলি |
|---|---|
| ক | আমানত গ্রহণ, ঋণ প্রদান। |
| খ | মুদ্রা প্রচলন, ঋণ নিয়ন্ত্রণ। |

ক. ঝুঁকিবহুল ব্যবসায় কোনটি? ১
খ. ব্যাংকের তারল্য নীতিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের 'ক' ব্যাংকের ধরন বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের 'ক' ব্যাংকের নিয়ন্ত্রক 'খ' ব্যাংক– উক্তিটি মূল্যায়ন করো। ৪

৮। 'মিতালি ব্যাংক' যন্ত্রপাতি ক্রয়, জমি ক্রয়, কারখানা নির্মাণের জন্য জনগণকে ঋণ দিয়ে থাকে। ব্যাংক ঋণ প্রদানের পূর্বে গ্রাহকদের আর্থিক সচ্ছলতা ও সততাসহ অন্যান্য তথ্য যাচাইপূর্বক ঋণ প্রদান করে।

ক. পরিবহন ব্যাংক কাকে বলে? ১
খ. সরকার কীসের মাধ্যমে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করে? ব্যাখ্যা করো। ২
গ. কার্যভিত্তিক শ্রেণিকরণের ভিত্তিতে মিতালি ব্যাংকের ধরন বর্ণনা করো। ৩
ঘ. মিতালি ব্যাংকের ক্ষেত্রে ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতি বিশ্লেষণ করো। ৪

৯। মি. আনাছ একজন ব্যবসায়ী। তিনি সিদ্ধান্ত নিলেন যে, ব্যবসায়ের নিকটবর্তী ব্যাংকে একটি হিসাব খুলবেন। তিনি বাংলাদেশ ব্যাংকের অধীনস্থ বিভিন্ন ব্যাংকে গিয়ে তাদের সুবিধা সম্পর্কে ধারণা নিলেন।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. ইন্টারনেটে ব্যাংকিং কী? ব্যাখ্যা করো। ২
গ. মি. আনাছের জন্য ব্যাংকে কোন ধরনের হিসাব খোলা সুবিধাজনক? বর্ণনা করো। ৩
ঘ. মি. আনাছের ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে বিবেচ্য বিষয় মূল্যায়ন করো। ৪

১০। জনাব হাসান 'M' ব্যাংকের একজন ডেপুটি গভর্নর। তার বন্ধু রায়হান 'N' ব্যাংকের সিনিয়র অফিসার। 'N' ব্যাংক আমানতের ১৫% বাধ্যতামূলকভাবে 'M' ব্যাংকের নিকট জমা রাখে। তাই 'N' ব্যাংকটি আর্থিক সংকটে 'M' ব্যাংকটিকে গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে।

ক. বাংলাদেশ ব্যাংক গঠনের অধ্যাদেশ কবে জারি করা হয়? ১
খ. প্রত্যয়পত্র কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের 'M' ব্যাংকের ধরন বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের 'M' এবং 'N' ব্যাংকের মধ্যকার সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

১১। 'P' ব্যাংকের ব্যবস্থাপক জনাব জাহিদ ব্যাংকের আয় বাড়ানোর জন্য গ্রাহকদেরকে অধিক ঋণ প্রদান করেন। এতে ব্যাংকটি নগদ অর্থ সংকটে পড়ে। এমতাবস্থায় তিনি অর্থ সংগ্রহের সিদ্ধান্ত গ্রহণ করেন এবং সরকারের নিয়ন্ত্রাণাধীন 'Q' ব্যাংকের শরণাপন্ন হন।

ক. বাংলাদেশ ব্যাংকের প্রধান কে? ১
খ. নিকাশ ঘর কী? ব্যাখ্যা করো। ২
গ. ব্যাংকিং ব্যবসার কোন নীতি অনুসরণ না করার কারণে 'P' ব্যাংক সংকটে পড়ে? বর্ণনা করো। ৩
ঘ. 'P' ব্যাংকের ব্যাংকার হিসেবে 'Q' ব্যাংকের কার্যাবলি বিশ্লেষণ করো। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | খ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | খ |

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** 'ক' অর্থায়ন ব্যবস্থায় দেশের সার্বিক উন্নয়ন ও বিভিন্ন খাতসমূহ বিশ্লেষণ করে অর্থ ব্যয় করা হয়। এই অর্থ ব্যবস্থায় প্রথমে ব্যয়ের পরিমাণ নির্ধারণ করে সে অনুযায়ী তহবিল সংগ্রহের লক্ষ্যমাত্রা ঠিক করা হয়। পক্ষান্তরে 'খ' অর্থায়ন ব্যবস্থায় আমদানি ও রপ্তানির খাতসমূহ বিশ্লেষণ এবং এ সংক্রান্ত ঘাটতি ব্যবস্থাপনা আলোচিত হয়।

ক. অর্থায়ন কী নিয়ে কাজ করে? ১

খ. তারল্য বনাম মুনাফা নীতিটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'ক' অর্থায়ন ব্যবস্থার ধরন বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের 'খ' অর্থায়ন ব্যবস্থার মাধ্যমে বাণিজ্য ঘাটতি নিরসন সম্ভব– মূল্যায়ন করো। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** অর্থায়ন তহবিল ব্যবস্থাপনা নিয়ে কাজ করে।

**খ** চাওয়ামাত্র আমানতকারীর অর্থ ফেরত দেওয়ার জন্য পর্যাপ্ত পরিমাণ নগদ অর্থ সংরক্ষণের নীতিকে ব্যাংকের তারল্যনীতি বলে।

গ্রাহকের আমানত বাণিজ্যিক ব্যাংকের তহবিলের মূল উৎস। এই আমানত থেকে ব্যাংক তার গ্রাহকদের ঋণ দেয়। তবে ব্যাংককে অবশ্যই একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ তহবিলে জমা রাখতে হয় যাতে ব্যাংক গ্রাহকদের আমানতকৃত অর্থ সময়মতো ফেরত দিতে পারে। আবার যদি আমানতের সব টাকা ব্যাংক তরল অবস্থার রেখে দেয় তবে ব্যাংকের কোনো বিনিয়োগ হবে না। সুতরাং, সার্থক ব্যাংক ব্যবসায় মানে হলো সঠিক তারল্যনীতি, যেখানে অতিরিক্ত তারল্যও থাকবে না আবার তারল্য সংকটও হবে না। এটিই তারল্য বনাম মুনাফা নীতি।

**গ** উদ্দীপকের 'ক' অর্থায়ন ব্যবস্থাটি হচ্ছে সরকারি অর্থায়ন।

সার্বিক উন্নয়নে সরকারের বিভিন্ন খাতে (রাস্তাঘাট, সেতু, শিল্পপ্রতিষ্ঠান ইত্যাদি) অর্থ ব্যয় করতে হয়। অর্থ নির্মাণ কাঠামো ও উন্নয়নমূলক প্রকল্পে ব্যয় করা হয়। সরকারি অর্থায়নে প্রথমে ব্যয়ের পরিমাণ নির্ধারণ করে সে অনুযায়ী তহবিল সংগ্রহ করা হয়। সরকারি অর্থায়নের মূল লক্ষ্য সমাজকল্যাণ। সরকারি অর্থায়নে তহবিল আয়কর, মূল সংযোজন কর, ট্যাক্স, শুল্ক, ট্রেজারি বিল ইত্যাদির মাধ্যমে সংগ্রহ করা হয়।

উদ্দীপকে 'ক' অর্থায়ন ব্যবস্থায় দেশের সার্বিক উন্নয়ন ও বিভিন্ন খাতসমূহ বিশ্লেষণ করে অর্থ ব্যয় করা হয়। এই অর্থ ব্যবস্থায় প্রথমে ব্যয়ের পরিমাণ নির্ধারণ করে সে অনুযায়ী তহবিল সংগ্রহের লক্ষ্যমাত্রা ঠিক হয়। যেহেতু 'ক' অর্থায়ন ব্যবস্থায় দেশের সার্বিক উন্নয়ন ও বিভিন্ন খাতে অর্থ ব্যয় হয় তাই 'ক' অর্থায়ন ব্যবস্থাটি হচ্ছে সরকারি অর্থায়ন। কারণ সরকারি অর্থায়নে দেশের সার্বিক উন্নয়নে অর্থ ব্যয় হয়। সরকারি অর্থায়নে ব্যয়ের খাত পূর্বে নির্ধারণ হয় ঠিক তেমনিই 'ক' অর্থায়ন ব্যবস্থায় ব্যয়ের খাত নির্ধারণ করে তহবিল সংগ্রহ করা হয়।

অতএব পরিশেষে বলা যায়, 'ক' অর্থায়ন ব্যবস্থাটি সরকারি অর্থায়ন।

**ঘ** উদ্দীপকের 'খ' অর্থায়ন ব্যবস্থাটি হচ্ছে আন্তর্জাতিক অর্থায়ন। আন্তর্জাতিক অর্থায়নের মাধ্যমে বাণিজ্য ঘাটতি নিরসন সম্ভব।

আন্তর্জাতিক অর্থায়নে আমদানি ও রপ্তানির খাতগুলো নিয়ে বিচার-বিশ্লেষণ করা হয়। প্রতি বছর বিপুল পরিমাণে খাদ্য, কাঁচামাল, মেশিনারিজ, ঔষধ, পেট্রোলিয়াম ইত্যাদি বিভিন্ন দেশ থেকে আমদানি করা হয় এবং দেশ থেকে তৈরি পোশাক, পাট-পাটজাতদ্রব্য ইত্যাদি রপ্তানি হয়। রপ্তানি থেকে আমদানি বেশি হয় বলে বাণিজ্য ঘাটতি দেখা যায়।

উদ্দীপকে 'খ' অর্থায়ন ব্যবস্থায় আমদানি ও রপ্তানির খাতসমূহ বিশ্লেষণ করা হয় ও এসংক্রান্ত ঘাটতি ব্যবস্থাপনা আলোচিত হয়। যা আন্তর্জাতিক অর্থায়ন। আন্তর্জাতিক অর্থায়নে বাণিজ্য ঘাটতি কীভাবে ব্যবস্থাপনা করা যায় তা আলোচনা করা হয়। প্রবাসিদের পাঠানো রেমিটেন্সের অর্থ বাণিজ্য ঘাটতি পূরণে সর্বাধিক ভূমিকা রাখে। প্রবাসিদের পাঠানো অর্থ দেশের বাণিজ্যিক উদ্বৃত্তকে বাড়িয়ে দেয়। অর্থাৎ ব্যয় থেকে আয় বেশি হয়েছে যার ফলে বাণিজ্য ঘাটতি কমে। বাণিজ্য ঘাটতি নিরসনে প্রবাসির পাঠানো ডলার/ইউরো বৈদেশিক মুদ্রার রিজার্ভ বাড়িয়ে দেয়। এই সকল বিষয় আন্তর্জাতিক অর্থায়নের অন্তর্ভুক্ত যা বাণিজ্য ঘাটতি নিরসন করে।

অতএব, পরিশেষে বলা যায় 'খ' অর্থায়ন ব্যবস্থার মাধ্যমে যা আন্তর্জাতিক অর্থায়ন বাণিজ্য ঘাটতি নিসরনে সম্ভব।

**প্রশ্ন ▸ ০২** জনাব রফিক প্রতিবছর নিশ্চিত আয়ের লক্ষ্যে বিনিয়োগের জন্য নিচের দুই ধরনের শেয়ার বিবেচনা করেন :

| শেয়ারের ধরন | সুবিধাসমূহ |
|---|---|
| P | অধিক আয়, সীমাবদ্ধ দায়। |
| Q | নির্দিষ্ট হারে আয়, সম্পদের উপর দাবি। |

ক. লভ্যাংশ কাকে বলে? ১

খ. বোনাস শেয়ার কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'P' শেয়ারের ধরন বর্ণনা করো। ৩

ঘ. জনাব রফিকের কোন ধরনের শেয়ারে বিনিয়োগ করা যুক্তিযুক্ত হবে? মতামত দাও। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক** লভ্যাংশ হলো কোম্পানির শেয়ারহোল্ডারদের সাথে বণ্টিত নিট মুনাফার একটি নির্দিষ্ট অংশ।

**খ** কোম্পানির অবণ্টিত মুনাফা শেয়ার মালিকদের লভ্যাংশ হিসেবে না দিয়ে তা শেয়ারে রূপান্তর করে পুরোনো শেয়ার মালিকদের আনুপাতিক হারে বণ্টন করা হলে তাকে বোনাস শেয়ার বলে।

সাধারণত কোম্পানিগুলো লভ্যাংশ দেওয়ার বিকল্প হিসেবে বোনাস শেয়ার ইস্যু করে। বোনাস শেয়ারের মাধ্যমে কোম্পানি অবণ্টিত মুনাফাকে সাধারণ শেয়ারে রূপান্তর করে। এর মাধ্যমে কোম্পানি লভ্যাংশকে কাজে লাগিয়ে প্রতিষ্ঠানে শেয়ারের পরিমাণ বাড়ায়।

**গ** উদ্দীপকের 'P' শেয়ারের ধরন হচ্ছে সাধারণ শেয়ার।

যে শেয়ার ক্রয়ে ব্যক্তি কোম্পানির মালিকানা লাভ করে অধিক লভ্যাংশ আয় করে ও দায় সীমাবদ্ধ থাকে তাকে সাধারণ শেয়ার বলা হয়। এই শেয়ারে নির্দিষ্ট আয় থাকে না। তবে প্রতিষ্ঠানের আয় বাড়লে সাধারণ শেয়ারে বিনিয়োগকারীদের আয়ও বাড়ে। কেননা লভ্যাংশ প্রদান করা বাধ্যতামূলক নয় কোম্পানির জন্য। বিনিয়োগকারীদের জন্য সাধারণ শেয়ার ক্রয় একটি ঝুঁকিপূর্ণ বিনিয়োগ।

উদ্দীপকে 'P' শেয়ারের বৈশিষ্ট্য বা সুবিধাসমূহ হচ্ছে এই শেয়ার ক্রয়ে অধিক আয় ও সীমাবদ্ধ দায় যা সাধারণ শেয়ারের বৈশিষ্ট্য। সাধারণ শেয়ারে বিনিয়োগকারী কোম্পানি যদি অধিক মুনাফা লাভ করে, তাহলে বিনিয়োগকারী অধিক লভ্যাংশ আয় করে থাকে। সাধারণ শেয়ারে দায় বিনিয়োগকৃত মূলধন দ্বারা সীমাবদ্ধ থাকে।

অতএব, পরিশেষে বলা যায় উদ্দীপকের 'P' হচ্ছে সাধারণ শেয়ার।

**ঘ** নিশ্চিত আয়ের লক্ষ্যে জনাব রফিকের জন্য 'Q' শেয়ার ক্রয় করা যুক্তযুক্ত হবে। কারণ 'Q' শেয়ার হচ্ছে অগ্রাধিকার শেয়ার।

যে শেয়ার ক্রয়ে বিনিয়োগকারীরা নির্দিষ্ট হারে আয় প্রত্যাশা করে তাকে অগ্রাধিকার শেয়ার বলা হয়। অগ্রাধিকার শেয়ার মালিকের নির্দিষ্ট হারে লভ্যাংশ পান। মুনাফার ক্ষেত্রে অগ্রাধিকার শেয়ার মালিকের সাধারণ শেয়ার মালিকদের চাইতে অগ্রাধিকার পান। কোম্পানি অর্থায়নের ক্ষেত্রেও অগ্রাধিকার শেয়ার মালিকদের দাবি সাধারণ শেয়ার মালিকদের আগে পূরণ করা হয়।

উদ্দীপকে জনাব রফিক প্রতিবছর নিশ্চিত আয়ের লক্ষ্যে শেয়ার বিনিয়োগ করতে চান। তিনি দুই ধরনের শেয়ার বিবেচনা করেন যা 'P' হচ্ছে সাধারণ শেয়ার এবং 'Q' হচ্ছে অগ্রাধিকার শেয়ার।

উদ্দীপকে জনাব রফিক যদি সাধারণ শেয়ার বাদ দিয়ে অগ্রাধিকার শেয়ার ক্রয় করে, তা যুক্তিযুক্ত হবে। কারণ অগ্রাধিকার শেয়ার ক্রয়ে তিনি নিশ্চিত আয় করতে সক্ষম হবেন। যার ফলে তার আয়ের অনিশ্চয়তা কম থাকে। কিন্তু সাধারণ শেয়ার ক্রয়ে জনাব রফিকের আয় অনিশ্চিত। তিনি ঝুঁকি বেশি বহন করবেন। কেননা ইস্যুকারী প্রতিষ্ঠানের মুনাফা না হলে তিনি লভ্যাংশ পাবে না। অন্যদিকে অগ্রাধিকার শেয়ার ক্রয়ে তিনি নিশ্চিত আয় করতে পারবেন।

তাই বলা যায়, জনাব রফিকের নিশ্চিত আয়ের লক্ষ্যে 'Q' অর্থাৎ অগ্রাধিকার শেয়ারে বিনিয়োগ করা যুক্তিযুক্ত হবে।

**প্রশ্ন ▸ ০৩** জনাব শফিক নিচের যেকোনো একটি ব্যাংকে টাকা জমা রাখতে চান :

| ব্যাংক | পরিমাণ | মুনাফার হার | সময় | মুনাফার ধরন |
|---|---|---|---|---|
| নোভা | ১,০০,০০০ | ৯.৫% | ১০ বছর | সরল সুদ |
| শোভা | ১,০০,০০০ | ৭% | ১০ বছর | ত্রৈমাসিক চক্রবৃদ্ধি |

ক. অর্থের সময় মূল্য নির্ণয়ের মূল কারণ কোনটি? ১

খ. অর্থের সুযোগ ব্যয় ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. মেয়াদ শেষে নোভা ব্যাংক থেকে প্রাপ্ত অর্থের পরিমাণ নির্ণয় করো। ৩

ঘ. কোন ব্যাংকে টাকা জমা রাখা জনাব শফিকের জন্য অধিকতর যুক্তিযুক্ত হবে? গাণিতিক যুক্তি দাও। ৪

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** অর্থের ক্রয়মূল্য নির্ণয়ের মূল কারণ সুদের হার।

**খ** কোনো একটি প্রকল্পে বিনিয়োগের ফলে অন্য যেকোনো প্রকল্পের আয়ের সুযোগ ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

উদাহরণ হিসেবে বলা যায়, জনাব আশিকের নিকট ১০ লক্ষ টাকা আছে। এ টাকা যদি তিনি জমি ক্রয়ে বিনিয়োগ না করে ব্যাংকে জমা রাখার মাধ্যমে নির্দিষ্ট পরিমাণে মুনাফা পেতে চান তাহলে তিনি উক্ত টাকা জমি ক্রয়ে বিনিয়োগ করে যে পরিমাণে মুনাফা অর্জন করতে পারতেন তা-ই তার বিনিয়োগ সিদ্ধান্তের একটি সুযোগ ব্যয়।

**গ** মেয়াদ শেষে 'নোভা' ব্যাংক থেকে প্রাপ্ত অর্থের পরিমাণ নির্ণয় :

এখানে,

বর্তমান মূল্য, PV = ১০০০০০ টাকা

সুদের হার, i = ৯.৫% বা ০.০৯৫

সময়, n = ১০ বছর

∴ আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য, } FV = PV\,(১ + i)^{n}$$
$$= ১০,০০০০ \times (১ + ০.০৯৫)^{১০}$$
$$= ১০০০০০ \times ২.৪৭৮২$$
$$= ২,৪৭,৮২২.৭৬ \text{ টাকা}$$

∴ নোভা ব্যাংক থেকে প্রাপ্ত অর্থের পরিমাণ ২,৪৭,৮২২.৭৬ টাকা।

**ঘ** কোন ব্যাংকে জনাব শফিকের জন্য টাকা জমা রাখা অধিকতর যুক্তিযুক্ত হবে তা জানতে 'শোভা' ব্যাংকের ভবিষ্যৎ মূল্য নির্ণয় :

এখানে,

বর্তমান মূল্য, PV = ১,০০,০০০ টাকা

সময়, n = ১০ বছর

সুদের হার, i = ৭% বা ০.০৭

চক্রবৃদ্ধির সংখ্যা, m = ৪ বার

আমরা জানি,

$$\text{ভবিষ্যৎ মূল্য, } FV = PV = \left(১ + \frac{i}{m}\right)^{n\times m}$$
$$= ১,০০,০০০\left(১ + \frac{০.০৭}{৪}\right)^{১০\times৪}$$
$$= ২,০০,১৫৯.৭৩ \text{ টাকা}$$

∴ তিনি 'শোভা ব্যাংক' থেকে পাবেন ২,০০,১৫৯.৭৩ টাকা মেয়াদাশেষে।

উদ্দীপকে জনাব শফিক তিনি নোভা ব্যাংকে অর্থ জমা রাখলে ১০ বছর পর ২৪৭৮২২.৭৬ টাকা পাবেন এবং শোভা ব্যাংক অর্থ জমা রাখলে উক্ত সময়ে ২,০০,১৫৯.৭৩ টাকা পাবেন। অর্থাৎ 'শোভা' ব্যাংক এর তুলনায় 'নোভা' ব্যাংক থেকে (২,৪৭,৮২২.৭৬ - ২,০০,১৫৯.৭৩) = ৪৭,৬৬৩.০৩ টাকা বেশি পাবে।

সুতরাং জনাব শফিকের 'নোভা' ব্যাংক অর্থ জমা রাখা অধিকতর যুক্তিযুক্ত হবে।

**প্রশ্ন ▸ ০৪** সমতা লিঃ এর প্রতিটি ১০ টাকা মূল্যের সাধারণ শেয়ার মূলধন ১৫ কোটি টাকা এবং ঋণ মূলধন ৫ কোটি টাকা। কোম্পানি এ বছর শেয়ার প্রতি ৩ টাকা লভ্যাংশ প্রদান করে এবং তা প্রতি বছর ১০% বৃদ্ধি পায়। প্রতিটি সাধারণ শেয়ারের বাজারমূল্য ৩০ টাকা। কোম্পানির কর হার ৪০% এবং ঋণ মূলধনের সুদের হার ১৫%। বর্তমানে কোম্পানির গড় মূলধন ব্যয় ১২% এর বেশি হওয়ায় পরিচালনা পর্ষদ শূন্য লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতির সুপারিশ করে।

ক. মূলধন ব্যয় কাকে বলে? ১
খ. সংরক্ষিত আয় বলতে কী বোঝায়? ২
গ. সমতা লিঃ এর সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩
ঘ. পরিচালকমণ্ডলির সুপারিশ অনুসরণে সমতা লিঃ এর গড় মূলধন ব্যয় কাম্যস্তরে রাখতে পারবে কিনা, তা মূল্যায়ন করো। ৪

### ৪নং প্রশ্নের উত্তর

**ক** মূলধন ব্যয় হচ্ছে বিভিন্ন উৎস থেকে সংগৃহীত তহবিলের ব্যয়।

**খ** সংরক্ষিত আয়ের ব্যয় বলতে সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয়কে বোঝায়।
সংরক্ষিত আয় বলতে কোম্পানির অর্জিত মুনাফার যে অংশ শেয়ারমালিকদের মধ্যে বণ্টন না করে ভবিষ্যতের জন্য ব্যবসায়ে সংরক্ষণ করা হয় তাকে বোঝায়। কোম্পানি অর্জিত মুনাফা বা আয় বণ্টন না করলে শেয়ারমালিকরা উক্ত অর্থ অন্যত্র বিনিয়োগে প্রাপ্ত আয় থেকে বঞ্চিত হয়। এখানে অর্থের অন্যত্র বিনিয়োগে প্রাপ্ত আয় থেকে বঞ্চিত হওয়াটাকে সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয় হিসেবে আখ্যায়িত করা হয়।

**গ** সমতা লিঃ এর সাধারণ মূলধন ব্যয় নির্ণয় :
এখানে,
$$\text{শেয়ার মূল্য}_০ = ৩০ \text{ টাকা}$$
$$\text{লভ্যাংশ}_০ = ৩ \text{ টাকা}$$
লভ্যাংশ বৃদ্ধির হার = ১০% বা ০.১
$$\therefore \text{লভ্যাংশ}_১ = \text{লভ্যাংশ}_০ (১ + \text{বৃদ্ধির হার})$$
$$= ৩ (১ + ০.১)$$
$$= ৩.৩ \text{ টাকা}$$
আমরা জানি,
$$\text{সাধারণ শেয়ারের মূলধন ব্যয়} = \left(\frac{\text{লভ্যাংশ}_১}{\text{শেয়ার মূল্য}_০} + \text{বৃদ্ধির হার}\right) \times ১০০$$
$$= \left(\frac{৩.৩}{৩০} + ০.১\right) \times ১০০$$
$$= ২১\%$$
∴ সমতা লিঃ এর সাধারণ শেয়ার মূলধন ব্যয় ২১%

**ঘ** পরিচালনা পর্ষদের সুপারিশ অনুসরণে সমতা লি. এর গড় মূলধন নির্ণয় :
$$\text{কর-সমন্বয়কৃত ঋণ মূলধন ব্যয়} = \text{ঋণের সুদের হার} (১ - \text{কর হার}) \times ১০০$$
$$= ১৫\% (১ - ৪০\%) \times ১০০$$
$$= ০.১৫ (১ - ০.৪০) \times ১০০$$
$$= ৯\%$$
সাধারণ শেয়ারের মূলধন ব্যয় = ২১% (গ থেকে)
এখানে,
$$\text{মোট মূলধন সাধারণ শেয়ারের অংশ} = \frac{১৫}{২০} \text{ কোটি}$$
$$= ০.৭৫$$
$$\text{মোট মূলধন ঋণ মূলধনের অংশ} = \frac{৫}{২০} \text{ কোটি} = ০.২৫$$
$$\therefore \text{গড় মূলধন ব্যয়} = (২ \times ০.৭৫) + (৯ \times ০.২৫) = ১৮\%$$
∴ গড় মূলধন ব্যয় ১৮%
লক্ষ্যণীয় যে, পরিচালনা পর্ষদের সুপারিশ অনুসরণে সমতা লিঃ এর গড় মূলধন ব্যয় ১৮% যা ১২% থেকে বেশি।
এখন অবস্থায় বলা যায় গড় মূলধন ব্যয় পক্ষান্তরে রাখা সম্ভব হবে।

**প্রশ্ন ▸ ০৫** দুটি প্রকল্পের প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ :

| প্রকল্প | আয় হার | | | |
|---|---|---|---|---|
| | ২০১৭ | ২০১৮ | ২০১৯ | ২০২০ |
| ক | ২০% | – ১৬% | ১৪% | ৩০% |
| খ | – ৫% | ১৫% | ২০% | ১৮% |

ক. ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা অর্জন কীসের উপর নির্ভর করে? ১
খ. তারল্য ঝুঁকি কী? ব্যাখ্যা করো। ২
গ. প্রকল্প 'ক' এর আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩
ঘ. কোন প্রকল্পটি অধিক গ্রহণযোগ্য? গাণিতিক যুক্তি দাও। ৪

### ৫নং প্রশ্নের উত্তর

**ক** পণ্যের বাজার চাহিদার উপর ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা অর্জন নির্ভর করে।

**খ** শেয়ার, বন্ড, ডিবেঞ্চার ইত্যাদিতে বিনিয়োগের ফলে প্রয়োজনে তা দ্রুত নগদায়ন করতে না পারার সম্ভাবনাকে তারল্য ঝুঁকি বলে।
বিনিয়োগকারী যদি সহজে ও যুক্তিসংগত মূল্যে বিনিয়োগ বিক্রয় করতে না পারে তখন তারল্য ঝুঁকির সৃষ্টি হয়। তারল্য ঝুঁকি সাধারণত যে বাজারে শেয়ার, বন্ড, ডিবেঞ্চার প্রভৃতি কেনা-বেচা হয় সে বাজারের আকার ও কাঠামোর ওপর নির্ভর করে।

**গ** 'ক' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করা হলো−

| বছর | আয়% | গড় থেকে ব্যবধান (আয় - গড়) | ব্যবধানের বর্গ |
|---|---|---|---|
| ২০১৭ | ২০ | (২০ - ১২) = ৮ | ৬৪ |
| ২০১৮ | -১৬ | (-১৬ - ১২) = -২৮ | ৭৮৪ |
| ২০১৯ | ১৪ | (১৪ - ১২) = ২ | ৪ |
| ২০২০ | ৩০ | (৩০ - ১২) = ১৮ | ৩২৪ |
| যোগফল | ৪৮ | ব্যবধানের বর্গের যোগফল | ১১৭৬ |
| গড় আয় | $\frac{৪৮}{৪} = ১২$ | ব্যধানের বর্গের গড় $= \frac{১১৭৬}{৪ - ১}$ | ৩৯২ |

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\Sigma(\text{আয় হার} - \text{গড় হার})}{n - ১}}$$
$$\therefore \text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{৩৯২}$$
$$= ১৯.৭৯\%$$

**ঘ** কোন প্রকল্পটি অধিক গ্রহণযোগ্য তা নির্ণয়ে 'খ' প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করতে হবে−

| বছর | আয়% | গড় থেকে ব্যবধান (আয় - গড়) | ব্যবধানের বর্গ |
|---|---|---|---|
| ২০১৭ | -৫ | (-৫ - ১২) = -১৭ | ২৮৯ |
| ২০১৮ | ১৫ | (১৫ - ১২) = ৩ | ৯ |
| ২০১৯ | ২০ | (২০ - ১২) = ৮ | ৬৪ |
| ২০২০ | ১৮ | (১৮ - ১২) = ৬ | ৩৬ |
| যোগফল | ৪৮ | ব্যবধানের বর্গের যোগফল | ৩৯৮ |
| গড় আয় | $\frac{৪৮}{৪} = ১২$ | ব্যধানের বর্গের গড় $= \frac{৩৯৮}{n - ১}$ | ১৩২.৬৬ |

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\Sigma(\text{আয় হার} - \text{গড় হার})}{n - ১}}$$
$$\therefore \text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{১৩২.৬৬} = ১১.৫১\%$$

উদ্দীপকে 'ক' প্রকল্পের আদর্শ বিচ্যুতি ১৯.৭৯% (গ হতে প্রাপ্ত)। অন্যদিকে 'খ' প্রকল্পের আদর্শ বিচ্যুতি ১১.৫১%। এখানে 'খ' প্রকল্পের আদর্শ বিচ্যুতি কম। আমরা জানি, আদর্শ বিচ্যুতি প্রকল্পের ঝুঁকি নির্দেশ করে এবং কম ঝুঁকিপূর্ণ প্রকল্প বেশি গ্রহণযোগ্য। তাই বলা যায় 'খ' প্রকল্প অধিক গ্রহণযোগ্য।

**প্রশ্ন ▶ ০৬** নিপা ব্রাদার্সের P এবং Q প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১,০০,০০০ টাকা। P প্রকল্পের গড় মুনাফার হার ২০%। প্রকল্পদ্বয়ের বিগত ৫ বছরের নগদ আন্তঃপ্রবাহ নিম্নরূপ :

| বছর | নগদ আন্তঃপ্রবাহ (টাকা) | |
|---|---|---|
| | P প্রকল্প | Q প্রকল্প |
| ১ | ২০,০০০ | ২৫,০০০ |
| ২ | ৩০,০০০ | ৩০,০০০ |
| ৩ | ৪০,০০০ | ৩৫,০০০ |
| ৪ | ৫০,০০০ | ২৫,০০০ |
| ৫ | ৪০,০০০ | ৪০,০০০ |

ক. মূলধন বাজেটিং কী ধরনের প্রক্রিয়া? ১
খ. গড় মুনাফার হার কী? ব্যাখ্যা করো। ২
গ. নিপা ব্রাদার্সের P প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় করো। ৩
ঘ. গড় মুনাফার হার বিবেচনায় নিপা ব্রাদার্সের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত? গাণিতিক যুক্তি দাও। ৪

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** মূলধন বাজেটিং হলো প্রতিষ্ঠানের দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তের সাথে জড়িত একটি প্রক্রিয়া।

**খ** সাধারণত গড় বিনিয়োগের অর্থের ওপর গড় আয়ের শতকরা হারকে গড় মুনাফার হার বলে।

মূলধন বাজেটিং প্রক্রিয়ার একটি সহজ পদ্ধতি হলো গড় মুনাফার হার পদ্ধতি। বিক্রয় থেকে করসহ সব খরচ বাদ দিলে নিট মুনাফা পাওয়া যায়। প্রত্যাশিত বার্ষিক গড় নিট মুনাফাকে গড় বিনিয়োগ দিয়ে ভাগ করলে গড় মুনাফার হার পাওয়া যায়।

**গ** 'P' প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

| বছর | নগদ আন্ত প্রবাহ | ক্রমোজোজিত নগদ প্রবাহ |
|---|---|---|
| ০ | -১,০০,০০০ | -১,০০,০০০ |
| ১ | ২০,০০০ | -৮০,০০০ |
| ২ | ৩০,০০০ | -৫০,০০০ |
| ৩ | ৪০,০০০ | -১০,০০০ |
| ৪ | ৫০,০০০ | ৪০,০০০ |
| ৫ | ৪০,০০০ | ৮০,০০০ |

$$\therefore \text{পে-ব্যাক সময়} = ৩ + \frac{১০,০০০}{৫০,০০০} \text{ বছর}$$

$$= (৩ + ০.২) = ৩.২ \text{ বছর।}$$

∴ নিপা ব্রাদাসের 'P' প্রকল্পের পে-ব্যাক সময় ৩.২ বছর।

**ঘ** গড় মুনাফার হার বিবেচনায় নিপা ব্রাদার্সের কোন প্রকল্পটি গ্রহণ করা উচিত তা নির্ণয়ে 'Q' প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করতে হবে।

'Q' প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয়,

| বিবরণ | বছর-১ | বছর-২ | বছর-৩ | বছর-৪ | বছর-৫ |
|---|---|---|---|---|---|
| নগদ আন্তঃপ্রবাহ | ২৫,০০০ | ৩০,০০০ | ৩৫,০০০ | ২৫,০০০ | ৪০,০০০ |
| (-) অবচয় | (২০,০০০) | (২০,০০০) | (২০,০০০) | (২০,০০০) | (২০,০০০) |
| নিট মুনাফা | ৫,০০০ | ১০,০০০ | ১৫,০০০ | ৫,০০০ | ২০,০০০ |

আমরা জানি,

$$\text{অবচয়} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ} + \text{ভগ্নাশেষ মূল্য}}{\text{মেয়াদকাল}}$$

$$= \frac{১,০০,০০০ + ০}{৫} = ২০,০০০ \text{ টাকা}$$

$$\therefore \text{গড় নিট মুনাফা} = \frac{৫,০০০ + ১০,০০০ + ১৫,০০০ + ৫,০০০ + ২০,০০০}{৫}$$

$$= ১১,০০০ \text{ টাকা}$$

$$\therefore \text{গড় বিনিয়োগ} = \frac{১,০০,০০০}{২} \text{ টাকা} = ৫০,০০০ \text{ টাকা}$$

আমরা জানি,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$

$$= \frac{১১,০০০}{৫০,০০০} \times ১০০ = ২২\%$$

∴ 'Q' প্রকল্পের গড় মুনাফার হার ২২%।

গড় মুনাফার হার বিবেচনায় নিপা ব্রাদার্সের Q প্রকল্প গ্রহণ করা উচিত। কারণ গড় মুনাফার হার যতো বেশি হবে প্রকল্প ততই লাভজনক হবে।

**প্রশ্ন ▶ ০৭** দুটি ব্যাংকের কার্যাবলি নিম্নরূপ :

| ব্যাংক | কার্যাবলি |
|---|---|
| ক | আমানত গ্রহণ, ঋণ প্রদান। |
| খ | মুদ্রা প্রচলন, ঋণ নিয়ন্ত্রণ। |

ক. ঝুঁকিবহুল ব্যবসায় কোনটি? ১
খ. ব্যাংকের তারল্য নীতিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের 'ক' ব্যাংকের ধরন বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের 'ক' ব্যাংকের নিয়ন্ত্রক 'খ' ব্যাংক– উক্তিটি মূল্যায়ন করো। ৪

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** ব্যাংকিং ব্যবসায় একটি ঝুঁকিবহুল ব্যবসায়।

**খ** চাহিবামাত্র মক্কেলদের দাবি পূরণ করার সামর্থ্য সংরক্ষণের নীতিকে ব্যাংকের তারল্যনীতি বলে।

আমানতকারী যখন টাকা তুলতে চায়, তখন তাদের নগদ টাকা দিতে হবে। আবার এটা বিবেচনায় রেখে যদি আমানতের সব টাকা ব্যাংক তরল অবস্থায় রেখে দেয় তবে ব্যাংকের কোনো বিনিয়োগ হবে না এবং ব্যাংকের মুনাফাও হবে না। সুতরাং সার্থক ব্যাংক ব্যবসায় বলতে বুঝায় সঠিক তারল্যেরনীতি যেখানে অতিরিক্ত তারল্যও থাকবে না আবার তারল্যে সংকটও হবে না। এই তারল্যনীতি ব্যাংক ব্যবসায়ের অন্যতম মূলনীতি হিসেবে বিবেচিত হয়।

**গ** উদ্দীপকের 'ক' ব্যাংকটির ধরন হচ্ছে বাণিজ্যিক ব্যাংক।

যে ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্য আমানত গ্রহণ, ঋণদান ও অন্যান্য ব্যাংকিং কার্যক্রম সম্পাদন করে তাকে বাণিজ্যিক ব্যাংক বলে। বাণিজ্যিক ব্যাংক কম সুদে গ্রাহকের নিকট থেকে আমানত গ্রহণ করে থাকে এবং অধিক সুদের বিনিময়ে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে ঋণ প্রদান করে মুনাফা অর্জন করে। এছাড়াও বাণিজ্যিক ব্যাংক বিনিয়োগ, বিল বাট্টা করণ, লকার ভাড়া, বৈদেশিক বিনিময়ের দ্বারা মুনাফা অর্জন করে থাকে।

উদ্দীপকে ‘ক’ ব্যাংক আমানত গ্রহণ ও ঋণ প্রদানের মাধ্যমে ব্যাংকিং কার্যাবলি সম্পাদন করে। ব্যাংকটি জনগণের নিকট থেকে নগদ অর্থ আমানত হিসেবে গ্রহণ করে উক্ত অর্থ অধিক সুদে ঋণ প্রদান করে। ব্যাংকটির কার্যাবলির সাথে বাণিজ্যিক ব্যাংকের যথেষ্ট মিল রয়েছে।

সুতরাং বলা যায়, উদ্দীপকের ‘ক’ ব্যাংকটি হচ্ছে বাণিজ্যিক ব্যাংক।

**ঘ** উদ্দীপকের ‘ক’ ব্যাংকের নিয়ন্ত্রক হচ্ছে ‘খ’ ব্যাংক। ‘ক’ ব্যাংক হচ্ছে বাণিজ্যিক ব্যাংক ও ‘খ’ ব্যাংক হচ্ছে কেন্দ্রীয় ব্যাংক।

যে ব্যাংক নোট মুদ্রা প্রচলন করে ও ঋণ নিয়ন্ত্রণ করে তাকে কেন্দ্রীয় ব্যাংক বলা হয়। এ ব্যাংক দেশের সব ব্যাংকের পরিচালক ও নিয়ন্ত্রক। প্রতিটি দেশে একটি করে কেন্দ্রীয় ব্যাংক থাকে যার অধীনে সকল তালিকাবদ্ধ ব্যাংক পরিচালিত হয়।

উদ্দীপকে ‘ক’ ব্যাংক আমানত গ্রহণ ও ঋণ প্রদান করে যা একটি বাণিজ্যিক ব্যাংক ও ‘খ’ ব্যাংক মুদ্রা প্রচলন ও ঋণ নিয়ন্ত্রণ করে যা কেন্দ্রীয় ব্যাংকের বৈশিষ্ট্য। কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকের সকল কাজ নিয়ন্ত্রণ করে থাকে। কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংক ও নতুন শাখা খোলার অনুমতি দিলে বাণিজ্যিক ব্যাংক গঠিত হয়। কেন্দ্রীয় ব্যাংকের নীতি-পদ্ধতি অনুসারে বাণিজ্যিক ব্যাংক পরিচালিত হয়। কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকের ঋণ কাঠামো নীতি নিয়ন্ত্রণ করে। বাণিজ্যিক ব্যাংক গঠনের সময় বাধ্যতামূলকভাবে তাদের সংগৃহীত অর্থের একটি নির্দিষ্ট অংশ (১৫%) জমা রাখতে হয় কেন্দ্রীয় ব্যাংকের নিকট। কেন্দ্রীয় ব্যাংকের অনুমতি ছাড়া বাণিজ্যিক ব্যাংক কোনো নীতি প্রণয়ন করে তা বাস্তবায়ন করতে পারে না। কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকের সুদের হার নির্ধারণ করে থাকে।

সুতরাং, পরিশেষে বলা যায় যে, উদ্দীপকের ‘ক’ ব্যাংকের (বাণিজ্যিক) নিয়ন্ত্রক হচ্ছে ‘খ’ ব্যাংক (কেন্দ্রীয় ব্যাংক)।

**প্রশ্ন ▶ ০৮** ‘মিতালি ব্যাংক’ যন্ত্রপাতি ক্রয়, জমি ক্রয়, কারখানা নির্মাণের জন্য জনগণকে ঋণ দিয়ে থাকে। ব্যাংক ঋণ প্রদানের পূর্বে গ্রাহকদের আর্থিক সচ্ছলতা ও সততাসহ অন্যান্য তথ্য যাচাইপূর্বক ঋণ প্রদান করে।

ক. পরিবহন ব্যাংক কাকে বলে? ১
খ. সরকার কীসের মাধ্যমে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করে? ব্যাখ্যা করো। ২
গ. কার্যভিত্তিক শ্রেণিকরণের ভিত্তিতে মিতালি ব্যাংকের ধরন বর্ণনা করো। ৩
ঘ. মিতালি ব্যাংকের ক্ষেত্রে ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতি বিশ্লেষণ করো। ৪

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** দেশের পরিবহন খাতের উন্নয়নের জন্য যে ব্যাংক বিশেষ ঋণ সুবিধা প্রদান করে থাকে তাকে পরিবহন ব্যাংক বলে।

**খ** কেন্দ্রীয় ব্যাংকের দ্বারা বাজারের অর্থ হ্রাস-বৃদ্ধি করে সরকার মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করে।

মুদ্রাস্ফীতির প্রধান কারণ হলো অর্থের পরিমাণ বেড়ে যাওয়া। সুতরাং, অর্থের পরিমাণ কমালে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে আসে। মুদ্রাস্ফীতির প্রধান কারণই হল অর্থের পরিমাণ বেড়ে যায়। কেন্দ্রীয় ব্যাংক খোলাবাজারে সরকারি ঋণপত্র বিক্রি করে কিংবা বাণিজ্যিক ব্যাংকগুলোর জন্য নগদ জমার অনুপাত বা সংরক্ষণ বাড়িয়ে দিয়ে ব্যাংক সৃষ্ট অর্থের পরিমাণ কমাতে চেষ্টা করে। এতে বাণিজ্যিক ব্যাংকগুলোর ঋণ দেয়ার ক্ষমতা কমে যায়। ফলে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ আসে।

**গ** কার্যভিত্তিক শ্রেণিকরণের ভিত্তিতে ‘মিতালি ব্যাংক’ হচ্ছে শিল্প ব্যাংক।

দেশের শিল্পখাতের উন্নয়নের লক্ষ্যে যে ব্যাংক প্রতিষ্ঠিত হয় তাকে শিল্প ব্যাংক বলে। যন্ত্রপাতি সংগ্রহ, জমি ক্রয়, কারখানা নির্মাণ ইত্যাদির জন্য শিল্প ব্যাংক ঋণ প্রদান করে থাকে। বিডিবিএল বাংলাদেশে এ ধরনের একটি ব্যাংক।

উদ্দীপকে ‘মিতালি ব্যাংক’ যন্ত্রপাতি ক্রয়, জমি ক্রয়, কারখানা নির্মাণের জন্য জনগণকে ঋণ প্রদান করে থাকে। যা শিল্প ব্যাংকের বৈশিষ্ট্য। মিতালি ব্যাংক হচ্ছে একটি শিল্প ব্যাংক। শিল্পখাতে উন্নয়নের লক্ষে শিল্প ব্যাংক আগ্রহী ব্যক্তিদের এ ধরনের বড় অংকের ঋণ প্রদান করে সহায়তা করে। শিল্প ব্যাংক বিভিন্ন মেয়াদি ঋণ প্রদান করে থাকে। যা শিল্পখাতের উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করে।

সুতরাং বলা যায় যে, উদ্দীপকের মিতালি ব্যাংক একটি শিল্প ব্যাংক।

**ঘ** উদ্দীপকে ‘মিতালি ব্যাংক’ ঋণ প্রদানের ক্ষেত্রে নিরাপত্তার নীতি বিবেচনা করে থাকে। যা ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতির সর্বাধিক গুরুত্বপূর্ণ নীতি।

ব্যাংকিং ব্যবসায়ের একটি গুরুত্বপূর্ণ নীতি হলো গ্রাহকের অর্থ ও ঋণ হিসেবে প্রদত্ত অর্থের নিরাপত্তা বিধান। নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যাংককে ঋণ প্রদানের সময় ঋণ গ্রহীতার আর্থিক স্বচ্ছলতা ও সততা বিচার করা এবং পর্যাপ্ত জামানত গ্রহণ করা আবশ্যক।

উদ্দীপকে ‘মিতালি ব্যাংক’ যন্ত্রপাতি ক্রয়, ভূমি ক্রয়, কারখানা নির্মাণের জন্য জনগণকে ঋণ প্রদান করে থাকে। ব্যাংক ঋণ প্রদানের পূর্বে গ্রাহকের আর্থিক স্বচ্ছলতা ও সততাসহ অন্যান্য তথ্য যাচাইপূর্বক ঋণ প্রদান করে থাকে। সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রকল্পের বিনিয়োগপূর্ব সম্ভাব্যতা যাচাই গুরত্বপূর্ণ। আমানতকৃত অর্থ থেকে ব্যবসায়ীদের ঋণ দেওয়া ব্যাংকের জন্য এক ধরনের বিনিয়োগ এক্ষেত্রে ঋণ দেওয়ার আগে ঋণ গ্রহীতা সম্পর্কে ভালোভাবে যাচাই করে নেওয়া হয়। তা না হলে ঋণ ফেরত পাবার সম্ভাবনা কম থাকে। এক্ষেত্রে ব্যাংকের গ্রাহকের অর্থের নিরাপত্তা নষ্ট হতে পারে। এছাড়াও অর্থের নিরাপত্তা নিশ্চিত করতে পর্যাপ্ত জামানত গ্রহণ করা হয়, অর্থাৎ ঝুঁকি এড়ানোর জন্য ঋণদানের ক্ষেত্রে ব্যাংক নিরাপত্তার নীতিটি মেনে চলে। পরিশেষে বলা যায়, ‘মিতালি ব্যাংক’ ব্যাংকিং ব্যবসায়ের মূলনীতির নিরাপত্তার নীতি পালন করে।

**প্রশ্ন ▶ ০৯** মি. আনাছ একজন ব্যবসায়ী। তিনি সিদ্ধান্ত নিলেন যে, ব্যবসায়ের নিকটবর্তী ব্যাংকে একটি হিসাব খুলবেন। তিনি বাংলাদেশ ব্যাংকের অধীনস্থ বিভিন্ন ব্যাংকে গিয়ে তাদের সুবিধা সম্পর্কে ধারণা নিলেন।

ক. ব্যাংক হিসাব কী? ১
খ. ইন্টারনেট ব্যাংকিং কী? ব্যাখ্যা করো। ২
গ. মি. আনাছের জন্য ব্যাংকে কোন ধরনের হিসাব খোলা সুবিধাজনক? বর্ণনা করো। ৩
ঘ. মি. আনাছের ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে বিবেচ্য বিষয় মূল্যায়ন করো। ৪

**৯নং প্রশ্নের উত্তর**

**ক** যে ব্যবস্থার মাধ্যমে ব্যাংক গ্রাহককে অর্থ লেনদেন ও ব্যাংকিং সেবা নেওয়ার সুযোগ দেয় তাকে ব্যাংক হিসাব বলা হয়।

**খ** কম্পিউটার ও ইন্টারনেট প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে যে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা হয় তাকে ইন্টারনেট ব্যাংকিং বলে।

এ ব্যাংকিংয়ের মাধ্যমে গ্রাহক ব্যাংকের একটি নিরাপদ ওয়েবসাইটে নাম এবং পাসওয়ার্ড দ্বারা নিবন্ধিত হয়ে থাকে। যথাযথ তথ্য প্রদানের পর গ্রাহক পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে যেকোনো সময় তার হিসাবের বিবরণী, তহবিল স্থানান্তর, বিল প্রদানসহ অন্যান্য লেনদেন ইন্টারনটের সাহায্য সম্পন্ন করতে পারে।

**গ** মি. আনাছের জন্য চলতি হিসাব খোলা সুবিধাজনক।

যে হিসাবে প্রতিদিন একাধিক বার টাকা জমা করা এবং উত্তোলন করা যায় তাকে চলতি হিসাব বলা হয়। এ হিসাবে কোনো সুদ বা মুনাফা দেওয়া হয় না। তবে এই হিসাবে জমাতিরিক্ত উত্তোলনের সুবিধা আছে।

উদ্দীপকে মি. আনাছ একজন ব্যবসায়ী। তিনি সিদ্ধান্ত নিলেন যে, তিনি ব্যাংকে একটি হিসাব খুলবেন। তিনি বিভিন্ন ব্যাংকের সুবিধা বিবেচনা করে পছন্দমতো একটি হিসাব খুললেন। ব্যবসায়িক প্রয়োজনে তার প্রতিদিন একাধিকবার অর্থ জমা ও উত্তোলন করতে হয়। এছাড়াও তিনি ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন দিয়ে তারল্য সংকট মোকাবিলা করতে পারছেন। এসব সুবিধা চলতি হিসাবে বিদ্যমান। তাই বলা যায়, মি. আনাছ জন্য চলতি হিসাব খোলা সুবিধাজনক।

**ঘ** মি. আনাছ ব্যাংক হিসাব খোলার সময় বিবেচনা করবেন ব্যাংকের অবস্থান, দক্ষতা, বহুমুখী সেবা, বৈদেশিক বিনিময়, সুনাম, ঋণসুবিধা, ইত্যাদি।

যে প্রক্রিয়ায় মাধ্যমে ব্যাংকের সাথে গ্রাহকের চুক্তিবন্ধ সম্পর্কের সৃষ্টি হয় তাকে ব্যাংক হিসাব বলে। এর মাধ্যমে গ্রাহক ব্যাংকের সাথে লেনদেন করে। হিসাব খোলার পূর্বে ব্যাংকের সক্ষমতা ও সুযোগ সুবিধা বিবেচনা করা উচিত।

উদ্দীপকে সি. আনাছ একজন ব্যবসায়ী। তিনি সিদ্ধান্ত নিলেন একটি ব্যাংক হিসাব খুলবেন। তিনি বিভিন্ন ব্যাংকে গিয়ে তাদের সুবিধা সম্পর্কে ধারণা নেন এবং পছন্দমতো একটি হিসাব খুললেন।

ব্যবসায়ী হিসেবে মি. আনাছের একস্থান থেকে অন্যস্থানে অর্থ স্থানান্তরের জন্য একাধিক শাখা রয়েছে এমন ব্যাংকে হিসাব খোলা দরকার। দ্রুততম সময়ে লেনদেন নিষ্পত্তি করার জন্য দক্ষ ব্যাংকার রয়েছে এমন ব্যাংকে হিসাব খোলা উচিত। প্রত্যয়পত্র ও বৈদেশিক বাণিজ্যে সুবিধা সুবিধা প্রাপ্তির জন্য তালিকাভুক্ত ব্যাংক প্রয়োজন। আবার নিরাপদে কম সময়ে লেনদেন করতে ব্যবসায়িক অফিসের কাছাকাছি ব্যাংকে হিসাব খোলা যৌক্তিক। এছাড়াও ব্যাংক হিসাব খোলার সময় মি. আনাছ বহুমুখী সেবা, সেবার ওপর চার্জ ও ইলেক্ট্রনিক ব্যাংকিং সেবা বিবেচনা করা উচিত।

**প্রশ্ন ▸ ১০** জনাব হাসান 'M' ব্যাংকের একজন ডেপুটি গভর্নর। তার বন্ধু রায়হান 'N' ব্যাংকের সিনিয়র অফিসার। 'N' ব্যাংক আমানতের ১৫% বাধ্যতামূলকভাবে 'M' ব্যাংকের নিকট জমা রাখে। তাই 'N' ব্যাংকটি আর্থিক সংকটে 'M' ব্যাংকটিকে গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে।

ক. বাংলাদেশ ব্যাংক গঠনের অধ্যাদেশ কবে জারি করা হয়? ১
খ. প্রত্যয়পত্র কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের 'M' ব্যাংকের ধরন বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের 'M' এবং 'N' ব্যাংকের মধ্যকার সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** ১৯৭২ সালের ৩১ অক্টোবর আদেশ ১২৭ নামে অধ্যাদেশের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠার অধ্যাদেশ জারি করা হয়।

**খ** আমদানিকারকের পক্ষে ও রপ্তানিকারকের অনকূলে ব্যাংক কর্তৃক ইস্যুকৃত নিশ্চয়তাপত্রকে LC (Letter of Credit) বা প্রত্যয়পত্র বলা হয়।

রপ্তানিকারক ও আমদানিকারক দুদেশে অবস্থান করে। রপ্তানিকারকের পক্ষে আমদানিকারকের মূল্য পরিশোধের সক্ষমতা জানা কষ্টকর। এজন্য রপ্তানিকারক আমদানিকারকের পক্ষে ব্যাংকের নিশ্চয়তা চায়। ব্যাংক এধরনের নিশ্চয়তার মাধ্যমে আমদানিকারকের মূল্য পরিশোধের দায়িত্ব নেয়। যে পত্রের মাধ্যমে এ ধরনের নিশ্চয়তা দেওয়া হয় তাই LC বা প্রত্যয়পত্র।

**গ** উদ্দীপকে 'M' ব্যাংকটি হলো কেন্দ্রীয় ব্যাংক।

কেন্দ্রীয় ব্যাংক সরকারি মালিকানায় প্রতিষ্ঠিত ও পরিচালিত হয়। জনকল্যাণ এ ব্যাংকের মূল উদ্দেশ্য। এ ব্যাংক বাণিজ্যিক ব্যাংকগুলোকে নিয়ন্ত্রণ করে।

উদ্দীপকে জনাব হাসান 'M' ব্যাংকের ডেপুটি গভর্নর। তার বন্ধু 'N' ব্যাংকের সিনিয়র অফিসার। 'N' ব্যাংকটির আর্থিক সংকটে 'M' ব্যাংকটি গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে। কোনো তালিকাভুক্ত ব্যাংক আর্থিক সংকটে পড়লে কেন্দ্রীয় ব্যাংক সহায়তা প্রদান করে। এছাড়াও ব্যাংকের অন্যান্য কাজও কেন্দ্রীয় ব্যাংক নিয়ন্ত্রণ করে। উদ্দীপকের 'M' ব্যাংকের বৈশিষ্ট্য কেন্দ্রীয় ব্যাংকের বৈশিষ্ট্যের সাথে মিলে যায়। তাই বলা যায়, 'M' ব্যাংকটি হলো কেন্দ্রীয় ব্যাংক।

**ঘ** উদ্দীপকের 'M' ব্যাংক ও 'N' ব্যাংকের মধ্যে নিয়ন্ত্রণকারী, অভিভাবক ও ব্যাংকার-গ্রাহক সম্পর্কে রয়েছে।

কেন্দ্রীয় ব্যাংক হলো দেশের প্রধান ব্যাংক। জনকল্যাণ এ ব্যাংকের মূল উদ্দেশ্য। এ ব্যাংক মুদ্রাবাজার ও ব্যাংকিং ব্যবস্থা নিয়ন্ত্রণ করে।

উদ্দীপকের জনাব হাসান 'M' ব্যাংকের একজন ডেপুটি গভর্নর। তার বন্ধু 'N' ব্যাংকের একজন সিনিয়র অফিসার। 'N' ব্যাংকটির আর্থিক সংকটে 'M' ব্যাংকটি গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে। এখানে 'M' ব্যাংকটি কেন্দ্রীয় ব্যাংক।

কেন্দ্রীয় ব্যাংক বাণিজ্যিক ব্যাংকের কাজ নিয়ন্ত্রণ করে। নতুন ব্যাংক ও শাখা খোলার জন্য কেন্দ্রীয় ব্যাংকের অনুমতি নিতে হয়। তালিকাভুক্ত ব্যাংকগুলোকে তাদের সংগৃহীত আমানতের একটি নির্দিষ্ট অংশ বাধ্যতামূলকভাবে কেন্দ্রীয় ব্যাংকে জমা রাখতে হয়। বাণিজ্যিক ব্যাংকগুলোর আর্থিক সংকটে কেন্দ্রীয় ব্যাংক ঋণ ও পরামর্শ দেয়। এভাবে উদ্দীপকের 'M' ব্যাংক (কেন্দ্রীয় ব্যাংক) ও 'N' ব্যাংকের (তালিকাভুক্ত ব্যাংক) মধ্যে অভিভাবক, নিয়ন্ত্রক ও ব্যাংকার-গ্রাহক সম্পর্ক তৈরি হয়।

**প্রশ্ন ▸ ১১** 'P' ব্যাংকের ব্যবস্থাপক জনাব জাহিদ ব্যাংকের আয় বাড়ানোর জন্য গ্রাহকদেরকে অধিক ঋণ প্রদান করেন। এতে ব্যাংকটি নগদ অর্থ সংকটে পড়ে। এমতাবস্থায় তিনি অর্থ সংগ্রহের সিদ্ধান্ত গ্রহণ করেন এবং সরকারের নিয়ন্ত্রাণাধীন 'Q' ব্যাংকের শরণাপন্ন হন।

ক. বাংলাদেশ ব্যাংকের প্রধান কে? ১
খ. নিকাশ ঘর কী? ব্যাখ্যা করো। ২
গ. ব্যাংকিং ব্যবসার কোন নীতি অনুসরণ না করার কারণে 'P' ব্যাংক সংকটে পড়ে? বর্ণনা করো। ৩
ঘ. 'P' ব্যাংকের ব্যাংকার হিসেবে 'Q' ব্যাংকের কার্যাবলি বিশ্লেষণ করো। ৪

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশ ব্যাংকের প্রধান হচ্ছেন গভর্নর।

**খ** নিকাশঘর হলো এমন একটি ঘর বা স্থান যেখানে তালিকাভুক্ত ব্যাংকসমূহের প্রতিনিধিগণ একত্রিত হয়ে তাদের আন্তঃব্যাংকিং দেনা-পাওনা নিষ্পত্তি করে।

কেন্দ্রীয় ব্যাংক নিকাশঘরের দায়িত্ব পালন করে। এর মাধ্যমে বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে যে লেনদেন সংঘটিত হয় সেগুলোর নিষ্পত্তি করা হয়। ধরা যাক, ‘X’ এবং ‘Y’ বাণিজ্যিক ব্যাংকের মধ্যে একটি লেনদেন সংঘটিত হয়। কেন্দ্রীয় ব্যাংকের নিকাশঘরের মাধ্যমে এই লেনদেনটির নিষ্পত্তি করা হয়।

**গ** ব্যাংকিং ব্যবসায় তারল্যনীতি অনুসরণ না করায় 'P' ব্যাংক নগদ অর্থের সংকটে পড়ে।

তারল্যনীতি ব্যাংকিং ব্যবসায়ের অন্যতম একটি নীতি। এ নীতি অনুযায়ী বাণিজ্যিক ব্যাংকের সব সময় নির্দিষ্ট পরিমাণ তারল্য বা নগদ অর্থ সংরক্ষণ করতে হয়। ব্যাংককে নগদ অর্থ বিনিয়োগ এবং নগদ অর্থ জমা রাখার ভেতর ভারসাম্য বজায় রাখতে হয়। তাহলেই তারল্য নীতি অনুসরণ করা হয়।

উদ্দীপকে 'P' ব্যাংকের ব্যবস্থাপক জনাব জাহিদ আয় বাড়ানোর জন্য গ্রাহকদের অধিক ঋণ প্রদান করে। এতে ব্যাংকটি নগদ অর্থের সংকটে পড়ে। তারল্য নীতি অনুযায়ী ব্যবস্থাপক জাহিদের উচিত ছিল নগদ অর্থের নির্দিষ্ট একটি অংশ ব্যাংকে জমা রাখা। কেননা 'P' ব্যাংক বাণিজ্যিক ব্যাংক হিসেবে গ্রাহকের অর্থ চাওয়া মাত্র ফেরতদানে বাধ্য। যেহেতু ব্যাংকটি তারল্যনীতি ভঙ্গ করেছে তাই 'P' ব্যাংক নগদ অর্থের সংকটে পড়েছে।

অতএব বলা যায়, তারল্য নীতি অনুসরণ না করার কারণেই 'P' ব্যাংক নগদ অর্থের সংকটে পড়ে।

**ঘ** 'P' ব্যাংকের ব্যাংকার হিসেবে 'Q' ব্যাংকের কার্যাবলি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করা হলো—

উদ্দীপকে 'P' ব্যাংক কর্তৃক আর্থিক সংকটে কেন্দ্রীয় ব্যাংক 'Q' ব্যাংক-এর শরণাপন্ন হওয়ার বিষয়টি যৌক্তিক।

কেন্দ্রীয় ব্যাংক হলো একটি দেশের প্রধান ব্যাংক। এ ব্যাংক বাণিজ্যিক ব্যাংকসমূহকে সহায়তা ও পরামর্শ দিয়ে থাকে এবং নিয়ন্ত্রণ করে থাকে। এমনকি আর্থিক সংকটে বাণিজ্যিক ব্যাংককে সাহায্য করে থাকে।

উদ্দীপকে 'P' ব্যাংক লি. প্রতিষ্ঠার পর থেকেই যথাযথ তারল্য সংরক্ষণ না করে অধিক পরিমাণে ঋণ দেয়। অর্থাৎ ব্যাংকটি তারল্যনীতি অনুসরণ করেনি। ফলে বর্তমানে আর্থিক সংকটে ব্যাংকটি 'Q' ব্যাংক-এর শরণাপন্ন হয়েছে।

'Q' ব্যাংক হলো কেন্দ্রীয় ব্যাংক। তাই 'Q' ব্যাংক-এর দায়িত্ব হলো বাণিজ্যিক ব্যাংক 'P' ব্যাংক লি. কে সহায়তা করা। সাধারণত, বাণিজ্যিক ব্যাংকসমূহ অর্থ সংকটের সময় অন্য কোনো উৎস থেকে অর্থ সংগ্রহে ব্যর্থ হলে কেন্দ্রীয় ব্যাংক তখন ঋণের শেষ আশ্রয়স্থল হিসেবে কাজ করে। অর্থাৎ 'Q' ব্যাংক-এর কাছে শরণাপন্ন হওয়ায় 'P' ব্যাংক নিশ্চিতভাবে স্বল্প হার সুদে ঋণ পাবে। অতএব বলা যায়, 'P' ব্যাংক অর্থ সংকটে 'Q' ব্যাংক-এর শরণাপন্ন হওয়ার বিষয়টি যৌক্তিক হয়েছে।

# ময়মনসিংহ-২০২৪

**ফিন্যান্স ও ব্যাংকিং** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড : 1 5 2

[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. বাণিজ্য ঘাটতির কারণ কোনটি?**
ⓚ রপ্তানি হতে আমাদিন বেশি ⓚ রেমেটিন্সে প্রবাহ বৃদ্ধ
ⓖ আমদানি হতে রপ্তানি বেশি ⓖ আন্তর্জাতিক অর্থায়ন

**২. বাংলাদেশের ব্যাংকের নির্বাহী পরিচালক সংখ্যা কত জন?**
ⓚ ৪ জন ⓚ ৮ জন ⓖ ১২ জন ⓖ ১৪ জন

**৩. গ্রাহক কোন চেকের অর্থ নগদ উত্তোলন না করে কোনো হিসাবে জমা দিয়ে উত্তোলন করে?**
ⓚ দাগকাটা চেক ⓚ হুকুম চেক ⓖ বাহক চেক ⓖ সাধারণ চেক

**৪. বিনিয়োগকারীরা নিচের কোন খাতে বিনিয়োগ করলে কোম্পানির ওপর কোনো নিয়ন্ত্রণ থাকে না?**
i. বন্ড ii. ডিবেঞ্চার iii. অগ্রাধিকার শেয়ার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৫. 'রুল৭২'-এর মাধ্যমে কী করা হয়?**
ⓚ প্রকল্প মূল্যায়ন ⓚ ঋণ গ্রহণ সিদ্ধান্ত
ⓖ সুযোগ ব্যয় নির্ধারণ ⓖ বাট্টাকরণ

**৬. নিচের কোনটি বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান?**
ⓚ ন্যাশনাল ব্যাংক ⓚ বাংলাদেশ ব্যাংক
ⓖ ব্র্যাক ব্যাংক ⓖ বাংলাদেশ কৃষি ব্যাংক

**৭. ব্যাংকিং প্রতিষ্ঠানকে ঝুঁকি এড়ানোর জন্য নিচের কোন কোন মৌলিক নীতি মেনে চলতে হয়?**
i. মুনাফার নীতি ii. তারল্য নীতি iii. প্রচার নীতি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৮. আদর্শ বিচ্যুতির ছোট মান কী নির্দেশ করে?**
ⓚ অনিশ্চয়তা ⓚ অধিক লাভ ⓖ অধিক ঝুঁকি ⓖ কম ঝুঁকি

**৯. কোম্পানি মূলধন সংগ্রহের জন্য নিচের কোন দলিলের বিপরীতে জামানত রাখে?**
ⓚ অগ্রাধিকার শেয়ার ⓚ ডিবেঞ্চার ⓖ সাধারণ শেয়ার ⓖ বন্ড

□ **উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
অমিত চীনে পড়ালেখা করতে গিয়ে দেখলো, সেখানে শিক্ষার্থীদের সঞ্চয়ের জন্য সঞ্চয় বাক্স বা ব্যাগ সরবরাহ করা হয়। শিক্ষার্থীরা এতে টাকা-পয়সা জমা করে।

**১০. উদ্দীপকে কোন ব্যাংকের প্রতি ইঙ্গিত করা হয়েছে?**
ⓚ ভোক্তাদের ব্যাংক ⓚ শিক্ষার্থীদের ব্যাংক
ⓖ স্কুল ব্যাংক ⓖ নারী ব্যাংক

**১১. উদ্দীপকের ইঙ্গিতকৃত ব্যাংক সম্পর্কিত আরো তথ্য হলো–**
i. আমাদের দেশে এর জনপ্রিয়তা ব্যাপক ii. ছাত্র-ছাত্রীরা এর গ্রাহক
iii. বাংলাদেশে ১৯৬০ সালে প্রতিষ্ঠিত হয়েছিল
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১২. চক্রবৃদ্ধির সুদ প্রদান করা হয় কীসের ওপর?**
ⓚ মূলধনের ওপর ⓚ বিনিয়োগের ওপর
ⓖ সুদাসলের ওপর ⓖ আসলের ওপর

**১৩. আন্তর্জাতিক মুদ্রা তহবিলের প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?**
ⓚ নিউইয়র্ক ⓚ লন্ডন ⓖ ওয়াশিংটন ⓖ নয়াদিল্লী

□ **উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
একটি কোম্পানি বর্তমান বছরের শেষে শেয়ার প্রতি ১২ টাকা হারে লভ্যাংশ প্রদান করে এবং অতীতের তুলনায় লভ্যাংশ ১০% হারে বৃদ্ধি পেয়েছে। কোম্পানির শেয়ারের বর্তমান বাজার মূল্য ১২৫ টাকা।

**১৪. কোম্পানিটির মূলধন ব্যয় কত?**
ⓚ ১২.৫৬% ⓚ ১০% ⓖ ১৮.১২% ⓖ ২০.৫৬%

**১৫. উদ্দীপকের কোম্পানিটি কোন পদ্ধতিতে লভ্যাংশ দিয়ে থাকে?**
ⓚ শূন্য লভ্যাংশ বৃদ্ধি ⓚ পরিবর্তনশীল বৃদ্ধি
ⓖ স্থির হারে লভ্যাংশ বৃদ্ধি ⓖ সংরক্ষিত পদ্ধতি

**১৬. কেন্দ্রীয় ব্যাংক প্রদত্ত ধারের ওপর সুদ প্রদান করলে বাণিজ্যিক ব্যাংকের কী হয়?**
ⓚ আয় হয় ⓚ ব্যয় হয়
ⓖ আমানত সৃষ্টি হয় ⓖ সঞ্চয় প্রবণতা সৃষ্টি হয়

**১৭. একটি বাণিজ্যিক ব্যাংক তার সংরক্ষিত তহবিলকে কী হিসেবে ব্যবহার করতে পারে?**
ⓚ মূলধন হিসেবে ⓚ কর্মসংস্থান সৃষ্টিতে
ⓖ ঋণ নিয়ন্ত্রণে ⓖ বিল বাট্টাকরণে

**১৮. 'স্বল্প ব্যয়ে অধিক মুনাফা' ব্যাংকের কোন নীতি?**
ⓚ গোপনীয়তার নীতি ⓚ সততা ও বিশ্বস্ততার নীতি
ⓖ মিতব্যয়িতার নীতি ⓖ উন্নয়নের নীতি

**১৯. কেন্দ্রীয় ব্যাংকের উদ্দেশ্য–**
i. ঋণ নিয়ন্ত্রণ ii. মূলধন গঠন iii. নিকাশ ঘর হিসেবে কাজ করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২০. একটি ব্যবসায়ের পণ্য যদি বিভিন্ন ও বৈচিত্র্যপূর্ণ হয় তাহলে কী হবে?**
ⓚ ঝুঁকি বৃদ্ধি পাবে ⓚ ঝুঁকি বণ্টিত হবে
ⓖ আদর্শ বিচ্যুতি বাড়বে ⓖ উপযুক্ততার নীতি মানা হবে

**২১. বাণিজ্যিক ব্যাংকের আয়ের উৎস কোনটি?**
ⓚ আমানতের সুদ ⓚ প্রত্যয়পত্র ⓖ বিজ্ঞাপন ⓖ শুল্ক কর

□ **উদ্দীপকটি পড়ো এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
প্রকল্প 'ক'-এর প্রাথমিক বিনিয়োগ ১ কোটি টাকা। গড় নিট মুনাফা ১৩.৩৫ লক্ষ টাকা। অন্যদিকে, প্রকল্প 'খ'-এর গড় মুনাফার হার ২৬.৬০%।

**২২. প্রকল্প 'ক'-এর গড় মুনাফার হার কত?**
ⓚ ৩৭৪.৫০% ⓚ ২৬.৭০% ⓖ ৩.৭৪% ⓖ ০.২৬%

**২৩. কোন প্রকল্পে বিনিয়োগ লাভজনক হবে?**
i. প্রকল্প 'ক' ii. প্রকল্প 'খ' iii. উভয় প্রকল্পই লাভজনক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৪. হস্তান্তরযোগ্য বিনিময় বিল কোনটি?**
ⓚ বন্ড ⓚ চেক ⓖ ডিবেঞ্চার ⓖ শেয়ার

**২৫. একটি ব্যবসায় প্রতিষ্ঠানে 'স্বল্পমেয়াদি অর্থায়নের প্রাতিষ্ঠানিক উৎস' থেকে অর্থ সংগ্রহের জন্য ব্যবহৃত ক্ষেত্র হলো–**
i. প্রাপ্য বিল বাট্টাকরণ ii. প্রদেয় বিল
iii. ক্রেতা হতে অগ্রিম গ্রহণ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৬. L.C.-এর পূর্ণরূপ কী?**
ⓚ Loan of candidate ⓚ Loan for consumer
ⓖ Letter of credit ⓖ Letter for customer

**২৭. একজন গ্রাহক ব্যাংকে কোন হিসাব খুললে প্রতিদিন বা সপ্তাহে যতবার খুশি টাকা উত্তোলন ও জমা রাখতে পারবে?**
ⓚ সঞ্চয়ী হিসাব ⓚ স্থায়ী হিসাব
ⓖ ঋণ আমানত হিসাব ⓖ চলতি হিসাব

**২৮. একমালিকানা ও অংশীদারি ব্যবসায়ে কোন ঝুঁকি বেশি?**
ⓚ তারল্য ঝুঁকি ⓚ সুদ হারের ঝুঁকি
ⓖ ব্যবসায়ের ঝুঁকি ⓖ আর্থিক ঝুঁকি

**২৯. পদ্মা কোম্পানি ১৫% সুদের হারে ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে। কর হার ৫০% হলে ঋণ মূলধন ব্যয় কত?**
ⓚ ৫.৫০% ⓚ ৬.৫৫% ⓖ ৭.৫০% ⓖ ৮.৫৫%

**৩০. ২০,০০০ টাকা বিনিয়োগ করে কোনো প্রকল্প থেকে আগামী ৬ বছর ৪,০০০ টাকা করে আন্তঃপ্রবাহ প্রাক্কলন করা হলে প্রকল্পের পে-ব্যাক সময় কত?**
ⓚ ৪ বছর ⓚ ৫ বছর ⓖ ৬ বছর ⓖ ৭ বছর

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ময়মনসিংহ বোর্ড–২০২৪

## ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল প্রশ্ন)

বিষয় কোড : 1 5 2

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ফিন্যান্স অংশ থেকে কমপক্ষে তিনটি এবং ব্যাংকিং অংশ থেকে কমপক্ষে তিনটিসহ মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ফিন্যান্স অংশ

১। জনাব আব্দুল্লাহ "হিমালয় লিমিটেড" নামক একটি প্রতিষ্ঠানের বেশকিছু শেয়ার ক্রয় করেছিলেন। গত মাসে শেয়ারগুলো বিক্রয় করে তিনি তার মায়ের চিকিৎসা করিয়েছেন। অন্যদিকে, তার বন্ধু জনাব রফাতুল্লাহ 'ক' ও 'খ' কোম্পানিতে ১০ লক্ষ টাকা বিনিয়োগ করার চিন্তাভাবনা করছেন। 'ক' কোম্পানিতে বিনিয়োগ করলে তিনি সর্বপ্রথম কোম্পানির অর্জিত আয়ের সুদ ও বিক্রীত সম্পদের প্রাপ্ত অর্থ পাবেন। 'খ' কোম্পানিতে বিনিয়োগ করলে নির্দিষ্ট হারে নিয়মিত আয় পেলেও এর বিপরীতে কোনো স্থায়ী সম্পদ বন্ধক রাখা হয় না।
- ক. রাইট শেয়ার কী? ১
- খ. বিলম্বিত শেয়ারকে প্রবর্তকের শেয়ার বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
- গ. জনাব আব্দুল্লাহর কোন ধরনের শেয়ার ছিল? ব্যাখ্যা করো। ৩
- ঘ. জনাব রফাতুল্লাহর জন্য মুনাফা ও সম্পদের অধিকার এবং জামানতের বিবেচনায় কোন কোম্পানিতে বিনিয়োগ অধিক ঝুঁকিপূর্ণ? বিশ্লেষণ করো। ৪

২। নর্দান ট্রেডিং ও সততা ট্রেডিং শপিং ব্যাগ উৎপাদন ও বাজারজাত করে। ৫ বছর মেয়াদি উভয় প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৩ কোটি টাকা। নর্দান প্রকল্পের বিক্রয় যথাক্রমে ৬০ লক্ষ, ২ কোটি, ১.৮০ কোটি এবং ২.৪০ কোটি টাকা। চলতি খরচ বিক্রয়ের ৩৫% এবং করের হার ৩০%, স্থির খরচ ১৫ লক্ষ টাকা অনুমান করা হয়েছে। সততা ট্রেডিং-এর গড় মুনাফার হার ২৬.৬০%। অন্যদিকে, দর্জি ব্যবসায়ী জনাব জামিল তার ব্যবসায়ের জন্য একটি বৈদ্যুতিক মেশিন ক্রয়ের উদ্দেশ্যে বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ নিয়েছেন।
- ক. নগদ প্রবাহ প্রাক্কলন কী? ১
- খ. মূলধন বাজেটিং কী? ব্যাখ্যা করো। ২
- গ. জনাব জামিলের সিদ্ধান্তটি আর্থিক ব্যবস্থাপকের কোন সিদ্ধান্তের অনুরূপ? ব্যাখ্যা করো। ৩
- ঘ. গড় মুনাফার হার নির্ণয়পূর্বক কোন প্রকল্পটি বাতিল করা উচিত? মতামত দাও। ৪

৩। জনাব শফি তার জমি বিক্রয় করে একটি মুরগির খামার শুরু করেছেন। তিনি মুরগির ডিম বিক্রয় করেন। তার খামারে ১০ জন মহিলা কাজ করায় প্রতিষ্ঠানটি মুনাফা অর্জনে সক্ষম হয়। তিনি খাবার ক্রয়, শ্রমিকের মজুরি বাবদ প্রয়োজনীয় অর্থ প্রদান করে বাকি অর্থ এমনভাবে ব্যাংকে জমা রাখেন যাতে ব্যবসায়ের প্রয়োজনে নগদ অর্থের ঘাটতি না হয়।
- ক. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী? ১
- খ. ব্যবসায় বৈচিত্র্যকরণ গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২
- গ. জনাব শফি কোন ধরনের অর্থায়ন করেছেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ. জনাব শফির ব্যবসায়ে অর্থায়নের বিশেষ একটি নীতির প্রয়োগের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৪। জনাব নাসিফ করতোয়া ব্যাংকে ৮% সরল মুনাফায় ৫ বছরের জন্য ৫০,০০০ টাকা জমা রেখেছেন। তার বন্ধু আসিফ তাকে উক্ত টাকা ৭% মাসিক চক্রবৃদ্ধিতে 'হিজলা ব্যাংকে' জমা রাখতে পরামর্শ দিল। অন্যদিকে, তিনি জানতে পেরেছেন পৌরসভায় জমি কিনলে উক্ত অর্থ ১০ বছরে দ্বিগুণ হবে।
- ক. EAR-এর পূর্ণরূপ লেখো। ১
- খ. অর্থের সময়মূল্যের ধারণাটি ব্যাখ্যা করো। ২
- গ. রুল-৭২ অনুযায়ী জনাব নাসিফের জমি ক্রয়ের ক্ষেত্রে সুদের হার নির্ণয় করো। ৩
- ঘ. জনাব আসিফের পরামর্শ কি সঠিক? উভয় ব্যাংকের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করে এর যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৫। জনাব ওমর সরকার কর্তৃক ইস্যুকৃত একটি বিল থেকে প্রাপ্ত ১ লক্ষ টাকা A ও B প্রকল্পে বিনিয়োগ করেছিলেন। ব্যক্তিগত কারণে তিনি একটি প্রকল্প বন্ধ করতে চান। প্রকল্প দুইটির গত পাঁচ বছরের আয়ের তথ্য নিম্নরূপ ছিল :

| বছর | প্রকল্প A আয় (%) | প্রকল্প B আয় (%) |
|---|---|---|
| ২০১৮ | ৯% | ৭% |
| ২০১৯ | ৯% | ৮% |
| ২০২০ | ১০% | ১০% |
| ২০২১ | ১১% | ১২% |
| ২০২২ | ১০% | ৯% |

- ক. ঝুঁকি কী? ১
- খ. সুদ হারের ঝুঁকি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে নির্দেশিত মূলধনের উৎসটি কী ধরনের? ব্যাখ্যা করো। ৩
- ঘ. উদ্দীপকের হয় বিশেষ কাজটির মাধ্যমে ব্যাংক গ্রাহকের মূল্যবান সম্পদের নিরাপত্তা দেয়় উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৬। জনাব হারুন নাটোরে একটি এলুমিনিয়াম কারখানা স্থাপনের জন্য ব্যাংক থেকে ১৫% সুদে ১০ লক্ষ টাকা ঋণ নেন। কিন্তু হঠাৎ করে সেখানে গ্যাস সংযোগ বন্ধ করায় জনাব হারুন উৎপাদন চালু করতে না পারায় তিনি বড়ো অঙ্কের ক্ষতির সম্মুখীন হন। অন্যদিকে, জনাব রায়হান ৫ লক্ষ টাকা বিনিয়োগ করতে চান। এজন্য তিনি 'শান্তা' ও 'কান্তা' নামে দুটি প্রকল্প বিশ্লেষণ করেন। শান্তা প্রকল্পের আগামী তিন বছরে সম্ভাব্য নগদ আন্তঃপ্রবাহের পরিমাণ যথাক্রমে ২ লাখ, ১.৮০ লাখ, ২ লাখ। অপরদিকে, কান্তা প্রকল্প থেকে আগামী ১ বছরের মধ্যেই বিনিয়োগকৃত অর্থ ফেরত আসবে বলে তিনি প্রত্যাশা করছেন।
- ক. মূলধন ব্যয় কী? ১
- খ. সংরক্ষিত তহবিলের কোনো ব্যয় নেই কেন? ব্যাখ্যা করো। ২
- গ. অর্থায়নের কোন গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের অভাবে জনাব হারুন ব্যর্থ হলেন? ব্যাখ্যা করো। ৩
- ঘ. পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক জনাব রায়হানের কোন প্রকল্পটি বেছে নেওয়া উচিত বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

### ব্যাংকিং অংশ

৭। সাবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন মেধাবী শিক্ষার্থী। এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ভালো রেজাল্টের কারণে সে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে। প্রাপ্ত টাকা একটি ব্যাংক হিসেবে জমা রেখেছে। ব্যাংকে উপস্থিত না হয়েও সে একটি যন্ত্রের মাধ্যমে লেনদেন করতে পারে। অফিস সময়ের বাইরেও নগদ অর্থ উত্তোলন করতে পারে।
- ক. বিনিময় ব্যাংক কী? ১
- খ. কৃষি ব্যাংক কী? ব্যাখ্যা করো। ২
- গ. সাবা কোন ধরনের ব্যাংক হিসেবে টাকা জমা রেখেছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. "সাবার প্রাপ্ত সেবাটি ইলেকট্রনিক্স ব্যাংকিং-এর ২৪ ঘণ্টা সেবা পাওয়ার একটি অনন্য দৃষ্টান্ত"– তুমি কি উক্তিটির সাথে একমত? যুক্তি দাও। ৪

৮। ব্যবসায়ী জনাব মানিকের 'রূপন্তি' ব্যাংকে একটি হিসাব আছে। তিনি উক্ত ব্যাংকে জনাব রফিকের নিকট থেকে প্রাপ্য বিলের অর্থ আদায়ের জন্য আদেশ দেন। এ প্রেক্ষিতে জনাব রফিকের নিকট থেকে এমন একটি চেক পান, যার অর্থ উঠানোর জন্য তার ব্যাংক হিসেবে চেকটি জমা দিতে হয়।
- ক. মুরাবাহা কী? ১
- খ. ব্যাংক কীভাবে মূলধন গঠন করে? ব্যাখ্যা করো। ২
- গ. বিলের অর্থ আদায় দ্বারা 'রূপন্তি ব্যাংক' জনাব মানিকের মতো গ্রাহকদের প্রতি কোন দায়িত্বটি পালন করেছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. জনাব রফিকের নিকট থেকে প্রাপ্ত চেকটির যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৯। জনাব লোকমান রাজশাহীর গ্রীন ব্যাংকে একটি হিসাব পরিচালনা করেন। এই ব্যাংকের মাধ্যমে তিনি ঢাকায় তার ছেলের ব্যাংক হিসেবে টাকা পাঠান। তবে জনাব লোকমানের ব্যাংক হিসাবের কোনো তথ্য ব্যাংকটি তার ছেলেকে কখনো জানায় না।
- ক. শিল্প ব্যাংক কী? ১
- খ. ভোক্তাদের ব্যাংক কেন গঠন করা হয়? ব্যাখ্যা করো। ২
- গ. কার্যভিত্তিক শ্রেণিবিভাগে গ্রীন ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩
- ঘ. গ্রাহকদের আস্থা অর্জনের জন্য গ্রীন ব্যাংক যে নীতি মেনে চলছে তার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

১০। সুরমা ব্যাংকটি দেশের অন্যান্য ব্যাংকগুলোকে নতুন নতুন শাখা খোলার অনুমতি দিয়ে থাকে। অন্যদিকে, তিস্তা ব্যাংক কিছু প্রতিষ্ঠানকে ঋণ দেয় যারা ব্যবসায় প্রতিষ্ঠানে এমন কিছু যন্ত্রপাতি ক্রয় করে যা চালানোর জন্য অধিক লোকের প্রয়োজন হয়।
- ক. বিনিময় প্রথা কী? ১
- খ. মুদ্রাকে ব্যাংক ব্যবস্থার জননী বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
- গ. সুরমা ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩
- ঘ. "তিস্তা ব্যাংকের উদ্দীপকের কাজটি অধিকতর কর্মসংস্থান সৃষ্টিতে সরকারকে সাহায্য করে"– বিশ্লেষণ করো। ৪

১১। 'বড়াল ব্যাংক' একটি বাণিজ্যিক ব্যাংক। ব্যাংকটি তার মুনাফার সম্পূর্ণটাই মালিকদের মধ্যে বণ্টন করে দেয় না। মুনাফার একটি নির্দিষ্ট অংশ মূলধন হিসেবে ব্যবহার করে। এছাড়াও ব্যাংকটি জনগণের দলিলপত্র, মূল্যবান সম্পদ নির্দিষ্ট চার্জের বিনিময়ে জমা রাখে।
- ক. বাণিজ্যিক ব্যাংকের প্রধান উদ্দেশ্য কী? ১
- খ. প্রত্যয়পত্র কী? ব্যাখ্যা করো। ২
- গ. জনাব ওমরের সরকারি বিল থেকে প্রাপ্ত অর্থ কোন ধরনের আয়? বর্ণনা করো। ৩
- ঘ. জনাব ওমরের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত? আদর্শ বিচ্যুতি নির্ণয়পূর্বক যুক্তি দাও। ৪

# উত্তরমালা

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | খ | ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | খ |

## সৃজনশীল

**প্রশ্ন ▸ ০১** জনাব আব্দুলাহ "হিমালয় লিমিটেড" নামক একটি প্রতিষ্ঠানের বেশকিছু শেয়ার ক্রয় করেছিলেন। গত মাসে শেয়ারগুলো বিক্রয় করে তিনি তার মায়ের চিকিৎসা করিয়েছেন। অন্যদিকে, তার বন্ধু জনাব রফাতুলাহ 'ক' ও 'খ' কোম্পানিতে ১০ লক্ষ টাকা বিনিয়োগ করার চিন্তাভাবনা করছেন। 'ক' কোম্পানিতে বিনিয়োগ করলে তিনি সর্বপ্রথম কোম্পানির অর্জিত আয়ের সুদ ও বিক্রীত সম্পদের প্রাপ্ত অর্থ পাবেন। 'খ' কোম্পানিতে বিনিয়োগ করলে নির্দিষ্ট হারে নিয়মিত আয় পেলেও এর বিপরীতে কোনো স্থায়ী সম্পদ বন্ধক রাখা হয় না।

ক. রাইট শেয়ার কী? ১

খ. বিলম্বিত শেয়ারকে প্রবর্তকের শেয়ার বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আব্দুলাহর কোন ধরনের শেয়ার ছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রফাতুলাহর জন্য মুনাফা ও সম্পদের অধিকার এবং জামানতের বিবেচনায় কোন কোম্পানিতে বিনিয়োগ অধিক ঝুঁকিপূর্ণ? বিশেষণ করো। ৪

### ১নং প্রশ্নের উত্তর

**ক** কোম্পানি গঠনের পরবর্তী সময়ে শেয়ার বিক্রয় করার ক্ষেত্রে যখন পুরাতন শেয়ারমালিকগণ ঐ শেয়ার ক্রয়ে অগ্রাধিকার পায় তাকে রাইট শেয়ার বলে।

**খ** বিলম্বিত শেয়ারকে প্রবর্তকের শেয়ার বলে।

যে শেয়ার ক্রয় করলে শেয়ার মালিকগণ সকল শেয়ারমালিকের লভ্যাংশ প্রদানের পর আনুপাতিক হারে লভ্যাংশ পায় তাকে বিলম্বিত শেয়ার বলে। কোম্পানির প্রবর্তকগণ সাধারণত এ ধরনের শেয়ার ক্রয় করে থাকে। কোম্পানি অবসায়নের ক্ষেত্রে এ শেয়ারহোল্ডারদের দাবি সবার পরে মিটানো হয়।

**গ** জনাব আব্দুল্লাহর সাধারণ শেয়ার ছিল।

সাধারণ শেয়ারের বিনিয়োগকারীরা কোম্পানির মালিকানা পায়। এ শেয়ারে কোনো নির্দিষ্ট হারে লভ্যাংশ দেওয়া হয় না। সাধারণত এ শেয়ারের লভ্যাংশ, লভ্যাংশ নীতি অনুযায়ী দেওয়া হয়। কোম্পানি নিয়ন্ত্রণে তাদের পূর্ণ ক্ষমতা থাকে। তারা কোম্পানির গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন। এরূপ শেয়ার সহজেই বিক্রি করা যায়।

উদ্দীপকে জনাব আব্দুল্লাহ 'হিমালয় লিমিটেড' নামক একটি প্রতিষ্ঠানের বেশ কিছু শেয়ার ক্রয় করেছিলেন। গত মাসে শেয়ারগুলো বিক্রয় করে তিনি তার মায়ের চিকিৎসা করিয়েছেন। এভাবে সহজেই শেয়ার বিক্রয় করা তারল্যের নির্দেশ করে। আর এরূপ তারল্য থাকা সাধারণ শেয়ারের বৈশিষ্ট্য। সাধারণ শেয়ারকে খুব সহজেই নগদায়ন করা যায়। বিনিয়োগকারীরা যেকোনো সময়ে শেয়ার বিক্রি করে নগদ টাকা সংগ্রহ করতে পারে। তাই বলা যায়, জনাব আব্দুল্লাহর সাধারণ শেয়ার ছিল।

**ঘ** জনাব রফাতুল্লাহর জন্য মুনাফা ও সম্পদের অধিকার এবং জামানতের বিবেচনায় 'খ' কোম্পানিতে বিনিয়োগ অধিক ঝুঁকিপূর্ণ বলে আমি মনে করি।

ডিবেঞ্চার ও বন্ড উভয়ই বিনিয়োগকারীদের জন্য বিনিয়োগ হাতিয়ার হিসেবে পরিচিত। জামানতবিহীন দীর্ঘমেয়াদি ঋণের দলিলকে ডিবেঞ্চার বলা হয়। অপরদিকে, বন্ডের বিপরীতে কোম্পানি জামানত রাখে।

উদ্দীপকে জনাব রফাতুল্লাহ 'ক' ও 'খ' কোম্পানিতে ১০ লক্ষ টাকা বিনিয়োগ করার চিন্তাভাবনা করছেন। 'খ' কোম্পানিতে বিনিয়োগ করলে নির্দিষ্ট হারে নিয়মিত আয় পেলেও এর বিপরীতে কোনো স্থায়ী সম্পদ বন্ধক রাখা হয় না। 'ক' কোম্পানিতে বিনিয়োগ করলে তিনি সর্বপ্রথম কোম্পানির অর্জিত আয়ের সুদ ও বিক্রিত সম্পদের প্রাপ্ত অর্থ পাবেন। অর্থাৎ, 'ক' কোম্পানির বিনিয়োগ হাতিয়ারটির নাম বন্ড এবং 'খ' কোম্পানিটির নাম ডিবেঞ্চার।

বন্ডে বিনিয়োগকারীদের কাছে কোম্পানি সাধারণত স্থায়ী সম্পত্তি বা দলিলপত্রাদি জামানত হিসেবে রাখে। কিন্তু ডিবেঞ্চারের বিপরীতে কোনো কিছু জামানত রাখা হয় না। কোম্পানি কোনো কারণে বিনিয়োগকারীদের পাওনা পরিশোধ করতে না পারলে বন্ড মালিকরা জামানত বিক্রি করে তাদের অর্থ আদায় করতে পারে। তাই বলা যায়, জনাব রফাতুল্লাহর 'খ' কোম্পানির বিনিয়োগের বেশি ঝুঁকিপূর্ণ।

**প্রশ্ন ▸ ০২** নর্দান ট্রেডিং ও সততা ট্রেডিং শপিং ব্যাগ উৎপাদন ও বাজারজাত করে। ৫ বছর মেয়াদি উভয় প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ৩ কোটি টাকা। নর্দান প্রকল্পের বিক্রয় যথাক্রমে ৬০ লক্ষ, ২ কোটি, ১.৮০ কোটি এবং ২.৪০ কোটি টাকা। চলতি খরচ বিক্রয়ের ৩৫% এবং করের হার ৩০%, স্থির খরচ ১৫ লক্ষ টাকা অনুমান করা হয়েছে। সততা ট্রেডিং-এর গড় মুনাফার হার ২৬.৬০%। অন্যদিকে, দর্জি ব্যবসায়ী জনাব জামিল তার ব্যবসায়ের জন্য একটি বৈদ্যুতিক মেশিন ক্রয়ের উদ্দেশ্যে বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ নিয়েছেন।

ক. নগদ প্রবাহ প্রাক্কলন কী? ১

খ. মূলধন বাজেটিং কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব জামিলের সিদ্ধান্তটি আর্থিক ব্যবস্থাপকের কোন সিদ্ধান্তের অনুরূপ? ব্যাখ্যা করো। ৩

ঘ. গড় মুনাফার হার নির্ণয়পূর্বক কোন প্রকল্পটি বাতিল করা উচিত? মতামত দাও। ৪

### ২নং প্রশ্নের উত্তর

**ক** নগদ প্রবাহ প্রক্কলন বলতে প্রতিষ্ঠানের ভবিষ্যৎ নগদ আন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ প্রাক্কলন করা পূর্বানুমান করাকে বুঝায়।

**খ** ভবিষ্যতের তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে মূলধন বাজেটিং করা হয় বলে এটি সর্বদাই ঝুঁকিযুক্ত।

মূলধন বাজেটিং প্রক্রিয়ায় অধিকাংশ অনুমানই ভবিষ্যতের ওপর নির্ভরশীল। একটি স্থায়ী সম্পত্তি যেমন- মেশিনটিতে বিনিয়োগ করা

উচিত কি না এই সিদ্ধান্তটি ঐ মেশিনটিতে উৎপাদিত পণ্যটির ভবিষ্যতে বিক্রয় বাবদ ও উৎপাদিত খরচের ওপর নির্ভর করে। ভবিষ্যতের এই তথ্য-উপাত্ত একটি অনুমাননির্ভর যা বাস্তবসম্মত নাও হতে পারে। কোন প্রতিষ্ঠানের সাফল্য মূলধন বাজেটিং সিদ্ধান্তের উপর নির্ভর করে।

**গ** উদ্দীপকে জনাব জামিলের সিদ্ধান্ত আর্থিক ব্যবস্থাপকের ব্যয় বা বিনিয়োগ সিদ্ধান্ত।

এ সিদ্ধান্ত অনুযায়ী প্রতিষ্ঠান বিভিন্ন মেয়াদে অর্থ বিনিয়োগ করে। এর মাধ্যমে প্রতিষ্ঠানে নগদ বহিঃপ্রবাহ ঘটে। বিনিয়োগের পূর্বে বিনিয়োগের সাথে সম্পর্কিত নগদ অন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ তুলনা করা হয়। প্রতিষ্ঠানের জন্য আসবাবপত্র, মেশিনারি ইত্যাকি ক্রয় বিনিয়োগ সিদ্ধান্তের অন্তর্গত।

উদ্দীপকে জামিল একজন দর্জি ব্যবসায়ী। তিনি ব্যবসায়ের জন্য একটি বৈদ্যুতিক মেশিন ক্রয়ের উদ্দেশ্যে বাণিজ্যিক ব্যাংক থেকে ঋণ নিয়েছেন। জনাব জামিলের বৈদ্যুতিক মেশিন ক্রয়ের ফলে প্রতিষ্ঠানে নগদ বহিঃপ্রবাহ ঘটবে। এর মাধ্যমে তিনি দীর্ঘ সময় আর্থিক সুবিধা পাবেন। কোনো স্থায়ী সম্পদ ক্রয়ের মাধ্যমে নগদ বহিঃপ্রবাহ ঘটলে তাকে ব্যয় বা বিনিয়োগ সিদ্ধান্ত বলে। তাই বলা যায়, জনাব জামিলের বৈদ্যুতিক মেশিন ক্রয়ের সিদ্ধান্ত হলো ব্যয় বা বিনিয়োগ সিদ্ধান্ত।

**ঘ** নর্দান ট্রেডিং-এর গড় মুনাফার হার নির্ণয় :

আমরা জানি,

$$\text{বার্ষিক অবচয়} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ}}{\text{আয়ুষ্কাল}}$$
$$= \frac{\text{৩ কোটি টাকা}}{৪}$$
$$= \text{৭৫ লক্ষ টাকা}$$

| বিবরণ | টাকার পরিমাণ (লক্ষ টাকা) | | | |
|---|---|---|---|---|
| | বছর ১ | বছর ২ | বছর ৩ | বছর ৪ |
| বিক্রয় | ৬০.০০ | ২০০.০০ | ১৮০.০০ | ২৪০.০০ |
| চলতি খরচ (বিক্রয়ের ৩৫%) | (২১.০০) | (৭০.০০) | (৬৩.০০) | (৮৪.০০) |
| স্থির খরচ | (১৫.০০) | (১৫.০০) | (১৫.০০) | (১৫.০০) |
| অবচয় | (৭৫.০০) | (৭৫.০০) | (৭৫.০০) | (৭৫.০০) |
| করযোগ্য মুনাফা | (৫১.০০) | ৪০.০০ | ২৭.০০ | ৬৬.০০ |
| কর (৩০%) | (১৫.৩০) | (১২.০০) | (৮.১০) | (১৯.৮০) |
| **নিট মুনাফা** | (৩৫.৭০) | ২৮.০০ | ১৮.৯০ | ৪৬.২০ |

$$\therefore \text{গড় নিট মুনাফা} = \frac{-৩৫.৭০ + ২৮.০০ + ১৮.৯০ + ৪৬.২০}{৪}$$
$$= \text{১৪.৩৫ লক্ষ টাকা}$$

$$\text{গড় প্রাথমিক বিনিয়োগ} = \frac{\text{প্রাথমিক বিনিয়োগ}}{২}$$
$$= \frac{\text{৩ কোটি টাকা}}{২}$$
$$= \text{১৫০ লক্ষ টাকা}$$

আমরা জানি,

$$\text{গড় মুনাফার হার} = \frac{\text{গড় নিট মুনাফা}}{\text{গড় বিনিয়োগ}} \times ১০০$$
$$= \frac{১৪.৩৫}{১৫০} \times ১০০ = ৯.৫৭\%$$

লক্ষ্যনীয় বিষয়, একটি প্রকল্পের গড় মুনাফার হার যত বেশি প্রকল্পের গ্রহণযোগ্যতা তত বেশি। এখানে নর্দান ট্রেডিং প্রকল্পের গড় মুনাফার হার ৯.৫৭% এবং সততা ট্রেডিং-এর গড় মুনাফার হার ২৬.৬০% [উদ্দীপকে হতে প্রাপ্ত]। অর্থাৎ, সততা ট্রেডিং-এর গড় মুনাফার হার অপেক্ষাকৃত বেশি। তাই গড় মুনাফার হার অনুযায়ী নর্দান ট্রেডিং প্রকল্পটি বাতিল করা উচিত।

**প্রশ্ন ▶ ০৩** জনাব শফি তার জমি বিক্রয় করে একটি মুরগির খামার শুরু করেছেন। তিনি মুরগির ডিম বিক্রয় করেন। তার খামারে ১০ জন মহিলা কাজ করায় প্রতিষ্ঠানটি মুনাফা অর্জনে সক্ষম হয়। তিনি খাবার ক্রয়, শ্রমিকের মজুরি বাবদ প্রয়োজনীয় অর্থ প্রদান করে বাকি অর্থ এমনভাবে ব্যাংকে জমা রাখেন যাতে ব্যবসায়ের প্রয়োজনে নগদ অর্থের ঘাটতি না হয়।

ক. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী? ১
খ. ব্যবসায় বৈচিত্র্যকরণ গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২
গ. জনাব শফি কোন ধরনের অর্থায়ন করেছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব শফির ব্যবসায়ে অর্থায়নের বিশেষ একটি নীতির প্রয়োগের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪
]

**৩নং প্রশ্নের উত্তর**

**ক** সরকারি অর্থায়ন হলো সরকারের বার্ষিক ব্যয় কোন কোন খাতে কী পরিমাণ হবে এবং সে অর্থ কোন কোন উৎস হতে সংগ্রহ করা হবে তা নির্ধারণ প্রক্রিয়া।

**খ** একই ব্যবসায়ে বিভিন্ন প্রকার পণ্যের সমাহার ঘটিয়ে ঝুঁকি কমানোর ব্যবস্থাকেই পণ্য বৈচিত্র্যায়ণ বলে।

একটি পণ্য নিয়ে ব্যবসায় করলে মুনাফা না হওয়ার আশঙ্কা থাকে। পণ্য বৈচিত্র্যপূর্ণ হলে একটি পণ্যের লোকসান হলে অন্য একটি পণ্যের মুনাফা দ্বারা তা পুষিয়ে নেওয়া যায়। অর্থায়নের বৈচিত্র্যায়ণের নীতি অনুযায়ী ব্যবসায়ী বা বিনিয়োগকারী তার সব অর্থ একটি পণ্য বা সম্পদে বিনিয়োগ না করে একাধিক পণ্য বা সম্পদে বিনিয়োগ করে। এর মাধ্যমে বিনিয়োগকারীর মোট বিনিয়োগের ঝুঁকি কমে এবং একটি আদর্শ হারে কাঙ্ক্ষিত মুনাফা অর্জিত হয়।

**গ** জনাব শফি ব্যবসায় অর্থায়ন করেছেন।

মুনাফা অর্জনের উদ্দেশ্যে গঠিত প্রতিষ্ঠানের জন্য এ ধরনের অর্থায়ন ব্যবহার করা হয়। ব্যবসায় প্রতিষ্ঠান তার তহবিল সংগ্রহ ও বিনিয়োগের জন্য এ ধরনের অর্থায়ন প্রক্রিয়া ব্যবহার করে। অর্থায়নের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধরন হচ্ছে ব্যবসায় অর্থায়ন।

উদ্দীপকে জনাব শফি তার জমি বিক্রয় করে একটি মুরগির খামার শুরু করেছেন। তিনি মুরগির ডিম বিক্রয় করেন। তার খামারে ১০ জন মহিলা কাজ করায় প্রতিষ্ঠানটি মুনাফা অর্জনে সক্ষম হয়। তিনি উদ্বৃত্ত অর্থ ব্যাংকে জমা রাখেন। ব্যবসায় অর্থায়নের মতো জনাব শফির মুরগির খামারে মুনাফা অর্জনের উদ্দেশ্য রয়েছে। আবার, তহবিল সংগ্রহের ক্ষেত্রে নিজস্ব তহবিল এবং বিনিয়োগের ক্ষেত্রে মুরগির খামার ও ব্যাংক নির্বাচন করেছেন। তাই বলা যায়, উদ্দীপকের জনাব শফি ব্যবসায় অর্থায়ন করেছেন।

**ঘ** জনাব শফির ব্যবসায়ে অর্থায়নের তারল্য ও মুনাফা নীতির প্রয়োগ ঘটেছে।

এ নীতি অনুযায়ী কোনো প্রতিষ্ঠান দৈনন্দিন ব্যয় নির্বাহের জন্য কাম্য পরিমাণ নগদ অর্থ সংরক্ষণ করে। নগদ অর্থ বেশি সংরক্ষণ করলে বিনিয়োগ থেকে প্রতিষ্ঠানের আয় কমে যায়। আবার, নগদ অর্থ কম সংরক্ষণ করলে দৈনন্দিন খরচ মেটাতে সমস্যায় পড়তে হয়।

উদ্দীপকে জনাব শফি জমি বিক্রয় করে মুরগির খামার শুরু করেন। তার খামারে ১০ জন মহিলা কাজ করায় তিনি মুনাফা অর্জনে সক্ষম হন। তিনি খাবার ক্রয় ও শ্রমিকের মজুরি বাবদ প্রয়োজনীয় অর্থ প্রদান করেন। বাকি অর্থ এমনভাবে ব্যাংকে বিনিয়োগ করেন যাতে ব্যবসায়ের প্রয়োজনে নগদ অর্থের ঘাটতি না হয়।

ব্যবসায় প্রতিষ্ঠান বিক্রয়ের একটি অংশ বিনিয়োগ করে মুনাফা অর্জন করে। তবে বিনিয়োগের পূর্বে জনাব শফি কাম্য পরিমাণ নগদ অর্থ সংরক্ষণ করেন। ফলে খাবার ক্রয়, শ্রমিকের মজুরি ইত্যাদি দৈনন্দিন খরচ মেটাতে সমস্যায় পড়েন না। প্রতিষ্ঠানের সুষ্ঠু পরিচালনা ও বাধাগ্রস্ত হচ্ছে না।

**প্রশ্ন ▶ ০৪** জনাব নাসিফ করতোয়া ব্যাংকে ৮% সরল মুনাফায় ৫ বছরের জন্য ৫০,০০০ টাকা জমা রেখেছেন। তার বন্ধু আসিফ তাকে উক্ত টাকা ৭% মাসিক চক্রবৃদ্ধিতে 'হিজলা ব্যাংকে' জমা রাখতে পরামর্শ দিল। অন্যদিকে, তিনি জানতে পেরেছেন পৌরসভায় জমি কিনলে উক্ত অর্থ ১০ বছরে দ্বিগুণ হবে।

ক. EAR-এর পূর্ণরূপ লেখো। ১

খ. অর্থের সময়মূল্যের ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. রুল-৭২ অনুযায়ী জনাব নাসিফের জমি ক্রয়ের ক্ষেত্রে সুদের হার নির্ণয় করো। ৩

ঘ. জনাব আসিফের পরামর্শ কি সঠিক? উভয় ব্যাংকের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করে এর যৌক্তিকতা বিশেষণ করো। ৪

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** EAR-এর পূর্ণরূপ হলো Effective Annual Rate.

**খ** সুদের হারের কারণে অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্য সমান হয় না। সুদের হারের কারণে বর্তমান ও ভবিষ্যৎ সময়ের মধ্যে অর্থের মূল্যের পার্থক্য ঘটে। আজকের ১০০ টাকার মূল্য এক বছর কিংবা পাঁচ বছর পর ১০০ টাকা থাকবে না। কেননা ব্যাংকের সুদের হার যদি হয় ১০% হয় তাহলে এক বছর পর ১০০ টাকার মূল্য হবে ১১০ টাকা। আবার পাঁচ বছর পর ১০০ টাকার মূল্য হবে সরল সুদে ১৫০ টাকা এবং চক্রবৃদ্ধি সুদে আরও বেশি।

**গ** রুল-৭২ অনুযায়ী জনাব নাসিফের জমি ক্রয়ের ক্ষেত্রে সুদের হার নির্ণয় :

এখানে,

জমির মূল্য দ্বিগুণ হবে n = ১০ বছর।

রুল-৭২ অনুযায়ী, সুদের হার $i = \frac{৭২}{n} = \frac{৭২}{১০} = ৭.২০\%$

∴ রুল-৭২ অনুযায়ী জনাব নাসিফের জমি ক্রয়ের ক্ষেত্রে সুদের হার হবে ৭.২০%।

∴ ৭.২০%।

**ঘ** করতোয়া ব্যাংকের ভবিষ্যৎ মূল্য নির্ণয় :

এখানে,

বর্তমান মূল্য, PV = ৫০,০০০ টাকা

সুদের হার, i = ৮% বা ০.০৮

সময়কাল, n = ৫ বছর

আমরা জানি,

সরল মুনাফার ক্ষেত্রে ভবিষ্যৎ মূল্য, $FV = PV + (PV \times i \times n)$

$= ৫০,০০০ + (৫০,০০০ \times ০.০৮ \times ৫)$

$= ৫০,০০০ + ২০,০০০$

= ৭০,০০০ টাকা

হিজলা ব্যাংকের ভবিষ্যৎ মূল্য নির্ণয় :

এখানে,

বর্তমান মূল্য, PV = ৫০,০০০ টাকা

সুদের হার, i = ৭% বা ০.০৭

সময়, n = ৫ বছর

চক্রবৃদ্ধির সংখ্যা, m = ১২ বার

আমরা জানি,

ভবিষ্যৎ মূল্য, $FV = PV\left(১ + \frac{i}{m}\right)^{n \times m}$

$= ৫০,০০০ \left(১ + \frac{০.০৭}{১২}\right)^{৫ \times ১২}$

$= ৫০,০০০ \times ১.৪১১৭৬২৫$

= ৭০,৮৮১.২৫ টাকা

অতএব, জনাব নাসিফ যদি তার বন্ধু জনাব আসিফের পরামর্শে হিজলা ব্যাংকে টাকা জমা রাখেন, তাহলে মেয়াদ শেষে (৭০,৮৮১.২৫ – ৭০,০০০ = ৮৮১.২৫ টাকা বেশি পাবেন। তাই বলা যায়, জনাব আসিফের পরামর্শ সঠিক।

**প্রশ্ন ▶ ০৫** জনাব ওমর সরকার কর্তৃক ইস্যুকৃত একটি বিল থেকে প্রাপ্ত ১ লক্ষ টাকা A ও B প্রকল্পে বিনিয়োগ করেছিলেন। ব্যক্তিগত কারণে তিনি একটি প্রকল্প বন্ধ করতে চান। প্রকল্প দুইটির গত পাঁচ বছরের আয়ের তথ্য নিম্নরূপ ছিল :

| বছর | প্রকল্প A আয় (%) | প্রকল্প B আয় (%) |
|---|---|---|
| ২০১৮ | ৯% | ৭% |
| ২০১৯ | ৯% | ৮% |
| ২০২০ | ১০% | ১০% |
| ২০২১ | ১১% | ১২% |
| ২০২২ | ১০% | ৯% |

ক. ঝুঁকি কী? ১

খ. সুদ হারের ঝুঁকি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে নির্দেশিত মূলধনের উৎসটি কী ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের হয় বিশেষ কাজটির মাধ্যমে ব্যাংক গ্রাহকের মূল্যবান সম্পদের নিরাপত্তা দেয়। উক্তিটি বিশেষণ করো। ৪

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** প্রত্যাশার বাইরে কোনো কিছু ঘটার সম্ভাবনাকে ঝুঁকি বলে।

**খ** সুদের হারের পরিবর্তনের কারণে বিনিয়োগের মূল্য কমে যাওয়ার আশঙ্কাকেই সুদ হারের ঝুঁকি বলা হয়।

যেসব বিনিয়োগকারী বন্ড, ডিবেঞ্চার ইত্যাদি ক্রয় করে তাদেরকে সুদ হারের ঝুঁকি মোকাবিলা করতে হয়। কারণ বাজারে সুদের হারের পরিবর্তনের সাথে সাথে তাদের বিনিয়োগের মূল্য উঠানামা করে। সুদের হার বাড়লে বন্ড বা ডিবেঞ্চারের বাজারমূল্য কমে আবার সুদের হার কমলে এসব বিনিয়োগের বাজারমূল্য বাড়ে।

**গ** জনাব ওমরের সরকারি বিল বা ট্রেজারি বিল থেকে প্রাপ্ত অর্থ ঝুঁকিমুক্ত আয়।

ট্রেজারি বিল সরকার ইস্যু করে। সরকার কখনও দেউলিয়া হয় না। ফলে ট্রেজারি বিল ঝুঁকিহীন বিবেচিত হয়। তাছাড়া এ থেকে প্রাপ্ত আয় নির্দিষ্ট। তাই ট্রেজারি বিল থেকে প্রাপ্ত আয়কে ঝুঁকিমুক্ত আয় বলা হয়।

উদ্দীপকে জনাব ওমর একজন বিনিয়োগকারী। তিনি সরকার কর্তৃক ইস্যুকৃত বিল থেকে ১ লক্ষ টাকা পান। সরকার কর্তৃক ইস্যুকৃত বিলকে ট্রেজারি বিল বলা হয়। এ বিল থেকে নির্দিষ্ট হারে আয় পাওয়া যায়। জনাব ওমরের বিনিয়োগকৃত বিলের সাথে ট্রেজারি বিলের বৈশিষ্ট্য মিলে যায়। তাই বলা যায়, সরকারি বিল থেকে জনাব ওমরের প্রাপ্ত অর্থ ঝুঁকিমুক্ত আয়।

**ঘ** জনাব ওমরের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত তা জানার জন্য উভয় প্রকল্পের আদর্শ বিচ্যুতি নির্ণয় করতে হবে।

প্রকল্প A-এর আদর্শ বিচ্যুতি নির্ণয় :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় - গড়) | ব্যবধানের বর্গ (আয় - গড়)$^2$ |
|---|---|---|---|
| ২০২১ | ১১ | (১১ - ৯.৮০) = ১.২০ | ১.৪৪ |
| ২০২২ | ১০ | (১০ - ৯.৮০) = ০.২০ | ০.০৪ |
| যোগফল | ৪৯ | ব্যবধানের বর্গের যোগফল | ২.৮০ |
| গড় আয় | ৪৯ ÷ ৫ = ৯.৮০ | ব্যবধান বর্গের গড় $= \frac{২.৮০}{n - ১}$ | $\frac{২.৮০}{৫ - ১}$ = ০.৭০ |

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\Sigma(\text{আয় হার - গড় হার})^2}{n - ১}}$$

$\therefore$ আদর্শ বিচ্যুতি $= \sqrt{০.৭০} =$ ০.৮৪% (প্রায়)।

প্রকল্প B-এর আদর্শ বিচ্যুতি নির্ণয় :

| বছর | আয় (%) | গড় থেকে ব্যবধান (আয় - গড়) | ব্যবধানের বর্গ (আয় - গড়)$^2$ |
|---|---|---|---|
| ২০১৮ | ৭ | (৭ - ৯.২০) = -২.২০ | ৪.৮৪ |
| ২০১৯ | ৮ | (৮ - ৯.২০) = -১.২০ | ১.৪৪ |
| ২০২০ | ১০ | (১০ - ৯.২০) = ০.৮০ | ০.৬৪ |
| ২০২১ | ১২ | (১২ - ৯.২০) = ২.৮০ | ৭.৮৪ |
| ২০২২ | ৯ | (৯ - ৯.২০) = -০.২০ | ০.০৪ |
| যোগফল | ৪৬ | ব্যবধানের বর্গের যোগফল | ১৪.৮০ |
| গড় আয় | ৪৬ ÷ ৫ = ৯.২০ | ব্যবধান বর্গের গড় $= \frac{১৪.৮০}{n - ১}$ | $\frac{১৪.৮০}{৫ - ১}$ = ৩.৭০ |

$$\text{আদর্শ বিচ্যুতি} = \sqrt{\frac{\Sigma(\text{আয় হার - গড় হার})^2}{n - ১}}$$

$\therefore$ আদর্শ বিচ্যুতি $= \sqrt{৩.৭০} =$ ১.৯২% (প্রায়)।

লক্ষ্যনীয় যে, জনাব ওমরের বিনিয়োগকৃত প্রকল্প 'A'-এর আদর্শ বিচ্যুতি ০.৮৪%। আর প্রকল্প 'B'-এর আদর্শ বিচ্যুতি ১.৯২%। আমরা জানি, আদর্শ বিচ্যুতির বড় মান বেশি ঝুঁকি নির্দেশ করে। আর ছোট মান কম ঝুঁকি নির্দেশ করে। এক্ষেত্রে প্রকল্প 'B'-এর আদর্শ বিচ্যুতির মান প্রকল্প 'A'-এর চেয়ে বড়। অর্থাৎ, প্রকল্প 'B' বেশি ঝুঁকিপূর্ণ। তাই জনাব ওমরের 'B' প্রকল্পটি বন্ধ করা উচিত।

**প্রশ্ন ▶ ০৬** জনাব হারুন নাটোরে একটি এলুমিনিয়াম কারখানা স্থাপনের জন্য ব্যাংক থেকে ১৫% সুদে ১০ লক্ষ টাকা ঋণ নেন। কিন্তু হঠাৎ করে সেখানে গ্যাস সংযোগ বন্ধ করায় জনাব হারুন উৎপাদন চালু করতে না পারায় তিনি বড়ো অঙ্কের ক্ষতির সম্মুখীন হন। অন্যদিকে, জনাব রায়হান ৫ লক্ষ টাকা বিনিয়োগ করতে চান। এজন্য তিনি 'শান্তা' ও 'কান্তা' নামে দুটি প্রকল্প বিশেষণ করেন। শান্তা প্রকল্পের আগামী তিন বছরে সম্ভাব্য নগদ আন্তপ্রবাহের পরিমাণ যথাক্রমে ২ লাখ, ১.৮০ লাখ, ২ লাখ। অপরদিকে, কান্তা প্রকল্প থেকে আগামী ১ বছরের মধ্যেই বিনিয়োগকৃত অর্থ ফেরত আসবে বলে তিনি প্রত্যাশা করছেন।

ক. মূলধন ব্যয় কী? ১

খ. সংরক্ষিত তহবিলের কোনো ব্যয় নেই কেন? ব্যাখ্যা করো। ২

গ. অর্থায়নের কোন গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের অভাবে জনাব হারুন ব্যর্থ হলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক জনাব রায়হানের কোন প্রকল্পটি বেছে নেওয়া উচিত বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

## ৬নং প্রশ্নের উত্তর

**ক** বিভিন্ন উৎস থেকে সংগৃহীত মূলধনের মালিকদের প্রত্যাশিত আয় মেটাতে প্রতিষ্ঠানকে তার বিনিয়োগের ওপর সর্বনিম্ন যে হারে আয় প্রয়োজন সে হারকে মূলধন ব্যয় বলে।

**খ** সংরক্ষিত আয়ের সুযোগ ব্যয়কে সংরক্ষিত আয়ের ব্যয় বলে।

আপাতদৃষ্টিতে সংরক্ষিত আয়ের কোনো ব্যয় নেই বলে মনে হলেও এর একটি সুযোগ ব্যয় থাকে। সংরক্ষিত আয় কোম্পানিতে জমা না রেখে শেয়ারহোল্ডারদের মাঝে ভাগ করে দেওয়া যায়। এক্ষেত্রে শেয়ারহোল্ডারগণ উক্ত অর্থ অন্য কোনো প্রকল্পে বিনিয়োগ করে আয় করতে পারেন। কিন্তু কোম্পানির সংরক্ষিত আয় প্রতিষ্ঠানের তহবিলে জমা রাখায় শেয়ারহোল্ডাররা সেই সুযোগ থেকে বঞ্চিত হন। এটাই সংরক্ষিত আয়ের ব্যয় বা সুযোগ ব্যয়।

**গ** মূলধন বাজেটিং-এর ঝুঁকি নিরূপণ ও ঝুঁকির গ্রহণযোগ্যতা যাচাইয়ের অভাবে জনাব হারুন ব্যর্থ।

মূলধন বাজেটিং-এ ব্যবহৃত তথ্য-উপাত্ত ভবিষ্যতের ওপর নির্ভর করে নির্ধারণ করা হয়। যে কারণে ফলাফল বাস্তবসম্মত নাও হতে পারে। ভবিষ্যতের ওপর নির্ভর করে সিদ্ধান্ত নেওয়া হয় বিধায় মূলধন বাজেটিং সর্বদাই ঝুঁকিযুক্ত। তাই দীর্ঘমেয়াদি বিনিয়োগের ক্ষেত্রে ঝুঁকি নিরূপণ ও ঝুঁকির গ্রহণযোগ্যতা যাচাইয়ের প্রয়োজন হয়।

উদ্দীপকে জনাব হারুণ নাটোরে একটি এ্যালুমিনিয়াম কারখানা স্থাপনের জন্য ব্যাংক থেকে ১৫% সুদে ১০ লক্ষ টাকা ঋণ নেন। কিন্তু হঠাৎ করে গ্যাস সংযোগ বন্ধ হওয়ায় তিনি উৎপাদন প্রক্রিয়া চালু রাখতে পারেননি। ফলে তিনি বড় অঙ্কের ক্ষতির সম্মুখীন হন। এক্ষেত্রে জনাব হারুনের কারখানা স্থাপনের আগে সম্ভাব্য ঝুঁকি নিরূপণের প্রয়োজন ছিল। ঝুঁকি নিরূপণের পর ঝুঁকির গ্রহণযোগ্যতা যাচাই করে তারপর বিনিয়োগের সিদ্ধান্ত নিতে হতো। আর এ কাজ সঠিক মূলধন বাজেটিং প্রক্রিয়া প্রয়োগের মাধ্যমে করা সম্ভব হয়। তাই বলা যায়, মেশিন ক্রয়ের আগে সঠিকভাবে ঝুঁকি নিরূপণ ও ঝুঁকির গ্রহণযোগ্যতা যাচাই না করায় জনাব হারুন ক্ষতির সম্মুখীন হয়েছেন।

**ঘ** পে-ব্যাক সময় নির্ণয়পূর্বক জনাব রায়হানের কোন প্রকল্পটি গ্রহণযোগ্য তা যাচাই:

শান্তা প্রকল্পের পে-ব্যাক সময় নির্ণয় :

| বছর | বার্ষিক নগদ প্রবাহ | ক্রমযোজিত নগদ প্রবাহ |
|---|---|---|
| ০ | –৫,০০,০০০ | – ৫,০০,০০০ |
| ১ | ২,০০,০০০ | – ৩,০০,০০০ |
| ২ | ১,৮০,০০০ | – ১,২০,০০০ |
| ৩ | ২,০০,০০০ | ৮০,০০০ |

$\therefore$ পে-ব্যাক সময় $= \left(২ + \frac{১,২০,০০০}{২,০০,০০০}\right)$ বছর = ২.৬০ বছর

আমরা জানি, শান্তা প্রকল্পের পে-ব্যাক সময় ২.৬০ বছর। অন্যদিকে, কান্তা প্রকল্পের বিনিয়োগকৃত অর্থ ১ বছরের মধ্যেই ফেরত আসবে। অর্থাৎ, কান্তা প্রকল্পের পে-ব্যাক সময় অপেক্ষাকৃত কম। যে প্রকল্পের পে-ব্যাক সময় যত কম, ঐ প্রকল্প তত বেশি গ্রহণযোগ্য। তাই পে-ব্যাক সময় অনুযায়ী জনাব রায়হানের কান্তা প্রকল্পটির গ্রহণযোগ্যতা বেশি।

**প্রশ্ন ▶ ০৭** সাবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন মেধাবী শিক্ষার্থী। এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ভালো রেজাল্টের কারণে সে ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে। প্রাপ্ত টাকা একটি ব্যাংক হিসেবে জমা রেখেছে। ব্যাংকে উপস্থিত না হয়েও সে একটি যন্ত্রের মাধ্যমে লেনদেন করতে পারে। অফিস সময়ের বাইরেও নগদ অর্থ উত্তোলন করতে পারে।

ক. বিনিময় ব্যাংক কী? ১

খ. কৃষি ব্যাংক কী? ব্যাখ্যা করো। ২

গ. সাবা কোন ধরনের ব্যাংক হিসেবে টাকা জমা রেখেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "সাবার প্রাপ্ত সেবাটি ইলেকট্রনিক্স ব্যাংকিং-এর ২৪ ঘণ্টা সেবা পাওয়ার একটি অনন্য দৃষ্টান্ত"– তুমি কি উক্তিটির সাথে একমত? যুক্তি দাও। ৪

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** বৈদেশিক ব্যবসায় বাণিজ্য পরিচালনায় সহয়তা প্রদানের উদ্দেশ্যে এবং বৈদেশিক মুদ্রা বিনিময়ের জন্য যে ব্যাংক প্রতিষ্ঠিত হয় তাকে বিনিময় ব্যাংক বলে।

**খ** কৃষি ব্যাংক বলতে কৃষিক্ষেত্রে উন্নয়নের জন্য কৃষকগণকে বিভিন্ন মেয়াদে ঋণ দেওয়াসহ অন্যান্য সুযোগ-সুবিদা দেওয়ার জন্য গঠিত ব্যাংককে বোঝায়।

কৃষি ব্যাংক একটি বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান। কৃষি খাতের উন্নয়নের জন্য এটি প্রতিষ্ঠিত হয়। অন্য কোনো খাতে এটি ঋণ দেয় না। উদাহরণ : বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

**গ** সাবা ব্যাংকের স্কুল সঞ্চয়ী হিসাবে টাকা জমা রেখেছে।

স্কুল সঞ্চয়ী হিসাবের মাধ্যমে স্কুল ও কলেজের শিক্ষার্থীদের মধ্যে সঞ্চয়ের প্রবণতা তৈরি হয়। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হিসাব খোলার সুযোগ বাড়ছে। শিক্ষার্থীরা তাদের খরচের উদ্বৃত্ত টাকা এ হিসাবে জমা রাখতে পারে। প্রয়োজনে জমাকৃত টাকা উত্তোলন করতে পারে।

উদ্দীপকে সাবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী। তিনি এসএসসি ও এইচএসসি পরীক্ষায় ভালো ফলাফল করেন। ফলে তিনি ট্যালেন্টপুলে বৃত্তি পান। প্রাপ্ত টাকা একটি ব্যাংক হিসাবে জমা রাখেন। এক্ষেত্রে সাবা একজন শিক্ষার্থী। তার যেকোনো সময় টাকার প্রয়োজন হতে পারে। তাছাড়া তার অন্য কোনো আয়ের উৎস নেই। তাই বলা যায়, উদ্দীপকে সাবা ব্যাংকে স্কুল সঞ্চয়ী হিসাবে টাকা জমা রাখেন।

**ঘ** "সাবার প্রাপ্ত ATM সেবাটি ইলেকট্রনিক্স ব্যাংকিং-এর ২৪ ঘণ্টা সেবা পাওয়ার একটি অনন্য দৃষ্টান্ত" উক্তিটির সাথে আমি একমত।

ATM (Automated Teller Machine) এক ধরনের ইলেকট্রনিক যন্ত্র। এর মাধ্যমে গ্রাহক ব্যাংকের কর্মচারীর উপস্থিতি ছাড়া প্রাথমিক কিছু লেনদেন করতে পারেন। যেমন: টাকা জমা ও উত্তোলন, হিসাবের বিবরণী জানা ইত্যাদি। দিন-রাত যেকোনো সময় এর মাধ্যমে নগদ টাকা উত্তোলন করা যায়।

উদ্দীপকে সাবা বৃত্তির প্রাপ্ত টাকা স্কুল সঞ্চয়ী হিসাবে জমা রাখেন। তিনি লেনদেন করার জন্য ব্যাংকে যান না। একটি যন্ত্রের মাধ্যমে লেনদেন করেন। এর মাধ্যমে তিনি অফিস সময়ের বাইরে নগদ টাকা উত্তোলন করতে পারেন। এক্ষেত্রে সাবার ব্যবহৃত যন্ত্রের সাথে ATM এর বৈশিষ্ট্য মিলে যায়। ATM ইলেকট্রনিক ব্যাংকিং-এর একটি পণ্য। গ্রাহক ডেবিট বা ক্রেডিট কার্ড দিয়ে ATM থেকে টাকা উত্তোলন করতে পারেন। দিন-রাত ২৪ ঘণ্টা এ থেকে সেবা নেওয়া যায়। এক্ষেত্রে ব্যাংকের কোনো কর্মচারী উপস্থিতির প্রয়োজন হয় না। গ্রাহক নিজেই টাকা উত্তোলন করতে পারেন। তাই বলা যায়, সাবার প্রাপ্ত ATM সেবা ইলেকট্রনিকস ব্যাংকিং-এর ২৪ ঘণ্টা সেবা পাওয়ার একটি অনন্য দৃষ্টান্ত।

**প্রশ্ন ▶ ০৮** ব্যবসায়ী জনাব মানিকের 'রূপন্তি' ব্যাংকে একটি হিসাব আছে। তিনি উক্ত ব্যাংকে জনাব রফিকের নিকট থেকে প্রাপ্য বিলের অর্থ আদায়ের জন্য আদেশ দেন। এ প্রেক্ষিতে জনাব রফিকের নিকট থেকে এমন একটি চেক পান, যার অর্থ উঠানোর জন্য তার ব্যাংক হিসেবে চেকটি জমা দিতে হয়।

ক. মুরাবাহা কী? ১

খ. ব্যাংক কীভাবে মূলধন গঠন করে? ব্যাখ্যা করো। ২

গ. বিলের অর্থ আদায় দ্বারা 'রূপন্তি ব্যাংক' জনাব মানিকের মতো গ্রাহকদের প্রতি কোন দায়িত্বটি পালন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রফিকের নিকট থেকে প্রাপ্ত চেকটির যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** ঋণগ্রহীতাকে কোনো কিছু (গাড়ি, যন্ত্রপাতি) ক্রয়ের জন্য যখন অর্থায়ন করা হয়, তাকে মুরাবাহা সেবা বলা হয়।

**খ** ব্যাংক বিভিন্ন হিসাব খুলে জনগণের টাকা জমা নেওয়ার মাধ্যমে মূলধন গঠনে সাহায্য করে।

সাধারণত ব্যাংকের সব কাজ কেন্দ্রীয় অফিস কর্তৃক নিয়ন্ত্রিত হলেও দেশের বিভিন্ন স্থানে এর শাখা অফিস থাকে। এসব শাখায় বিভিন্ন হিসাব খোলার সুবিধা দিয়ে ব্যাংক জনগণের ছড়িয়ে-ছিটিয়ে থাকা অর্থ সংগ্রহ করে। এভাবেই ব্যাংক মূলধন গঠনে সহায়তা করে থাকে।

**গ** বিলের অর্থ আদায় দ্বারা 'রূপন্তি ব্যাংক' জনাব মানিকের মতো গ্রাহকদের প্রতি আমানতকারীর নির্দেশ পালন করেছেন।

আমানতকারীর নির্দেশ পালন গ্রাহকের প্রতি ব্যাংকের অন্যতম দায়িত্ব। ব্যাংক তার মক্কেলের বা আমানতকারীরর নির্দেশ অনুযায়ী আমানতের অর্থ ব্যবহার করে থাকে। যেমন: মক্কেল কোনো ব্যক্তি বা পক্ষকে অর্থ পরিশোধ করতে নির্দেশ দিলে ব্যাংক সেই অনুযায়ী পরিশোধ করে।

উদ্দীপকে ব্যবসায়ী মানিক 'রূপন্তি' ব্যাংকে জনাব রফিকের নিকট থেকে প্রাপ্য বিলের অর্থ আদায়ের জন্য নির্দেশ দেন। এ প্রেক্ষিতে জনাব রফিকের নিকট থেকে একটি চেক পান, যার অর্থ উঠানোর জন্য তার ব্যাংক হিসাবে চেকটি জমা দিতে হয়। বিলের অর্থ উঠানোর জন্য তার ব্যাংক হিসাবে চেকটি জমা দিতে হয়। বিলের অর্থ আদায়ের মাধ্যমে ব্যাংক আমানতকারীর নির্দেশ পালন করেছে। মক্কেল যদি তৃতীয় কোনো পক্ষ হতে অর্থ, চেক বা বিল আদায় করার জন্য ব্যাংকের উপর আদেশ জারি করে, তখন ব্যাংক সেই নির্দেশ পালন করে। তাই বলা যায়, বিলের অর্থ আদায় করে 'রূপন্তি' ব্যাংক গ্রাহকের প্রতি ব্যাংকের দায়িত্ব পালন করেছ।

**ঘ** জনাব রফিকের নিকট থেকে প্রাপ্ত চেকটি হলো দাগকাটা চেক প্রাপ্তি যৌক্তিক বলে আমি করি।

গ্রাহকদের জন্য দাগকাটা চেক সর্বাধিক নিরাপদ। বাহক বা হুকুম চেকের বাম কোণের উপরিভাগে আড়াআড়িভাবে সমান্তরাল দুটি রেখা অঙ্কন করা হলে তাকে দাগকাটা চেক বলে। এ চেকের অর্থ নির্দিষ্ট প্রাপকের ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করা হয়। ফলে এ ধরনের চেক চুরি বা হারিয়ে গেলেও অন্য কেউ এ চেকের অর্থ উত্তোলন করতে পারে না। তাই দাগকাটা চেক গ্রাহকদের জন্য সর্বাধিক নিরাপদ।

উদ্দীপকে জনাব মানিক 'রূপন্তি' বাংকে জনাব রফিকের নিকট থেকে প্রাপ্য বিলের অর্থ আদায়ের জন্য আদেশ দেন। এ প্রেক্ষিতে জনাব রফিকের নিকট থেকে একটি চেক পান। চেকের অর্থ উত্তোলনের জন্য তার ব্যাংক হিসাবে চেকটি জমা দিতে হয়।

সাধারণত, বাহক চেক বা হুকুম চেকের অর্থ প্রাপ্তির নিশ্চয়তা ও নিরাপত্তার জন্য দাগকাটা চেকে রূপান্তর করা হয়। এই ধরনের চেকের অর্থ নগদে উত্তোলন করা যায় না। উদ্দীপকের জনাব রফিকের নিকট প্রাপ্ত চেকটি অর্থের নিশ্চয়তা প্রদান করে। পাশাপাশি অর্থের নিরাপত্তাও প্রদান করে। এ কারণে নিরাপত্তার ক্ষেত্রে দাগকাটা চেক অন্যান্য চেকের তুলনায় বেশি গ্রহণযোগ্য। পরিশেষে বলা যায় যে, জনাব রফিকের নিকট থেকে দাগকাটা চেক প্রাপ্তি অত্যন্ত যৌক্তিক ও নিরাপদ।

**প্রশ্ন ▶ ০৯** জনাব লোকমান রাজশাহীর গ্রীন ব্যাংকে একটি হিসাব পরিচালনা করেন। এই ব্যাংকের মাধ্যমে তিনি ঢাকায় তার ছেলের ব্যাংক হিসেবে টাকা পাঠান। তবে জনাব লোকমানের ব্যাংক হিসাবের কোনো তথ্য ব্যাংকটি তার ছেলেকে কখনো জানায় না।

ক. শিল্প ব্যাংক কী? ১
খ. ভোক্তাদের ব্যাংক কেন গঠন করা হয়? ব্যাখ্যা করো। ২
গ. কার্যভিত্তিক শ্রেণিবিভাগে গ্রীন ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩
ঘ. গ্রাহকদের আস্থা অর্জনের জন্য গ্রীন ব্যাংক যে নীতি মেনে চলছে তার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

### ৯নং প্রশ্নের উত্তর

**ক** দেশের শিল্প খাতের উন্নয়নের জন্য যে ব্যাংক প্রতিষ্ঠিত হয় তাকে শিল্প ব্যাংক বলা হয়।

**খ** ভোক্তাদের বাকিতে পণ্য ক্রয়ের সুবিধা প্রদানের জন্য ভোক্তাদের ব্যাংক গঠন করা হয়।

ব্যাংক তার মক্কেলকে একটি ক্রেডিট কার্ড সরবরাহ করে। এর মাধ্যমে ভোক্তা বাকিতে বাজার থেকে পণ্য ক্রয় করতে পারে। পরবর্তীতে নির্দিষ্ট সময় শেষে গ্রাহক ব্যাংককে ব্যবহারকৃত অর্থ ফেরত দেয়।

**গ** কার্যভিত্তিক শ্রেণিবিভাগে 'গ্রীন ব্যাংক' হলো একটি বাণিজ্যিক ব্যাংক।

যে ব্যাংক স্বল্প সুদে জনগণের কাছ থেকে আমানত গ্রহণ করে এবং সেই অর্থ অধিক সুদে ঋণদানের মাধ্যমে মুনাফা অর্জন করে তাকে বাণিজ্যিক ব্যাংক বলে। বাণিজ্যিক ব্যাংক সাধারণত বিভিন্ন হিসাবের মাধ্যমে আমানত সংগ্রহ করে।

উদ্দীপকে গ্রীন ব্যাংকের দেশের বিভিন্ন স্থানে শাখা রয়েছে। জনাব লোকমান এ ব্যাংকের রাজশাহী শাখার গ্রাহক। ব্যাংকটির ঢাকা শাখায় তার চেলের হিসাব আছে। তিনি উক্ত হিসাবে ছেলের জন্য টাকা পাঠান। এক্ষেত্রে, ব্যাংকটির সাথে বাণিজ্যিক ব্যাংকের বৈশিষ্ট্যের মিল রয়েছে। এ ব্যাংকের মাধ্যমে সহজেই দেশের এক প্রান্ত থেকে আরেক প্রান্তে অর্থ স্থানান্তর করা যায়। পরিশেষে বলা যায় যে, উদ্দীপকের 'গ্রীন ব্যাংক' হলো একটি বাণিজ্যিক ব্যাংক।

**ঘ** গ্রাহকদের আস্থা অর্জনের জন্য গ্রীন ব্যাংকের গোপনীয়তার নীতি মেনে চলা যৌক্তিক বলে মনে করি।

ব্যাংকিং ব্যবসায়ে ঝুঁকি এড়ানোর জন্য ব্যাংক কতগুলো নীতি অনুসরণ করে। গোপনীয়তা নীতি অনুযায়ী ব্যাংক গ্রাহকের হিসাব সংক্রান্ত তথ্য প্রকাশ করে না। এর মাধ্যমে ব্যাংক গ্রাহকের আস্থা অর্জন করে।

উদ্দীপকে জনাব লোকমান গ্রীন ব্যাংকের রাজশাহী শাখার গ্রাহক। তার ছেলের উক্তর ব্যাংকের ঢাকা শাখায় হিসাব রয়েছে। তিনি ছেলের ব্যাংক হিসাবে টাকা পাঠান। কিন্তু ব্যাংকটি জনাব লোকমানের হিসাবের কোনো তথ্য তার ছেলেকে জানায় না।

জনাব লোকমানের হিসাবের কোনো তথ্য না জায়ে 'গ্রীন ব্যাংক' হিসাবের তথ্যের গোপনীয়তা বজায় রেখেছে। ফরে ব্যাংকটি তার গ্রাহকের বিশ্বাস ও আস্থা অর্জন করবে। এতে প্রতিষ্ঠানের সুনাম বাড়বে। তাই বলা যায়, উদ্দীপকে গ্রীন ব্যাংক গোপনীয়তার নীতি মেনে চলার মাধ্যমে গ্রাহকের আস্থা অর্জনে সক্ষম হবে।

**প্রশ্ন ▶ ১০** সুরমা ব্যাংকটি দেশের অন্যান্য ব্যাংকগুলোকে নতুন নতুন শাখা খোলার অনুমতি দিয়ে থাকে। অন্যদিকে, তিস্তা ব্যাংক কিছু প্রতিষ্ঠানকে ঋণ দেয় যারা ব্যবসায় প্রতিষ্ঠানে এমন কিছু যন্ত্রপাতি ক্রয় করে যা চালানোর জন্য অধিক লোকের প্রয়োজন হয়।

ক. বিনিময় প্রথা কী? ১
খ. মুদ্রাকে ব্যাংক ব্যবস্থার জননী বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. সুরমা ব্যাংকটি কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩
ঘ. "তিস্তা ব্যাংকের উদ্দীপকের কাজটি অধিকতর কর্মসংস্থান সৃষ্টিতে সরকারকে সাহায্য করে"– বিশেষণ করো। ৪

### ১০নং প্রশ্নের উত্তর

**ক** দ্রব্যের বিনিময়ে দ্রব্য আদান-প্রদান করে নিজেদের প্রয়োজন ও চাহিদা পূরণের ব্যবস্থাকে বিনিময় প্রথা বলা হয়।

**খ** মুদ্রাকে ঘিরে ব্যাংক ব্যবস্থা গড়ে ওঠায় মুদ্রাকে ব্যাংক ব্যবসায়ের জীবন বলা হয়।

সভ্যতা বিকাশের সাথে সাথে মানুষের সামাজিক বন্ধন ও অর্থনৈতিক কর্মকাণ্ড বাড়ে। ফলে মানুষের মধ্যে লেনদেন এবং বিনিময় সৃষ্টি হয়। পাশাপাশি বিনিময়ের মাধ্যম হিসেবে মুদ্রা প্রচলিত হয়। এই মুদ্রা প্রচলনের পরপরই ব্যাংক ব্যবস্থার প্রয়োজনীয়তা দেখা দেয়। এজন্য মুদ্রাকে ব্যাংক ব্যবস্থার জননী বলা হয়।

**গ** সুরমা ব্যাংকটি হলো একটি কেন্দ্রীয় ব্যাংক।

কেন্দ্রীয় ব্যাংক হলো দেশের অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রণকারী একক ও অনন্য ব্যাংকিং প্রতিষ্ঠান। এটি দেশের সব ব্যাংকের মুরব্বি, পরিচালক ও নিয়ন্ত্রক। কেন্দ্রীয় ব্যাংক হলো একটি দেশের প্রধান ব্যাংক। এ ব্যাংক বাণিজ্যিক ব্যাংকসমূহকে সহায়তা ও পরামর্শ দেয় এবং নিয়ন্ত্রণ করে। এমনকি আর্থিক সংকটে বাণিজ্যিক ব্যাংককে সহায়তা করে। গোটা ব্যাংকিং ব্যবস্থার প্রাণকেন্দ্র বলা হয় কেন্দ্রীয় ব্যাংককে। মুদ্রাবাজারকে সুসংগঠিত আকারে পরিচালিত করার উদ্দেশ্যেই এ ব্যাংক গঠিত। এটি একটি জনকল্যাণমূলক অমুনাফাভোগী জাতীয় প্রতিষ্ঠান।

উদ্দীপকে সুরমা ব্যাংকটি দেশের অন্যান্য ব্যাংকগুলোকে নতুন নতুন শাখা খোলার অনুমতি দিয়ে থাকে। কেন্দ্রীয় ব্যাংকের অনেকগুলো গুরুত্বপূর্ণ কাজের মধ্যে একটি হলো অন্যান্য ব্যাংকসমূহ তালিকাভুক্ত করা এবং ব্যাংকিং কার্যক্রম পরিচালনার অনুমতি দেওয়া। কেন্দ্রীয় ব্যাংকের অনুমোদনের জন্য অন্যান্য ব্যাংকসমূহকে নির্দিষ্ট নিয়মনীতি অনুসরণ করতে হয়। এসব নিয়ম-নীতি কেন্দ্রীয় ব্যাংক প্রদত্ত হয়ে থাকে। সুরমা ব্যাংক এসব কাজ করে থাকে। তাই বলা যায়, সুরমা ব্যাংকটি হলো একটি কেন্দ্রীয় ব্যাংক।

**ঘ** তিস্তা ব্যাংকের উদ্দীপকের কাজটি অধিকতর কর্মসংস্থান সৃষ্টিতে সরকারকে সাহায্য করে।

দেশের শিল্পখাতের উন্নয়নের লক্ষ্যে যে ব্যাংক প্রতিষ্ঠিত হয় তাকে শিল্প ব্যাংক বলে। যন্ত্রপাতি সংগ্রহ, ভূমি ক্রয়, কারখানা নির্মাণ ইত্যাদি ক্ষেত্রে শিল্প ব্যাংক ঋণ প্রদান করে।

উদ্দীপকে উল্লিখিত তিস্তা ব্যাংক হলো শিল্প ব্যাংক। এই ব্যাংকে কিছু প্রতিষ্ঠানকে ঋণ দেয়, যারা ব্যবসায় প্রতিষ্ঠানে যন্ত্রপাতি ক্রয় করে। এসব যন্ত্রপাতি চালানোর জন্য অধিক লোকের প্রয়োজন হয়।

শিল্প ব্যাংক সাধারণ দেশের শিল্পখাতের উন্নয়নের জন্য গঠিত ও পরিচালিত হয়। এই ধরনের ব্যাংকের মূলধনের পরিমাণ অনেক বেশি হয়ে থাকে। এই ধরনের ব্যাংকসমূহ সাধারণত দীর্ঘমেয়াদি তহবিল সরবরাহ করে। শিল্প প্রতিষ্ঠানসমূহ তাদের ভারী যন্ত্রপাতি ক্রয়ের জন্য শিল্প ব্যাংক থেকে ঋণ নিয়ে থাকে। শিল্প প্রতিষ্ঠানে উৎপাদনের কাজে ব্যবহৃত এসব যন্ত্রপাতি চালানোর জন্য অনেক লোকের প্রয়োজন। এতে দেশের বিরাট একটি জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়। তাছাড়া শিল্পের উৎপাদিত দ্রব্য-সামগ্রী বিপণনের কাজেও অনেক লোকের কর্মসংস্থানের সৃষ্টি হয়। উপরিউক্ত আলোচনা থেকে বলা যায় যে, তিস্তা ব্যাংক তথা শিল্প ব্যাংকের উদ্দীপকের কাজটি অধিকতর কর্মসংস্থান সৃষ্টিতে সরকারকে সহায়তা করে।

**প্রশ্ন ▸ ১১** 'বড়াল ব্যাংক' একটি বাণিজ্যিক ব্যাংক। ব্যাংকটি তার মুনাফার সম্পূর্ণটাই মালিকদের মধ্যে বণ্টন করে দেয় না। মুনাফার একটি নির্দিষ্ট অংশ মূলধন হিসেবে ব্যবহার করে। এছাড়াও ব্যাংকটি জনগণের দলিলপত্র, মূল্যবান সম্পদ নির্দিষ্ট চার্জের বিনিময়ে জমা রাখে।

ক. বাণিজ্যিক ব্যাংকের প্রধান উদ্দেশ্য কী? ১

খ. প্রত্যয়পত্র কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব ওমরের সরকারি বিল থেকে প্রাপ্ত অর্থ কোন ধরনের আয়? বর্ণনা করো। ৩

ঘ. জনাব ওমরের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত? আদর্শ বিচ্যুতি নির্ণয়পূর্বক যুক্তি দাও। ৪

**১১নং প্রশ্নের উত্তর**

**ক** বাণিজ্যিক ব্যাংকের প্রধান উদ্দেশ্য মুনাফা অর্জন।

**খ** আমদানি-রপ্তানি বাণিজ্যে ব্যবহৃত একটি গুরুত্বপূর্ণ দলিল হলো Letter of Credit (LC) বা প্রত্যয়পত্র।

প্রত্যয়পত্রের মাধ্যমে ব্যাংক বৈদেশিক বাণিজ্যে রপ্তানিকারককে আমদানিকারকের পক্ষ থেকে অগ্রিম অর্থ প্রদানের ব্যবস্থা করে। প্রত্যয়পত্র এমন একটি ব্যবস্থা, যেখানে আমদানিকারক ও রপ্তানিকারকের মধ্যে আর্থিক এবং ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে তাদের মনোনীত ব্যাংক দুই পক্ষের স্বার্থ সংরক্ষণের মাধ্যমে অভ্যন্তরীণ এবং বৈদেশিক ব্যবসায়-বাণিজ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

**গ** উদ্দীপকে নির্দেশিত, মূলধনের উৎসটি হলো সংরক্ষিত তহবিল।

প্রতিবছর মুনাফার একটি অংশ শেয়ারহোল্ডাদের মধ্যে বণ্টন না করে ভবিষ্যতের জন্য সঞ্চয় করে রাখা হয়, সেই অংশটিকে সংরক্ষিত তহবিল বলে। এই অর্থ ভবিষ্যতে মূলধন হিসেবে ব্যবহার করা হয়ে থাকে। সংরক্ষিত তহবিল মূলধনের অভ্যন্তরীণ উৎস হিসেবে ব্যবহার করা হয়। এ ধরনের তহবিলের খরচ তুলনামূলক অনেক কম হয়।

উদ্দীপকে 'বড়াল ব্যাংক' তার মুনাফার সম্পূর্ণটাই মালিকদের মধ্যে বণ্টন করে দেয় না। মুনাফার একটি নির্দিষ্ট অংশ মূলধন হিসেবে ব্যবহার করে। মুনাফার এই নির্দিষ্ট সংরক্ষিত অংশটি হলো সংরক্ষিত তহবিল। সংরক্ষিত তহবিল মূলধনের অভ্যন্তরীণ উৎস। তাই বলা যায়, উদ্দীপকে নির্দেশিত 'বড়াল ব্যাংক' মূলধনের উৎসটি হলো সংরক্ষিত তহবিল।

**ঘ** উদ্দীপকের ২য় বিশেষ কাজটির মাধ্যমে ব্যাংক গ্রাহকের মূল্যবান সম্পদের নিরাপত্তা দেয়।– উক্তিটি যথার্থ।

বাণিজ্যিক ব্যাংকসমূহ জনগণের অর্থ জমা রাখার মাধ্যমে অর্থের নিরাপত্তা দিয়ে থাকে। এছাড়া গ্রাহকের মূল্যবান দলিলপত্র, অলংকারাদি, গহনা, ইত্যাদি লকারে জমা রাখার ব্যবস্থা করে। উক্ত সম্পদের নিরাপত্তা বিধানের বিনিময়ে ব্যাংকসমূহ সার্ভিস চার্জ আদায় করে। এতে গ্রহকেরা তাদের মূল্যবান সম্পত্তির নিশ্চয়তা পায়।

উদ্দীপকে 'বড়াল ব্যাংক' একটি বাণিজ্যিক ব্যাংক। ব্যাংকটি তার স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার পাশাপাশি জনগণের দলিলপত্র, মূল্যবান সম্পদ জমা রাখে। এর বিনিময়ে ব্যাংকটি একটি নির্দিষ্ট পরিমাণ চার্জ পায়। এছাড়া গ্রাহকের সম্পত্তিরও নিরাপত্তা নিশ্চিত হয়।

সাধারণত মূল্যবান জিনিসপত্র, দলিলাদি বাসাবাড়িতে রাখা অনেক সময় নিরাপদ নয়। এতে চুরি, ছিনতাই প্রভৃতি হওয়ার আশঙ্কা থাকে। তাছাড়া সম্পদের ক্ষতির কথা চিন্তা করে মানুষের দুশ্চিন্তা হতে পারে। এমতাবস্থায় ব্যাংকসমূহ তাদের গ্রাহকের মূল্যবান জিনিসপত্র, দলিলপত্র প্রভৃতি নির্দিষ্ট চার্জের বিনিময়ে লকারে জমা রাখে। এতে সম্পদের নিরাপত্তা নিশ্চিত হয়। তাই বলা যায়, উদ্দীপকে ২য় বিশেষ কাজটির মাধ্যমে ব্যাংক গ্রাহকের মূল্যবান সম্পদের নিরাপত্তা দেয়।